# বিল্‌স প্রেস ক্লিপিংস

| বর্ষ-২৭ | সংখ্যা-১১ | নভেম্বর - ২০২৪ |
|---|---|---|




শ্রমিকেরা প্রপেলার তৈরি করছেন। এটি ট্রলার ও জাহাজে ব্যবহার করা হয়। ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের ডকইয়ার্ড এলাকায় প্রপেলার তৈরির এ রকম কয়েকটি কারখানা রয়েছে। এসব কারখানায় তৈরি প্রপেলার ৩০ হাজার থেকে ৫ লাখ টাকা দামে বিক্রি হয়। এ কাজ করে একজন শ্রমিক সপ্তাহে গড়ে পাঁচ হাজার টাকা মজুরি পান। সম্প্রতি দক্ষিণ কেরানীগঞ্জের তেলঘাটে। ছবি : দীপু মালাকার

দৈনিক ইত্তেফাক যুগান্তর কালের কণ্ঠ


## বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

বাড়ি-৮/এ/ক (পঞ্চম তলা) রাজ্জাক ভিলা, রোড-১৩(নতুন) ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯

ই-মেইল: bils@citech.net, www.bilsbd.org

| সূচী : | পৃষ্ঠাঃ |
|---|---|
| শোভন কাজ | ০৩ - ৫২ |
| শ্রম বাজার | ৫৩ - ৭১ |
| কর্মক্ষেত্রে দুর্ঘটনা | ৭২ - ৮৬ |
| কর্মক্ষেত্রে নির্যাতন | ৮৭ - ৯১ |
| আন্দোলন ও ধর্মঘট | ৯২ - ১০৮ |
| সংবাদপত্রে বিল্স | ১০৯ - ১১৬ |
| | |

The Financial Express Friday | November 1, 2024

# Looking beyond RMG -diversifying exports

**A diversified export sector will reduce the country's exposure to global market shifts, create new employment opportunities, and improve citizens' overall quality of life, writes Matiur Rahman**

BANGLADESH'S economy has seen remarkable growth over recent decades, largely driven by the ready-made garment (RMG) industry. This sector alone accounts for well over 80 per cent of the country's export earnings, employs millions, and has established Bangladesh as a global manufacturing hub.

However, Bangladesh's heavy reliance on RMG poses several risks, including fluctuations in global demand, increased competition from other low-cost producers, and pressure to improve labour conditions and environmental standards. For sustained growth and resilience, Bangladesh must look beyond RMG and explore diversification strategies that open new export and economic expansion avenues.

The RMG sector has undeniably played a central role in Bangladesh's development. It has provided significant employment opportunities, especially for women, lifted millions of families out of poverty, and contributed to improved social indicators across the country. However, the overwhelming reliance on a single industry has also created vulnerabilities. Bangladesh's economy remains exposed to global economic shifts, as seen during the COVID-19 pandemic when demand for apparel plummeted, and many factories faced closures.

Additionally, increased automation and technological advancements in garment manufacturing pose challenges as developed countries and competitors like Vietnam and Cambodia continue to invest in robotics, artificial intelligence, and more efficient manufacturing technologies. These advancements could diminish Bangladesh's cost advantage in the coming years, pushing the country to rethink its economic strategy.

To reduce its dependence on the RMG industry, Bangladesh must diversify its export basket and explore other sectors that can drive future economic growth. One potential area is the information technology and digital services sector, which holds considerable promise.

The IT sector, including software development, business process outsourcing (BPO), and freelancing has already demonstrated its growth potential, with annual revenue increasing steadily. Expanding and investing in IT and digital services could create high-paying jobs, bring in valuable foreign exchange, and reduce the economy's vulnerability to fluctuations in global manufacturing demand.

Another promising sector for Bangladesh is agriculture and agro-processing. Although agriculture has historically been one of the country's primary industries, it has yet to fully exploit its potential in the international market. Agricultural products like jute, fish, vegetables, and spices are in substantial demand globally. Bangladesh can expand its export base in this sector by investing in modern farming techniques, ensuring product quality, and promoting agro-processing industries.

Additionally, increased focus on organic and sustainable farming could attract new markets, especially in Europe and North America, where consumers are increasingly drawn to sustainable and ethically sourced products. Developing the agro-processing industry would diversify exports, create jobs, especially in rural areas, and enhance food security.

The pharmaceutical industry in Bangladesh is another sector that shows significant potential. Bangladesh's well-established pharmaceutical industry already meets most of the domestic drug demand and has begun exporting to various countries. With the impending patent expirations on a range of drugs globally, Bangladeshi pharmaceutical companies can capture a larger share of the global market by producing generic medicines.

Investments in research and development, quality control, and regulatory compliance are essential to seize this opportunity. If developed effectively, the pharmaceutical sector could become a significant economic growth and export revenue driver, further decreasing reliance on RMG.

The electronics and light engineering sectors could also be crucial in diversifying Bangladesh's export base. The local demand for electronics, such as smartphones, televisions, and home appliances, has surged in recent years, leading to the establishment of several domestic electronics manufacturers. With sufficient investment, these companies could also target export markets. Bangladesh could emerge as a regional electronics and light engineering player by focusing on quality improvement, branding, and cost competitiveness. Furthermore, establishing a robust supply chain within the country would reduce dependency on imported raw materials and support domestic industries.

Bangladesh's geographic location also presents opportunities to establish itself as a regional trade and logistics hub. Positioned between India and China, with access to the Bay of Bengal, Bangladesh is ideally situated for trade with South and Southeast Asia.

Investing in ports, airports, and road infrastructure could turn Bangladesh into a critical logistics and transhipment centre, facilitating regional and global trade. Enhanced trade connectivity would promote export diversification, support local businesses, and foster regional economic integration.

Bangladesh will need a strategic policy shift to achieve export diversification and sustainable growth. Government support in the form of incentives, subsidies, and regulatory reforms will be crucial to encouraging investment in new sectors. Educational reforms that align with the needs of emerging industries are also essential. This will ensure a skilled workforce that adapts to and supports a diversified economy. Building strong public-private partnerships, encouraging foreign direct investment, and streamlining bureaucratic processes will be necessary to create a conducive environment for new industries.

Environmental considerations must also guide future economic development. Industries like RMG have had significant ecological impacts, including pollution and high water usage.

Moving forward, Bangladesh should prioritise sustainable practices and invest in green technologies to reduce environmental damage and enhance the appeal of its products in environmentally conscious markets. Integrating sustainability into the diversification strategy will protect natural resources and align Bangladesh's economy with global trends toward sustainable development.

DHAKA FRIDAY NOVEMBER 1, 2024
KARTIK 16, 1431 BS
The Daily Star

# Financial inclusion among garment workers low: Experts

STAR BUSINESS REPORT

Poor financial and digital literacy among garment workers in Bangladesh coupled with a lack of supportive policies and related data are the main barriers for improving financial inclusion for this segment, according to experts.

Besides, the absence of formal employment contracts and prevalence of informal payment channels for garment workers are the other roadblocks to improving their financial inclusion.

These comments came at a roundtable, styled "Improving Financial Health of RMG Workers in Bangladesh: Policy Frameworks and Future Pathways".

The event was jointly organised by The Daily Star and Sarathi, a project of Swisscontact Bangladesh that works for improving the financial health of local garment workers, at The Daily Star Centre in Dhaka yesterday.

Sajid Amit, director of the Center for Enterprise and Society (CES) at the University of Liberal Arts Bangladesh (ULAB), said financial inclusion among garment workers has yet to reach its full potential.

In his presentation, titled "Stitching Financial Health for a Resilient Future: Policy Brief on Improving Financial Health of RMG Workers in Bangladesh", he informed that 70 percent of garment workers use mobile financial services (MFS).

However, challenges persist in improving their financial inclusion through MFS as only 30 percent of the workers own smartphones and have access to the internet.

Meanwhile, it was found that 45 percent of them have security concerns about digital transactions.

Amit also informed that while nano loans and earned wage access solutions have gained popularity among garment workers, their limited smartphone ownership, low credit score and other hurdles are preventing them from availing these facilities.

Moreover, garment workers are largely unable to visit bank branches during operating hours due to demanding factory schedules, which is why their banking activities are typically limited to fund withdrawals, deposits or transfers, he added.



**Experts attend a roundtable styled "Improving Financial Health of RMG Workers in Bangladesh: Policy Frameworks and Future Pathways" at The Daily Star Centre in Dhaka yesterday.**

During the presentation, the speakers said that access to loans is one of the main draws for financial inclusion as people often turn to external financing for large expenses.

However, most female garment workers face communication barriers that make it difficult for them to understand the products being offered.

Also, the absence of formal employment contracts means that it is nearly impossible for garment workers to secure bank loans.

Against this backdrop, Md Arfan Ali, chairman of Zaytoon Business Solutions, said bank policies in this regard are not aligned with the interests of marginalised people.

"This one of the reasons why financial inclusion has not improved among garment workers," he added.

Stressing the need for a legal framework to facilitate financial inclusion, Mohammad Rashed, president of Digital Finance Forum Bangladesh, said related policymakers and stakeholders should be knowledgeable to this end.

Mosleh Saad Mahmud, the head of cash management and liability marketing at Dhaka Bank, said the process of improving financial inclusion among garment workers should start from the banking sector.

But when the banks assess workers' eligibility for loans, they do not get the required information due to the lack of relevant data, such as the applicant's creditworthiness, he added.

Md Forhad Mahmud, head of mobile banking division and financial inclusion at Dutch Bangla Bank, said they facilitate the salary payments of 2.5 million workers through their MFS service "Rocket".

However, the account holders limit their activities to only basic transactions for a lack of financial and digital literacy, he added.

Rumana A Tulee, assistant vice president of the agent banking division at Bank Asia, said four factors – accessibility, convenience, supportive products and financial literacy – should be improved to facilitate financial inclusion of workers.

Rashadul Islam, senior assistant vice president of Dhaka Bank, said the process and cost of access to finance should be made easier and more affordable for garment workers.

The Financial Express Saturday | November 2, 2024

# Apparel brands, buyers' role urged in ensuring rights of workers

FE REPORT

Multinational enterprises (MNEs), brands and buyers should play an active role in ensuring human rights, health and occupational safety for workers in the garment industry by adhering to the principles of international business responsibility, speakers at a roundtable said on Thursday.



They also emphasised the active role of trade unions in facilitating communication with brands and buyers.

Trade unions can leverage human rights due diligence instruments to hold the brands and buyers accountable for their business operations in the country's ready-made garment sector, they added.

Bangladesh Institute of Labour Studies (BILS) organised the roundtable titled 'Advancing Human Rights Due Diligence in Bangladesh's RMG sector: Responsibilities on MNEs and Scope of Trade Union' in the city.

Chaired by BILS vice chairman Anwar Hossain, the event was presided over by its advisory council member Badal Khan. Labour leaders and representatives from the government, BGMEA and BKMEA attended the event. Aurangzeb Akand, Assistant Professor of Criminology and Police Science Department of Maulana Bhasani University of Science and Technology, presented the findings of a study.

The study focused on the basic understanding of the Human Rights Due Diligence (HRDD) concept and its applicability in the context of the RMG industry in Bangladesh, particularly from the perspective of trade unions.

It Identified HRDD as a management tool that allows enterprises to uphold their responsibility to respect human rights in their business operation according to the UNGP, ILO MNE Declaration, OECD MNE Guidelines and EU CSDDD.

The study outlined the major responsibilities of brands and buyers to respect and protect the human rights of workers and their suppliers in Bangladesh, with an analytical presentation of the effective remedy mechanism in line with the recognized HRDD instruments.

The study emphasized how social partners, particularly trade unions in the RMG industry, can utilize HRDD instruments to advocate for accountability among brands and buyers regarding their business operations in the sector.

Labor leaders stressed the need to simplify the process of implementing human rights by integrating the code of conduct and called for effective enforcement of labor laws.

Counsellor at the Danish Embassy Ole Justin, ILO Country Programme Manager Mohammad Anis, BILS Executive Director Syed Sultan Uddin Ahmed, H&M Program Manager Pradeep Gabriel, Country Manager of ETI Abeel Bin Amin, Ashfiq Ahmed of Fairware Foundation, Abhijit Mutsuddi of RMG Sustainable Council and labour leaders Rajekuzzaman Ratan, Naemul Ahsan Jewell, Shahidullah Badal, China Rahman, AA Faiz Hossain and Nurul Islam spoke at the roundtable.

*munni_fe@yahoo.com*

THE BUSINESS STANDARD FRIDAY 01.11.2024

# USAID, PVH and CARE partner to create sustainable future for women in RMG sector

RMG - BANGLADESH

TBS REPORT

USAID's Women Thrive in Bangladesh project convened a roundtable recently, highlighting the importance of creating a supportive work environment for women workers in the ready-made garment sector by providing more resources and assistance to sustain their employment.

The roundtable titled "Building a Sustainable Future for Women in the Ready-made Garment Sector" was held at the Hotel Radisson Blu Dhaka on 28 October.

Dr Khondaker Golam Moazzem, research director of the Centre for Policy Dialogue, delivered the keynote speech at the event.

Over the last four decades, the RMG sector has created significant employment opportunities for women, helping drive social change. Nonetheless, challenges like traditional gender norms, burden of unpaid care work, lack of gender-friendly working conditions in some factories, and limited job security and age barriers hinder the long-term career prospects for female garment workers.

As a result, the proportion of female workers has declined to less than 55% of the total workforce in the garment industry, impacting their economic empowerment and overall well-being.

During the roundtable, participants discussed the importance of empowering women with new skills and creating women-friendly workplaces to boost productivity, worker well-being, gender equality, and the industry's sustainable growth.

The programme was presided over by Ramesh Singh, regional director, CARE Asia.

Blair King, deputy director of USAID's Office of Democracy, Human Rights, and Governance; Bushra Binte Baten, corporate responsibility manager, PVH Corp; Md Matiur Rahman, joint inspector general, Department of Inspection for Factories and Establishments; SM Anamul Hoque, director, Department of Labour; Mohammed Hatem, president, BKMEA; Vidiya Amrit Khan, deputy managing director, Desh Group of Companies and former director, BGMEA; Syed Sultan Uddin Ahmed, chairman, Workers Rights Reform Commission and executive director, Bangladesh Institute of Labour Studies (BILS); Ferdous Ara Begum, CEO, BUILD; Emelda Mullick, project management specialist, USAID; and Mehrul Islam, DCD-P, CARE Bangladesh also spoke at the event.

দৈনিক ইত্তেফাক
রবিবার
১৮ কার্তিক ১৪৩১, ৩ নভেম্বর ২০২৪

# বৈষম্যহীন সমাজ গঠনের পূর্বশর্ত নারী-পুরুষের সমতা

## মহিলা পরিষদের মতবিনিময় সভা

■ ইত্তেফাক রিপোর্ট

বৈষম্যহীন সমাজ গঠনের পূর্বশর্ত নারী-পুরুষের সমতা—এমনটাই মনে করে দেশের অন্যতম নারী অধিকার সংগঠন বাংলাদেশ মহিলা পরিষদ।

গতকাল শনিবার বাংলাদেশ মহিলা পরিষদের আনোয়ারা বেগম মুনিরা খান মিলনায়তনে তরুণীদের নিয়ে এ বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সাংগঠনিক পক্ষ পালন (১৮-৩১ অক্টোবর) কর্মসূচির অংশ হিসেবে এর আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম। আয়োজনের প্রেক্ষাপট উপস্থাপন করেন যুগ্ম সাধারন সম্পাদক সীমা মোসলেম। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মালেকা বানু। মুক্ত আলোচনায় অংশ নেন মেহেরুন্নেছা পরশমণি, রওনক জাহান, ওয়াসিমা ফারজানা, নারীবাদী সংগঠক তৃষিয়া নাশতারান, নিহা, আফসা এবং মণি দীপা চক্রবর্তী, সায়মা আলী অদিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী তানজিনা হাফসা, কলেজ শিক্ষার্থী তানিয়া, ওয়াইডব্লিউ সিএ এর শিক্ষার্থী স্তুতি, দেবলীনা ভট্টাচার্য, ফিল্মমেকার সাদিয়া আফরীন অরণী, বাংলাদেশ মহিলা পরিষদের জাতীয় পরিষদ সদস্য ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সিউতি সবুর এবং বহ্নিশিখার তাসাফিক্ক হোসেন।

ড. সিউতি সবুর বলেন, গত ৫ বছরে নিয়মিত কাজের পাশাপাশি অনেক বড় ইস্যুতে মহিলা পরিষদ যেমন আন্দোলন করেছে, তেমন ছোট ছোট গুরুত্বপূর্ণ ইস্যুতেও আন্দোলন করেছে। পাশাপাশি তরুণীদের নিয়ে নেটওয়ার্ক গঠনের কাজ করছে। তবে আগামীতে নারী আন্দোলনে নেতৃত্ব দিতে সম্মিলিতভাবে একটা বড় ধরনের প্ল্যাটফরম তৈরি করা আবশ্যক।

তৃষিয়া নাশতারান বলেন, নারী আন্দোলন স্বতস্ফূর্ত অংশগ্রহণমূলক হওয়ার পাশাপাশি গঠনমূলক, সুচিন্তিত মতামতের আলোকে হওয়া উচিত। মৌলবাদী আক্রমণের মূল লক্ষ্য থাকে নারীকে অদৃশ্য করা, এক্ষেত্রে নারীর উপস্থিতি আরো দৃশ্যমান হওয়া আবশ্যক। প্রযুক্তিকে ব্যবহার করে নারী আন্দোলনকে বেগবান করতে হবে। মেহেরুন্নেছা পরশমণি বলেন, সাম্য ও ন্যায় প্রতিষ্ঠার মূলভিত্তি নারী-পুরুষের সমতা। গ্রামের নারীকে এখনো পুরুষ চিকিৎসকের কাছে যেতে দেওয়া হয় না, এ বিষয়ে সচেতনমূলক কর্মসূচিতে তরুণীদের অন্তর্ভুক্ত করতে হবে। পরিবারের পুরুষদের নারীর সমান ও অধিকারের বিষয়ে সচেতন করতে হবে।

রওনক জাহান বলেন নারীকে এগিয়ে যাওয়ার বিষয়ে পুরুষের পাশাপাশি নারীদেরও সচেতন করতে হবে। পুরুষতান্ত্রিকতা কেবল পুরুষের মধ্যে নয় এমন মানসিকতা নারীদের মধ্যেও রয়েছে। এজন্য তৃণমূলে পরিবারের সদস্যদের মানসিকতা পরিবর্তনে সচেতনমূলক কর্মসূচি করার জন্য মহিলা পরিষদকে আহ্বান জানান তিনি। ওয়াসিমা ফারজানা বলেন, সিদ্ধান্তগ্রহণে নারী এখনো পিছিয়ে আছে, তাদের মধ্যে আইডেন্টিটি ক্রাইসিস আছে, এ বিষয়ে নারীদের সচেতন করে তুলতে পারলে তারা তাদের অধিকার সম্পর্কে আগ্রহী হবে।

আলোচনায় বক্তারা বলেন, পুরুষতান্ত্রিকতা কেবল পুরুষের মধ্যে নয় এমন মানসিকতা নারীদের মধ্যেও রয়েছে। এজন্য তৃণমূলে পরিবারের সদস্যদের মানসিকতা পরিবর্তনে সচেতনমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। পরিবার থেকে ছেলে-মেয়েদের জেন্ডার ভূমিকা নির্ধারণ করে দেওয়ার ফলে অনেক নারী গৎবাধা ভূমিকার বাইরে গিয়ে রাজনৈতিকভাবে ক্ষমতায়িত হওয়াকে গুরুত্বপূর্ণ মনে করে না। পরিবার থেকে মেয়েদের চলা-ফেরায় যে গন্ডি বেধে দেওয়া হয় তা পরিবর্তনে স্কুল-কলেজের কিশোরী মেয়েদের মধ্যে নারীর রাজনৈতিক ক্ষমতায়ন বিষয়ে, রাজনৈতিক চর্চা বিষয়ে সচেতনতা তৈরি করতে হবে, পাঠ্যসূচিতে মেয়েদের রাজনৈতিক চর্চা বিষয়ে অন্তর্ভুক্ত করতে হবে। নিম্নবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত নারীদের অধিকার প্রতিষ্ঠার জন্য তৃণমূলে কাজ করতে হবে। নারীর মানবাধিকার প্রতিষ্ঠায় বৈষম্যদূর করতে সকল ধরনের সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে লৈঙ্গিক কারণে আসা বাধা দূর করাসহ, সামাজিক অন্তর্ভুক্তি এবং নেতৃত্বে নারীর অংশগ্রহণ আরো বৃদ্ধি করার উপর গুরুত্ব দিতে হবে। তারা বলেন, নারীর অর্থনৈতিক স্বাবলম্বী হওয়ার উপর গুরুত্ব দিতে হবে, অর্থনৈতিকভাবে স্বাধীন হলে নারীর অধিকার আদায়ের পথ সুগম হবে।

উপস্থিত অন্যান্য বক্তারা আরো বলেন, নারীদের সবার মধ্যেই নেতৃত্ব দেওয়ার সক্ষমতা আছে কিন্তু তাদের মধ্যে থাকা হীনমন্যতার জন্য তারা পিছিয়ে যায়, নেতৃত্বে গ্যাপ তৈরি হয়। এজন্য তাদের সংগঠনের সঙ্গে যুক্ত থাকতে হবে, নিজের মধ্যে থাকা ভিন্ন গুণাবলীর বিকাশ করতে হবে।

বণিক বার্তা
শুক্রবার, নভেম্বর ৮, ২০২৪

# বন্ধ ঘোষণা করা তুসুকা গ্রুপের ২৩৯ শ্রমিক চাকরিচ্যুত

বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর

অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা গাজীপুর মহানগরীর তুসুকা গ্রুপের ছয়টি কারখানার ২৩৯ শ্রমিককে চাকরিচ্যুত করা হয়েছে। গতকাল সকালে ছাঁটাইকৃত শ্রমিকের তালিকা কারখানার প্রধান ফটকে টানিয়ে দেয়া হয়েছে। এসব শ্রমিকের সব পাওনা পরিশোধ করা হয়েছে।

কারখানা কর্তৃপক্ষ, শিল্প পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শ্রমিক আন্দোলনের কারণে ৩ নভেম্বর থেকে কোনাবাড়ীর তুসুকা জিন্স লিমিটেড, তুসুকা ট্রাউজার্স লিমিটেড, তুসুকা প্রসেসিং লিমিটেড, তুসুকা প্যাকেজিং লিমিটেড, তুসুকা ডেনিম লিমিটেড এবং তুসুকা ওয়াশিং লিমিটেড কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। চারদিন বন্ধ থাকার পর কারখানায় বিশৃঙ্খলার অভিযোগে গতকাল ২৩৯ শ্রমিককে ছাঁটাইয়ের নোটিস দেয়া হয়। এ খবর পেয়ে সকাল থেকে আশপাশের শ্রমিকরা কারখানার সামনে ভিড় করেন। পরে কারখানা কর্তৃপক্ষ ছাঁটাই করা শ্রমিকের পাওনা পরিশোধ করে দেয়।

কারখানার সামনে চাকরিচ্যুত অনেক শ্রমিককে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায়। তারা অভিযোগ করেন, আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত না থাকলেও তাদের চাকরিচ্যুত করা হয়েছে।

তুসুকা ট্রাউজার লিমিটেড কারখানার অপারেটর সাইফুল ইসলাম বলেন, 'আমার কোনো অপরাধ নেই। তার পরও আমাকে ছাঁটাই করা হয়েছে। এখন আবার নতুন করে চাকরি কোথায় পাব।'

কারখানার আরেক শ্রমিক মো. বিল্লাল হোসেন জানান, বুধবার রাত ৮টার দিকে তার সেলফোনে চাকরিচ্যুতির মেসেজ আসে। তার সমুদয় পাওনা কারখানার হিসাব শাখা থেকে নেয়ার জন্যও সেখানে বলা হয়েছে।

এ বিষয়ে তুসুকা গ্রুপের পরিচালক তারেক হাসান বলেন, 'শ্রম আইনের বিধিমোতাবেক ২৩৯ শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। তাদের সব পাওনা শ্রম আইন অনুযায়ী পরিশোধ করা হয়েছে। শ্রমিকরা যার যার পাওনা নিয়ে বাড়ি চলে গেছেন। কারখানায় মারামারি ও ভাংচুরের অভিযোগে তাদের ছাঁটাই করা হয়েছে।'

গাজীপুর শিল্প পুলিশের সহকারী পুলিশ সুপার (কোনাবাড়ী কাশিমপুর জোন) আবু তালেব বলেন, 'শ্রমিক ছাঁটাইয়ের খবর পেয়েছি। প্রকৃতপক্ষে কতজনকে ছাঁটাই করা হয়েছে, এর কোনো তালিকা আমার কাছে আসেনি বা এ পর্যন্ত দেয়া হয়নি।'

মঙ্গলবার
৫ নভেম্বর ২০২৪
দৈনিক ইত্তেফাক

# গৃহকর্মী নির্যাতনের ঘটনায় দূর করতে হবে বিচারহীনতার সংস্কৃতি

## জাতীয় মানবাধিকার কমিশনের তাগিদ

■ ইত্তেফাক রিপোর্ট

গৃহকর্মী নির্যাতনের ঘটনায় বিচারহীনতার সংস্কৃতি দূর করার ওপর গুরুত্বারোপ করেছে জাতীয় মানবাধিকার কমিশন।

গতকাল সোমবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ গুরুত্বারোপ করা হয়। বিবৃতিতে বলা হয়, গত ৩ নভেম্বর গণমাধ্যমে প্রকাশ 'এতিম রিয়া মনিকে ছ্যাঁকা দিতে দিতে কবিতা লিখতেন তিনি!' শীর্ষক সংবাদটি জাতীয় মানবাধিকার কমিশনের নজরে এসেছে। পিতৃ-মাতৃহীন অসহায় শিশুর প্রতি বর্ণিত নির্যাতনের অভিযোগ অনভিপ্রেত ও মানবাধিকারের চরম লঙ্ঘন। কমিশন মনে করে, এ ঘটনায় দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সমীচীন। এ ঘটনায় কমিশন স্বপ্রণোদিত অভিযোগ (সুয়োমটো) গ্রহণ করেছে।

গৃহীত সুয়োমটোর পরিপ্রেক্ষিতে কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ মনে করেন, বাংলাদেশে গৃহকর্মীদের সুরক্ষার জন্য গৃহকর্মী সুরক্ষা নীতিমালা থাকলেও সাম্প্রতিক সময়ে গৃহকর্মী নির্যাতন একটি নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। কিন্তু গৃহকর্মীরা অর্থনৈতিক ও সামাজিকভাবে দুর্বল অবস্থানে থাকার কারণে নির্যাতনে জড়িতদের সাজা হয় না বললেই চলে। ফলে সমাজে গৃহকর্মী নির্যাতনের বিচারহীনতার এক সংস্কৃতি বহমান। কোনো ঘটনায় যদি মামলা হয়, তখন অনেক ক্ষেত্রে অর্থের দাপট, পেশিশক্তি এবং রাজনৈতিক দাপটের কাছে পরাস্ত হতে হয় দুর্বলদের। ফলে শুরুতে বা মাঝপথে আইনবহির্ভূত সমঝোতা লক্ষ করা যায়।

পর্যালোচনায় জানা যায় যে, বন্দরনগরী চট্টগ্রামে রিয়া মনি (১৩) নামক এক গৃহকর্মী নির্মম নির্যাতনের শিকার হয়েছেন। নির্যাতনের শিকার এই গৃহকর্মীকে চট্টগ্রামের বায়েজিদ বোস্তামি থানার পুলিশ একাত্তর টেলিভিশনের সহযোগিতায় শহরের অক্সিজেন মোড় এলাকার রৌফাবাদ কলোনি থেকে উদ্ধার করেছে। তার মা-বাবা, কেউই বেঁচে নেই। সংবাদ মতে, সারা দিনের হাড়ভাঙা খাটুনির পর কখনো সামান্য ভুলে বা কখনো বিনা কারণে শরীরে গরম লোহার সেঁক দেওয়াসহ বর্বর নির্যাতনের চিহ্ন মিলেছে রিয়া মনির সারা শরীরে। তার সঙ্গে কী ধরনের অমানবিক আচরণ এবং অত্যাচার করা হতো, সেসবের রোমহর্ষক বর্ণনা উঠে আসে রিয়া মনির কথায়।

অন্যদিকে অভিযুক্ত নীলিমা শামীম একজন কবি। উদ্ধার অভিযানের খবর জানতে পেরে জড়ো হওয়া এলাকাবাসীও হতবাক। নির্যাতনের এসব তথ্য অনেকে, এমনকি নির্যাতনকারীর পুত্রবধূ জানলেও ভয়ে মুখ খুলতেন না। উদ্ধার করে থানায় আনার পর রিয়া জানায়, নির্যাতনের কারণে পালিয়ে গেলেও তাকে আবার ধরে আনা হয়। মায়ের মৃত্যু হলেও তাকে দেখতে যেতে দেওয়া হয়নি। বর্তমানে চিকিৎসার জন্য রিয়াকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে ভর্তি করা হয়েছে। নির্যাতনের ঘটনায় বায়েজিদ বোস্তামি থানায় মামলা দায়ের হয়েছে।

কমিশন কর্তৃক সাম্প্রতিককালে প্রস্তাবিত গৃহকর্মী সুরক্ষা আইনটি সরকার কর্তৃক পাশ করার দাবিসহ এ ঘটনায় দায়ের হওয়া মামলার সর্বশেষ অগ্রগতি কমিশনকে জানানোর জন্য পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশকে বলা হয়েছে। একই সঙ্গে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে ভুক্তভোগীর চিকিৎসাসেবা ও কাউন্সেলিংসহ পুনর্বাসন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেও কমিশনকে জানানোর কথা বলা হয় সমাজসেবা অধিদপ্তরকে।

Financial Express Tuesday | November 5, 2024

Ready-made garment

# Global buyers push for better labour situation

MONIRA MUNNI

Global buyers of Bangladeshi apparel have called for improved law and order, and labour situation to fully utilise the country's competitive edges like huge capacity and low cost.

According to many of them, huge production capacity and low cost are among the strength of Bangladesh's garment industry for which apparel buyers are sourcing from the country though prevailing labour unrest in the country's major industrial belts is still a challenge.

A four-decades-old Bangladesh's garment industry is a matured one and it needs to address labour grievances and improve ties between workers and owners to close the gap, said Ziaur Rahman, H&M regional country manager for Bangladesh, Pakistan and Ethiopia.

Labour-related issues or demands should be settled in the table, he said while addressing a panel discussion at the two- day 'Bangladesh Denim Expo' that kicked off at International Convention City Bashundhara in the city on Monday.

Bangladesh Apparel Exchange organised the 17th edition of the show to showcase Bangladesh's dynamic denim industry, bringing together over 44 exhibitors from different countries, including Bangladesh, India, Pakistan, China, Turkey, Spain and Italy.

Mr Rahman also called for investing in mid-level management and embracing modern technology.

Bangladesh is far behind in terms of innovation and development of products, except a few, based on design and trend, he said, explaining that Turkey comes up to his company with its latest development while the situation is reverse for Bangladesh as the latter is ready to produce what buyers ask for.

Another official from an EU-based buyer told the FE that despite all existing challenges, Bangladesh has huge

**30 factories suspend operation due to labour unrest**

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

শোভন কাজ

MONDAY NOVEMBER 4, 2024
KARTIK 19, 1431 BS
The Daily Star

# Tea production takes a hit from bad weather

MINTU DESHWARA

Tea production in Bangladesh will likely decline this year due to adverse weather, namely sporadic bursts of rain and subsequent flooding, according to market players.

Heavy rains eroded the topsoil, washed away fertilisers and increased pest infestations during the budding period of tea plants, they said.

As a result, experts predict a 10 percent decrease in production compared to that last year.

Data of Bangladesh Tea Association (BTA) and Bangladesh Tea Board (BTB) show that the rains began in February.

And although producers initially viewed it as beneficial, the recurrent heavy rainfall ultimately harmed cultivation.

Besides, overcast conditions left the ground excessively damp amid insufficient sunlight, allowing pests such as red spider mites to thrive.

This poor environment significantly weakened the tea plants and thereby led to reduced budding, impacting the yields of many tea gardens in major producing areas, such as Moulvibazar in Sylhet.

As per the BTA and BTB data, this year's production target is 10.8 million kilogrammes (kgs). Now though, the feasibility of this goal has been thrown into doubt for these challenges.

The total tea production stood at about 4.95 million kgs as of September while it was 5.47 million kgs by the same time last year.

Also, the country's overall tea yields reached 10.29 million kgs by the end of 2023, which is 900,000 kgs more than the current production target.

Nomita Bauri, who works at a tea garden in Moulvibazar, said the heat at her plantation has been unprecedented this year despite the recurrent rain.

"The leaves have hardened so I struggle to pick even 15 kgs per day even though I would typically harvest up to 60 kgs daily at this time each year," she said.

Other tea workers share Nomita's plight as high temperatures and unfavourable rainfall stunted the plant's ability to produce new leaves.

Workers also noted a decline in water levels in lakes and other reservoirs used for irrigation, further compounding the problem. Moreover, the increase in red spider mite infestations means they are picking significantly less tea.

According to Md Anisur Rahman, a meteorologist at the Sreemangal Meteorological Office, the district saw rainfall of 2.716 metres from January to September this year compared to 2.009 metres at the same time last year.

**Bangladesh produced 10.29 million kilogrammes of tea in 2023, which is 900,000 kilogrammes more than this year's production target, according to Bangladesh Tea Association and Bangladesh Tea Board**

Golam Mohammad Shibli, general manager of Finlay Tea Company and chairman of the BTA's Sylhet branch, said although sufficient rain was essential for tea, adequate sunshine is equally important.

"Current production is 10 percent below normal. We might be able to recover some losses if we get the right balance between sun and rain, but not all," he added.

He also noted concerns about the quality of tea coming from North Bengal and issues with tea being smuggled into Bangladesh, which negatively impacts auction prices.

Shamim Ahmed Chowdhury, manager of Shirajnagor Tea Garden, said tea production was projected to decline this year due to a series of adverse weather conditions.

"The rainfall has nearly doubled compared to last year, with four instances of flooding alongside unusually high temperatures," he added.

Against this backdrop, Chowdhury also predicted that overall tea production would be about 10 percent less compared to last year.

AKM Rafiqul Haque, director of the BTA's Project Development Unit, said high temperatures and heavy rain hindered tea plants' ability to photosynthesise and produce buds.

Dr Wahiduzzaman, head of the Department of Food Engineering and Tea Technology at the Shahjalal University of Science and Technology, said climate change has become a thorn in the side for tea growers.

"At a time when the gardens are supposed to be covered with green leaves, almost every garden is burning due to drought. Attention should be paid to innovating in harmony with the environment," he added.

Wahiduzzaman also said many countries have developed tea varieties that are suitable for their climate.

"But it did not happen here. So, we need to do more research," he added.

M Shah Alam, chairman of the board of trustees of a BCS provident fund of the BTA, said many tea gardens were closing down, significantly impacting overall tea production.

"When gardens shut down, female workers suffer while men usually have alternative options for employment. So, it is crucial to support this sector, which sustains about 700,000 people," he said.

Alam also informed that rising gas and electricity prices are creating more challenges in production.

"Currently, the cost to produce tea is Tk 230 per kg while the auction price has dropped to Tk 211 per kg. So, we will face greater losses if cannot manage these issues," he said.

"Therefore, it is essential for the government to focus on this sector. I urge the government to provide agricultural loans with interest of up to 4 percent to help sustain the tea sector," Alam added.

শোভন কাজ

# Global buyers push for better

potential and opportunity to get more work orders as there is hardly other destinations that come up with such large capacity and low cost.

The representative said law and order situation must be improved further and labour-related issues should be addressed to sustain the growth and bag more orders.

A buyer representative said that in the long run the labour unrest might have a negative impact on buyers' confidence and if any buyer shift orders, it is difficult to bring back which according to the official might need at least three years.

None of the buyers, however, have shifted their orders from Bangladesh during the student uprising and the labour unrest, they claimed.

Meantime, at least 30 garment factories in Ashulia, Savar and Gazipur industrial belts suspended operations on Monday for labour unrest over various demands, especially for unpaid wages, hike in annual pay and other allowances.

Talking to the FE, participants at the show said they are getting good response from buyers.

The H&M country manager told the FE that exports in September 2024 was higher than that in September 2023.

Speaking at the panel discussion, Showkat Aziz Russel, president of Bangladesh Textile Mills Association, said he can see a good prospect provided with uninterrupted gas supply.

Citing data, he said some $22 billion have so far been invested in the country's primary textile sector that can produce 55 million yards of denim fabric a month.

According to data compiled by the BGMEA based on eurostat, Bangladesh fetched $571.99 million from denim products shipments to the EU during the January-June period of 2024, marking a 5.29-percent growth over the corresponding period of 2023.

Turkey and Pakistan are second and third largest denim exporter to the EU.

Turkey recorded 6.18-percent negative growth to fetch $464.66 million and Pakistan earned $340.76 million marking 2.51-percent growth there.

Bangladesh's denim exports to the US during the first half of the current calendar year, however, recorded 4.30-percent negative growth and earned $281.70 million, according to OTEXA data.

Mexico, second largest denim exporter to the US, recorded a 4.92-percent decline during the period to fetch $297.64 million while Pakistan, third largest, marked 11.99-percent growth to the USA and earned $184.73 million during the January-June period of 2024.

*Munni_fe@yahoo.com*

NEW AGE
SUNDAY, NOVEMBER 3, 2024,

MIRPUR CLASH

# 11 RMG workers sent to jail so far

**Staff Correspondent**

AT LEAST 11 readymade garment workers had so far been arrested and sent to jail in connection with setting fire to army jeep and a police van during a clash in the capital's Mirpur on Thursday.

Bhashantek police station officer-in-charge Faisal Ahmed said that they sent five people to the court on Saturday, and the court sent them to jail.

'The army held three people and handed over to us. We also arrested two people. Earlier, we sent six people to the court on Friday,' the OC said, adding that the number of arrested over the incident rose to 11 so far.

On Friday, the police filed two cases with Bhashantek and Kafrul police stations against 1,100 unnamed garment workers on the allegations of obstructing the members of law enforcement agencies from performing their duty during the three-hour clashes on the Kachukhet road in Mirpur-14 area.

About 450-500 unnamed RMG workers were made accused in the case filed with the Bhashantek police station, and 500-600 unnamed were made accused with Kafrul police station, according to police officials.

Kafrul police station officer-in-charge Kazi Golam Mostafa said that none was arrested so far in the case filed with the police station.

The Inter Services Public Relation directorate in a press release on Friday said that they had held three miscreants in connection with the Mirpur-14 violence and handed over to Bhashantek police station.

The arrested are Rifat, Hridoy and Yasin.

The ISPR also said that the Bangladesh Army would continue drive against those for setting fire to army vehicle, creating fear among public and damaging public properties.

দৈনিক ইত্তেফাক
বুধবার
২৮ কার্তিক ১৪৩১, ১৩ নভেম্বর ২০২৪

# ট্যানারি শিল্পে নিম্নতম মজুরির গেজেট প্রকাশ করা হোক

## আলোচনাসভায় বক্তারা

■ ইত্তেফাক রিপোর্ট

প্রায় ১৬ মাস পার হয়ে গেলেও ট্যানারি শিল্পের নতুন নিম্নতম মজুরি এখনো চূড়ান্ত হয়নি। অবিলম্বে ন্যূনতম মজুরি চূড়ান্ত করে গেজেট প্রকাশের আহ্বান জানিয়েছেন ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়নের নেতৃবৃন্দ।

গতকাল মঙ্গলবার রাজধানীর তোপখানায় একটি হোটেলে ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়ন, বাংলাদেশ লেবার রাইটস জার্নালিস্ট ফোরাম ও সলিডারিটি সেন্টারের যৌথ উদ্যোগে আয়োজিত এক আলোচনাসভায় এ আহ্বান জানানো হয়। ফোরামের সভাপতি কাজী আব্দুল হান্নানের সভাপতিত্বে ও সলিডারিটি সেন্টার-বাংলাদেশের প্রোগ্রাম অফিসার মো. নজরুল ইসলামের সঞ্চালনায় আলোচনার মূল বক্তব্য উপস্থাপন করেন ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুল মালেক। তিনি ট্যানারি শিল্পে ন্যূনতম মজুরি সুপারিশের জন্য গঠিত মজুরি বোর্ড এর ট্যানারি শ্রমিক প্রতিনিধি। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়নের সভাপতি আবুল কালাম আজাদ, সলিডারিটি সেন্টার-বাংলাদেশের কান্ট্রি প্রোগ্রাম ডিরেক্টর এ কে এম নাসিম, হেমায়েতপুর ট্যানারি শিল্প কারখানায় শ্রমিকবৃন্দ।

মূল বক্তব্যে আব্দুল মালেক বলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রজ্ঞাপন প্রকাশের মাধ্যমে গত ২০২৩ সালের ২৩ জুলাই ট্যানারি শিল্প সেক্টরের নিম্নতম মজুরি সুপারিশের জন্য নিম্নতম মজুরি বোর্ড গঠন করে। প্রায় ১৫ মাস ধরে চলমান মজুরি বোর্ড অবশেষে গেজেটের মাধ্যমে গত ৯ সেপ্টেম্বর খসড়া সুপারিশ প্রকাশ করে। গেজেটে উল্লিখিত আহ্বান মাফিক কোন পক্ষ থেকে আপত্তি উত্থাপিত না হওয়ায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর নিম্নমত মজুরি বোর্ড তাদের সুপারিশ ইতিমধ্যেই প্রেরণ করেছে। এরপর উল্লেখযোগ্য আর কোনো অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

তিনি বলেন, যদিও বাংলাদেশ শ্রম আইন-এর মজুরি সংক্রান্ত একাদশ অধ্যায় এর ধারা ১৩৯ উপধারা ২ মোতাবেক নিম্নতম মজুরির সুপারিশ বোর্ড গঠন হওয়ার ছয় মাসের মধ্যে সরকারের কাছে পেশ করার কথা, কিন্তু ট্যানারি শিল্পে ১৬ মাসব্যাপী নতুন নিম্নতম মজুরি চূড়ান্তকরণের প্রক্রিয়াটি এখনো চলমান। আইন প্রতিপালনের এই ব্যত্যয়ে প্রকৃত ভুক্তভোগী ট্যানারি শিল্পে কর্মরত শ্রমিকরা, যারা এখনো অনিশ্চিত কবে থেকে তাদের নিম্নতম মজুরি বলবৎ হবে। নতুন মজুরি কাঠামো ঘোষণায় অনর্থক বিলম্ব হচ্ছে যা শিল্পের সার্বিক স্থিতিশীলতা ও কল্যাণে মোটেও কাম্য নয়।

কাজী আব্দুল হান্নান বলেন, বৈষম্যহীন ও গণতান্ত্রিক এই নতুন বাংলাদেশে শ্রমিকদের এমন পরিস্থিতি অপ্রত্যাশিত। অবিলম্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ বিষয়ে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আবুল কালাম আজাদ বলেন, মজুরি চূড়ান্তকরণের দায়িত্ব সরকারের, আর বাস্তবায়নে সহযোগিতা করতে ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়ন দৃঢ়প্রতিজ্ঞ। এ কে এম নাসিম শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় দ্রুত প্রজ্ঞাপন প্রকাশ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং একইসঙ্গে নতুন নিম্নতম মজুরি বাস্তবায়নে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির উপরেও তিনি জোর দেন।

NEW AGE
WEDNESDAY, NOVEMBER 6, 2024,

# Concerted effort must to stop workplace accidents

THE absence of effective mechanisms to stop workplace accidents and consequent death and injuries is deplorable. When there hardly goes a day without workplace accidents that do not claim lives of workers, the authorities appear to be nonchalant towards the issue, which is a major reason Bangladesh is considered one of the worst countries in terms of worker safety. Two construction workers died on November 3 after a beam of an under-construction establishment collapsed on them in Patuakhali. Witnesses say that there were no safety measures. Besides the deplorable absence of effective mechanisms to address the issue on part of the authorities, a general disregard for worker safety among employers and even workers has contributed to such a precarious state. Lack of workplace safety appears to have become the norm. A recent survey report by the Safety and Rights Society says that workplace death increased by 22 per cent in the first half of 2024 from that in the same period of 2023. At least 475 workers died and many more became injured in 420 workplace accidents across the country in January–June. The number of workplace death was 389 in the same period in 2023.

This is gravely concerning because while workplace accidents and consequent death and injuries have continued to increase every year, all that the authorities have come up with are mere promises. Workplace death registered a 48 per cent rise in 2023, when, as the Bangladesh Occupational Safety, Health and Environment Foundation report says, at least 329 workers died in the formal sector and 1,103 workers died in the informal sector in workplace accidents. In 2022, 152 workers died in the formal sector and 815 workers died in the informal sector in such accidents. Occupational safety has, in fact, always been a neglected area. After every major workplace disaster, the authorities routinely come up with promises of action, but the promises are rarely kept. It is no wonder that the Global Rights Index, published by the International Trade Union Confederation, has ranked Bangladesh among the 10 worst countries for workers for eight consecutive years since 2017. The 2024 index specifies a severe lack of workplace safety measures, violent repression of worker movements, mass dismissal and arrests of union leaders and labour rights activists and restricted rights to unionisation as worrying signs of labour rights violations in Bangladesh. What is also concerning is the lack of oversight in the informal sector, where labour laws are largely ignored and workplace accidents abound.

The authorities should, therefore, attend to the issues that have contributed to an alarming state of workplace safety. The authorities should also make employers follow safety measures and put in place a mechanism to compensate workplace accidents victims. The government also needs to ensure labour rights by improving legal and policy frameworks, systems and services related to labour rights.

NEW AGE
TUESDAY, NOVEMBER 5, 2024.

# Tea workers must be paid dues in arrears immediately

THE state-owned National Tea Company failing to pay tea workers' wages for over six weeks is unacceptable. About 17,000 workers of 16 tea plantations of the National Tea Company across the country have been on strike since October 21. The workers formed human chains, held protests and urged the authorities for payment of their wages in the past week and a half, while the authorities also assured them to pay their dues in arrears before Durga Puja. But they have not yet been paid their dues. The Bangladesh Tea Workers Union says that tea workers receive what can hardly be called a survival wage, and not getting wages for six weeks has exacerbated their situation. This is, moreover, not the first time that the workers of the state-owned tea company face such a situation. In the first week of September, the tea workers took to the streets, demanding their wages unpaid for three weeks. Workers also complain that the company often suspends workers' rations and their access to treatment. The health centres do not often have medicines. In addition, for 15 months, access to their provident fund has also been restricted.

The authorities, which earlier sought to explain the delay in payment by saying that the pending restructuring and reconstitution of the board of directors had caused the delay as it is unable to get bank loans, are reported to have said that the issue will be addressed soon as the company now has a new chairman. The authorities are also reported to have asked local administration for an allocation of 30 kilograms of VGF rice for each worker. Although assuring, such explanations and measures are unacceptable. The NTC cannot deny the workers their due wages for bureaucratic reasons. What is particularly worrying is that irregular payment of wages and employment benefits has become characteristic of the tea industry. In March, tea workers of the Kuchai tea garden in Moulvibazar abstained from work over the announcement of a reduced festival allowance. In July 2023, workers at Imam and Bhabani Tea Garden went on strike with five-point demands that included the payment of their wage and festival allowance, the reimbursement of the provident fund and their house rent and medical allowances. Tea workers also do not receive 5 per cent of the net profit of the previous year of the company that they work for, in keeping with the labour law and the Workers' Welfare Foundation Act. Besides and above all, the daily wage of Tk 170 for tea workers is inadequate amidst unprecedented food inflation.

The National Tea Company must, therefore, immediately pay the workers their dues in arrears and must ensure that such delay in payment does not happen again. The government must address tea workers' grievances, take initiatives to protect their rights and set a living wage for them.

দৈনিক ইত্তেফাক
বৃহস্পতিবার
২২ কার্তিক ১৪৩১, ৭ নভেম্বর ২০২৪



মো. সোয়েব মেজবাহউদ্দিন

# পোশাকশিল্পে অস্থিরতা

বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনের একটি বড় খাত হচ্ছে পোশাকশিল্প। চীন, পাকিস্তান ও ভারতের তুলনায় বাংলাদেশে পোশাক তৈরির মজুরি কম হওয়ায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাপানসহ বিভিন্ন বড় বড় দেশ বাংলাদেশে পুরুষ ও মেয়েদের টি-শার্ট, জামা, মহিলা ও শিশুদের পোশাকের প্রচুর অর্ডার দিয়ে থাকে। বাংলাদেশের বড় অনেক কমপ্লাইন্স কারখানার পাশাপাশি অনেক ছোট কারখানা বিভিন্ন ধরনের পোশাকের অর্ডার নিয়ে থাকে।

এই পোশাক কারখানার বড় বড় পদে শিক্ষিত লোকজন চাকরি করলেও সাধারণ শ্রমিক হিসেবে যারা কাজ করেন, তাদের বেশির ভাগ স্বল্প শিক্ষিত বা অশিক্ষিত। তারা প্রত্যন্ত এলাকা থেকে আসা শ্রমিক। গ্রামাঞ্চলের অনেক নারী, যারা একদা শহরের বাসাবাড়িতে কাজ করতেন, তাদের অনেকে এখন শহরের বড় বড় পোশাক কারখানায় কাজ করছেন।

বড় বড় কারখানা বায়ারদের থেকে নেওয়া অর্ডারি পণ্য নির্দিষ্ট সময়ে ডেলিভারি করে থাকে এবং বায়ারও তাদের পেমেন্ট নির্দিষ্ট সময়ে ব্যাংকের মাধ্যমে পাঠিয়ে দেয়। ফলে বড় বড় কারখানা কর্তৃপক্ষ পোশাক শ্রমিকদের মজুরিও নিয়মিত পরিশোধ করে থাকে। কিন্তু কিছু মাঝারি কারখানা বায়ারদের অর্ডার নেওয়ার পর নির্দিষ্ট সময়ে পণ্য সরবরাহ করতে পারে না বলে বায়ারও তাদের পেমেন্ট সঠিক সময়ে পরিশোধ করে না। ফলে ঐসব কারখানার মালিক তাদের শ্রমিকদের বেতন সঠিক সময়ে পরিশোধ করতে পারেন না। মালিকদের ব্যর্থতার দায় বহন করতে হয় সাধারণ শ্রমিকদের।

শ্রমিকরা সারা মাস কাজ করে মাস শেষে যখন তাদের বেতন না পান, বেতন না পেয়ে তাদের বাসার ভাড়া দিতে না পারলে, সন্তানদের মুখে খাবার দিতে না পারলে তারা প্রতিবাদী হয়ে ওঠেন। শুরু হয় অসন্তোষ। অসন্তোষ থেকে শুরু হয় আন্দোলন। আর এই সুযোগে একশ্রেণির স্বার্থান্বেষী মহল পোশাক খাতের সেই আন্দোলনকে প্রকট আকার ধারণ করতে সহায়তা করে। কারণ পোশাক খাতের আন্দোলনের খবর মিডিয়ার মাধ্যমে ছড়িয়ে পড়লে বিদেশি বায়াররা হতাশাগ্রস্ত হয়ে পড়েন। বায়াররা তাদের অর্ডারকৃত পণ্য নির্দিষ্ট সময়ে পাবেন কি না, তা নিয়ে দুশ্চিন্তায় পড়েন। এতে বিদেশি বায়াররা নতুন করে অর্ডার দেওয়া বন্ধ করে দেন। নতুন সেই অর্ডারগুলো চলে যায় পার্শ্ববর্তী দেশ ভারত, চীন বা পাকিস্তানে। এতে অর্ডার-সংকটে পড়ে পোশাকশিল্প।

এক বিদেশি কোম্পানির বাংলাদেশ অফিসের একজন মার্চেন্টাইজার জানান, গত আগস্ট মাসের আন্দোলনে বাংলাদেশের পোশাকশিল্প কয়েক শ বিলিয়ন অর্ডার হারিয়েছে। তৈরি পোশাকশিল্প মালিকদের মতে, ৫ আগস্টের পর গার্মেন্টস খাতে অস্থিরতার কারণে আনুমানিক ৪০০ মিলিয়ন বা ৪০ কোটি ডলারের আর্থিক ক্ষতি হয়েছে। সাম্প্রতিক সময়ে নির্দিষ্ট কিছু শিল্পাঞ্চলে অস্থিরতার কারণে শুধু সেপ্টেম্বর মাসে আমাদের ২৫০-৩০০ মিলিয়ন ডলারের রপ্তানি ও উৎপাদন ব্যাহত হয়েছে।

তৈরি পোশাক মালিকরা বলছেন, 'আমাদের শিল্প ভালো নেই। বিশ্বে পোশাক আমদানি কমে আসছে।' চলতি বছরের জানুয়ারি-আগস্ট সময়ে যুক্তরাষ্ট্রে পোশাক আমদানি পরিমাণের দিক থেকে বেড়েছে ১.৫ শতাংশ। অথচ বাংলাদেশ থেকে কমে গেছে ৩.৮ শতাংশ। তবে চীন থেকে বেড়েছে ৩.৬ শতাংশ। একইভাবে ভিয়েতনাম থেকে বেড়েছে ৫.২ শতাংশ, ভারত থেকে বেড়েছে ৭.৬ শতাংশ এবং কম্বোডিয়া থেকে বেড়েছে ৭.৭ শতাংশ। ইউরোপে জানুয়ারি-জুলাই সময়ে মোট আমদানি বেড়েছে ৩.৩ শতাংশ। সেখানে বাংলাদেশ থেকে বেড়েছে মাত্র ২.৮ শতাংশ।

এদিকে সরকার নানামুখী উদ্যোগ নেওয়ার পরও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি তেমনভাবে হচ্ছে না। গার্মেন্টসের ঝুটসহ কারখানা-সংশ্লিষ্ট কিছু ব্যবসার নিয়ন্ত্রণ ও বেতন-ভাতাসংক্রান্ত নানা সমস্যায় কাটছেই না এই শিল্প খাতের অস্থিরতা। গ্যাস-বিদ্যুৎ ও কাঁচামাল-সংকটে উৎপাদন ব্যাহত হওয়া এবং দুর্নীতি ও অর্থ পাচারের অভিযোগে বিপুলসংখ্যক শিল্পমালিকের ব্যাংক হিসাব জব্দের কারণে ব্যবসা গুটিয়ে যাওয়াও এ খাতে অস্থিরতা সৃষ্টির বড় কারণ।

সংশ্লিষ্টদের ভাষ্য, অবাধে অর্থ পাচার, ব্যাংক খাতে লাগামহীন দুর্নীতি, ব্যাপক মূল্যস্ফীতি ও একের পর এক



প্রাকৃতিক দুর্যোগ দেশের অর্থনীতিকে খাদের কিনারায় এনে দাঁড় করিয়েছে। এ দুঃসময়ে তৈরি পোশাকের মতো রপ্তানিমুখী খাতে নানামুখী অস্থিরতায় বিপর্যয় সৃষ্টি হলে জাতীয় অর্থনীতি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। কারখানা বন্ধ হয়ে গেলে দেশে বেকারত্বের বোঝা আরো বাড়বে, বৃদ্ধি পাবে অসন্তোষ। তাই এই শিল্প ধ্বংসের নেপথ্যে কেউ জড়িত থাকলে তাদের দ্রুত খুঁজে বের করতে হবে। পরিস্থিতি দেখে মনে হচ্ছে কোনো একটি পক্ষ চাইছে না যে পরিস্থিতি শান্ত হোক। এতে রাজনৈতিক ইল-মোটিভও থাকতে পারে।

পোশাক খাতের একজন উদ্যোক্তা এ প্রসঙ্গে বলেন, অস্থিরতা কেন পুরোপুরি নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না, সেটা তারা নিজেরাও বুঝতে পারছেন না। কিছু কারখানায় বেতন-ভাতাসংক্রান্ত সমস্যা আছে, সেটা বিজিএমইএ দেখছে। এর বাইরে নানা কারণ দেখিয়ে হুটহাট সমস্যা তৈরি করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। এর সঙ্গে শ্রমিকদের চেয়ে বাইরের লোকজন বেশি সম্পৃক্ত বলে মনে হচ্ছে। এই শিল্প খাতে অস্থিরতা সৃষ্টিকারীদের চিহ্নিত করার ক্ষেত্রে দীর্ঘসূত্রতা এবং এ ব্যাপারে অগ্রিম তথ্য দিতে গোয়েন্দাদের ব্যর্থতা দূর করতে সরকারের আরো বেশি গুরুত্ব দেওয়া জরুরি বলে আমরা মনে করি।

● লেখক : শিল্পগবেষক

বণিক বার্তা বুধবার, নভেম্বর ১৩, ২০২৪

মালিক পক্ষকে শ্রম উপদেষ্টার হুঁশিয়ারি

# সমস্যা পেলে কারখানায় প্রশাসক নিয়োগ

নিজস্ব প্রতিবেদক ■

পোশাক শ্রমিকদের বেতন দিতে গড়িমসির ক্ষেত্রে মালিক পক্ষের সমস্যা পেলে কারখানায় প্রশাসক বসিয়ে দেয়া হবে বলে হুঁশিয়ার করেছেন শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা এম সাখাওয়াত হোসেন। বকেয়া বেতন-ভাতা পরিশোধের আহ্বান জানিয়ে তিনি বলেছেন, 'শ্রমিকদের বকেয়া পাওনা অবশ্যই পরিশোধ করতে হবে। তাদের অক্লান্ত পরিশ্রমের ফলেই ফ্যাক্টরি চলে। দেশের অর্থনীতি এগিয়ে যাচ্ছে।' শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

উপদেষ্টা এম সাখাওয়াত হোসেন বলেন, 'সব কারখানায় সরকার ঘোষিত নিম্নতম মজুরি বাস্তবায়ন করতে হবে। এর ব্যত্যয়ের কোনো সুযোগ নেই। কেউ মজুরি বোর্ড বাস্তবায়ন না করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মালিক পক্ষের সমস্যা পেলে সেখানে প্রশাসক নিয়োগ দেয়া হবে। দেশকে সচল রাখতে হবে। রাস্তাঘাট অবরোধ করে জনগণকে কষ্ট দেয়ার সুযোগ নেই।'

গণ-আন্দোলনে গত ৫ আগস্ট সরকার পতন ও অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে বকেয়া বেতন-ভাতাসহ বিভিন্ন দাবিতে গাজীপুর, আশুলিয়া ও নারায়ণগঞ্জের মতো পোশাক কারখানা অধ্যুষিত এলাকায় বিক্ষোভ করে আসছেন শ্রমিকরা। গতকালও গাজীপুর নগরীর কোনাবাড়ী এলাকায় শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদ ও হাজিরা বোনাস বৃদ্ধিসহ বিভিন্ন দাবিতে তিনটি কারখানায় শ্রমিকরা বিক্ষোভ করেছেন।

FRIDAY NOVEMBER 8, 2024
KARTIK 23, 1431 BS
The Daily Star

# Bangladesh to amend labour law by March next year

REFAYET ULLAH MIRDHA

Bangladesh has committed to amending its labour law by March next year to align it with international standards and meet the 18-point demand raised by workers in September this year.

The country made this pledge at the 352nd session of the International Labour Organization (ILO) Governing Body, held from October 28 to November 7 in Geneva, according to Labour and Employment Secretary AHM Shafiquzzaman.

"We have already begun working on fulfilling the 18-point demand we committed to the workers in September during the labour unrest in the industrial sector," Shafiquzzaman told The Daily Star yesterday over the phone from Geneva.

The secretary said nearly all the 18 demands have already been met, except for two – amending the labour law and reviewing annual increments, as union leaders sought an annual increase more than the current 5 percent.

A tripartite committee is currently working on possible amendments to the law, including easing trade union rules and documentation requirements, he added.

The ILO Governing Body is the executive body of the ILO. It meets three times a year: in March, June and November. It takes decisions on ILO policy, sets the agenda for the International Labour Conference, adopts the draft Programme and Budget for submission to the Conference and elects the director-general, according to the ILO.

At the ILO Governing Body meeting, Law Adviser Asif Nazrul also committed to reviewing the blacklisting of workers based on biometric attendance and ending assaults and harassment of workers in the workplace, according to a statement from the office of the permanent mission of Bangladesh in Geneva.

Besides, the law adviser assured the Governing Body council members that the government has been working to resolve police cases filed against workers for their involvement in wage hike demonstrations last year, the statement added.

The Minimum Wage Board, a government regulatory agency responsible for recommending changes to the minimum wage, has also submitted a proposal to the Ministry of Labour and Employment to amend the labour law and update its provisions.

The board suggested that the ministry amend the labour law to ensure strict implementation of wage structures at factories, according to the proposal.

Wishing anonymity, an official of the board said incidents of labour unrest often take place after factory owners fail to timely implement wage structures and pay workers.

Amending the labour law is a long overdue issue in Bangladesh. Last December, the president returned the "Bangladesh Labor (Amendment) Bill-2023" unsigned, citing the need for further amendments to certain key clauses.

International bodies like the European Union (EU), the ILO, global clothing retailers and brands, North American clothing retailers and brands, and the U.S. government have urged Bangladesh to amend the labour law, easing trade union rules, simplifying union registration and lowering the worker threshold required to form a union.

Currently, forming a union in a garment factory requires the consensus and signatures of 20 percent of workers. Union leaders and international bodies advocate lowering this threshold to 5-10 percent.

They have also called on the government to enact a uniform labour law for all workers, including those in Export Processing Zones (EPZs) and outside of EPZs.

According to labour rights activists, the current two labour laws for EPZ and non-EPZ production facilities contain discriminatory provisions and benefits for workers.

However, Bangladesh cannot implement a uniform labour law for both EPZ and non-EPZ workers, as some foreign investors in EPZs argue that they invested under the condition of excluding trade unions from EPZ factories.

In the face of Rana Plaza garment building collapse and subsequent international pressure, the government previously amended the 2006 labour law in August 2013 to ensure workplace safety and labour rights issues meet international standards.

In September 2015, the government formulated labour rules to guide the proper application of the labour law at factories.

The law was further amended in 2018, again under international pressure, to lower the worker threshold for union formation to 20 percent from 30 percent.



**The wage board suggested that the labour ministry amend the law to ensure strict implementation of wage structures at factories.** PHOTO: STAR/FILE

শোভন কাজ

বণিকবার্তা বুধবার, নভেম্বর ৬, ২০২৪

## ডেনিম এক্সপোর সমাপনীতে বক্তারা

# জিএসপি প্লাস সুবিধা পেতে শ্রম অধিকার ও স্বচ্ছতায় গুরুত্ব দিতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ (এলডিসি গ্র্যাজুয়েশন) পরবর্তী সময়ে ইউরোপের বাজারে জিএসপি প্লাস সুবিধা পেতে শ্রম অধিকার ও স্বচ্ছতার ওপর গুরুত্ব দেয়ার আহ্বান জানিয়েছেন তৈরি পোশাক খাতসংশ্লিষ্টরা। সেজন্য এখনই সুস্পষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে বলে মত দিয়েছেন তারা।

বাংলাদেশ ডেনিম এক্সপোর ১৭তম আসরের সমাপনী উপলক্ষে গতকাল আয়োজিত সেমিনারে এ কথা বলেন বক্তারা। রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় দুদিনব্যাপী এ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। দেশের ডেনিম শিল্পকে এগিয়ে নিতে 'দ্য ব্লু নিউ ওয়ার্ল্ড' প্রতিপাদ্যকে সামনে রেখে এ প্রদর্শনীর আয়োজন করে বাংলাদেশ অ্যাপারেল






এক্সচেঞ্জ।

এবারের প্রদর্শনীতে সাতটি দেশের প্রায় ৪৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। এতে ডেনিম কাপড় ছাড়াও উৎপাদনকারী মিল, ডেনিম ও নন-ডেনিম পোশাক প্রস্তুতকারক সরঞ্জাম, ওয়াশিং লন্ড্রি প্রদর্শিত হয়েছে। ৫৬টি দেশের প্রতিনিধিরা এ এক্সপো পরিদর্শন করেছেন।

দ্বিতীয় দিনের সেমিনারে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান বলেন, 'স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ-পরবর্তী সময়েও বাংলাদেশের পোশাক শিল্পের সফলতার গল্প অব্যাহত থাকবে। তবে আমাদের আসন্ন চ্যালেঞ্জগুলোর কথা চিন্তা করে প্রণোদনাগুলো পুনর্গঠন করতে হবে। ব্র্যান্ড ও ক্রেতারা আমাদের উদ্যোক্তাদের প্রযুক্তি স্থানান্তর, শ্রম ও অন্যান্য মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য রেখে চলার বিষয়ে সহায়তা করবে। এটি ব্যবসার জন্য ভালো দিক। একই সঙ্গে শ্রমিকদের অধিকারের বিষয়েও আমাদের ভাবতে হবে, কারণ এটি মানবাধিকার।'

জিএসপি প্লাস সুবিধা প্রাপ্তির বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এম রিয়াজ হামিদুল্লাহ বলেন, 'অনেকেই মনে করেন যে বাংলাদেশ সব প্রত্যাশা পূরণ করতে পারবে। তবে এখানে অনেক চ্যালেঞ্জ রয়েছে। শেষ পর্যন্ত স্বাধীনতা, অন্তর্ভুক্তি ও স্বচ্ছতাই হবে মূল চাবিকাঠি। শ্রমিক অধিকারও এখানে গুরুত্বপূর্ণ।'

সেমিনারে বাংলাদেশের অর্থনীতি পোশাক খাতের ওপর অত্যধিক নির্ভরশীল বলে মন্তব্য করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাসটেইনেবল গ্র্যাজুয়েশন প্রকল্পের কম্পোনেন্ট ম্যানেজার ড. মোস্তফা আবিদ খান। তিনি বলেন, 'ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ক্ষেত্রে বাংলাদেশ একটি সফলতার গল্প। তারা বাংলাদেশকে জিএসপি প্লাস সুবিধা প্রদানে খুবই আগ্রহী। তবে সেক্ষেত্রে আমাদের ইইউ কর্তৃক নির্ধারিত ডিউ ডিলিজেন্স মানদণ্ড মেনে চলতে হবে।'

বাংলাদেশে ইইউর প্রতিনিধি দলের গ্রিন ইনক্লুসিভ ডেভেলপমেন্ট প্রকল্পের পরামর্শক এডউইন কোককোক বলেন, 'টেকসই উন্নয়নের ক্ষেত্রে ডিউ ডিলিজেন্স গুরুত্বপূর্ণ উপাদান। আমরা শ্রম অধিকার ও পরিবেশগত মানদণ্ডে বাংলাদেশের অগ্রগতি দেখতে পাচ্ছি। তবে ডিকার্বনাইজেশনেও আমাদের গুরুত্ব দিতে হবে।'

বাংলাদেশের সঙ্গে কাজ করার ক্ষেত্রে তিনটি বিষয়ের ওপর গুরুত্বারোপ করেন ডেনমার্কের দূতাবাসের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সেক্টরের কাউন্সেলর ওলে আর জাস্টেসেন। তিনি বলেন, 'কারখানা বা কর্মস্থলের পরিবেশ উন্নত করার জন্য শ্রম পরিদর্শন গুরুত্বপূর্ণ। আমাদের সমগ্র অবকাঠামোতে বিনিয়োগ নিয়ে আলোচনা করতে হবে।' পাশাপাশি ডিউ ডিলিজেন্সকে প্রতিবন্ধকতা হিসেবে না দেখে প্রতিযোগিতামূলক সুবিধা হিসেবে বিবেচনা করার আহ্বান জানান তিনি।

সেমিনারে শিন শিন গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সোহেল সাদাত, ইভিন্স গ্রুপের পরিচালক শাহ রাইদ চৌধুরী, এইচঅ্যান্ডএমের আঞ্চলিক কান্ট্রি ম্যানেজার জিয়াউর রহমান বক্তব্য দেন।

প্রথম আলো • মঙ্গলবার, ১২ নভেম্বর ২০২৪,

সম্পাদকীয়

# তৈরি পোশাকশিল্প

## যৌথ ঘোষণার বাস্তবায়ন জরুরি

নিম্নতম মজুরি, হাজিরা বোনাস, মামলা প্রত্যাহারসহ ১৮টি বিষয়ে তৈরি পোশাক খাতের মালিক ও শ্রমিকেরা যে সমঝোতায় পৌঁছেছিলেন, দেড় মাস পরও সেগুলো বাস্তবায়নের ক্ষেত্রে অগ্রগতি না হওয়া উদ্বেগজনক। বকেয়া বেতনের দাবিতে রোববার ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করায় ভয়াবহ যানজটের সৃষ্টি হয়। হাজার হাজার যানবাহন ঘণ্টার পর ঘণ্টা আটকা পড়ে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে গত ১৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত 'শ্রম অসন্তোষ পরিস্থিতি পর্যালোচনা' শীর্ষক আন্তমন্ত্রণালয় সভায় শ্রমিক ও মালিকপক্ষের যৌথ ঘোষণা হয়। এতে তারা ১৮টি বিষয়ে সমঝোতায় পৌঁছায়।

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর শিল্পাঞ্চলে ব্যাপক শ্রমিক বিক্ষোভ দেখা দেয়, যার মূল কারণ শ্রমিকদের দীর্ঘদিনের বঞ্চনা। গত বছর ঘোষিত নতুন মজুরিকাঠামো নিয়েও শ্রমিকদের অসন্তোষ ছিল। এরপর আবার শ্রমিকদের বকেয়া পাওনা না দিয়েই কিছু মালিক কারখানা বন্ধ করে দেন। এর প্রতিবাদে থেমে থেমে শ্রমিক বিক্ষোভ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে তাঁদের সংঘর্ষ হয়। শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামান মনে করেন যে কয়েকটি কারখানায় এখনো মজুরি বকেয়া রয়েছে, সেখানেই ঝামেলা হচ্ছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিবেদন অনুযায়ী, বিজিএমইএর সদস্যভুক্ত ২ হাজার ১৪০টি কারখানার মধ্যে ২ হাজার ১২১টি নিম্নতম মজুরি বাস্তবায়ন করেছে। বাকি ১৯টির বাস্তবায়ন প্রক্রিয়াধীন। এ ছাড়া সমঝোতায় পৌঁছানো ১৮টি বিষয়ের অন্যতম ছিল শ্রম আইন সংশোধন করা। এটি ডিসেম্বরের মধ্যে করার কথা বললেও মার্চ পর্যন্ত সময় পিছিয়ে নিয়েছে সরকার। সিদ্ধান্ত অনুযায়ী, তিনটি বিষয়ে শ্রম আইন সংশোধন হওয়ার কথা—শ্রমিকের অধিকার নিশ্চিত করা, তাঁদের সার্ভিস বেনিফিট দেওয়া ও নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ১২০ দিন করা।

গত ২৪ সেপ্টেম্বর থেকে অনেক কারখানা ১২০ দিন মাতৃত্বকালীন ছুটি দেওয়া শুরু করেছে। সংশোধিত আইনে অস্থায়ী ও দৈনিক মজুরির ভিত্তিতে চাকরি করা শ্রমিকদের ইস্তফা দেওয়ার সুযোগের কথা আছে। সমঝোতা বৈঠকে শ্রমিকদের জন্য রেশনব্যবস্থা চালু করতে মালিকদের কাছে প্রস্তাব দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। পাশাপাশি সব পোশাক কারখানায় শ্রমিকের হাজিরা বোনাস, টিফিন ও নাইট বিল বৃদ্ধির সিদ্ধান্ত হয়।

প্রতিবেদন থেকে জানা গেছে, বেশ কিছু সিদ্ধান্ত বাস্তবায়িত হলেও রেশনের বিষয়ে কোনো অগ্রগতি নেই। ২০২৩ সালের আন্দোলনসহ বিভিন্ন সময়ে শ্রমিকদের বিরুদ্ধে করা মামলাগুলোও প্রত্যাহার করা হয়নি। শ্রমিক সংগঠন সূত্রে জানা গেছে, এসব মামলার অভিযোগপত্রও (চার্জশিট) দাখিল হয়নি। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে থানাগুলোতে চিঠি দিয়েই মামলাগুলো প্রত্যাহার করা যেত। কিন্তু সেটা করা হয়নি।

শিল্পাঞ্চলে শ্রমিক অসন্তোষ বন্ধ করতে হলে তাঁদের ন্যায্য দাবিদাওয়া পূরণ করতে হবে। শ্রমিকদের বকেয়া মজুরি পরিশোধ না করে কারখানা বন্ধ করে দেওয়া হচ্ছে। ঊর্ধ্বমূল্যের বাজারে যেখানে শ্রমিকেরা নিয়মিত মজুরি পেয়েও চলতে পারেন না, সেখানে মজুরি বাকি থাকলে তাঁরা চলবেন কীভাবে?

শ্রমিকদের বকেয়া বেতন পরিশোধ না হওয়া সম্পর্কে শ্রমিক অধিকার-সংক্রান্ত গবেষণাপ্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান আহমেদ বলেছেন, 'ক্ষুধার্ত মানুষ চুপ করে থাকতে পারে না।' শ্রমিকেরা দুমুঠো খাবারের জন্যই কারখানায় কাজ করেন। তাঁদের ক্ষুধার্ত রেখে শিল্পাঞ্চলে শান্তি ও স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে হলে শ্রমিকদের ন্যায্য পাওনা পরিশোধসহ ১৮ দফা যৌথ ঘোষণা অবিলম্বে বাস্তবায়ন জরুরি।

প্রথম আলো • রোববার, ১০ নভেম্বর ২০২৪,

# নারী ও শিশু নির্যাতনের চিত্র বদলায়নি

**অপরাধ**

নারী ও শিশু নির্যাতনের ঘটনায় থানাগুলোতে সবচেয়ে কম মামলা হয়েছে আগস্টে। অন্য মাসের তুলনায় এ মাসে ১৩ থেকে ৪৭ শতাংশ মামলা কম।

**নাজনীন আখতার**, *ঢাকা*



সূত্র : পুলিশ সদর দপ্তর

ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের পশ্চিমদী সড়ক থেকে গত ৯ আগস্ট তুলে নিয়ে ধর্ষণ করা হয় ২১ ও ২২ বছরের দুই তরুণীকে। তাঁদের একজন পোশাককর্মী, অন্যজন বিউটি পারলারের কর্মী। একটি বাড়িতে আটকে রেখে ছয়জন তাঁদের দলবদ্ধ ধর্ষণ করেন। পারলারের কর্মী রাতেই পালিয়ে আসতে সক্ষম হন। পরে স্থানীয় শিক্ষার্থীদের কাছে ঘটনা খুলে বললে পরদিন সকালে অপর তরুণীকে উদ্ধার করা হয়।

এদিকে ত্রাণের আশায় কয়েকজন নারীর সঙ্গে ঢাকায় এসে গত ৭ সেপ্টেম্বর দলবদ্ধ ধর্ষণের শিকার হন ৬৫ বছর বয়সী এক নারী। পরদিন লোকজন ৯৯৯ নম্বরে কল করলে শাহবাগ থানা-পুলিশ সোহরাওয়ার্দী উদ্যান থেকে অসুস্থ অবস্থায় তাঁকে উদ্ধার করেন।

ভুক্তভোগী তিনজন ঢাকা মেডিকেল কলেজে ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) ভর্তি ছিলেন। সর্বশেষ বয়স্ক নারীকে তাঁর ছেলে ওসিসি থেকে বাড়ি নিয়ে গেছেন। দুই তরুণী মামলার জন্য থানায় যোগাযোগ রাখছেন।

সারা দেশে অব্যাহতভাবে চলতে থাকা নারী ও শিশু নির্যাতনের ঘটনার এ মাত্র তিনটি উদাহরণ।

গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতন হয়েছে। এরপর ৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে গঠিত হয়েছে অন্তর্বর্তী সরকার। তবে রাজনৈতিক প্রেক্ষাপটের এমন পরিবর্তনেও দেশে নারী ও শিশু নির্যাতনের চিত্র বদল হয়নি। এ-সংক্রান্ত মাসভিত্তিক মামলার তথ্য সে চিত্রই তুলে ধরছে।

পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, এ বছরের জানুয়ারি থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত সারা দেশের থানা ও আদালতে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০-এর বিভিন্ন ধারায় মোট ১২ হাজার ৭৬৯টি মামলা হয়েছে। মামলার অর্ধেকই ধর্ষণ ও ধর্ষণচেষ্টার অভিযোগে করা হয়েছে। এ সংখ্যা ৬ হাজার ২০২।

এসব মামলার মধ্যে ধর্ষণের অভিযোগে ৪ হাজার ৩৩২টি ও ধর্ষণচেষ্টার অভিযোগে ১ হাজার ৮৭০টি মামলা হয়। এ ছাড়া যৌতুকের কারণে নির্যাতনের ঘটনায় ৩ হাজার ২০৮টি, দাহ্য পদার্থ নিক্ষেপের কারণে ৪৭, অপহরণের ঘটনায় ৩ হাজার ২৮৭ এবং শিশু পণবন্দী করে রাখার অভিযোগে ২৫টি মামলা হয়েছে।

মামলার তথ্য বলছে, ওই সময়ে যৌতুকের কারণে ১৩৬ নারী এবং ধর্ষণের পর ১২ নারী ও ১১ শিশুকে হত্যা করা হয়েছে।

**সর্বশেষ গত মাসের কিছু ঘটনা**

গত মাসেও নারী ও শিশু নির্যাতনের বিভিন্ন ঘটনা গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। এর মধ্যে আলোচিত ঘটনার একটি ছিল রাজধানীর বনানী এলাকায় গত ১২ অক্টোবর নিম্নবিত্ত পরিবারের এক শিশুকে (৯) এক ব্যক্তি একটি জায়গায় নিয়ে ধর্ষণ করেন।

১৯ অক্টোবর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে উদ্ধার করা হয় গৃহকর্মী কল্পনাকে (১৩)। বাসার মালিক তাঁকে নির্যাতন করতেন। কল্পনাকে যখন উদ্ধার করা হয়, তখন তাঁর সামনের চারটি দাঁত ভাঙা, সারা গায়ে মারধর ও ছ্যাঁকার ক্ষত ছিল।

বনানীতে ধর্ষণের শিকার শিশুটিকে ওসিসি থেকে বাড়ি নিয়ে গেছেন মা-বাবা; আর গৃহকর্মী কল্পনা এখনো ঢাকা মেডিকেল কলেজের বার্ন ইউনিটে চিকিৎসাধীন। এরই মধ্যে ২১ অক্টোবর নোয়াখালীর কোম্পানীগঞ্জের দুর্গম চরে মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে।

এ পরিস্থিতিতে নারী ও শিশু নির্যাতন রোধে সারা দেশে 'র‍্যাপিড রেসপন্স টিম' (দ্রুত সাড়াদানকারী দল) গঠন করা হবে বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমিন এস মুরশিদ। একাধিক অনুষ্ঠানে তিনি বলেছেন, এ দলে প্রশাসন, পুলিশ, আইনজীবী, কাউন্সেলর ও তরুণ সমাজের উপস্থিতি থাকবে। যে করেই হোক নির্যাতন কমিয়ে আনা এ সরকারের অন্যতম প্রধান লক্ষ্য।

**'পুলিশশূন্য সময়' আগস্টে থানায় সবচেয়ে কম মামলা**

হাসিনা সরকার পতনের পর দেশের বিভিন্ন থানায় হামলা ও পুলিশ হতাহতের ঘটনা ঘটে। নিরাপত্তাহীনতার মধ্যে পুলিশের অনুপস্থিতিতে কোনো কোনো থানায় কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে কোনো কোনো নির্যাতনের ঘটনায় মামলা হয়নি, কোনো ঘটনায় আবার মামলা করতে দেরি হয় ভুক্তভোগীদের।

পুলিশ সদর দপ্তরের তথ্য, নারী ও শিশু নির্যাতনের ঘটনায় থানাগুলোতে সবচেয়ে কম মামলা হয়েছে আগস্টে। অন্য মাসের তুলনায় এ মাসে ১৩ থেকে ৪৭ শতাংশ মামলা কম হয়েছে। জানুয়ারিতে ৭৮৬, ফেব্রুয়ারিতে ৯৯৩, মার্চে ১ হাজার ১০০, এপ্রিলে ১ হাজার ২৩৬, মে মাসে ১ হাজার ২৯০, জুনে ১ হাজার ১৯১, জুলাইয়ে ১ হাজার ২৪০, আগস্টে ৬৮৪ ও সেপ্টেম্বরে ১ হাজার ৭১টি মামলা হয়। এর বাইরে আদালতে থেকে পাওয়া অভিযোগের ভিত্তিতে থানায় মামলা হয় ৩ হাজার ১৭৮টি।

এ তথ্য থেকে দেখা যায়, আন্দোলনের উত্তাল সময় জুলাই মাসেও নারী ও শিশু নির্যাতনের হার ছিল উচ্চ। তবে ওসিসিতে গিয়ে দেখা যায়, ১৬ জুলাই থেকে আগস্টের প্রথম সপ্তাহ পর্যন্ত নির্যাতনের শিকার নারী ও শিশুরা কম এসেছে। ওসিসির সমন্বয়কারী চিকিৎসক সাবিনা ইয়াসমীন *প্রথম আলোকে* জানান, পরিস্থিতির কারণে ভুক্তভোগী কম এসেছিলেন। কোনো ক্ষেত্রে ভুক্তভোগীদের চিকিৎসা দেওয়া হয়েছে। মামলা পরে হয়েছে।

নারী ও শিশু নির্যাতন, এ-সংক্রান্ত মামলা ও বিচার পরিস্থিতি নিয়ে একাধিক গবেষণা করেছেন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অপরাধবিজ্ঞান ও পুলিশবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ উমর ফারুক। *প্রথম আলোকে* তিনি বলেন, নারী ও শিশু নির্যাতনের মতো অপরাধগুলো সামাজিক কাঠামোর মধ্যে ঘটছে। সামাজিক মূল্যবোধ, পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা, পারিবারিক বন্ধন দিন দিন দুর্বল হয়ে যাচ্ছে। এ প্রবণতার কোনো পরিবর্তন না হওয়ায় রাজনৈতিক পটপরিবর্তনেও নির্যাতন কমছে না।

TUESDAY NOVEMBER 12, 2024
KARTIK 27, 1431 BS
The Daily Star

# Jute prices jump amid supply crunch, polybag ban

**SUZIT KUMAR DAS**



Prices of raw jute, once dubbed the "golden fibre" of Bangladesh, have increased by nearly 19 percent year-on-year as demand has outpaced supply following the government's ban on polythene bags.

Farmers in key jute-growing districts say that punishing heat during the March-April plantation period devastated seed germination.

Besides, low prices in previous years discouraged growers from cultivating as much jute as before, reducing overall acreage.

As a result, raw jute production is projected to decline to around 7,574,000 bales (one bale is roughly 182 kilogrammes) in the current fiscal year, compared to 8,414,000 bales the year prior, according to the Department of Jute.

The government's decision to ban polythene bags in superstores from October and nationwide from November 1 further contributed to the price hike.

According to jute growers and traders, the finest quality jute now costs around Tk 3,800 per maund (37 kilogrammes), up from Tk 3,200 last year. Medium-quality jute prices also shot up by Tk 600 per maund to Tk 2,600.

Arifujjaman Chan, a jute trader from Kanaipur market in Faridpur, a major jute-growing district in Bangladesh, said raw jute is being sold for between Tk 3,200 and Tk 3,800 per maund, depending on quality and colour, compared to Tk 2,600-Tk 3,200 last year.

Mohammad Mahmudur Nabi, a jute trader in Pabna, another key jute-growing district, credited surging demand for the price increase.

However, many farmers could not fully capitalise on higher prices as they sold their produce soon after the June-September harvest period since they incurred increased costs for agri inputs such as fertilisers and labour.

Panchanan Das, a jute trader from Jamalpur Jute Market in Rajbari district, said only 10-12 percent of farmers currently hold jute stocks. The rest, he said, has already been purchased by small traders.

Isarat Matubbar, a jute grower from Chotto Bahirdia village in Saltha upazila of Faridpur, said most local farmers sold their jute immediately after harvest at low prices, only holding on to a few maunds for later sale.

Matubbar said he recently sold three maunds of jute at Tk 3,800 each, which had encouraged him to go for jute cultivation again next year.

Nabo Kumar Kundu, a farmer at Rautara village in the southwestern district of Magura, cultivated jute on five bighas of land (one bigha is 1,338 square metres) this year, yielding 50 maunds of raw jute, down from 96 maunds last year.

"Although yields decreased this year, fibre quality is much better," he said. "That is why we are getting good prices."

Zahid Sheikh, a 40-year-old jute grower from Hat Krishnapur village in Faridpur, said increased costs for fertiliser, irrigation and labour pushed cultivation costs to Tk 27,000-30,000 per bigha.

"This year, it cost us Tk 3,000 to produce a maund of jute. If prices remain at current levels, we can make a profit. However, if prices decline, jute cultivation in future will be difficult," he said.

Md Zahidul Islam, an assistant director at the Department of Jute in Faridpur, said farmers produced high-quality jute fibre this year, which commanded good prices.

Jahangir Hossain Mia, chairman of the Faridpur-based Karim Group, which owns a jute mill, said: "Mill owners want to ensure fair prices for farmers. If farmers receive fair prices, they will be encouraged to produce more jute. Increased jute production will enable mill owners to export jute products and keep mills running."

NEW AGE MONDAY, NOVEMBER 11, 2024,

# 469 killed in road crashes in October: report

**Staff Correspondent**

AT LEAST 469 people were killed and 837 more injured in 443 road crashes in the country in October, said a Road Safety Foundation report published on Sunday.

Of the crashes, involvement of motorcycles was the highest 46.95 per cent, and the highest 41.79 per cent people were killed in these crahses.

People were killed daily at an average 15.12 in October, which was 14.02 in September.

In the month, 18 people were killed and six more were injured in 21 railways accidents, while seven were killed and three more were injured in four waterways accidents.

The report was prepared based on reports published in nine national dailies, seven online news portals and different electronic media.

Among the fatal victims, 196 were motorcyclists and their pillions, 102 were pedestrians, 94 were passengers and transport workers of different three-wheeler vehicles, 31 were bus passengers, 20 were transport workers and illegal passengers of trucks, pickup vans, tractors and trolleys, 12 were passengers and drivers of cars, microbuses, jeeps and ambulances, 10 were passengers and transport workers of locally modified vehicles such as nasimon, karimon, bhatbhati, tomtom and mahindra, and four were passengers and pullers of rickshaws, rickshaw vans and bicycles.

In the month, 66 children, 67 drivers and transport wokrers, 58 students, 27 business-people, 21 sales representatives of medicine and differet products, 16 NGO employees, 14 political leaders and activists, and 11 appearal workers were killed in road crashes.

The RSF report found that the highest percentage, 39.05, of road crashes took place on national highways followed by 36.56 per cent on regional highways, 14.44 per cent on rural roads, 8.57 per cent on the urban roads and 1.35 per cent on other roads.

Of the crashes, the highest 38.6 per cent were caused by losing control, followed by 25.28 per cent by head-on collisions, 23.47 per cent by hitting pedestrians, 9.48 per cent by hitting other vehicles from behind and 3.16 per cent by other reasons.

The highest 26.63 per cent crashes took place in the morning, while 26.18 per cent at night, 16.93 per cent at noon, 15.57 per cent in the afternoon, 9.25 per cent in the evening and 5.41 per cent at dawn.

In the Dhaka division, the highest number of road crashes, 131, caused the highest number of deaths, 144, while the lowest number of crashes was in the Sylhet division, 22, which killed 24 people.

Twenty-one people were killed and 34 more were injured in 29 crahses in the capital.

The report blamed the movement of overspeeding for most of the crashes and demanded monitoring involving technology, motivational training for the drivers and awareness programmes for all road users to check the situation, said a press release.

সংবাদ
ঢাকা : মঙ্গলবার ২৭ কার্তিক ১৪৩১
Dhaka : Tuesday 12 November 2024
সম্পাদকীয়
editorial.sangbad@gmail.com

# পোশাক শ্রমিকদেরকে কেনো বারবার পথে নামতে হচ্ছে

গাজীপুরে মহাসড়ক অবরোধ কর্মসূচি প্রত্যাহার করার দুই ঘণ্টা পর পোশাক শ্রমিকদেরকে আবারও একই কর্মসূচি পালন করতে দেখা গেল। এর আগে বকেয়া বেতনের দাবিতে তারা গাজীপুরের মালেকের বাড়ি এলাকায় ৫২ ঘণ্টা মহাসড়ক অবরোধ কর্মসূচি পালন করেছেন। পোশাক শ্রমিকরা বলছেন, কেবল মৌখিক আশ্বাসে তারা ঘরে ফিরতে চান না। কারণ এর আগেও এমন আশ্বাস পেয়েছেন। কিন্তু বেতন আর পাননি। তাদের কথা, বকেয়া তিন মাসের বেতন বুঝে পেলে তবেই কর্মসূচি প্রত্যাহার করা হবে।

বকেয়া বেতন ও কারখানা লে-অফ পরবর্তী পাওনা পরিশোধের দাবিতে গতকাল নারায়ণগঞ্জে একটি পোশাক কারখানার শ্রমিকেরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন।

বকেয়া বেতনের দাবিতে এর আগেও শ্রমিকদেরকে পথে নামতে দেখা গেছে। অভিযোগ রয়েছে, সংশ্লিষ্ট কারখানা মালিকরা নিয়মিত বেতনাদি দেন না। বকেয়া পরিশোধের প্রতিশ্রুতি দিলেও সেটা রক্ষা করেন না। বেতন না পাওয়া শ্রমিকদের ক্ষোভের বহিপ্রকাশ ঘটে রাজপথে। এর নেতিবাচক প্রভাব যে কেবল পোশাক কারখানার ওপর পড়ে তা নয়। সাধারণ মানুষের জীবনেও দুর্ভোগ সৃষ্টি হয়।

কিছু পোশাক কারখানায় উদ্ভূত পরিস্থিতিতে অনেক পক্ষই ক্ষতিগ্রস্থ হচ্ছে। বেতন-ভাতা নিয়মিত না পেলে শ্রমিকদের পেট চালানো দায় হয়ে পড়ে। উপায় না দেখে তারা হয়তো পথে নামেন। কিন্তু শ্রমিকরা কাজ না করলে বা কারখানায় হামলা হলে মালিকরাও ক্ষতিগ্রস্থহন। আবার সড়ক আটকে রাখলে সাধারণ মানুষেরও কষ্ট হয়। সরকারকেও পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বেগ পেতে হয়। দেশের অর্থনীতির জন্য এটা কোনো শুভ বার্তা বহন করে না।

কিছু পোশাক কারখানায় বেতনভাতা নিয়ে যেসব সমস্যা দেখা দিয়েছে তার একটি যৌক্তিক সুরাহা দ্রুত হওয়া দরকার। শ্রমিক অসন্তোষ দীর্ঘদিন জিইয়ে রাখা শুভকর নয়। উদ্ভূত পরিস্থিতিতে সব পক্ষকেই শুভ বুদ্ধির পরিচয় দিতে হবে। শ্রমিকদের ন্যায্য পাওনা নিয়মমাফিক যথা সময়ে দেয়া হবে সেটাই প্রত্যাশিত। কোনো কারণে বেতনাদি বকেয়া হলে সেটা প্রতিশ্রুতি মোতাবেক পরিশোধ করা হলে শ্রমিকদের পথে নেমে আসবার কথা নয়। এক্ষেত্রে মালিকপক্ষকে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। আমরা আশা করব, তারা বুঝেশুনে আশ্বাস দেবেন। আরও একবার আশ্বাস দিলে সেটা রক্ষা করবেন।

দাবি আদায়ে নিয়মতান্ত্রিক আন্দোলনের অধিকার শ্রমিকদের আছে। তবে আন্দোলনকারীদের লক্ষ্য রাখতে হবে যে, এমন কিছু করা সঙ্গত হবে না যাতেকরে পোশাক খাত ক্ষতিগ্রস্থহয়। সরকার-মালিক-শ্রমিক সব পক্ষ পারস্পরিক সহযোগিতার মনোভাব নিয়ে আলোচনা করবেন, উদ্ভূত পরিস্থিতির একটি গ্রহণযোগ্য সমাধান হবে সেই প্রত্যাশা করি।

সমকাল
বুধবার । ১৩ নভেম্বর ২০২৪

# পোশাক বর্জ্যের পুনর্ব্যবহার না বাড়ালে রপ্তানি কমবে

■ সমকাল প্রতিবেদক

জলবায়ুর প্রতিকূল পরিস্থিতিতে পরিবেশ সচেতনতা বাড়ছে বিশ্বব্যাপী। উৎপাদন থেকে ভোক্তা– সব পর্যায়েই প্রাকৃতিক সম্পদের সচেতন ব্যবহারে গুরুত্ব দেওয়া হচ্ছে। এর ফলে তৈরি পোশাকের বর্জ্যের পরিবেশ সহায়ক রিসাইকেল বা পুনর্ব্যবহারে উৎপাদিত পণ্যের চাহিদা বাড়ছে। এ ধরনের পোশাক উৎপাদন ব্যয়বহুল। অথচ বাড়তি দর দিতে রাজি নয় ক্রেতা-ভোক্তারা। এ কারণে পুনর্ব্যবহার প্রয়োজনমতো বাড়ছে না।

অন্যদিকে, পুনর্ব্যবহার না বাড়ালে আগামী পাঁচ বছরের মাথায় বাংলাদেশের পোশাক রপ্তানি সংকুচিত হতে শুরু করবে। তাই বাংলাদেশকে রিসাইকেল পণ্যের দেশ হিসেবে বিশ্ব দরবারে ব্র্যান্ডিং করতে হবে।

গতকাল মঙ্গলবার এক সেমিনারে এ কথা বলেন তৈরি পোশাকের সরবরাহ চেইনের সঙ্গে সম্পর্কিত ক্রেতা-উন্নয়ন সহযোগী ও রপ্তানিকারক উদ্যোক্তারা। তারা বলেন, তৈরি পোশাকের বর্জ্য বা ঝুট শুধু অর্থনীতির বিষয় নয়। এর সঙ্গে সামাজিক ও রাজনৈতিক বিষয়ও জড়িত। সরকার পরিবর্তনের পর গত কয়েক মাস ধরে পোশাক খাতে যে অস্থিরতা চলছে, এর পেছনেও ঝুট ব্যবসার বিষয়টি অনেকটা দায়ী। এ বাস্তবতায় পোশাক খাতের অস্থিরতা নিরসন এবং বর্জ্য পুনর্ব্যবহারের মাধ্যমে টেকসই চক্রাকার অর্থনীতির দিকে অগ্রসর হওয়াই নিরাপদ কৌশল। এ জন্য জাতীয় একটি নীতি কৌশল প্রণয়ন অত্যন্ত জরুরি।

## ক্রেতা ও উন্নয়ন সহযোগীদের অভিমত

বাংলাদেশের তৈরি পোশাকের সার্কুলারিটির অগ্রযাত্রার পথবিষয়ক এই সেমিনারটি রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত হয়। ইউনাইটেড নেশন্স ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইউএনআইডিও), ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এবং পোশাক উৎপাদন ও রপ্তানিকারক উদ্যোক্তাদের সংগঠন বিজিএমইএ এ আয়োজন করে। কয়েকটি উন্নয়ন সহযোগী সংস্থা আয়োজনে সহায়তা দেয়। সেমিনার পরিচালনা করেন বিজিএমইএর সাবেক পরিচালক এবং দেশ গার্মেন্টের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ভিদিয়া অম্রিত খান।

আলোচনায় অংশ নিয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠন অনুবিভাগের মহাপরিচালক মো. আবদুর রহিম খান বলেন, তৈরি পোশাকের ঝুট ব্যবসা শুধু অর্থনীতির বিষয় নয়। সাম্প্রতিক সময়ে তৈরি পোশাক খাতের অস্থিরতার জন্য অনেক ক্ষেত্রে ঝুট ব্যবসা দায়ী। অর্থনীতি এবং শিল্পে স্থিতিশীলতা ফেরাতে ঝুটের পুনর্ব্যবহারই টেকসই সমাধান হতে পারে। এ জন্য জাতীয় একটি নীতি কৌশল প্রণয়ন করা প্রয়োজন। তিনি বলেন, ইইউ সবুজ চুক্তিতে আরও বেশি মনোযোগ দিচ্ছে। এ কারণে বর্জ্যের পরিবেশ সহায়ক পুনর্ব্যবহার নিশ্চিত করা না গেলে ইইউ জোটের ২৭ দেশে রপ্তানিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে।

বাংলাদেশে ইইউ প্রতিনিধি দলের উপপ্রধান ড. বার্ন্ড স্প্যানিয়ার বলেন, ইইউ সবুজ চুক্তির লক্ষ্যগুলো বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ। চুক্তিটি টেকসই এবং চক্রাকার অর্থনীতির ভিত্তি। তৈরি পোশাকের উৎপাদন কাঠামোকে পরিবেশ ও প্রতিবেশ সহায়ক করার আবশ্যকতা তুলে ধরেন। তিনি বলেন, পুনর্ব্যবহারযোগ্য শিল্পে লাখ লাখ কর্মসংস্থান সৃষ্টি করা যেতে পারে। আমদানিনির্ভরতা কমাতেও সাহায্য করতে পারে এটি। তবে এ জন্য একটি কার্যকর নীতি কাঠামো অপরিহার্য। তিনি বলেন, ঝুট ব্যবসার সঙ্গে রাজনৈতিক অর্থনীতির সম্পর্ক রয়েছে। যেমনটি আশুলিয়া এবং ঢাকার বিভিন্ন অংশে সাম্প্রতিক শ্রমিক অসন্তোষের সময় দেখা গেছে। এ খাতকে আনুষ্ঠানিকীকরণ খুবই গুরুত্বপূর্ণ। একটি নিয়ন্ত্রক কাঠামো এবং যথাযথ প্রযুক্তি প্রয়োজন।

জার্মান উন্নয়ন সংস্থা জিআইজেডের প্রতিনিধি বলেন, বর্জ্যের পুনর্ব্যবহারের জন্য প্রতিবেশ সহায়ক টেকসই ব্যবসার কথা সবাই বলছে। এ জন্য প্রযুক্তি বিনিয়োগসহ প্রয়োজনীয় সব কিছুর জোগান দেওয়া সম্ভব। তবে ব্যবসার জন্য তা যদি লাভজনক না হয়, তাহলে যত কথাই বলা হোক না কেন, বর্জ্যের পুনর্ব্যবহার সম্ভব হবে না। কারণ, পুনর্ব্যবহার পণ্যের উৎপাদন ব্যয় বেশি। ভোক্তা যদি বাড়তি এবং ন্যায্য দর না দেন, তাহলে রপ্তানিকারক প্রতিষ্ঠানের পক্ষে এ ব্যবসায় আসা সম্ভব নয়। তিনি বলেন, 'ভোক্তাদের বোঝাতে হবে, ন্যায্য দাম দিয়ে পণ্য কিনে নাও। কমপ্লায়েন্ট হও, নয়তো মৃত্যুকে ডেকে আনো।'

ইউনিলিভার চিফ টেকনিক্যাল অফিসার মার্ক ড্র্যাক বলেন, বাংলাদেশকে আগামীতে সার্কুলার ইকোনমির দেশ হিসেবে ব্র্যান্ডিং করতে হবে। তা না হলে আগামী পাঁচ বছর পর এ দেশের তৈরি পোশাক রপ্তানি ক্রমেই কমে আসতে পারে।

বিজিএমইএর সাবেক পরিচালক রিজওয়ান সেলিম বলেন, বছরে চার লাখ টন বর্জ্য উৎপন্ন হয় পোশাক কারখানাগুলোতে। এর মাত্র ৫ শতাংশের পুনর্ব্যবহার হয়। বাকি বর্জ্য অত্যন্ত কম দামে বিক্রি করতে হয়। তৈরি পোশাকের বিশ্ববাজার প্রতিযোগিতায় টিকতে হলে বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে টেকসই সমাধান প্রয়োজন।

ভিদিয়া অম্রিত বলেন, বর্জ্যের পুনর্ব্যবহারের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জের একটি ভোক্তা এবং ক্রেতাদের মধ্যে সচেতনতার অভাব। তারা ন্যায্য দর দিলে সব কারখানাই বর্জ্যের পুনর্ব্যবহারে উৎসাহিত হবে।

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
শুক্রবার ॥ ১৫ নভেম্বর ২০২৪

# ছয় চিনিকলের ভাগ্য অনিশ্চিত চাষি ও কর্মচারীদের দীর্ঘশ্বাস

নিজস্ব প্রতিবেদক, রংপুর

বন্ধ হওয়া ছয়টি চিনিকল চালুর কোনো সিদ্ধান্ত না হওয়ায় এলাকার আখ চাষি, শ্রমিক ও কর্মকর্তা-কর্মচারীদের দীর্ঘশ্বাস কেবলই ভারী হচ্ছে। এই চিনিকলগুলোর প্রায় ৬০ হাজার আখ চাষি, ১০ হাজার শ্রমিক ও ২ শতাধিক কর্মকর্তা-কর্মচারী বেকার হয়ে বিকল্প পেশার সন্ধানে রয়েছেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০২০ সালে ছয়টি চিনিকলে আখ মাড়াই বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। এগুলো হলো রংপুরের শ্যামপুর সুগার মিল, পাবনা সুগার মিল, পঞ্চগড় সুগার মিল, সেতাবগঞ্জ সুগার মিল, রংপুর সুগার মিল ও কুষ্টিয়া সুগার মিল। শ্যামপুর চিনিকল এলাকার চাষিদের সঙ্গে কথা বলে জানা গেছে, শ্যামপুরে আগে ৭ হাজার একরের বেশি জমিতে আখ আবাদ হতো। এখন ১০ একর জমিতেও আখ নেই। দু-একজন গুড় তৈরি করার জন্য আখের আবাদ করছে। একই অবস্থা অন্যান্য চিনিকল এলাকাগুলোতেও। সংস্কার ও আধুনিকায়নের উদ্দেশ্যেই চিনিকলগুলো বন্ধ করা হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র তখন জানিয়েছিল। অথচ চার বছর পেরিয়ে গেলেও বন্ধ চিনিকলগুলো পুনরায় চালুর সিদ্ধান্ত আর নেওয়া হয়নি।

যে ছয়টি চিনিকল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয় সেগুলোতে গড়ে ৬০০ থেকে ৮০০ শ্রমিক কাজ করতেন। তাদের অনেকেই এখন বেকার। আবার কেউ কেউ ভিন্ন পেশা বেছে নিয়েছেন। বন্ধ থাকায় চিনিকলগুলোর যন্ত্রাংশ চুরি হয়ে যাচ্ছে। সম্প্রতি রংপুরে শ্যামপুর চিনিকল এলাকায় বন্ধ চিনিকল চালুসহ ৫ দফা দাবিতে অর্ধদিবস হরতালসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছেন স্থানীয়রা। স্থানীয় আখ চাষি ও চিনিকল শ্রমিকরা আখ মাড়াই কার্যক্রম চালুসহ বন্ধ ছয় চিনিকল খুলে দেওয়ার দাবিতে বিক্ষোভ সমাবেশ করছেন।

শ্যামপুর চিনিকল এমপ্লয়িজ ইউনিয়নের সাধারণ সম্পাদক বুলু আমীন বলেন, দেশের রাষ্ট্রায়ত্ত ১৫টি চিনিকলের মধ্যে ৯টি চালু করলেও এখনো এই ছয়টি বন্ধ রয়েছে। এগুলো চালু করে শ্রমিকদের বকেয়া বেতন পরিশোধসহ পাঁচ দফা দাবি মেনে নিতে হবে। না হলে কঠোর কর্মসূচি পালন করা হবে। এর আগে গত ১৯ ও ২০ ডিসেম্বর চিনিকল খুলে দেওয়াসহ বিভিন্ন দাবিতে বিক্ষোভ মিছিল, অবস্থান কর্মসূচি, স্মারকলিপি প্রদান ও সমাবেশ করেছেন আখ চাষি ও শ্রমিক কর্মচারীরা।

THURSDAY NOVEMBER 14, 2024
KARTIK 29, 1431 BS
The Daily Star

# EU due diligence key to sustainable RMG business

## Say experts as apparel exporters seek premium for compliance

STAR BUSINESS REPORT

Bangladesh needs to follow the European Union Corporate Sustainability Due Diligence Directive (EU CSDDD) and other compliances strictly so that the country's garment business does not get affected after Bangladesh's least developed country club graduation in 2026, according to experts and industry professionals.

They also suggested that international clothing retailers and brands pay higher prices to the local suppliers as the implementation of these compliances needs additional investment.

The EU due diligence, which targets net zero carbon emissions by 2030, has already come into effect in July this year and EU members also started applying the new rules on sourcing companies.

The speakers said these at a roundtable, titled "Bangladesh's Apparel Edge: Meeting EU's New Sustainability Directive", jointly organised by The Daily Star and Solidaridad at The Daily Star Centre yesterday.

Tanjim Ferdous, in-charge of NGOs and foreign missions at The Daily Star, moderated the discussion.

Selim Reza Hasan, country manager of Solidaridad, said the EU CSDDD is very significant for Bangladesh.

He said Bangladesh already has a good volume of annual trade with the EU. Now, it needs sustainability and further increase.

In this case, improving energy efficiency, resources and workforce productivity are important. As Bangladesh looks to be a sustainable production hub, capacity building is important too, he added.

In his keynote paper, Mohammad Yousuf Khan, programme manager of textile and apparel at Solidaridad, said the EU CSDDD came into force in July this year and member states have already adopted it as national law.

Now, compliance is at the core of every value chain, he said.

With the directive, the EU targets net zero carbon emissions by 2030. Due diligence failures may have legal and civil consequences like sanctions, penalties and market access restrictions, he said.

However, with appropriate steps, it could be an opportunity for Bangladesh as well, Khan said, mentioning that the implementation would bring additional burden, especially for the small and medium enterprises, but the buyers also have commitments.

Since Bangladesh is going to graduate to a developing nation, the country needs not only implementation of the EU due diligence, but also other compliances so that the nation's external trade remains unaffected, he added.

Mohammad Abbas Uddin Shiyak, assistant professor at the Bangladesh University of Textile Engineering (BUTEX), said brands are looking for goods made from recycled materials.

The EU, UK and other countries are also looking for sustainable manmade fibre garments, he said adding that Germany and China had already discarded cheap labour and cheap products and elevated to value-added products.

Although buyers prefer products made in green garment factories, they are not paying enough for that, he also said.

Mohammed Zahidullah, chief sustainability officer of DBL Group, said local exporters have a lot of responsibility for the supply chain.

He said although local exporters have very transparent costing, it is not reflected in the price offered by international retailers and brands.

"Buyers need to play a role here by paying fair prices. The cost of compliance is very high, so the prices also need to be increased," he also said.

Mohammad Monower Hossain, head of sustainability of Team Group, said all of the compliance issues require reliable data.

A data disclosure platform is required, he said, adding that some of the companies are voluntarily disclosing the data. Suppliers are accountable for disclosing data to buyers under the due diligence, he added.

Willem Grimminck, director of One to Watch, said they offer financing for green projects and solar energy.

Fossil fuels largely cause carbon emissions, he said, adding that sustainability is a combination of quality and prices, which makes competitive differences. "We do things for the next generation as sustainability is the key. Brands need to have minds on how to play a role in sustainability efforts," he added.

Carla Dohmwirth, implementation lead at the IGS and GIZ, said this is a journey shared by stakeholders, communities and beneficiaries of the law. The implementation of the law should be through participatory engagements.

She said fear of retaliation is a challenge to the implementation.

In the law, there are options allowing companies to file complaints. As a result, Germany has already witnessed many cases filed against the country as it came into effect in Germany in 2023.

Ashfike Khaleque, programme coordinator of Fair Wear Foundation, said risk identification is important in the supply chain. If the risks are identified, these can be addressed.

"Cost is an important issue in the adaptation of due diligence. Adaptation of new technology is also important. For sustainability, more efficient machines are required. Obviously, buyers will have to pay more as cost is involved here," he said.

Tanzila Tajreen, senior policy advisor, the Embassy of the Kingdom of the Netherlands in Bangladesh, said proactiveness is very important.

Lead time is also important. Yes, price is an important issue as it is discussed as the producing countries spend money for more compliances. Also, safety of the workers and their rights and the working environment are important.

"The due diligence is almost here and it needs a little tickling," Tajreen said.

Ole Rosenborg Justesen, sector counsellor of the Embassy of Denmark in Bangladesh, said they definitely agree that the EU standards of due diligence are highly transparent not only in Europe, but also in the supplying countries.

"We are working closely with the government, supporters and unions in this connection. They support not only manufacturers but also look at the logistics as well, Justesen said.

"They also work for investment in renewable energy, policy and occupational safety and standards as well. They want to make it clear that Bangladesh is a sustainable hub of garment items."

Fazlee Shamim Ehsan, executive president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association, said the EU CSDDD has been in place for around three years.

He said that it is not something new to them. German and the EU guidelines are almost the same.



পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# EU due diligence

"We are more or less ready for it," he said, adding that they are now working on it and help desks have been established at the apparel trade association to help the members.

"We always talk about the manufacturing part but we also need to work with the buying part," Ehsan said.

"Is it possible to include lawyers in this process so issues could be resolved in cases of breaching the law?" he questioned.

Ehsan said big buyers of the EU are fine, but there are also other small and medium enterprises who source from Bangladesh.

These small sourcing companies, who employ less than 1,000 employees, will not come under the due diligence law. "We also need to include them. We are ready as we are working on it over the last few years," he added.

Shuly Akter, senior assistant secretary of the Department of Inspection for Factories and Establishments (DIFE), said after the Rana Plaza collapse in 2013, Bangladesh significantly improved the factory standards, including labour standards and grievance mechanism.

Sara van Hoeve, first secretary, economic affairs and private sector development at the Embassy of the Kingdom of the Netherlands in Bangladesh, said: "We also need to hear the voice of a producing country like Bangladesh. It makes sure that we are doing business in the right way."

Small and medium-sized enterprises (SMEs) are also very important. There is a huge opportunity for Bangladesh, according to Hoeve.

Kazy Mohammad Iqbal Hossain, South Asia sustainability manager of Lindex Bangladesh Liaison Office, said the due diligence would be challenging for small and medium enterprises. They need financial support.

It is a competitive advantage for Bangladesh as it is not even discussed in other countries, he added.

Ashraf Wares, senior assistant secretary of the Skill Development Programme of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), said after Covid-19, they have conducted some basic training for the factory management about the EU due diligence.

বণিক বার্তা বুধবার, নভেম্বর ১৩, ২০২৪

### বিজিএমইএর গোলটেবিল বৈঠকে বক্তারা

# বৃত্তাকার অর্থনীতির জন্য জাতীয় কৌশলপত্র প্রণয়ন জরুরি

নিজস্ব প্রতিবেদক ■

বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পোশাক রফতানিকারক দেশ হিসেবে বছরে প্রায় চার লাখ টন পুনর্ব্যবহারযোগ্য বর্জ্য উৎপাদন করে বাংলাদেশ। এর মাত্র ৫ শতাংশ স্থানীয়ভাবে পুনর্ব্যবহার করা হয়। অব্যবহৃত এসব বর্জ্য অর্থনীতি, স্বাস্থ্য ও প্রাকৃতিক পরিবেশে বিরূপ প্রভাব ফেলছে। এ থেকে উত্তরণে বৃত্তাকার অর্থনীতির জাতীয় কৌশলপত্র প্রণয়ন করা দরকার বলে মন্তব্য করেছেন বিশেষজ্ঞরা।

রাজধানীর একটি হোটেলে গতকাল 'সুইচ টু আপস্ট্রিম সার্কুলারিটি রাউন্ড টেবিল ডিসকাশন: দা পাথ টুওয়ার্ডস সার্কুলারিটি ইন বাংলাদেশ আরএমজি ইন্ডাস্ট্রি' শীর্ষক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠান আয়োজন করে তৈরি পোশাক শিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ)। বৈঠকে পোশাক খাতের বিভিন্ন ব্র্যান্ড, প্রস্তুতকারক ও নীতিনির্ধারকরা অংশ নেন।






বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুর রহিম খান বলেন, 'এটা অস্বীকার করার সুযোগ নেই যে অর্থনীতি, স্বাস্থ্য ও পরিবেশে বর্জ্যের বহুমাত্রিক প্রভাব রয়েছে। সে জন্য বৃত্তাকারের দিকে যাওয়া ছাড়া আর কোনো সুযোগ নেই। তবে আমরা যদি উৎপাদন কৌশলকে বৃত্তায়নের দিকে না নিয়ে যাই, তাহলে আমাদের রফতানি ক্ষতিগ্রস্ত হবে।'

বাংলাদেশকে এখন উৎপাদক, বর্জ্য ব্যবস্থাপক ও ব্র্যান্ড—এ তিন অংশীজনের সঙ্গে সমন্বয় করতে হবে উল্লেখ করে তিনি বলেন, 'এরা সবাই একসঙ্গে কাজ করলেই উদ্যোগগুলো কার্যকর হবে। অন্যথায় এসব কথাবার্তা শুধু আলাপ-আলোচনাতেই সীমাবদ্ধ থাকবে। বৃত্তায়নের জন্য আমাদের জাতীয় কৌশল নীতি প্রণয়ন করতে হবে।'

ঝুট কাপড় প্রসঙ্গে তিনি বলেন, 'ঝুট শুধু একটি অর্থনৈতিক বিষয়বস্তুই নয়, এখানে নীতিসংক্রান্ত বিষয়ও রয়েছে। আমাদের অবশ্যই ঝুট বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে কৌশল নির্ধারণ করতে হবে। তৈরি পোশাক খাতের বর্তমান অস্থিরতার পেছনে অনেকে ঝুটকে দায়ী করছেন। আমরা যদি ঝুট নিয়ে সুন্দর পরিকল্পনা করতে পারি তাহলে এটা শুধু আমাদেরকে বৃত্তায়নের দিকেই নিয়ে যাবে না, একই সঙ্গে পোশাক খাতের অস্থিরতা সমাধানেও সহযোগিতা করবে।'

বৃত্তায়নের জন্য এ মুহূর্তে অন্তত তিনটি বিষয়ে গুরুত্ব দেয়া দরকার বলে মনে করেন এ অতিরিক্ত সচিব। তিনি বলেন, 'প্রথমত, প্রযুক্তি স্থানান্তর, দ্বিতীয়ত, আইনি কাঠামো এবং তৃতীয়ত, আর্থিক সহায়তা।'

বিজিএমইএর সহায়ক কমিটির সদস্য মো. রেজওয়ান সেলিম বলেন, 'গত অর্থবছরে বিশ্বের ১৬০টি দেশে আমরা প্রায় ৪২ বিলিয়ন ডলারের পণ্য রফতানি করেছি। তবে টেকসই ব্যবস্থাপনাকে সামনে রেখে বৈশ্বিক ফ্যাশন শিল্প এরই মধ্যে বিবর্তনের দিকে এগিয়ে যেতে শুরু করেছে। বাংলাদেশে টেক্সটাইল বর্জ্য একটি বড় চ্যালেঞ্জ। তাই বিশ্ববাজারে প্রতিযোগিতা ধরে রাখতে বর্জ্য ব্যবস্থাপনায় টেকসই সমাধান দরকার, যা বৃত্তাকার অর্থনীতির রূপান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।'

বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দলের উপপ্রধান ড. বার্নড স্প্যানিয়ার বলেন, 'বৃত্তাকার অর্থনীতিতে ইইউর অনেক চাহিদা আছে। আমরা বাংলাদেশে পুনর্ব্যবহার অনুশীলনে কাজ করছি। বাংলাদেশে বৃত্তাকার অর্থনীতির যথেষ্ট সম্ভাবনা আছে। তবে সেজন্য কৌশল নির্ধারণ করতে হবে।'

THE FINANCIAL EXPRESS November 14, 2024

# Update labour law, ensure decent working conditions in RMG sector

## Swedish envoy tells workshop

**FE REPORT**

Bangladesh needs to work more on updating its labour law, regulations and policies for ensuring decent working conditions in its garment sector and achieving sustainable development goals by 2030.

Even though Bangladesh is about to graduate from the least developed country (LDC) status, there is still a lot of work to be done in the apparel sector, said Nicolas Linus Ragnas Weeks, Ambassador of Sweden to Bangladesh.

"More precisely, policymakers should provide support to eliminate harassment and ensure timely salary payment, among others, which is crucial at this moment," he told a knowledge sharing workshop at a city hotel on Wednesday.

The workshop titled 'Productivity and Green Skills for the RMG Sector in Bangladesh' was organised to disseminate the findings and outcomes of the skills and productivity activity area under the PROGRESS project.

Funded by the Embassy of Sweden and implemented by Swisscontact, the project began in October 2022 with the goal of fostering an inclusive, environmentally responsible, and competitive RMG sector.

The ambassador said the project aligns seamlessly with Bangladesh's aspirations to become a resilient economy.

"By investing in green skills and empowering women, we are not only strengthening the workforce but also fostering a more equitable and sustainable society," he noted.

This initiative reflects the shared commitment to the Sustainable Development Goals (SDGs) and believe that international cooperation is essential to achieving them, he added.

Speaking at the panel discussion, Sheikh HM Mustafiz, managing director of Cute Dress Industry Ltd. stressed on developing functional and effective complaints mechanisms to timely address labour-related issues.

Workers still come to the street to get salary in absence of a comprehensive grievance mechanism that includes coordinations among all agencies.



The workers' unrest is tarnishing the image of the sector, he said, adding that sustainability cannot be achieved without addressing those issues.

He, however, stressed on deferring the graduation process for at least five years, saying the indicators of SDGs' progress were prepared based on inflated and manipulated information.

Maria Stridsman, Head of Development Cooperation, Embassy of Sweden said investing in people and the planet is essential to addressing global challenges such as climate change and inequality.

And the PROGRESS project aligns perfectly with these values, by focusing on skill development, productivity enhancement, and environmental sustainability in the garment industry.

She expected that the project would establish an important precedent by demonstrating practical solutions and successful business cases where investing in sustainability benefits not only environmental health but also the profitability of manufacturers.

Mujibul Cezanne Hasan, country director, Swisscontact Bangladesh, in his opening remarks said through this project they aim to enhance green skills, improve productivity, and support the RMG sector in adopting sustainable production practices.

Rafiat Salman, senior manager, Skills & Productivity, PROGRESS, Swisscontact Bangladesh made a presentation on the project.

Professor Mohammad Abdul Momen Co-Founder and Director of Pride Group, Syeda Shaila Ashraf Corporate HR, Admin & IT Head, Renaissance Group, Sku Prodip Gabriel Manager Sustainability at H&M and Rajesh Veda CEO and managing director of Rajesh Veda Consulting, among others, spoke there.

*munni_fe@yahoo.com*

NEW AGE FRIDAY, NOVEMBER 15, 2024,

# Industrial wage board seeks execution role

## *Suggests other changes to wage board-related rules*

**Staff Correspondent**



A file photo shows workers sewing clothes at a readymade garment factory in Narayanganj. The minimum wage board has called for reforms in the Bangladesh labour act and labour rules, seeking a mandate to act as the implementation authority for wages it announced for the industrial sector workers. — New Age photo

THE minimum wage board has called for reforms in the Bangladesh labour act and labour rules, seeking a mandate to act as the implementation authority for wages it announced for the industrial sector workers.

Minimum wage board chairman Mamunur Rashid submitted a set of proposals to the labour ministry on November 6, highlighting the need for amending the labour act and the labour rules to strengthen the wage board and ensure the effective implementation of workers' wages.

Regarding the labour act, he proposed a new section, 149(3), which stipulates that to ensure the implementation of the wage rate, the minimum wage board will assume responsibility for conducting on-site inspections of privately-owned industrial establishments and factories across the country.

The wage board has also proposed adding a new clause, 149(4), seeking the mandate to conduct mobile courts and impose penalties to ensure the implementation of wages and allowances in the industrial sector.

The proposed section 149(4)(a) stipulates that the chairman of the minimum wage board may conduct mobile courts to adjudicate offenses specified in Sections 289, 294, 295, and 296 of the labour act, or to verify and ensure that wages, benefits and gratuities are paid in accordance with the published gazette.

The proposed section 149(4)(b) states that based on complaints received by the minimum wage board or during mobile court proceedings, if crimes related to wages, benefits, or gratuities are discovered or reported in front of the chairman, such offenses, as outlined in part (a) of this section, may be addressed immediately.

If the accused is found guilty — based on confession, examination of surrounding circumstances and evidences — the prescribed punishment under this act may be imposed on the spot, the proposal said.

Regarding the formation of the minimum wage board, Mamunur proposed adding a clause, stating that the chairman of the board should be appointed from among individuals holding the rank of senior district and sessions judge, or a retired senior district and sessions judge from the Bangladesh Judicial Service.

In relation to the appointment of board members, the wage board also proposed adding to the labour act a clause stipulating that members should represent the actual owners and workers of the relevant industry, ensuring their involvement in the board's decision-making.

The wage board chairman also proposed adding a new provision to the labour rules, stating that in both cases, the nominations of board members will be made through the Department of Labour and the chairman of the minimum wage board.

Similar to the Department of Labour, the chairman of the board will also have the authority to send the list of members to the ministry.

In the event of resignation, death, or departure of any board member, it is proposed that the member be re-appointed within two months to fill the vacancy.

Regarding the amendment to section 111(5), the wage board proposed that the basic wage of a worker will not be less than 50 per cent of the gross wages and the annual increase in basic wages will not be less than 5 per cent of the basic wage.

It proposed amending section 125 of the labour rules to ensure that the chairman, members, and assistants of the wage board receive an honorarium, as set by the government, for attending meetings.

THE BUSINESS STANDARD FRIDAY 15.11.2024

# Workers of Ananta Jalil's RMG factories protest over unpaid wages

RMG - BANGLADESH

**TBS REPORT**

Workers from four RMG factories of the AJI Group, owned by film actor Ananta Jalil, blocked a road at Hemayetpur of Savar on the outskirts of Dhaka, demanding payment of wages for October.

Over a thousand workers from four factories began the protest by blocking the Hemayetpur-Singair road in front of the AJI Group Industrial Park at about 7:30pm yesterday, locals said.

The protesting workers said the management had earlier informed them that their wages for October would be paid on 14 November. However, the workers were not satisfied with the announcement and began a road blockade in protest on Wednesday. In response, the group's chairman, Ananta Jalil, talked to the workers and assured them that they would receive their wages on the day.

Although the workers lifted the blockade at one stage, their wages were not paid as promised.

Yesterday, around noon, a section of the workers received their wages via Rocket (mobile financial service) accounts. Frustrated, other workers began protesting in front of the factory after their shift ended at 7pm.

A worker, who preferred not to be named, told TBS, "Although some workers were paid today (Thursday), many still have not received their wages. For instance, in a line of 40 workers, only 15 to 20 have been paid, while the rest have not. This is why the workers are staging a protest."

Superintendent of Industrial Police-1 Md Sarwar Alam told TBS that although most of the workers received their wages yesterday, some 400-500 remained left out. "Discussions are ongoing, and we are working to resolve the issue," he said at about 8pm yesterday.

When TBS called to contact Ananta Jalil regarding the salary payments, he initially reacted with arrogance, questioning why the journalists kept calling him. "Just because I'm available to receive calls, journalists think they can keep bothering me any time," he yelled.

However, a few minutes later, he called back, and said payments to around 300-400 workers out of 10,000 got delayed due to technical issues. Rocket representatives assured that the payments would be completed by midnight yesterday, he added.

Jalil further said an army team reached the site at about 9pm, instructing workers to enter the factory premises with their ID cards to receive wages in cash. "At that time, approximately 90 workers were present, while the rest disappeared," he said.

NEW AGE THURSDAY, NOVEMBER 14, 2024,

# Govt should implement tannery worker's minimum wage early

THE relocation of tanneries from Hazaribagh to Dhaka's outskirts of Savar had been in discussions until the relocation was somewhat complete a few years ago, with some prickly issues such as pollution still rearing the head. The relocation project began in 2003 on a High Court order of 2001 to save the moribund River Buriganga. The tannery units, in operation by the bank of the Buriganga since the 1960s, finally started moving out to the Savar Leather Estate in 2017. But, the wage of tannery workers has almost never effectively been in discussion. An estimate a decade ago showed that there were more than 1,750 large, medium and small tanneries that time that employed about half a million workers. Tanneries constitute a growing sector of trade and commerce. But, it hurts the environment and people. Yet, all the discussions regarding minimum wages have all along centred on some other sectors, not the tannery sector that could add to the country's export earning if proper policies and measures are put in place. There has, therefore, been a call for an early execution of minimum wages for tannery workers. The call was put out at a consultation meeting in Dhaka on November 12.

The government is reported to have set Tk 13,500 in minimum wage for workers of export-oriented tannery industries in 2018, but owners are alleged not to have implemented the wage structure. Against this backdrop, the Centre for Policy Dialogue in May this year said that tannery workers should get paid Tk 22,776 in minimum monthly wage in view of the market situation and high inflation. A Centre for Policy Dialogue study showed that worker's food and non-food expenses stood at a combined Tk 33,478 a month, or Tk 20,564 and Tk 12,914 respectively. The figures suggest that tannery workers live a miserable life because of the low pay. The problem intensified for the workers employed in units at Savar as the workers earlier employed at Hazaribagh could get to live nearby, but now they have trouble in the absence of adequate housing facilities at Savar. The Bangladesh Tannery Workers' Union in July this year urged the government to declare Tk 25,000 in monthly minimum wage for tannery workers. The Minimum Wage Board finally on September 9 proposed a monthly wage of Tk 18,001 for workers at tanneries at Savar and in divisional areas and Tk 17,048 for workers at tanneries in other areas effective from 2024. But the labour ministry is alleged to be delaying an official notification for the implementation of the minimum wage for tannery workers.

It is imperative that the government ensures good industrial relations between owners of tanneries and their workers so that the workers are afforded some relief in the time of soaring prices amidst high inflation. The government should not, therefore, delay the notification and work out a mechanism for the implementation of the wage and its enforcement oversight.

THE BUSINESS STANDARD FRIDAY 15.11.2024

# How new EU regulations are going to shape fashion industry

Bangladesh is the second largest apparel exporting country in the world, and Europe is our largest export destination. Therefore, we need to be aware of the directives and regulations that will largely impact the industry

In September this year, new Members of the European Commission were elected to lead the European Union's most powerful institution for the second term till 2029. Just after the election result, the Chief of the European Commission, Ursula von der Leyen, said at a press conference that combating climate change would remain her top priority in this term.

And some of her key appointments include Spain's Energy and Environment Minister Teresa Ribera as the bloc's new antitrust chief. Teresa Ribera is considered one of Europe's most ambitious policymakers on climate change.

So, it's expected that a plethora of regulations and directives related to climate change, which have already been approved by and proposed to the Commission in the last few years, will be implemented at a faster pace.

Bangladesh is the second largest apparel exporting country in the world, and Europe is our largest export destination. Therefore, we need to be aware of the directives and regulations that will largely impact the industry.

Now, let's delve into the upcoming EU regulations and directives!

**The European green deal:** The European Green Deal aims to make Europe the first climate-neutral continent by 2050. To do so, it establishes ambitious environmental goals and targets, which in turn serve as the foundation for directives and regulations that are continually being introduced.

Among its primary objectives are significant reductions in net greenhouse gas emissions, targeting a minimum decrease of 55% by 2030 as compared to the levels recorded in 1990. Emphasising the importance of reforestation and ecosystem restoration, the initiative also strives to plant 3 billion trees within the EU by the year 2030.

**EU strategy for sustainable and circular textiles:** To implement the commitments of the European Green Deal, the EU has developed a specific strategy for the textile sector. The EU Strategy for Sustainable and Circular Textiles will reinvent the entire lifecycle of textile and footwear products, not only changing how fabrics are made, but how they are consumed, and eventually disposed of.

This includes increasing the longevity of textiles, increasing the use of recycled fibres, curbing fast fashion, and making products easier to repair or recycle with a Digital Product Passport.

**EU circular economy action plan (CEAP):** The CEAP is a cornerstone of the European Green Deal. Comprising 35 specific actions, it places a special spotlight on the textiles sector, which is recognized as one of the most resource-intensive industries.

The Circular Economy Action Plan introduces an array of initiatives that are crafted to promote sustainable product design, establish circular economy practices, and curtail waste generation.

**Corporate sustainability reporting directive (CSRD):** While not part of the European Green Deal, the Corporate Sustainability Reporting Directive works in tandem with these new regulations as part of the Sustainable Finance Initiative. Essentially, the CSRD requires companies to not only consider their financial health, but their sustainability as well. It will have numerous implications for fashion and textile brands.

This directive will mandate enhanced sustainability reporting, making it applicable to large companies with 250 or more employees and all companies listed on the EU market. It will require these companies to provide detailed disclosures on environmental, social, and governance (ESG) matters, such as greenhouse gas emissions, supply chain transparency, labour practices, and diversity initiatives.

**European sustainability reporting standards (ESRS):** In 2023, the European Commission launched the European Sustainability Reporting Standards (ESRS) under the Corporate Sustainability Reporting Directive (CSRD) to standardise sustainability reporting across the EU. The ESRS enhances the comparability and reliability of environmental, social, and governance (ESG) data, addressing prior inconsistencies and requiring detailed disclosures from companies, including fashion brands.

**These standards are divided into four main categories:** Cross-cutting, environmental, social, and governance, each mandating specific disclosures that cover both the impacts of company operations and the internal risks from sustainability factors on financial performance. Additional textile-specific standards are set to be introduced by 2026.

**Ecodesign for sustainable products regulation (ESPR):** Product design determines 80% of a product's environmental impact. The current Ecodesign Directive, which at present only covers energy-related products, will be expanded to include textiles, and other sectors will follow. This regulation aims to make products more "durable, reliable, reusable, upgradable, reparable, easier to maintain, refurbish and recycle, and energy and resource efficient."

Fashion brands wishing to sell in the EU marketplace will need to address product design from beginning to end, taking into account a product's durability, recyclability, and inclusion of recycled materials. The new ecodesign requirements for textiles are expected to be finalised by mid-2025.

**Digital Product Passport:** Digital Product Passport will have significant implications for the fashion and textile industry. All products placed on the European market must have a product passport. This tool will serve as a digital record that provides comprehensive information about a product's environmental footprint throughout its lifecycle.

For fashion and textile brands, every product must include a machine-readable passport– such as a QR code– that is linked to a unique product ID. The European Commission will be establishing a dedicated web portal where all digital product passports will be registered.

### Directive on green claims

The Green Claims Directive will empower consumers to make informed decisions by mitigating greenwashing and misleading environmental claims.

Any green claims–such as "this product has a reduced carbon footprint"– will need to be independent, third-party verified and scientifically proven.

Additionally, there will be rules ensuring claims are clearly communicated. For example, aggregate scoring of a product's environmental impact may no longer be allowed. Any new labelling schemes will no longer be allowed unless permitted by the EU, and they can clearly demonstrate added value to the authorities.

Apart from the above EU regulations and directives, some of the EU member states individually have also put forward some laws linked to climate change. The current and forthcoming laws by the EU membership states which will have an impact on the apparel and textile are explained below.

### France: Anti-waste law for a circular economy

France's Anti-Waste Law for a Circular Economy was first published in 2020, and revised in 2023. This legislation aims to eliminate the improper disposal of waste, as well as reduce waste altogether.

In particular, it will tackle single-use plastic packaging, phasing it out altogether by 2040. This will include the plastic polybags that many fashion brands use to distribute their products.

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# How new EU regulations are going

**France: The climate & resilience law – environmental labelling for products**

The Climate and Resilience Law was passed in 2021. According to the law, all large fashion corporations with €50M+ turnover and 25,000 units sold in France will be required to provide an environmental impact label on their products.

Eventually, this law will apply to all companies with €10M+ turnover and 10,000 units. This mandatory disclosure aims to empower consumers to make informed choices by promoting transparency and eco-consciousness.

**The Netherlands: Extended producer responsibility**

The Dutch Extended Producer Responsibility for Textiles aims to improve the circular economy within the fashion industry. According to it, all fashion and textile producers either based in the Netherlands or selling on the Dutch market will be responsible for the collection, recycling, reuse, and waste of their products.

This regulation applies to apparel, as well as household items like bed linens and tablecloths. According to this Dutch law, in 2029, all textiles will need to include 75% recycled materials with 25% prepared for reuse.

**Germany: Supply chain due diligence act**

This piece of German legislation addresses human rights and working conditions in the supply chain. Fashion and textile brands will be required to implement rigorous due diligence processes throughout their supply chains, focusing on human rights and environmental standards.

Moreover, companies will need to establish effective grievance mechanisms and provide transparent, accessible information to the public and authorities.

**Norway: Transparency act**

The Norwegian Transparency Act carries substantial implications for fashion and textile brands operating in Norway. The primary aim of this act is to enhance transparency and promote respect for human rights and decent working conditions throughout the entire value chain of businesses.

To achieve this, the act mandates that companies conduct due diligence assessments and document their efforts to mitigate associated risks.

So, it's high time Bangladesh engaged with the European policy stakeholders as well as with the EU brands and retailers through dialogues. These discussions are important not only for taking our preparations but also for conveying our points to the Commission.

The Bangladesh Mission in Brussels in collaboration with our trade bodies can play a vital role in securing the interest of Bangladesh's apparel and textile industry; when the new EU regulations and directives are going to shape the future of the fashion industry.

ASHIKUR RAHMAN TUHIN IS THE MANAGING DIRECTOR OF TAD GROUP. HE IS A FORMER DIRECTOR OF BANGLADESH GARMENT MANUFACTURERS AND EXPORTERS ASSOCIATION (BGMEA).

**Disclaimer:** The views and opinions expressed in this article are those of the author and do not necessarily reflect the opinions and views of The Business Standard.

---

ফিরে এসেছে স্বস্তি

# বেতন পেলেন টিএনজেড গ্রুপের শ্রমিকেরা, কারখানা খুলবে আজ

প্রতিনিধি, গাজীপুর

গাজীপুর মহানগরীর টিএনজেড অ্যাপারেলস গ্রুপের পাঁচটি কারখানার ১২০ জন স্টাফসহ ৬ হাজার জন শ্রমিক তাদের বকেয়া এক মাসের বেতন নির্ধারিত সময়ের আগেই হাতে পেয়েছেন। গত বৃহস্পতিবার সন্ধ্যায় তাদের বিকাশ অ্যাকাউন্টে দুই কিস্তিতে শ্রমিকদের বিকাশ একাউন্টে ৮ কোটি ৬৮ লাখ টাকা দেয়া হয়েছে। শ্রমিকদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে।

বেতন হাতে পেয়ে অ্যাপারেলস কারখানার শ্রমিকরা বলেন, আগামী রোববারের মধ্যে আমদের বেতন দেয়ার কথা ছিল, কিন্তু আমরা বৃহস্পতিবার সন্ধ্যায় নিজ নিজ বিকাশ অ্যাকাউন্টে আমাদের বকেয়া এক মাসের বেতন হাতে পেয়েছি। মালিকপক্ষ কথা দিয়ে কথা রেখেছেন। আমরা সবাই এখন কাজে যোগ দিব।

শনিবার সকাল থেকে কারখানা গুলো পুনরায় চালু হবে বলে জানিয়েছেন টিএনজেড গ্রুপের বর্তমান চেয়ারম্যান হেদায়াতুল হক। তিনি আশা করছেন, শ্রমিকরা কাজে যোগ দিবে।

কলকারখা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সূত্রে জানা গেছে, টিএনজেড গ্রুপের গাজীপুর মহানগরের মোগরখাল এলাকায় ৫টি কারখানা রয়েছে। এসব কারখানার মধ্যে টিএনজেড অ্যাপারেলস লিমিটেডে শ্রমিকের সংখ্যা ২ হাজার ৮০০ জন, বেসিক ক্লথিং লিমিটেডে ৪২০ জন, অ্যাপারেল আর্ট লিমিটেডে ৪০০ জন শ্রমিক রয়েছে। এছাড়া এক্সপো কার্টুনে ৪০ জন এবং এমএনএস ইয়ার্ণ ডায়িং এ ৮০ জন স্টাফ রয়েছেন। এসবের মধ্যে প্রথম তিনটিতে শ্রমিকদের অক্টোবর ও সেপ্টেম্বর মাসের বেতন বকেয়া ছিল। আর অন্য দুটিতে স্টাফদের বেতন ও সার্ভিস বেনিফিট বকেয়া ছিল।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ৯ নভেম্বর (শনিবার) সকাল সাড়ে ৯টা থেকে টিএনজেড গ্রুপের পাঁচটি কারখানার প্রায় দুই হাজার শ্রমিক বকেয়া বেতনের দাবিতে গাজীপুর মহানগরীর মোঘরখাল এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করে। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ও ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ভয়াবহ যানজট ছড়িয়ে পড়ে। এ দুটি মহাসড়ক দিয়ে চলাচলকারী মানুষের সীমাহীন দুর্ভোগে পড়তে হয়েছে। ব্যাহত হয় স্বাভাবিক জীবন যাত্রা। ক্ষতিগ্রস্থ হয় পন্য পরিবহন। এ আন্দোলন চলে টানা ৩ দিন। পরে শ্রম মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম

---

সংবাদ
শনিবার ১ অগ্রহায়ণ ১৪৩১ : Saturday 16 November 2024

# বেতন পেলেন টিএনজেড গ্রুপে

(১ম পৃষ্ঠার পর)

শফিকুজ্জামান ঘোষণা দেন শ্রমকদের বেতন পরিশোধের দায়িত্ব সরকারের। সরকার শ্রমিকদের পাওনা পরিশোধ করবে। পরে মন্ত্রণালয়ে শ্রমিক প্রতিনিধিদের নিয়ে সরকার ও মালিকপক্ষ সমঝোতা বৈঠকে চুক্তি হয়। গত সোমবার রাতে শ্রম ভবনে ত্রিপক্ষীয় বৈঠকে টিএনজেড গ্রুপের ৩১ জন শ্রমিক প্রতিনিধি, বিজিএমইএর নেতারা এবং শ্রম মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সর্বসম্মতিক্রমে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এতে বলা হয়, ১৭ নভেম্বরের মধ্যে শ্রমিকদের সেপ্টেম্বর মাসের এবং ৩০ নভেম্বরের মধ্যে অক্টোবর মাসের বকেয়া বেতন পরিশোধ করা হবে।

মালিক পক্ষ কারখানাগুলো কর্তৃপক্ষ দ্রুত সময়ের মধ্যে খুলে দেবে। এছাড়া ৩০ নভেম্বরের আগে কেউ যদি আবার সড়ক অবরোধ করেন, তাহলে তারা বকেয়া বেতনের টাকা পাবে না। পরে শ্রমিকরা তাদেও অবরোধ প্রত্যাহারের ঘোষণা দিলে সোমবার রাত ১০টার পর থেকে ঐ সড়কে যান চলাচল শুরু হয়।

টিএনজেড অ্যাপারেলস গ্রুপের বর্তমান চেয়ারম্যান মো: হেদায়তুল হক সংবাদ'কে বলেন

আমরা বর্তমান সরকারের সহায়তায় প্রথম দফায় নির্ধারিত সময়ের আগেই বৃহস্পতিবার ৮ কোটি ৬৮লাখ টাকা পরিশোধ করেছি। টিএনজেড গ্রুপে আগে সাড়ে সাত হাজার শ্রমিক কর্মরত ছিল বর্তমানে আমাদের টিএনজেড অ্যাপারেলস গ্রুপে সাড়ে ছয় হাজার শ্রমিক আছে। দেখুন আমাদের কারখানাটি ইকো ফ্রেন্ডলি প্রজেক্ট, অর্থাৎ গ্রিন প্রজেক্ট। আমরা বৃহস্পতিবার রাত পর্যন্ত এই সব শ্রমিকের টাকা তাদেও হাতে পৌছে দিতে পেরেছি।

তিনি আরও জানান ২০০৭ সালে কোম্পানিটি যাত্রা শুরু করে। বর্তমানে এ প্রজেক্টটির আনুমানিক মূল্য ১৪শ কোটি টাকা। ইকো ফ্রেন্ডলি এই কারখানাটির ২০২৩ সাল পর্যন্ত এক্সপোর্টের পরিমাণ ছিল ৩৩৯ দশমিক ৭৭ মিলিয়ন মার্কিন ডলার। করোনা পরিস্থিতি, ইউক্রেন- রাশিয়া যুদ্ধ ও দেশীয় নানা কারণসহ ব্যাংকের একটি চক্রান্তের শিকার হয়ে কারখানাটি বিপর্যস্ত অবস্থায় পড়েছে। গত জুলাই মাস থেকে সংকট চরম আকারে দেখা দেয়। এই পরিস্থিতিতে ব্যাংক থেকে পর্যাপ্ত সাপোর্ট না পাওয়ার কারণে বেতন ভাতা পরিশোধ করা যাচ্ছিল না। আমরা কোন খেলাপী প্রতষ্ঠান নই। রফতানীর টাকা সমন্বয় হতে দেরী হওয়ায় আমাদের ওভারডিউ হয়েছে। একারণে ব্যাংক থেকে ৮ কোটি টাকার একটি লোন অনুমোদন করানো হয় যাতে শ্রমিকদের বেতন দেয়া যায়। কিন্তু ব্যাংক আমাদের সে টাকাটা দেয়নি। একারণে আমরা ঝামেলায় পড়ে গেছিলাম।

তিনি আরও বলেন, পরবর্তীতে শ্রম সচিব বিদেশ থেকে দেশে ফিরেই তিনি তাৎক্ষণিকভাবে সমস্যা সমাধানের জন্য আন্তরিকভাবে উদ্যোগ নিয়েছেন। শ্রমিক অসন্তোষ নিরসনে সহযোগিতা করায় উপদেষ্টাসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব শফিকুজ্জামান, অতিরিক্ত সচিব সবুর হোসেন, বিজিএমইএর অতিরিক্ত সচিব রফিকুল ইসলাম, গাজীপুরের জেলা প্রশাসক নাফিসা আরেফীনের কাছ কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি আরো বলেন, আমি প্রায় শত কোটি টাকার আমার বাড়ি ও অন্য স্থাপর সম্পত্তির দলিল নিয়ে দ্বারে দ্বারে ঘুরেছি, কেউ আমাকে দায়িত্ব নিয়ে সহযোগিতা করতে এগিয়ে আসেনি। কিন্তু সচিব শফিকুজ্জামান দায়িত্ব নিয়ে এগিয়ে এসেছেন। দেশের প্রতিটি মন্ত্রণালয়ে একজন করে একজন করে শফিকুজ্জামান থাকা দরকার বলেও মনে করেন তিনি। সবাই বড় বড় চেয়ার নিয়ে বসে থাকে, কেউ কোন দায়িত্ব নিতে চায়না। এমন সময়ে তারা আমার বিপদে পাশে দাড়িয়েছেন। এদের মতো সচিবকে খুঁজে নিতে হবে। এদের মতো কমর্কর্তা যদি সব মন্ত্রণালয়ে থাকত তালে দেশ আরও উন্নত হতো। আমি তাদের প্রতি অন্তর থেকে কৃতজ্ঞতা প্রকাশ করছি। টিএনজেড অ্যাপারেলস গ্রুপের বর্তমান চেয়ারম্যান মো: হেদায়তুল হক বলেন, শ্রমিকরা তাদের দাবিকৃত টাকা পেয়েছে। পরের কিস্তির টাকাও তারা সময় মত পাবে। আমাদের এ সময়ে সরকারের যারা সহযোগিতা. করেছেন, তাদের কৃতজ্ঞতা জানাই। আগামী দিনেও তাদের সহযোগীতা প্রত্যাশা করি। আশা করি শ্রমিকরা ও সব কিছু বিবেচনা করে কারখানার উন্নয়নে আন্তরিকতার সহিত কাজ করবে।

সংবাদ
ঢাকা : রোববার ২ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Sunday 17 November 2024

# অবসরের ৮ বছর পরও বকেয়া বেতন-ভাতাবঞ্চিত ৮ কর্মচারী

প্রতিনিধি, মুক্তাগাছা (ময়মনসিংহ)

ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেডের (ইউসিসিএ) ৮ জন অবসরপ্রাপ্ত কর্মচারী তাদের পাওনা বকেয়া বেতন ও গ্র্যাজুয়েটি পাচ্ছেন না। চাকরি শেষ হওয়ার পরও কেউ কেউ বকেয়া বেতন ও গ্র্যাজুয়েটি পাওয়ার জন্য গত ৮-৯ বছর ধরে অফিসে অফিসে ঘুরছেন। চাকরি করেও পাওনা টাকা না পেয়ে জীবনের শেষ প্রান্তে এসে চরম অর্থাভাবে মানবেতর জীবনযাপন করছেন তারা। তাদের অনেকে হার্ডস্ট্রোক, প্যারালাইসিসসহ বিভিন্ন জটিল রোগে ভুগছেন।

টাকার অভাবে চিকিৎসা নিতে পারছেন না তারা। ভুক্তভোগীরা বেতন ও গ্র্যাজুয়েটি না পাওয়ার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের অসহযোগিতাকে দায়ী করছেন। জানা যায়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) অধীনে মুক্তাগাছা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেডের (ইউসিসিএ) অবসরপ্রাপ্ত ৮ জন কর্মচারী যথাক্রমে আসাদুজ্জামান খান (সিআই), জালাল উদ্দিন (সিআই), ছালাম আকন্দ (পরিদর্শক), মোজাম্মেল হক (পরিদর্শক), শামছুল হক (পরিদর্শক), মকবুল হোসেন (পরিদর্শক), আবু তাহের (পরিদর্শক) ও বিমল চন্দ্র বিশ্বাস (অফিস সহকারী) পদে চাকরি শেষ করে ২০১৪ সাল থেকে ২০২১ সালের মধ্যে বিভিন্ন সময়ে অবসরে যান। ২০১৩-২০১৪ সাল থেকে তাদের বকেয়া বেতন ও গ্র্যাজুয়েটি এখন পর্যন্ত পাননি। পাশাপাশি এখনও প্রতিষ্ঠানটিতে কর্মরত আছেন এমন দুজন কর্মচারী অফিস সহায়ক আবুল হোসেন এবং নৈশপ্রহরী কামাল হোসেনও তাদের বেতন ভাতা পাচ্ছেন না।

ভুক্তভোগীরা জানান, মুক্তাগাছা ইউসিসি বার্ষিক সাধারণ সভায় সমিতির সঞ্চিত অর্থের লভ্যাংশ হতে অবসর প্রাপ্ত ৮ জন কর্মচারীর বকেয়া বেতন ও ভাতা পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা বিআরিডিবি কর্মকর্তা শাহাদাত হোসেন সমিতির বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত আমলে না নিয়ে ৮ জন কর্মচারীর বেতন ভাতার বিষয়টি এড়িয়ে যান।

পুরনো দায়মুক্ত তহবিল গঠিত হলে উর্ধ্বতন মহলের সঙ্গে যোগাযোগ করে বিষয়টি সমাধান করা সম্ভব বলে তিনি ভুক্তভোগীদের জানান। ভুক্তভোগিদের অভিযোগ, দায়মুক্ত তহবিল কোনোদিন গঠনও হবে না এতে করে ভুক্তভোগী কর্মচারীদের বকেয়া বেতন কোনোদিন পরিশোধ করা হবে না। তাই টালবাহানা করে এমন অজুহাত দাঁড় করা হচ্ছে। এটা উপজেলা বিআরডিবি কর্মকর্তার অবহেলা ও মানবাধিকার লঙ্ঘনের সামিল বলেও তারা অভিযোগ করেন। অবসরপ্রাপ্ত কর্মচারী আসাদুজ্জামান খান বলেন, আমি দীর্ঘদিন চাকরি করে গত ২০১৪ সালে অবসর গ্রহণ করি। ২০১৩ সাল থেকে আমার বকেয়া বেতন ও গ্র্যাজুয়েটি বন্ধ রয়েছে যা আজ পর্যন্ত পাইনি। আমি স্ট্রোকে আক্রান্ত হয়ে খুবই অসুস্থ জীবন কাটাচ্ছি। টাকার অভাবে চিকিৎসা করাতে পারছি না। বকেয়া বেতনের জন্য আমি বিআরডিবির প্রধান কার্যালয় জেলা অফিসে যোগাযোগ করলে তারা বিষয়টি উপজেলা বিআরডিবি কর্মকর্তা সমাধান করবেন বলে জানান। ওপরের মহল থেকে সেরকম নির্দেশনাও দেয়া হয়। উপজেলা বিআরডিবি অফিসার সেসব উপেক্ষা করে উসিলা হিসেবে দায়মুক্ত তহবিল গঠন হওয়া সাপেক্ষে বকেয়া পরিশোধের কথা জানান।

## মুক্তাগাছা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেড

তিনি মূলত নানাভাবে টালবাহনা করে যাচ্ছেন। অবসরপ্রাপ্ত অফিস সহকারী বিমল চন্দ্র বিশ্বাস বলেন, নিয়মানুযায়ী দীর্ঘদিন সেবা দিয়ে ২০২১ সালের ১৭ ফেব্রুয়ারি অবসরে যাই। কিন্তু দীর্ঘ দিনেও বকেয়া বেতনসহ অন্যান্য পাওনাদি না পেয়ে এখন কষ্টে জীবন পার করছি। সমিতির পক্ষ থেকে মিটিংয়ে রেজুলেশন করে আমাদের পাওনা মিটিয়ে দেবার সিদ্ধান্তের পাশাপাশি উর্ধ্বতন মহলের নির্দেশনা থাকলেও বিআরডিবি কর্মকর্তার গাফিলতির কারণে আমরা আমাদের বকেয়া পাচ্ছি না। তিনি তাদের পাওনা দ্রুত পাওয়ার প্রত্যাশায় যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

মুক্তাগাছা ইউসিসির সাবেক ৩ বারের নির্বাচিত সভাপতি মো. সাইফুল ইসলাম দুলাল বলেন, ইউসিসির সংশ্লিষ্ট কর্মচারীরা দীর্ঘদিন সমিতি এবং সমবায়ীদের সেবা দিয়েছেন।

সঞ্চিত অর্থের লভ্যাংশ থেকে বিধিঅনুযায়ী তাদের বেতনভাতাদি প্রদানের জন্য সমিতির বার্ষিক সভায় সিদ্ধান্ত নিয়ে তা উপজেলা বিআরডিবি কর্মকর্তাকে পরিশোধের জন্য বলা হয়। কিন্তু কোন রহস্যে তাদের পাওনা এখনও পরিশোধ করা হয়নি তা আমাদের বোধগম্য নয়। আমার বক্তব্য হচ্ছে, সমবায়ের আইনুযায়ী তাদের সব পাওনা খুব দ্রুত মিটিয়ে এসব কর্মচারীদের যেন সহায়তা করা হয়। তিনি কর্মচারীদের বকেয়া পরিশোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে জেলা কর্মকর্তা ও মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।

এই বিষয়ে জানতে চাইলে মুক্তাগাছা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শাহাদাত হোসেন বলেন, বিষয়টি অনেক পুরনো। অবসর পূর্ববর্তী সুরাহা না করায় এখন তাদের বকেয়া পরিশোধ করা সম্ভব হচ্ছে না।

উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে দায়মুক্তি তহবিল গঠনের মাধ্যমে বিষয়টি সামাধানের জন্য চেষ্টা চালাচ্ছেন তিনি।

ইত্তেফাক
শুক্রবার
৩০ কার্তিক ১৪৩১, ১৫ নভেম্বর ২০২৪

# গাজীপুরে দুই পোশাক কারখানার ২০০ শ্রমিককে চাকরিতে পুনর্বহাল

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে চাকরিচ্যুত ২০০ পোশাক শ্রমিককে বৃহস্পতিবার চাকরিতে পুনর্বহাল করেছে দুটি কারখানা কর্তৃপক্ষ। এর আগে বিভিন্ন অভিযোগে তাদের চাকরিচ্যুত করা হয়েছিল। কারখানা দুটি হচ্ছে—গাজীপুর মহানগরীর কোনাবাড়ী এলাকার এম এম নিটওয়্যার লিমিটেড ও মামুন নিটওয়্যার লিমিটেড। জানা গেছে, কারখানায় বিশৃঙ্খলা ও ভাঙচুরের অভিযোগে গত ৯ নভেম্বর এম এম নিটওয়্যার লিমিটেড এবং মামুন নিটওয়্যার লিমিটেড ১১৩ জন শ্রমিককে শ্রম আইন অনুযায়ী সব পাওনা পরিশোধ করে চাকরিচ্যুত করে। নিয়মিত শ্রমিকরা দুই দিন শান্তিপূর্ণভাবে কাজ করার পর ১১ নভেম্বর, সোমবার থেকে হঠাৎ চাকরিচ্যুত শ্রমিকদের চাকরিতে পুনর্বহালের জন্য কর্মবিরতি পালন করে। তাদের বিক্ষোভ ও আন্দোলনের মুখে কারখানা কর্তৃপক্ষ দ্বিতীয় দফায় আরো ৭৭ জনকে চাকরিচ্যুত করলে শ্রমিকরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। পরে ১৩ নভেম্বর, বুধবার সকালে ক্ষুব্ধ শ্রমিকরা শিল্প পুলিশের এক সদস্য ও কারখানার নিরাপত্তা ইনচার্জসহ বেশ কয়েক জনকে মারধর করে। পরিস্থিতি অশান্ত হয়ে উঠলে সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

শ্রমিকদের আন্দোলন ও দাবির পরিপ্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষ চাকরিচ্যুত শ্রমিকদের সার্ভিস বেনিফিট ফেরত দেওয়ার শর্তে চাকরিতে যোগদানের কথা জানায়। বৃহস্পতিবার সকাল থেকে কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত মেনে নিয়ে শ্রমিকরা কাজে যোগদান করেন। যারা সার্ভিস বেনিফিট ফেরত দিয়েছে শুধু তারাই চাকরিতে যোগদান করতে পারবেন। যারা সার্ভিস বেনিফিট ফেরত দেয়নি তাদের বিষয়ে এখনো পর্যন্ত কোনো সিদ্ধান্ত হয়নি।

প্রসঙ্গত, ৩ নভেম্বর হাজিরা বোনাস, নাইট বিল, টিফিন বিলসহ বিভিন্ন দাবিতে শ্রমিকরা কাজ বন্ধ করে কারখানার অভ্যন্তরে অবস্থান নেন। এ সময় শিল্প পুলিশ ও কারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের বুঝিয়েও কাজে ফেরাতে পারেনি। পরে কারখানার নিরাপত্তার স্বার্থে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কারখানা বন্ধ ঘোষণা করে। পরে বিশৃঙ্খলা ও ভাঙচুরের অভিযোগে দুই দফায় প্রায় ২ হাজার শ্রমিককে চাকরিচ্যুত করে।

শোভন কাজ

যুগান্তর
সোমবার ১৮ নভেম্বর ২০২৪



আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া

# দুই বছরে ৫ লাখ লোকের কর্মসংস্থান হবে

## —যুব ও ক্রীড়া উপদেষ্টা

**যুগান্তর প্রতিবেদন**

আগামী দুই বছরের মধ্যে দেশে অন্তত ৫ লাখ লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। রোববার যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১০০ দিনের কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

**১০০ দিনে ৮৬ হাজার ২৭৭ জনের কর্মসংস্থান হয়েছে**

উপদেষ্টা বলেন, দেশে বর্তমানে গ্র্যাজুয়েট বেকারের সংখ্যা ২৫ থেকে ২৬ লাখের মতো। অন্তর্বর্তী সরকারের ১০০ দিনে ছয় মন্ত্রণালয়ের প্রকল্প ও রাজস্ব খাত মিলিয়ে ৮৬ হাজার ২৭৭ জনের কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। যে সংখ্যাটা এসেছে এটা ছয় মন্ত্রণালয়ের। এর মধ্যে ২ হাজার ৪৬৮ জনের রাজস্ব খাতে ও প্রকল্প বা ট্রেনিংয়ের মাধ্যমে ৮৩ হাজার ৮০৯ জনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

তিনি বলেন, আমরা আশা করছি, ভবিষ্যতে যাতে আরও বেশি (কর্মসংস্থান) করা যায়, সেই রকম ব্যবস্থা আমরা নিচ্ছি। যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে আরও কর্মসংস্থান তৈরি করার পরিকল্পনা হাতে নিয়েছি।

রাস্তায় ট্রাফিকের দায়িত্ব পালন করা শিক্ষার্থীদের সংখ্যার হিসাব দিয়ে আসিফ মাহমুদ বলেন, ট্রাফিকে ৭০০ জন যুক্ত হওয়ার কথা। ইতোমধ্যে ২১৪ জন যুক্ত করা হয়েছে।

সংবাদ সম্মেলনে যুব ও ক্রীড়া সচিব রেজাউল মাকছুদ জাহেদী বলেন, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় কর্মপ্রত্যাশী যুবকদের সরকারি-বেসরকারি কর্মে নিয়োজিত এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে ২ লাখ ৬৪ হাজার ৮০ জনের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

তিনি বলেন, বিগত ১০০ দিনে ১৯ হাজার ৪৫২ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং বর্তমানে ৫২ হাজার ১১৫ জন যুব প্রশিক্ষণরত।

জনপ্রশাসন মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিপিএসসি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ১০০ দিনে রাজস্ব ও প্রকল্প খাতে ৮৬ হাজার ২৭৭ জনের কর্মসংস্থানের সৃষ্টি করেছে।

প্রথম আলো • মঙ্গলবার, ১৯ নভেম্বর ২০২৪,

# নারীর বৈষম্যের কথা তুলতে হবে সংস্কার কমিশনে

**বৈঠকে রওনক জাহান**

নারীদের দাবি আদায়ে নাগরিক কমিটিতে থাকা নারীদের মতামত নেওয়ার পরামর্শ।

“কোথায় কোথায় বৈষম্য আছে, বৈষম্য কমাতে কী করতে হবে—সেগুলো সুনির্দিষ্ট প্রস্তাব আকারে কমিশনের কাছে তুলে ধরতে হবে।

অধ্যাপক রওনক জাহান, রাষ্ট্রবিজ্ঞানী



**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

অন্তর্বর্তী সরকারের গঠন করা সবগুলো সংস্কার কমিশনে নারী প্রতিনিধিদের বৈষম্যের বিষয়টি তুলে ধরতে বলেছেন বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক রওনক জাহান। তিনি বলেন, কোথায় কোথায় বৈষম্য আছে, বৈষম্য কমাতে কী করতে হবে—সেগুলো সুনির্দিষ্ট প্রস্তাব আকারে কমিশনের কাছে তুলে ধরতে হবে।

গতকাল সোমবার রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ মহিলা পরিষদ আয়োজিত এক গোলটেবিল বৈঠকে অনলাইনে যুক্ত হয়ে অধ্যাপক রওনক জাহান এসব কথা বলেন। 'বাংলাদেশের সংবিধান ও নারী' শিরোনামে এ বৈঠকটি মহিলা পরিষদের নিজ কার্যালয় সুফিয়া কামাল ভবনের আনোয়ারা বেগমমুনিরা খান মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

প্রসঙ্গত, নারীবিষয়ক সংস্কার কমিশন ছাড়াও অন্যান্য সংস্কার কমিশনগুলোর মধ্যে রয়েছে নির্বাচনব্যবস্থা, পুলিশ, বিচার বিভাগ, জনপ্রশাসন, সংবিধান ও দুর্নীতি দমন, গণমাধ্যম, স্বাস্থ্য খাত, শ্রমিক অধিকার এবং স্থানীয় সরকার সংস্কার কমিশন।

বৈঠকে চাকরিতে নারী কোটার প্রসঙ্গ টেনে রওনক জাহান বলেন, নারীদের ভাবতে হবে কোটা রাখার দরকার নেই, নাকি কোনো জাতিসত্তার জন্য কিছু কোটা রাখা দরকার? সংসদে নারীদের সরাসরি নির্বাচনের প্রস্তাবের বিষয়ে বড় নারী সংগঠনগুলোকে এক হয়ে অভিন্ন প্রস্তাব দিতে বলেন তিনি। পাশাপাশি নারীদের দাবি আদায়ে নাগরিক কমিটিতে থাকা নারীদের মতামত নেওয়ার পরামর্শ দেন।

নারী নির্যাতন নিয়ে উদ্বেগ প্রকাশ করে রওনক জাহান বলেন, 'নারী নির্যাতন বেড়েই চলেছে। সামাজিক যোগাযোগমাধ্যম নারীকে হয়রানি করার বড় জায়গা হয়ে উঠেছে। শুনেছি, কিছু মেয়ে রাস্তায় হয়রানির শিকার হচ্ছে। মেয়েদের পোশাক নিয়েও হয়রানি করা হচ্ছে।' এসব কতখানি সত্য সেটি মহিলা পরিষদকে খুঁজে দেখতে বলেন তিনি।

বৈঠকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদা রেহানা বেগম। সেখানে বলা হয়, বিবাহ, বিবাহবিচ্ছেদ, সন্তানের অভিভাবকত্ব ও হেফাজত, দত্তক, সম্পত্তির উত্তরাধিকারের মতো বিষয়ে একটি অভিন্ন পারিবারিক আইন (ইউনিফর্ম ফ্যামিলি কোড) প্রণয়ন করতে হবে। সাময়িক সময়ের জন্য সংরক্ষিত নারী আসন সংখ্যা এক-তৃতীয়াংশে উন্নীত করে সেখানে সরাসরি নির্বাচনের বিধান রাখতে হবে। '৭২-এর সংবিধানে ধর্মনিরপেক্ষতাকে রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ক্ষেত্রে প্রাধান্য দেওয়া হয়েছিল এবং মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছিল। এই অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গিকে ধারণ করেই অগ্রসর হতে হবে।

বৈঠকে বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সভাপতি সালমা আলী বলেন, দেশে অনেক আইন রয়েছে। তবে তার প্রয়োগের অভাব রয়েছে। এ ক্ষেত্রে রাজনৈতিক সদিচ্ছারও অভাব রয়েছে। আইনের প্রয়োগের অভাবে ভুক্তভোগী পালিয়ে বেড়ায়, আর আসামি ঘুরে বেড়ায়। তিনি ভুক্তভোগীকেন্দ্রিক সহায়তা দিতে প্রয়োজনীয় সংস্কার আনার আহ্বান জানান।

সুপ্রিম কোর্টের আইনজীবী অমিত দাশগুপ্ত বলেন, 'পারিবারিক আইনে বৈষম্য আছে। নারীর প্রতি বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে সামাজিক ও রাজনৈতিক সচেতনতা তৈরি করতে হবে। তা না করা গেলে সংস্কারের মাধ্যমে সংশোধনের প্রক্রিয়ায় গেলে তা কার্যকর হবে না।'

আলোচক হিসেবে আরও বক্তব্য দেন সুপ্রিম কোর্টের আইনজীবী মাকসুদা আক্তার লাইলী এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) আইন বিভাগের শিক্ষক ইমরান আজাদ।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ফওজিয়া মোসলেম বলেন, নারীর মানবাধিকার প্রতিষ্ঠার পথে মূল বাধা হলো নারীর প্রতি সহিংসতা। সংবিধানে নারীর যতটুকু আইনি অধিকার রয়েছে, সেই অধিকারটুকু পাওয়া যায় না আইন বাস্তবায়ন না হওয়ায়। নারীর অংশীদারত্বের স্বীকৃতি না থাকায় ব্যক্তিগত অধিকার প্রাপ্তিতে ঘাটতি রয়েছে। সম্পত্তির উত্তরাধিকার দেওয়ার বিষয়গুলো সংবিধানে সুরক্ষিত রাখার ওপর তিনি জোর দেন।

শুভেচ্ছা বক্তব্য দেন বাংলাদেশ মহিলা পরিষদের সাধারণ সম্পাদক মালেকা বানু। বৈঠক সঞ্চালনা করেন সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক সীমা মোসলেম।

SATURDAY NOVEMBER 16, 2024
AGRAHAYAN 1, 1431 BS
The Daily Star

# Idle jute mills, rising costs

## Workers demand state management as private leasing fails to deliver

**DIPANKAR ROY**, *Khulna*

In 2020, the Bangladesh Jute Mills Corporation announced the closure of 25 state-owned jute mills, promising upgrades and a restart within three months. Nearly four years later, these mills remain shuttered, with most now leased to private companies with little experience in the jute sector.

Jute workers and citizens are demanding the mills be reopened under government management, fuelling continuous street demonstrations in Khulna.

In April 2021, the government opted to lease the mills to private firms on contracts ranging from 5 to 30 years.

The closures on July 1, 2020 affected over 33,000 workers, excluding official staff.

In Khulna's jute-producing belt, nine mills were closed, occupying 516 acres, of which 288 acres have been leased or are in the leasing process.

Four of these nine mills have already been leased, and the BJMC recently invited international applications to lease six additional mills, including the Star and Platinum Jubilee Jute Mills in Khulna. Applications are due by November 11, 2024.

**WAGE DISPARITIES**

Fokran Hossain, who previously worked at Crescent Mill, recently joined a privately run facility in Khulna.

"There are 250 looms at Daulatpur Jute Mill, but only 10 are operational," he said.

"In my first month, I was paid Tk 7,400, despite the government wage scale promising Tk 28,000. Machine operators earn Tk 8,000, while loom operators earn Tk 9,000; their pay should be Tk 32,000 to Tk 38,000," he said.

Workers who have been with the mill from the outset now earn Tk 11,000. Shoemakers, hired from Dhaka, are paid Tk 18,000 -- a disparity adding to worker frustration, he said.





"We want the mills reopened under government initiative and pay in line with the wage commission," Fokran added.

Habib, another worker at the leased Daulatpur Mill, said the shift to private management has driven most jute workers out of their field, with only 130 remaining as the focus has turned to the shoe sector.

According to BJMC sources, Daulatpur Jute Mill was leased to Fortune Group in September 2023, whose subsidiary, Uni World Footwear Technology, now produces footwear at the site.

In November, Akiz Group started production at the JJI Jute Mill in Rajghat, Jashore. Other mills, including Eastern and Carpeting Mills, have been leased to India's Regal Group, while Radiant Group has put forward an advance payment for the Khalishpur Jute Mill lease.

Crescent Jute Mill remains in limbo and no decision has been finalised regarding the Alim Jute Mill lease.

Visiting the Crescent Jute Mill recently, this correspondent came across a desolate atmosphere.

Shrubs have taken over along dilapidated buildings, and silence pervades the once bustling labour quarters.

When approached, three BJMC employees declined to comment, though security guard Miraj Ali said, "Sometimes, officials visit for lease purposes, but no progress has been made yet."

**CONCERNS OVER LEASING PROCESS, PRODUCTION GAPS**

On May 18, the former Minister of Textiles and Jute, Jahangir Kabir Nanak, criticised the four leased mills in Khulna for failing to meet production expectations.

He warned that the ministry

দৈনিক ইত্তেফাক
মঙ্গলবার
৪ অগ্রহায়ণ ১৪৩১, ১৯ নভেম্বর ২০২৪

# বৈষম্যরোধে সংবিধানে নারীর অধিকার যুক্ত করতে সুপারিশের আহ্বান

## মহিলা পরিষদের উদ্যোগে গোলটেবিল আলোচনা

■ ইত্তেফাক রিপোর্ট

নারী-পুরুষের বৈষম্যরোধে সংবিধানে নারীর অধিকার যুক্ত করতে সংবিধান বিষয়ক কমিশনের কাছে নারী সংগঠনগুলোকে সম্মিলিতভাবে সুপারিশ পৌঁছে দেওয়ার আহ্বান জানিয়েছেন সংশ্লিষ্ট ক্ষেত্রে বিজ্ঞজন। তারা বলেন, বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র ও জনজীবনের সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকারের কথা বলা হলেও স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের নাগরিক হিসেবে এক জন নারী এখনো অর্থনৈতিক, সামাজিকসহ বিভিন্ন ক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছেন। তাই সংবিধান সংস্কারের যে কাজ শুরু হয়েছে তাতে নারী অধিকার বিষয়ক সংগঠনগুলো সুনির্দিষ্ট সুপারিশ ঠিক করে ভূমিকা রাখতে হবে। একেক সংগঠন একেক দাবি তুললে তা গুরুত্ব হারাবে। গতকাল সোমবার বাংলাদেশ মহিলা পরিষদের, সেগুনবাগিচাস্থ কেন্দ্রীয় কার্যালয়ে 'বাংলাদেশের সংবিধান ও নারী' গোলটেবিল বৈঠকে এ সব কথা বলেন তারা। বৈঠকে সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম। স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মালেকা বানু। ধারণাপত্র উপস্থাপন করেন সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মাসুদা রেহানা বেগম। সম্মানিত আলোচক হিসেবে অনলাইনে যুক্ত হন বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক ড. রওনক জাহান। উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট সালমা আলী, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী মাকসুদা আক্তার লাইলী, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী অমিত দাশগুপ্ত এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের আইন বিভাগের অধ্যাপক ইমরান আজাদ।

ধারণাপত্রে বলা হয়, সমাজে প্রচলিত অসম রীতি-নীতি ও আইন চালু থাকার ফলে নারীর প্রতি প্রচলিত এ সব বৈষম্যের অবসান ঘটিয়ে বাংলাদেশের উন্নয়ন অব্যাহত রাখতে হলে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত সংবিধানের আলোকে বৈষম্যহীন, গণমানুষের, নারী-পুরুষের সমতাপূর্ণ, গণতান্ত্রিক, অসম্প্রদায়িক, মানবিক বাংলাদেশ গড়তে বৈষম্যমূলক প্রচলিত আইনের সংস্কার করতে হবে। আন্তর্জাতিক সিডও সনদের অনুচ্ছেদ-২ এবং ১৬(১)(গ) হতে সংরক্ষণ প্রত্যাহার করাসহ, সংবিধানে প্রদত্ত সব মৌলিক অধিকার কার্যকর করা, অনুকূল আর্থ-সামাজিক পরিবেশের নিশ্চিত, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত, রাজনীতিতে নারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত এবং সম্পদ সম্পত্তিতে উত্তরাধিকার বা সমঅংশীদারিত্ব নিশ্চিতের ওপর জোর দিতে হবে। ড. রওনক জাহান বলেন, নারী কমিশন ছাড়াও অন্যান্য যে পাঁচটি কমিশন হয়েছে সেখানে নারী কোথায় কোথায় বৈষম্যের শিকার হচ্ছেন এবং বৈষম্য নিরসনে করণীয় বিষয়ে সুপারিশমালা প্রেরণ করতে হবে। অ্যাডভোকেট সালমা আলী বলেন, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে রাজনৈতিক অঙ্গীকার বাস্তবায়নে জোর দিতে হবে, সংবিধানের অনুচ্ছেদের আলোকে রাষ্ট্রীয় উদ্যোগ বাস্তবায়নে মনিটরিংয়ের উপর জোর দিতে হবে।

অমিত দাশগুপ্ত বলেন, মৌলিক অধিকারের নীতিতে সমতা কেন হলো না ও নারী-পুরুষের সমতা কেন অর্জিত হলো না তা পর্যবেক্ষণের উপর গুরুত্ব দিতে হবে। অধ্যাপক ইমরান আজাদ বলেন, সংবিধানের ২৮ নম্বর অনুচ্ছেদ অনুসারে নারীর প্রতি সমতা নিশ্চিত করাসহ নারীসহ অন্যান্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সমতা নিশ্চিতে সংবিধানে থাকা বিধানগুলোর প্রতি রাষ্ট্রকে জোর দিতে হবে। ডা. ফওজিয়া মোসলেম বলেন, পরিবর্তিত সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতিতে বিবেচনায় রেখে সংবিধানে নারীর অধিকারের উপর জোর দিতে হবে, সংস্কার করার ক্ষেত্রে সমতা নিশ্চিতসহ সব জাতিসত্তাকে অন্তর্ভুক্তিকরণের উপর জোর দিতে হবে।

মালেকা বানু বলেন, নারী আন্দোলনের প্রচেষ্টা অব্যাহত থাকা সত্ত্বেও সেই সমতার লক্ষ্যে আমরা এখনো পৌঁছতে পারিনি।

সমকাল ■ মঙ্গলবার । ১৯ নভেম্বর ২০২৪

# শ্রম খাত নিয়ে পশ্চিমাদের অবস্থান অপরিবর্তিত

■ তাসনিম মহসিন

**৩+৫+১ বৈঠক আজ**

- মামলা প্রত্যাহার ও ঘন ঘন মজুরি নির্ধারণসহ প্রস্তুত ৫ প্রস্তাব
- পরিবর্তিত পরিস্থিতিতে কাঙ্ক্ষিত সংস্কারের সুযোগ দেখছে পশ্চিমারা
- সংস্কারে শ্রমিকসহ শিল্পের স্বার্থ সংরক্ষণের কথা ভাবছে সরকার

বাংলাদেশে শ্রম খাত নিয়ে পশ্চিমাদের উদ্বেগ এখনও কাটেনি। বিগত আওয়ামী লীগ সরকার শ্রম খাতের সংস্কারে যে পথে হেঁটেছে, অন্তর্বর্তী সরকারও একই পথে হাঁটবে। তাই এ খাতের প্রয়োজনীয় সংস্কারে সরকারকে চাপে রাখবে উন্নয়ন অংশীদাররা। শ্রম নিয়ে তাদের সঙ্গে সরকারের ৩+৫+১ বৈঠক হবে আজ মঙ্গলবার। এ বৈঠকে কিছু প্রস্তাব নিয়ে যাচ্ছে উন্নয়ন অংশীদাররা।

রানা প্লাজা ধস ও তাজরীন ফ্যাশন অগ্নিকাণ্ডের পর থেকে বাংলাদেশের শ্রম খাতের প্রয়োজনীয় সংস্কারে টেকসই কমপ্যাক্ট বাস্তবায়নে ২০১৪ সালের অক্টোবর থেকে অগ্রগতি পর্যবেক্ষণ করে আসছে উন্নয়ন অংশীদাররা। তাদের মধ্যে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও জার্মানি, জাতিসংঘের আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং বাণিজ্য, শ্রম ও কর্মসংস্থান এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে অগ্রগতি নিয়ে নিয়মিত বৈঠক হয়। এটিকে '৩+৫+১ বৈঠক' বলা হয়ে থাকে। সরকারের পক্ষ থেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবরা, সংশ্লিষ্ট দেশগুলোর রাষ্ট্রদূত এবং আইএলওর বাংলাদেশপ্রধান বৈঠক করতেন। ইইউ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডা প্রায় প্রতিটি বৈঠকে অংশ নিয়েছে।

পরিবর্তিত বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতি শ্রম খাতের কাঙ্ক্ষিত সংস্কারের সুযোগ হিসেবে দেখছে পশ্চিমারা। ফলে বিগত সরকারের আমলে প্রত্যাশিত যে সংস্কারগুলো করা হয়নি, এখন তা আদায়ের সুযোগ মনে করছে তারা। তবে বিষয়টিকে ভিন্নভাবে দেখছে সরকার। শ্রম খাতের সংস্কার এমনভাবে করতে চায়, যেখানে শ্রমিকসহ শিল্পের স্বার্থ সংরক্ষণ হবে। এদিক থেকে বিগত আওয়ামী লীগ সরকারের পথে হাঁটবে বর্তমান সরকার।

নাম প্রকাশে অনিচ্ছুক সরকারের দায়িত্বশীল এক কর্মকর্তা সমকালকে বলেন, বাংলাদেশে শ্রম খাত সংস্কারের প্রয়োজন রয়েছে। তাজরীন ও রানা প্লাজার ঘটনার পর দেশের কারখানাগুলোর ব্যাপক উন্নতি হয়েছে, বিশেষ করে কর্মপরিবেশ ও নিরাপত্তার মানদণ্ডে। বর্তমানে দেশে পরিবেশসম্মত সবুজ কারখানার আন্তর্জাতিক স্বীকৃতি লিড সনদযুক্ত কারখানার সংখ্যা ২০৬। এর মধ্যে ৭৬টি সর্বোচ্চ প্লাটিনাম রেটিং অর্জন করেছে। ৫০০টির বেশি কারখানা লিড সনদ পাওয়ার প্রক্রিয়ার মধ্যে রয়েছে। এ থেকে বলাই যায়, বাংলাদেশের শ্রম খাতের উন্নয়ন হয়েছে।

তিনি আরও বলেন, বাংলাদেশে যুক্তরাষ্ট্রের মতো শ্রমিক সংগঠনবিরোধী কোনো আইন নেই। এখন পশ্চিমারা যদি তাদের দেশের বাস্তবতায় বাংলাদেশে শ্রম আইন চায়, সেটি বাস্তবসম্মত হবে না। পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে সময়ে সময়ে শ্রমের সংস্কার হতেই পারে। বাংলাদেশে শ্রম খাতে পশ্চিমা চাপকে তাদের দাবি আদায় বা 'বারগেনিং টুল' হিসেবে বিবেচনা করে।

পশ্চিমারা বলছে, আইএলওর 'পথনকশা', ইইউর জাতীয় কর্মপরিকল্পনা এবং যুক্তরাষ্ট্রের শ্রম কর্মপরিকল্পনা যেন বাংলাদেশ বাস্তবায়ন করে। বিশেষ করে এমন একটি শ্রম আইন করতে হবে, যা পুরো বাংলাদেশে কার্যকর হবে। এ ছাড়া শ্রম আইনের প্রয়োজনীয় সংস্কার করতে হবে। ভিন্ন ভিন্ন স্থানের জন্য ভিন্ন ভিন্ন আইন যাতে না হয়। শ্রম সংগঠন করার নিবন্ধন প্রক্রিয়া এবং বিদ্যমান আইনে শ্রম সংগঠন করার জন্য যে সংখ্যক শ্রমিকদের একত্র হওয়া দরকার, তা কমিয়ে আনতে হবে। সংগঠনগুলোর অবরোধ করার বাধা দূর করতে হবে। সেই সঙ্গে অবরোধকে অবৈধ বলে শাস্তির বিধান দূর করতে হবে। প্রাথমিকভাবে বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারা রাখতে হবে। শ্রম পরিদর্শক নিয়ে অংশীদারদের উদ্বেগ রয়েছে।

পশ্চিমা দেশের এক রাষ্ট্রদূত বলেন, স্বল্পোন্নত

পৃষ্ঠা ১১ : কলাম ৬

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
মঙ্গলবার ॥ ১৯ নভেম্বর ২০২৪ ॥

# শ্রমিক অসন্তোষের প্রভাব তৈরি পোশাকশিল্পে

শাহেদ আলী ইরশাদ

আগস্টের শেষের দিকে আশুলিয়ায় শুরু হওয়া শ্রমিক অসন্তোষ ছড়িয়ে পড়ে গাজীপুরেও। যার একটি বড় প্রভাব পড়ে শত কোটি ডলারের তৈরি পোশাকশিল্পে। অন্য দেশে ক্রয়াদেশ চলে যাওয়ার পাশাপাশি বড় বিনিয়োগ পরিকল্পনায় বাধা হয়ে দাঁড়িয়েছে। অনেক পোশাক কারখানা ভাঙচুরের ভয়ে কর্মকাণ্ড বন্ধ রেখেছিল; ফলে এখন সময়মতো উৎপাদন এবং খরচের সঙ্গে খাপ খাওয়ানোর লড়াই করছে। তারা বলেছেন, দ্রুত পণ্য পাঠাতে এয়ার শিপমেন্টের জন্য কিছু উদ্যোক্তাকে তাদের ক্রেতাদের সঙ্গে নতুন করে আলোচনা করতে হচ্ছে। আলাপকালে একটি টেক্সটাইল গ্রুপের এক কর্মকর্তা বলেন, তাদের কোম্পানি বিনিয়োগ পরিকল্পনা স্থগিত করেছে যদিও নারায়ণগঞ্জের ভুলতায় অবকাঠামো প্রস্তুত রয়েছে। তিনি বলেন, আমরা এ মুহূর্তে যন্ত্রপাতি স্থাপন করছি না, মূলত শ্রমিক অসন্তোষের কারণে আমরা অপেক্ষা করছি। এক পোশাক কারখানার মালিক বলেছেন, যদি নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদন সম্পন্ন করতে না পারি তাহলে কিছু পণ্য বিমানে পাঠাতে হবে। আর এই সুযোগে নন ব্র্যান্ড ক্রেতারা কম দাম বা ছাড়ের জন্য অনুরোধ করছে। তাই অনেক কারখানায় শ্রমিকরা অতিরিক্ত সময় এবং ছুটির দিনেও কাজ করেছে। রাইজিং গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মাহমুদ হাসান খান বাবু বলেন, শ্রমিক অসন্তোষের কারণে তাদের যে ক্ষতি হয়েছে তা অপূরণীয়, যদিও দেরিতে এবং এয়ার শিপমেন্টের জন্য ক্রেতারা কিছুটা ছাড় দিচ্ছেন। তিনি বলেন; নির্ধারিত সময়ের মধ্যে পণ্য পাঠাতে আমাদের অন্যান্য কারখানায় অর্ডার স্থানান্তর করেছি। অসন্তোষের কারণে আশুলিয়ায় আমাদের একটি কারখানায় উৎপাদন বন্ধ রাখতে হয়েছে। শ্রমিক অসন্তোষের কারণে আশুলিয়ার কারখানায় কাজের অর্ডার দেওয়ার ক্ষেত্রে ক্রেতাদের নেতিবাচক মনোভাব রয়েছে। যদি ক্রেতাদের অন্য জায়গায় যাওয়ার বিকল্প থাকে তাহলে তারা এখান থেকে সরে যাবে বলেও মত দেন তিনি। ফ্যাশন ডটকম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মনিরুল আলম খান শুভ বলেন, নির্দিষ্ট সময়ে দোকানে পণ্য পৌঁছানোর জন্য ক্রেতারা কাজের অর্ডারের একটি নির্দিষ্ট অংশ সেপ্টেম্বর মাসে অন্য কারখানায় স্থানান্তর করেছেন। এমনকি উদ্যোক্তারাও আশুলিয়ার শিল্পাঞ্চলে বিনিয়োগ করতে চান না, যেখান থেকে শ্রমিক অসন্তোষের সূচনা হয়েছে। গ্যাস সংযোগ, শ্রমিক এবং অন্যান্য সুবিধার কারণে বর্তমান কারখানাগুলো রাতারাতি স্থানান্তর করা সম্ভব হবে না। আগে প্রতি মাসে প্রায় পাঁচ শতাংশ শ্রমিক আশুলিয়া ছাড়লেও বর্তমানে এই হার ১০ শতাংশে পৌঁছেছে এবং অনেক কারখানা নতুন শ্রমিক নিয়োগ করছে না। কারণ তারা বিদ্যমান শ্রমিক দিয়েই কারখানা চালাতে চান। ডেনিম এক্সপার্ট লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, শ্রমিক অসন্তোষের কারণে ক্ষতিগ্রস্ত কারখানাগুলো তাদের অন্যান্য ইউনিটের মাধ্যমে অর্ডার সম্পন্ন করছে। এয়ার শিপমেন্ট এড়াতে অন্য কারখানায় সাব-কন্ট্রাক্টে কাজ করানো হয়েছে। এরকম সংকটময় পরিস্থিতিতে অর্ডার স্থানান্তর খুব স্বাভাবিক। বাংলাদেশ প্রতিদিনের সঙ্গে আলাপকালে, বেশ কয়েকজন রপ্তানিকারক বলেন, একটি কারখানায় অভ্যন্তরীণ সমস্যা থাকতে পারে; কিন্তু এর ভিত্তিতে কিছু শ্রমিক অন্য কারখানায় হামলা চালাচ্ছে, ভাঙচুর করছে এবং গুজব ছড়িয়ে তাদের শ্রমিকদের উসকানি দিচ্ছে। বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) দাবি করছে শ্রমিক অসন্তোষের কারণে পোশাকশিল্পে ৪০ কোটি ডলারের উৎপাদন ক্ষতি হয়েছে। ৩৯টি ক্ষতিগ্রস্ত কারখানা সেপ্টেম্বরের বেতন দিতে ব্যর্থ হয়েছে। বেতন ভাতা পরিশোধে এসব কারখানা মালিককে সহজ শর্তে সুদমুক্ত ব্যাংক ঋণ দিতে বাংলাদেশ ব্যাংকে আবেদন করেছে বিজিএমইএ। বাংলাদেশ ইনস্টিটিউট অফ লেবার স্টাডিজের (বিআইএলএস) তথ্য অনুযায়ী, ২০২৪ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বরের মধ্যে দেশের প্রধান পোশাক শিল্পাঞ্চলে ৯৬টি শ্রমিক অসন্তোষের ঘটনা ঘটেছে, যার মধ্যে বেশির ভাগ আশুলিয়া এবং গাজীপুরে। শ্রমিকদের প্রতিবাদের ৩৯টি ঘটনা পাওনা নিয়ে, ২২টি অন্যান্য দাবির জন্য ঘটেছে। বন্ধ কারখানা খোলার দাবিতে প্রতিবাদের ঘটনা ঘটেছে আটটি, বোনাসের দাবিতে ১৩টি, শ্রমিকদের মৃত্যুর জন্য পাঁচটি এবং বাকি নয়টি অন্যান্য দাবিতে। শ্রমিক নেতা আমিরুল হক আমিন বলেন, কিছু ঘটনা মূলত কারখানার মালিকদের অসচেতনতার কারণে ঘটে এবং অসন্তোষ নিকটস্থ অন্য কারখানায় ছড়িয়ে পড়ে। সরকারের উচিত শ্রমিকদের বেতন না দেওয়া কারখানার মালিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া এবং তাদের গ্রেপ্তার করা। তিনি বলেন, সরকার এবং বিজিএমইএ যদি এ ধরনের কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ না নেয়, তাহলে দেশের সবচেয়ে বড় বৈদেশিক মুদ্রা আয়কারী খাতে কোনো শান্তিপূর্ণ পরিস্থিতি আশা করা সম্ভব নয়। কারণ শ্রমিকদের জন্য সময়মতো বেতন প্রদান সবচেয়ে গুরুত্বপূর্ণ। সম্মিলিত গার্মেন্ট শ্রমিক ফেডারেশনের সভাপতি নাজমা আক্তার বলেন, রাজনৈতিক পরিবর্তন, ঝুট বা গার্মেন্টস বর্জ্য ব্যবসার নিয়ন্ত্রণ, ভাতা এবং অন্যান্য কারণে শ্রমিক অসন্তোষ ঘটেছে। অসন্তোষ শিল্প এবং ব্যবসার ওপর নেতিবাচক প্রভাব ফেলে, যখন শ্রমিকদেরও কোনো বিকল্প নেই কারণ তারা বারবার প্রতিশ্রুতি সত্ত্বেও বেতন পায় না। শ্রমিকদের কালো তালিকাভুক্তি এখনো বন্ধ হয়নি এবং শ্রমিকদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার করা হয়নি বলেও জানান তিনি।

বিজিএমইএ সূত্র অনুযায়ী, গাজীপুর ও ময়মনসিংহ অঞ্চলের আটটি এবং সাভার-আশুলিয়া-জিরানীর দুইটি কারখানা শনিবার শ্রমিক অসন্তোষের কারণে বন্ধ ছিল। বিজিএমইএর সদস্য পাঁচটি কারখানা সেপ্টেম্বর এবং আগস্ট মাসের বেতন পরিশোধ করেনি। গত শনিবার পর্যন্ত অক্টোবর মাসের বেতন পরিশোধ করেনি সংগঠনের সদস্য ২৩২টি কারখানা।

> পোশাক কারখানার মালিকরা বলেছেন, যদি নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদন সম্পন্ন করতে না পারি তাহলে কিছু পণ্য বিমানে পাঠাতে হবে। আর এ সুযোগে নন ব্র্যান্ড ক্রেতারা কম দাম বা ছাড়ের জন্য অনুরোধ করছে

শোভন কাজ

বণিকবার্তা
মঙ্গলবার, নভেম্বর ১৯, ২০২৪

## বেক্সিমকো নিয়ে বিপাকে সরকার

# এলসি বন্ধ, কমেছে কার্যাদেশ বেতন না পেয়ে রাস্তায় শ্রমিক

রাজনৈতিক পটপরিবর্তনের পর ব্যবসায়িকভাবে চ্যালেঞ্জের মধ্যে পড়েছে বেক্সিমকো লিমিটেড। এ বছরের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে কোম্পানিটির বিদেশী ক্রেতাদের কাছ থেকে উল্লেখযোগ্য পরিমাণে কার্যাদেশ কমেছে। বন্ধ রয়েছে এলসি খোলার কার্যক্রমও। অর্থ সংকটের কারণে গত আগস্ট ও সেপ্টেম্বরে শ্রমিকদের বেতন দিতে দেরি হয়েছে বেক্সিমকোর। এতে শ্রমিক অসন্তোষের মুখে পড়তে হয়েছে প্রতিষ্ঠানটিকে। সর্বশেষ অক্টোবরের বেতন না পেয়ে রাস্তায় নেমেছেন বেক্সিমকোর শ্রমিকরা। গতকালও শ্রমিক বিক্ষোভের জেরে গাজীপুরে ধাওয়া-পাল্টাধাওয়া, সংঘর্ষ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। বেক্সিমকোর ৪০ হাজার শ্রমিকের বেতন-ভাতা ইস্যুতে এখন বিপাকে পড়েছে সরকারও

নিজস্ব প্রতিবেদক ■

বেক্সিমকো গ্রুপের বস্ত্র, পিপিই, সিরামিকস, তথ্যপ্রযুক্তি, আবাসন ও সামুদ্রিক খাদ্য ও কমোডিটি ট্রেডিং ব্যবসা পরিচালিত হয় বেক্সিমকো লিমিটেডের অধীনে। তবে কোম্পানিটির সিংহভাগ আয় আসে বস্ত্র খাতের ব্যবসা থেকেই। দেশে গত ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর ব্যবসায়িকভাবে চ্যালেঞ্জের মধ্যে পড়েছে পুঁজিবাজারে তালিকাভুক্ত বেক্সিমকো লিমিটেড। এ বছরের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে কোম্পানিটির বিদেশী ক্রেতাদের কাছ থেকে উল্লেখযোগ্য পরিমাণে কার্যাদেশ কমেছে। বন্ধ রয়েছে এলসি (ঋণপত্র) খোলার কার্যক্রমও। অর্থ সংকটের কারণে গত আগস্ট ও সেপ্টেম্বরে শ্রমিকদের বেতন দিতে দেরি হয়েছে বেক্সিমকোর। এতে শ্রমিক অসন্তোষের মুখে পড়তে হয়েছে প্রতিষ্ঠানটিকে। সর্বশেষ অক্টোবরের বেতন না পেয়ে তিনদিন ধরে রাস্তায় নেমেছেন বেক্সিমকোর শ্রমিকরা। গতকাল শ্রমিক বিক্ষোভের জেরে গাজীপুরে ধাওয়া-পাল্টাধাওয়া, সংঘর্ষ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। বেক্সিমকোর ৪০ হাজার শ্রমিকের বেতন-ভাতা ইস্যুতে এখন বিপাকে পড়েছে সরকারও।

গাজীপুরের সারাবো এলাকায় বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে বেক্সিমকো গ্রুপের অধিকাংশ কারখানা অবস্থিত। এখানে কাজ করেন ৪০ হাজারের বেশি শ্রমিক। অক্টোবরের বকেয়া বেতন পরিশোধের দাবিতে বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা বেশ কয়েকদিন ধরেই ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। তিন দফা বেতন পরিশোধের তারিখ দিয়েও তা পরিশোধ করা হয়নি। এ অবস্থায় গতকালও বকেয়া বেতনের দাবিতে রাস্তায় নেমে শ্রমিকেরা মহাসড়ক অবরোধ করেন। অবরোধ চলাকালে সামান্য দূরে গাজীপুর মহানগরীর পানিশাইল এলাকায় ডরিন ফ্যাশন নামের একটি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করায় সেটির শ্রমিকরাও বিক্ষোভ শুরু করেন। একপর্যায়ে দুই কারখানার শ্রমিকদের মধ্যে বাগবিতণ্ডা, হাতাহাতি ও সবশেষে এলাকাবাসীর সঙ্গে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

এ সময় উত্তেজিত শ্রমিকরা জিরানী বাজারের পাশেই অ্যামাজন নিটওয়্যার নামের একটি কারখানায় অগ্নিসংযোগ করেন। এ কারণে আশপাশের অন্তত ২০টি কারখানা ছুটি ঘোষণা করা হয়। খবর পেয়ে শিল্প পুলিশ, থানা পুলিশ, সেনাবাহিনী সদস্যরা ঘটনাস্থলে গিয়ে প্রায় ৩ ঘণ্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। অন্যদিকে কালিয়াকৈর ও ঢাকা ইপিজেডের ফায়ার সার্ভিসের চারটি ইউনিটের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে ওই কারখানার আগুন নিয়ন্ত্রণে আনেন। এর আগে গত আগস্টে বেক্সিমকোর কারখানায় অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের গাজীপুর কার্যালয়ের উপমহাপরিদর্শক আহমেদ বেলাল বণিক বার্তাকে বলেন, 'বেক্সিমকো কর্তৃপক্ষের সঙ্গে আমরা যোগাযোগ করেছি। তারা আমাদের জানিয়েছে কোম্পানির পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। সেখান থেকে অর্থ ছাড়ের অনুমোদন পাওয়া গেলে তাদের পক্ষে শ্রমিকদের বেতন পরিশোধ করা সম্ভব হবে। তবে তারা বেতন পরিশোধের বিষয়ে সুনির্দিষ্ট কোনো তারিখ আমাদের জানাতে পারেনি।'

বেক্সিমকোর শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধের জন্য গত আগস্টে জনতা ব্যাংক থেকে ৫৫ কোটি টাকা ঋণ দেয়া হয়। ব্যাংকটির কাছে বেক্সিমকোর ঋণের পরিমাণ সাড়ে ২৩ হাজার কোটি টাকা। একক গ্রাহক ঋণসীমার তুলনায় ব্যাংকটি থেকে অনেক বেশি ঋণ নিয়েছে বেক্সিমকো গ্রুপ।

সংশ্লিষ্টরা বলছেন, গ্রুপটিকে ঋণ দিয়ে জনতা ব্যাংক নিজেই সংকটের মধ্যে পড়ে গেছে। এ অবস্থায় ব্যাংকটির পক্ষ থেকে নতুন করে ঋণসহায়তা দেয়া সম্ভব নয়। তাছাড়া সরকারের পক্ষ থেকেও প্রতি মাসেই অর্থসহায়তার মাধ্যমে বেক্সিমকোর শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ করা সম্ভব নয়। এটি কোনো স্থায়ী সমাধানও নয়। বেক্সিমকো শ্রমিকরা বকেয়া বেতন পরিশোধ অথবা তাদের মালিককে মুক্তি দেয়ার দাবি তুলেছেন। এ দাবির যৌক্তিকতা নিয়েও সংশ্লিষ্টদের মধ্যে প্রশ্ন রয়েছে। বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে ২০টির মতো কারখানা রয়েছে, এর মধ্যে আটটি আরো দেড়-দুই বছর আগেই বন্ধ হয়ে গেছে। সেসব কারখানার শ্রমিকরাও এখন বকেয়া বেতনের দাবিতে মাঠে নেমেছেন।

বেক্সিমকোর শ্রমিকদের বেতন-ভাতার ইস্যুটি কীভাবে সমাধান করা যায় সেটি নিয়ে সরকারের নীতিনির্ধারণী মহলও বেশ চিন্তিত। দুইদিন ধরে সরকারের শীর্ষ কর্মকর্তাদের মধ্যে এ বিষয়ে বৈঠক হয়েছে। বেক্সিমকোর কর্মকর্তারাও অর্থ উপদেষ্টা ও গভর্নরের সঙ্গে দেখা করে বেশকিছু দাবি জানিয়েছেন। বেশ কয়েকজন উপদেষ্টা ইস্যুটি সমাধানে কাজ করছেন বলে জানা গেছে। এর মধ্যে অর্থ উপদেষ্টা ও বাণিজ্য উপদেষ্টার বিষয়টি নিয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে আলোচনা করার কথা রয়েছে। প্রধান উপদেষ্টার দিকনির্দেশনা অনুসারে বিষয়টি সমাধানে সরকারের পক্ষ থেকে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।

এ বিষয়ে জানতে চাইলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এএইচএম সফিকুজ্জামান বণিক বার্তাকে বলেন, 'সরকারের সংশ্লিষ্ট উপদেষ্টারা বিষয়টি কীভাবে সমাধান করা যায়, সেটি নিয়ে কাজ করছেন।'

গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর বেক্সিমকো গ্রুপের কর্ণধাররা আত্মগোপনে যান। তাদের মধ্যে গ্রুপের ভাইস চেয়ারম্যান এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান গ্রেফতার হয়ে এখন কারাগারে আছেন। অন্য উদ্যোক্তারা পলাতক। গ্রুপটির কর্ণধারদের ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে। বেক্সিমকো গ্রুপে রিসিভার নিয়োগের বিষয়টি বর্তমানে আদালতে বিচারাধীন। রফতানির আড়ালে ৯৫৭ কোটি টাকা বিদেশে পাচারের অভিযোগে বেক্সিমকো গ্রুপের ভাইস চেয়ারম্যান সালমান এফ রহমানসহ ২৮ জনের বিরুদ্ধে সম্প্রতি ১৭টি মামলা করেছে সিআইডি। তাছাড়া গ্রুপটির বিরুদ্ধে প্রায় ৩৩ হাজার ৪৭০ কোটি টাকা ঋণ নিয়ে বিদেশে পাচার এবং অন্যান্য আর্থিক অনিয়মের অভিযোগে আলাদা অনুসন্ধান চালাচ্ছে সিআইডির ফাইন্যান্সিয়াল ক্রাইম ইউনিট।

এদিকে সরকারের পক্ষ থেকে বারবারই বলা হচ্ছে, ব্যক্তির অপরাধের দায়ে কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করা হবে না। সর্বশেষ গতকালও বাংলাদেশ ব্যাংকে আয়োজিত এক সংবাদ সম্মেলনে গভর্নর ড. আহসান এইচ মনসুর বলেছেন, 'অনিয়মের মাধ্যমে যারা ব্যাংক থেকে টাকা নিয়েছেন, সেসব ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আলাদাভাবে বিবেচনা করা হচ্ছে। তবে কোনো প্রতিষ্ঠানকে মরতে দেয়া হবে না। কারণ সব প্রতিষ্ঠান জাতীয় সম্পদ। এর সঙ্গে ব্যাংকের বিনিয়োগ, উৎপাদন ও সরবরাহ জড়িত। সেটি এস আলম হোক কিংবা বেক্সিমকো।'

সরকারি বিভিন্ন সংস্থার সঙ্গে বৈঠকে বেক্সিমকো গ্রুপের পক্ষ থেকে ৪৫ কোটি ডলার রফতানি করা হয়েছে বলে জানানো হয়েছে। তবে রফতানির এ অর্থ দেশে এসেছে কিনা সে বিষয়ে দালিলিক প্রমাণ চাওয়া হলেও গ্রুপটির পক্ষ থেকে খুব বেশি তথ্য দেয়া সম্ভব হয়নি বলে জানা গেছে। সম্প্রতি পুঁজিবাজারে তালিকাভুক্ত বেক্সিমকো লিমিটেড চলতি বছরে জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকের অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদন প্রকাশ করেছে। এতে দেখা যায়, গত জুলাই-সেপ্টেম্বর সময়ে কোম্পানিটির আয় হয়েছে ৩০০ কোটি টাকা। যেখানে আগের বছরের একই সময়ে আয় ছিল ৫৮১ কোটি টাকা। এক বছরের ব্যবধানে কোম্পানিটির আয় কমেছে ৪৮ শতাংশ। আয় কমে যাওয়ার পাশাপাশি এ সময়ে কোম্পানিটির কর-পরবর্তী নিট লোকসান দাঁড়িয়েছে ১১৩ কোটি টাকায়। আর এ সময় প্রতিষ্ঠানটির রিটেইন্ড আর্নিংস বা পুঞ্জীভূত মুনাফা দাঁড়িয়েছে ৩ হাজার ৪৭১ কোটি টাকায়। রাজনৈতিক অস্থিরতা, ব্লকেড ও সরকার ঘোষিত কারফিউ, ইন্টারনেট বন্ধ থাকা এবং সাধারণ ছুটির কারণে গত জুলাই-আগস্টে কোম্পানিটির উৎপাদনের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়েছে বলে আর্থিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

জানতে চাইলে বেক্সিমকো লিমিটেডের প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) মো. লুৎফুর রহমান বণিক বার্তাকে বলেন, 'শ্রমিক অসন্তোষের কারণে বর্তমানে বেক্সিমকোর বস্ত্র খাতের ব্যবসা ভালো যাচ্ছে না। আগের তুলনায় আমাদের কার্যাদেশ কমে গেছে। রাজনৈতিক অস্থিরতা ও শ্রমিক অসন্তোষের কারণে সৃষ্ট পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা যাবে মর্মে আশ্বস্ত করা গেলে ক্রেতারা ফিরে আসবেন বলে আমাদের জানিয়েছেন। ব্যাংকগুলো আমাদের এলসি খোলার সুযোগ করে দিলে ব্যবসা চালু রেখে ক্রেতাদের পণ্য সরবরাহ করা সম্ভব হতো। ক্রেতাদের কাছ থেকে আশানুরূপ সাড়া না পাওয়ায় গত হিসাব বছরের প্রথম ও চতুর্থ প্রান্তিকে ব্যবসা কমে গিয়েছিল। তবে আমরা সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছি গত জুলাই-আগস্টে। আগস্ট ও সেপ্টেম্বরের বেতন দিতে দেরি হওয়ায় শ্রমিক অসন্তোষ তৈরি হয়েছে। আমাদের কাছে কোনো কাঁচামাল নেই, যা ছিল সেগুলো পুড়িয়ে দেয়া হয়েছে। সরকারের কাছ থেকে কিছু আর্থিক সহায়তা প্রয়োজন। এলসি খোলার ব্যবস্থা করে দিলে সমস্যা থাকত না। রফতানি না হলে ব্যবসা থেকে আয় হবে না। বর্তমানে যেসব কার্যাদেশ আছে, শ্রমিক অসন্তোষের কারণে কারখানায় কাজ হচ্ছে না। ফলে বিষয়টির সমাধান না হলে সামনের দিনগুলোয় ক্রেতাদের পণ্য সরবরাহ করা সম্ভব হবে না।'

দৈনিক ইত্তেফাক

বুধবার

৫ অগ্রহায়ণ ১৪৩১, ২০ নভেম্বর ২০২৪

# কেরানীগঞ্জের পোশাকশিল্পে সকাল থেকে গভীর রাত পর্যন্ত কাজ করে শিশুশ্রমিকরা

## সর্বজনীন শিশু দিবস আজ

■ রাবেয়া বেবী

ভোলার একটি গ্রাম থেকে আসা মেরাজ (১০) ঢাকার অদূরে কেরানীগঞ্জে একটি পোশাককারখানায় কাজ শুরু করে এ বছরের বৈশাখ মাসে। সকাল থেকে গভীর রাত পর্যন্ত কাজ করতে হয় তাকে। প্রথমে অসুবিধা হলেও এখন সে অভ্যস্ত হয়ে গেছে। সরকারি হিসাবে কেরানীগঞ্জের পোশাকশিল্পে মেরাজের মতো ১০ হাজার ২৫৬ শিশু শ্রমিক আছে। বেসরকারি হিসাবে এই সংখ্যা ১০-১২ হাজারের মধ্যে। এমন বাস্তবতায় আজ পালিত হচ্ছে সর্বজনীন শিশু দিবস। ১৯৮৯ সাল থেকে পালিত হচ্ছে দিবসটি।

মো. সুজন (১৬) সাত বছর ধরে কাজ করছে কেরানীগঞ্জে। সে এসেছে কুড়িগ্রাম থেকে। সুজন জানায়, তারা তিন ভাই কাজ করছে একই কারখানায়। তার বড় ভাই কারিগর, সে উৎপাদন অনুযায়ী মাসে ১৫-১৮ হাজার টাকা পায়। প্রতিটি পণ্য উৎপাদনে তাকে ২০ থেকে ২৫ টাকা দেওয়া হয়। আর সে ও তার মেজো ভাই এখনো সহকারী।

তারা পেটে-ভাতে কাজ করে সপ্তাহে ২৫০ টাকা হাত খরচ হিসেবে পায়। তিন বেলা খাবার ও কারখানাতে ঘুমানোর সুযোগ থাকে। এখানে কাজ করা শিশুরা জানায়, মেশিনে কাজ করার সময় তাদের সুঁইয়ের খোঁচা লাগে, রক্ত ঝরে। কারখানা থেকে বড় বড় কাপড়ের বোঝা শোরুমে পৌঁছে দেওয়ার সময় কেউ কেউ সিঁড়িতে পড়ে যায়, কখনো কাঁচিতে হাত কাটে। বৈদ্যুতিক শক লাগে। অবশ্য এমন ছোটখাটো দুর্ঘটনা তারা তেমন আমলে নেয় না।

স্থানীয় শ্রমিক ইউনিয়নের সভাপতি মো. ইকবাল হোসেন জানান, কেরানীগঞ্জের শ্রমিকদের বড় একটা অংশ শিশু শ্রমিক। অধিকাংশই ছেলে, মেয়ে শ্রমিক কম। কিছু শারীরিক নির্যাতন ও কম টাকা দেওয়ার অভিযোগ আছে, তবে শিশু শ্রমিকরা তা মেনে নিয়েই কাজ করে। কোনো সমস্যা হলে অনেক সময় তারা ব্যবস্থা নিতে পারে না।

বাংলাদেশ লেবার ফাউন্ডেশনের শিশুশ্রম ফোকাল পারসন পঙ্কজ কুমার রামানিক জানান, শিশুরা অনেক কাজ করলেও উপযুক্ত পারিশ্রমিক পায় না। দুই বছর তারা কারিগরের সহকারী হিসেবে বিনা পারিশ্রমিকে দৈনিক ১৬-১৮ ঘণ্টা কাজ করে। প্রোগ্রাম অফিসার সরওয়ার আলম শোভন বলেন, এখানে শিশুরা নেশাগ্রস্ত হয়, অসম বিয়ে করে, নারীরা যৌন নির্যাতনের শিকার হয়। তাদের কোনো জন্মনিবন্ধন নেই। তাই তাদের বয়স কম হলেও তারা একটু বেশি বলে কাজ করছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অনুশাখার অতিরিক্ত সচিব মো. সবুর হোসেন বলেন, কেরানীগঞ্জে ১৪ বছরের কম বয়সি ১০ হাজার ২৫৬ জন শ্রমিক আছে। যা শ্রম ও শিশু আইন পরিপন্থি। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লেবার ইন্সপেক্টর আব্দুস সাত্তার বলেন, তারা অনেক সময় কারখানার মালিকদের মৌখিকভাবে সতর্ক করেন, বোঝান। তারপর মামলা করেন। কিন্তু আদালত থেকে তারা পার পেয়ে যান। বাংলাদেশ লেবার ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক একেএম আশরাফ উদ্দিন মুকুট বলেন, তাদের দুই বছর আগে করা জরিপ অনুযায়ী এখানে ২ হাজারের বেশি শিশু শ্রমিক কমেছে। তার পরও এখানে ১০ থেকে ১২ হাজার শিশু শ্রমিক আছে। সরকার ও বেসকারি কার্যক্রমের ফলে এখানে সচেতনতা বেড়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) জাতীয় শিশুশ্রম জরিপ ২০২২-এর পূর্ণাঙ্গ প্রতিবেদন অনুযায়ী, দেশে প্রায় ১ লাখ শিশু শ্রমিক বেড়েছে। সর্বশেষ হিসাবে, দেশে এখন ৩৫ লাখ ৩৬ হাজার ৯২৭ জন শিশু শ্রমিক আছে।

অতিরিক্ত সচিব মো. সবুর হোসেন আরো বলেন, 'আমরা আরএমজি সেক্টরকে শিশুশ্রমমুক্ত করতে পেরেছি। কেরানীগঞ্জসহ আরো যেসব সেক্টরে শিশুরা শ্রমে আছে, তা নিরসনে একশনপ্ল্যান করা হচ্ছে। এর জন্য শিগ্‌গিরই আটটি বিভাগে কর্মশালা করা হবে।'

আইএলও-এর শিশুশ্রম ফোকাল পারসন মুনিরা সুলতানা বলেন, এখনো অনেক বড় একটি সংখ্যার শিশুশ্রম রয়েছে। অনেকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে। আবার দশ বছর আগের অবস্থানে ফিরে গেছে বাংলাদেশের শিশুশ্রম পরিস্থিতি, যা খুবই উদ্বেগজনক।

শ্রমিক অধিকারবিষয়ক সংস্কার কমিশনের প্রধান বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহমেদ বলেন, প্রজেক্ট-নির্ভর কাজ করে শিশুশ্রম নিরসন সম্ভব নয়। এজন্য সমন্বিত অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় জনগোষ্ঠী, স্থানীয় প্রশাসনকে যুক্ত করে কাজ করতে হবে। এখনো অনেক শিশু ব্যাটারি রিসাইকেলিং, প্লাস্টিক কারখানায় কাজ করছে, যা দুঃখজনক।



কেরানীগঞ্জের একটি পোশাক কারখানায় ১০ বছরের মেরাজ সকাল থেকে গভীর রাত পর্যন্ত কাজ করে —রফিকুল ইসলাম

শোভন কাজ

কালের কণ্ঠ বুধবার । ২০ নভেম্বর ২০২৪ । ৫ অ

# গার্মেন্টসে উত্তেজনা কেন থামছে না?



গাজীপুরের চন্দ্রা-নবীনগর সড়কে গতকাল পোশাক শ্রমিকরা বিক্ষোভ করেন। ছবি : কালের কণ্ঠ

এম সায়েম টিপু ▷

সরকারের নানা উদ্যোগের পরও পোশাক খাতের শ্রম অসন্তোষ ও অস্থিরতা কাটছে না। দফায় দফায় মালিক, শ্রমিক ও সরকার ত্রিপক্ষীয় বৈঠকে শ্রমিকদের ১৮ দফা দাবি মেনে নেওয়ার পরও শ্রম অসন্তোষ পুরোপুরি কাটানো সম্ভব হয়নি। এ ছাড়া সরকারি ব্যবস্থাপনায় ন্যায্য মূল্যে শ্রমিকদের নিত্যপ্রয়োজনীয় পণ্য দেওয়া হচ্ছে। তার পরও পোশাক শিল্পাঞ্চলে শ্রম অসন্তোষ মাথাচাড়া দিয়ে উঠছে।

সংশ্লিষ্ট ব্যক্তিরা মনে করছেন, সরকারকে অস্থিতিশীল করার জন্য ধাপে ধাপে পরিকল্পিতভাবে এই অস্থিরতা তৈরি করা হচ্ছে। এর পেছনে আওয়ামী লীগের উসকানি, ঝুট সন্ত্রাস, ভারতের সঙ্গে অসম প্রতিযোগিতা এবং মালিকদের পেটোয়া বাহিনীর যোগসূত্র থাকতে পারে।

এই অবস্থা থেকে উত্তরণে আওয়ামী লীগ সরকারের সুবিধাভোগী ১৫ থেকে ২০ জন পোশাক শিল্পের মালিককে কঠোর নজরদারিতে আনা গেলে এই শ্রম অসন্তোষ থামানো সম্ভব বলে মনে করছেন তারা। তাদের মতে, শ্রম অসন্তোষে পেছন থেকে কমবেশি ৫০ জন মালিক ইন্ধন দিচ্ছেন।

শ্রমিক নেতারা জানান, ৯৫ শতাংশ কারখানায় শ্রমিক অসন্তোষ ঘটে বকেয়া বেতনের জন্য। তবে এখন প্রায় পাঁচ হাজার কারখানার মধ্যে মাত্র কয়েকটিতে বকেয়া রয়েছে। এমন বকেয়া আগেও ছিল। এবার রাজনৈতিক পটপরিবর্তনের সুযোগ নিয়ে সরকারকে বেকায়দায় ফেলতে কিছু অতি উৎসাহী শ্রমিক উদ্ভট সব দাবি করে প্রথমে কারখানার চাকা বন্ধ করে। পরে তাদের রাস্তায় নামিয়ে দেয়।

এদিকে বিজিএমইএর তথ্য অনুসারে, গতকালও মহাসড়ক অবরোধ করে আন্দোলন করেছেন দুই কারখানার শ্রমিকরা। গাজীপুর মহানগরীর জিরানী ও চক্রবর্তী এলাকার দুটি কারখানার শ্রমিকরা এক মাসের বকেয়া বেতনসহ বিভিন্ন দাবিতে চন্দ্রা-নবীনগর মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন।

শ্রমিকরা জানান, বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে পোশাক ও সিরামিক কারখানায় ৪১ হাজার কর্মী রয়েছেন। এর মধ্যে আরএমজি কারখানার শ্রমিকরা সপ্তাহখানেক ধরেই সড়ক অবরোধ করে গত মাসের বকেয়া বেতন পরিশোধের দাবি জানাচ্ছেন। অন্যদিকে জিরানী ডরিন ফ্যাক্টরির ১৩ জন স্টাফ ছাঁটাই ও কারখানা খুলে দেওয়ার দাবিতে গতকাল সকাল থেকে একই মহাসড়ক অবরোধ করে আন্দোলন করছেন ওই কারখানার শ্রমিকরা।

তবে মূল্যস্ফীতি আর মজুরি বকেয়ার ফলে শ্রমিকদের অসুবিধায় পড়তে হচ্ছে। মজুরি না পেলে প্রথমে তারা বাড়িওয়ালার রোষানলে পড়েন। পরে মুদি দোকানের মাসিক বকেয়া নিয়ে অসম্মানের শিকার হতে হয়। এর ফলে বাধ্য হয়ে শ্রমিকদের মাঠে নামতে হয়।

চলমান শ্রমিক অসন্তোষে বেক্সিমকো গ্রুপের কারখানাসহ অন্য কয়েকটি কারখানার অসন্তোষ পরিকল্পিতভাবে ঘটানো হচ্ছে বলে মন্তব্য করেছেন সম্মিলিত গার্মেন্টস শ্রমিক ঐক্য ফোরামের সভাপতি নাজমা আক্তার। তিনি বলেন, চলমান শ্রমিক অসন্তোষ সৃষ্ট, রাজনৈতিক। বেশির ভাগ কারখানার মালিক আওয়ামী লীগ সরকারের দোসর। বর্তমান সরকারকে বেকায়দায় ফেলতে এই অসন্তোষ।

জাতীয় গার্মেন্ট শ্রমিক ফেডারেশনের সভাপতি আমিরুল হক আমিন কালের কণ্ঠকে বলেন, 'কয়েকটি কারখানার বকেয়া থাকতে পারে। এটাকে পুঁজি করে আগুনে ঘি ঢেলে দিচ্ছেন কিছু ব্যবসায়ী। এমন ব্যবসায়ীর সংখ্যা ৫০ জনের বেশি হবে না। এদের ১৫ থেকে ২০ জনকে কঠোর নজরদারিতে আনা গেলে এই সংকট শিগগিরই থেমে যাবে।'

পোশাক খাত নিয়ে কয়েকজন শ্রমিক নেতা উদ্বেগ প্রকাশ করে কালের কণ্ঠকে জানান, ক্ষমতার পালাবদলের পর পোশাক কারখানায় কাজ কমছে। ক্রেতারা এখন কার্যাদেশ কমিয়ে দিয়েছে। এর সুযোগ নিচ্ছে প্রতিযোগী দেশ। তাদের রপ্তানি আয় বাড়ছে। ভারত সরকার নানা ধরনের প্রণোদনা দিয়ে পোশাক খাতকে উৎসাহিত করছে।

এদিকে বিজিএমইএর সাবেক এক নেতা নাম প্রকাশ না করার শর্তে জানান, শ্রমিক অসন্তোষ নিরসনে আন্তরিক নয় বিজিএমইএ সহায়ক কমিটি। সরকার সম্প্রতি বিজিএমইএ পরিচালনা পর্ষদ ভেঙে প্রশাসক নিয়োগ করে। প্রশাসককে সহায়তার জন্য সহায়ক কমিটিও করা হয়। কিন্তু সেই কমিটিও কার্যকর ভূমিকা রাখছে না বলে অভিযোগ রয়েছে বিজিএমইএ সদস্যদের।

নিট পোশাক খাতের সংগঠন বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, 'সরকার পতনের পর তৈরি পোশাক খাতের শ্রমিক অসন্তোষ তীব্র আকার ধারণ করে। সরকারের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তার আশ্বাস দেওয়ার পরও পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে না। এর সঙ্গে বকেয়া বেতন, ঝুট ব্যবসা নিয়ন্ত্রণ ও বিদেশি ষড়যন্ত্র, রাজনৈতিক পট পরিবর্তনে কিছু কারখানা মালিকের অনুপস্থিতিও শ্রমিক অসন্তোষ সৃষ্টিতে ভূমিকা রাখছে। এই পরিস্থিতিতে ১০-১৫ শতাংশ ক্রয়াদেশ বাতিল হয়ে গেছে। কয়েকটি দেশ এই সুযোগ ব্যবহার করে ক্রেতাগোষ্ঠী টানার চেষ্টা করছে।'

## টাকার সংকটে বেক্সিমকোর ২৪ কারখানা বন্ধ, শ্রমিকদের বেতন পরিশোধ অনিশ্চিত

একসময়ের দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী বেক্সিমকো গ্রুপ বর্তমানে চরম আর্থিক সংকটে ভুগছে। এই সংকটের কারণে শাইনপুকুর সিরামিকস বন্ধ হয়ে যাওয়ার পর প্রতিষ্ঠানটির বন্ধ কারখানার সংখ্যা দাঁড়িয়েছে ২৪টিতে।

গত আগস্ট থেকে বেক্সিমকোর কারখানাগুলো কাঁচামাল আমদানির জন্য এলসি (লেটার অব ক্রেডিট) খুলতে না পারায় উৎপাদন বন্ধ রাখতে বাধ্য হয়েছে। গাজীপুরের চন্দ্রা-নবীনগর মহাসড়কে শ্রমিকদের টানা পাঁচ দিনের অবরোধের পর এই সংকট আরো প্রকট হয়ে ওঠে।

সমকাল | বৃহস্পতিবার | ২১ নভেম্বর ২০২৪

# শিশুশ্রম, বাল্যবিয়ে বাড়ছে

■ আবু সালেহ রনি, উপকূলীয় এলাকা থেকে ফিরে

সুন্দরবন-সংলগ্ন চুনকড়ি নদীতে কাঁকড়া ধরতে গিয়ে ২০১৭ সালে বাঘের আক্রমণে প্রাণ হারান সাতক্ষীরার শ্যামনগর উপজেলার ভেটখালী গ্রামের মৃণাল রাজবংশী। তাঁকে হারিয়ে তিন মেয়েকে নিয়ে 'অথৈ সাগরে' পড়েন স্ত্রী কল্পনা ধীবর। স্কুলপড়ুয়া মেয়েদের নিয়ে নদীতে মাছ ধরার কাজে লেগে যান তিনি। ছোট মেয়ে সীমার বয়স তখন ৯ বছর। পরে একে একে বিয়ে দেন মেয়েদের। সর্বশেষ গত ১৬ সেপ্টেম্বর সুন্দরবন মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী সীমাকে পার্শ্ববর্তী উপজেলার চাইলখোলা গ্রামে বিয়ে দেওয়া হয়। সীমা তার শ্বশুরবাড়িতে থাকলেও সেখানে কখনও যাওয়া হয়নি তার মায়ের।

তিন মেয়ের 'বাল্যবিয়ে' প্রসঙ্গে কল্পনা ধীবর সমকালকে বলেন, 'নদীতে মাছ ধরে, ছুটা (অনিয়মিত) কাজ করে পেট চলত না। ভাইসহ আত্মীয়স্বজন থেকে চেয়েচিন্তে চলতে হতো। বড় মেয়েকে বিয়ে দেওয়ার পর জামাইও সাহায্য করে। তা দিয়েও চলা যায় না। প্রতিবেশীরা বললেন, দেশের পরিস্থিতি ভালো না। ভালো পাত্র পাইলে মেয়েরে বিয়ে দিতে। সবার কাছ থেকে সাহায্য নিয়ে মেয়েদের বিয়ে দিছি।' সীমার জামাই ইটভাটায় কাজ করে জানিয়ে তিনি বলেন, 'জামাইয়ের বয়স বেশি না। ২১-২২ বছর হবি। বাড়িঘরও যাইনি। মেয়ে-জামাই ওহন কাজ করে খাবি।' তিনি এলাকায় গৃহস্থালি কাজের পাশাপাশি অন্যদের সহযোগিতা নিয়ে চলবেন বলে জানান।

সাতক্ষীরার শ্যামনগরের রমজাননগর ইউনিয়নের আরিফ হোসেন আবদুল্লাহ স্থানীয় কালিঞ্চি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির ছাত্র। স্কুলের খাতায় নাম থাকলেও এখন সে মাছ শিকারি। মা সফুরা খাতুনের সঙ্গে মাছ ধরার পাশাপাশি নৌকা চালিয়ে জীবন চলে তার।

গৃহহীন সফুরা সমকালকে বলেন, "ছেলের বয়স যখন এক বছর, তখনই স্বামী চলে যায়। আবার বিয়ে করে। তখন থেকে উপায় না পেয়ে 'জনমজুরি' করছি। মাটি কাটা, ঘেরে ছেল্লা (আবর্জনা পরিষ্কার) দেওয়ার কাজ করতাম। ওহন নদীতে বাগদা পোনা ধরি। নদীতে পোনা না থাকলে ঘেরে সার-তামাক বিছানোর কাজ করি। ছেলেও এখন সাহায্য দেয়।" আরিফের পড়াশোনা বন্ধের বিষয়ে তিনি বলেন, 'পড়াইলে ভালো হতো। কিন্তু প্রাইভেট দিতি পারি না। ঠিকমতো স্কুল পাঠাতি পারিনি। নদী এলাকায় বাড়ি, গাঙ না পাড়ি দিয়ে স্কুলে যাওয়া যায় না। ওহন ছেলে একবেলা কামলা দিলি ১০০-২০০ টাকা পায়।' এ ছাড়া তিনি দুপুর ২টা পর্যন্ত কাজ করলে ২৫০ টাকা মজুরি পান বলে জানান।

দারিদ্র্যের কারণে স্কুল ছেড়ে শ্রমে যুক্ত হওয়ার ঘটনা শুধু সীমা ও আরিফের ক্ষেত্রেই নয়, দেশের উপকূলীয় প্রায় সব জেলা ও উপজেলায় এমন ঘটনা ঘটছে অহরহ। অথচ শিশু আইন-২০১৩, জাতীয় শিশু নীতিমালা-২০১১, জাতীয় শিক্ষা নীতিমালা-২০১০, জাতীয় শিশুশ্রম নিরোধ নীতিমালা-২০১০ এবং শিশু অধিকারসংক্রান্ত অন্য বিধিমালা অনুযায়ী সরকারেরই শিশুদের সুরক্ষা দেওয়ার কথা। বাস্তবে আইন ও নীতিমালা কাগজে-কলমেই আটকে আছে।

সুন্দরবন-সংলগ্ন উপকূলীয় পাঁচ উপজেলায় গিয়ে জানা যায়, রাজনৈতিক অস্থিরতায় প্রশাসনের নিষ্ক্রিয়তা বেড়েছে। এতে বাল্যবিয়ের প্রবণতা বেড়েছে। তা ছাড়া জলবায়ুর পরিবর্তনজনিত দারিদ্র্যের কারণেও উপকূলের নারী-পুরুষকে তাদের শিশুদের নিয়ে প্রতিকূল পরিবেশের মধ্যে খাদ্য, জ্বালানি ও বিশুদ্ধ পানি সংগ্রহ করতে বেশি শ্রম দিতে হচ্ছে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে শিশুরা। অপ্রাপ্ত বয়সী কিশোরীরা প্রজনন স্বাস্থ্যসেবা থেকেও বঞ্চিত হচ্ছে। জীবন-জীবিকা হুমকির মুখে থাকায় অনেক পরিবার উদ্বাস্তু হয়ে পড়ছে। অনেকে ঝড়-জলোচ্ছ্বাস, লবণাক্ত পানি বৃদ্ধিতে চাষাবাদের সমস্যা, নদীভাঙনসহ নানা কারণে উপকূলীয় এলাকা ছেড়ে অন্যত্র বসতি গড়েছেন।

**শিক্ষার্থী ঝরে পড়ার চিত্র**

সাতক্ষীরা জেলা শিক্ষা অফিসের তথ্য অনুযায়ী, তিন উপকূলীয় উপজেলা আশাশুনি, কালিগঞ্জ ও শ্যামনগরে ২০২৩ সালে শিক্ষার্থী ঝরে পড়ার হার

[শেষ পৃষ্ঠার পর]

বেড়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ঝরে গেছে কালিগঞ্জে ১৬১ জন। এ ছাড়া শ্যামনগরে ১১২ ও আশাশুনিতে ৩৩ শিক্ষার্থী প্রাথমিক পর্যায়ে স্কুল ছেড়েছে। তবে মাধ্যমিকে শিক্ষার্থী ঝরে পড়ার হার সবচেয়ে বেশি। সাধারণত সপ্তম থেকে নবম শ্রেণিতে মেয়েদের বিয়ে হয়ে থাকে। আর ছেলেরা মাধ্যমিক পরীক্ষার আগে বা পরীক্ষায় ফেল করার পর স্কুল ছেড়ে দেয়। প্রতিবছর প্রায় ৪০০ শিক্ষার্থী প্রতিটি উপজেলায় ঝরে যায় বলে গড় হিসাব জানিয়েছেন শিক্ষক ও কর্মকর্তারা।

শ্যামনগর উপজেলা শিক্ষা অফিসের তথ্য অনুযায়ী, ২০২০ সালে উপজেলার ৪৬টি বিদ্যালয়, ৩৬টি মাদ্রাসা ও তিনটি কারিগরি (ভোকেশনাল) বিদ্যালয়ে ৫ হাজার ৬৫৭ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত ছিল। ওই বছরের পরীক্ষার্থীরাই ২০২৩ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষায় অংশ নিয়েছিল। তখন এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয় মাত্র ৩ হাজার ২৯৩ জন। অর্থাৎ, ২ হাজার ৩৬৪ শিক্ষার্থী ঝরে পড়েছে। চলতি বছর শেষে এই সংখ্যা আরও বাড়বে।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ২০২৩ সালের সর্বশেষ প্রতিবেদনে জানিয়েছে, ২০১৯ সালে দেশে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ছিল ৯২ লাখের বেশি। এ বছর তা কমে দাঁড়িয়েছে ৮১ লাখ ৬৬ হাজারে। তবে যেসব কলেজে মাধ্যমিক শ্রেণিও পড়ানো হয়, সেগুলোতে শিক্ষার্থী ১ লাখ ৮০ হাজারের মতো বেড়েছে।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে উপকূলীয় এলাকার ৮০ ভাগ শিশুই প্রাথমিকের পরে আর শিক্ষাপ্রতিষ্ঠানমুখী হচ্ছে না বলে এক গবেষণা প্রতিবেদনে জানিয়েছে ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি ও ডিএম ওয়াচ। গত মার্চে যৌথ গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, দক্ষিণ উপকূলের ভোলা, সাতক্ষীরা, বরিশাল ও খুলনার প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সবচেয়ে বেশি দুর্ভোগে নারী-শিশুরা। খুলনা, বরিশালে ৫০ ভাগ হলেও ভোলা ৭৮ ও সাতক্ষীরায় ৬৫ দশমিক ৭ ভাগ নারী-শিশু খাদ্যকষ্টে ভুগছে।

**সাম্প্রতিক প্রবণতা**

উপকূলীয় এলাকায় শিক্ষার্থী ঝরে পড়ার সাম্প্রতিক প্রবণতা প্রসঙ্গে শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী করেই মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুব আলী সমকালকে বলেন, দারিদ্র্যের কারণে শিক্ষার্থী ঝরে পড়ার হার খুব বেশি। কিন্তু দরিদ্র কেন– সেটা খতিয়ে দেখলে দেখা যাবে, এখানে ঝড়-জলোচ্ছ্বাস, বন্যা ও খরা লেগে থাকে। মিঠাপানি নেই। লবণাক্ততার কারণে ফসলও তেমন হয় না। এ কারণে স্থানীয়দের মধ্যে নানা অনিশ্চয়তা কাজ করে। এ থেকেই তৃতীয়-চতুর্থ শ্রেণিতে থাকা অবস্থায় শিশুদের মাছের পোনা সংগ্রহের কাজে লাগানো হয়। বেশির ভাগ ক্ষেত্রে প্রাইমারির পর আর তারা পড়াশোনা করতে চায় না।

তিনি আরও বলেন, অনেক ক্ষেত্রে বিভিন্নভাবে অভিভাবকদের বুঝিয়ে শিক্ষার্থীদের মাধ্যমিক পর্যায়ের ক্লাসে আনা হলেও সেটা কার্যকর হয় না। অধিকাংশ শিক্ষার্থী এসএসসি পরীক্ষার আগে ও পরে ঝরে যায়। অধিকাংশ অভিভাবক মেয়েদের সপ্তম থেকে নবম শ্রেণিতে থাকা অবস্থায় বিয়ে দেন। মেয়েরাও মাছ ধরে। ছেলেরা মাছ ধরার পাশাপাশি ইটভাটায় কাজ করে।

তিনি জানান, চলতি বছর তাঁর স্কুলে ষষ্ঠ শ্রেণিতে ৮১ জন ভর্তি হলেও আছে ৬৩ জন, সপ্তম শ্রেণিতে ৬৫ জন থেকে আছে ৪৫, অষ্টম শ্রেণিতে ৬৮ জন থেকে আছে ৪৪, নবম শ্রেণিতে ৪৯ জন থেকে আছে ৩৫ এবং দশম শ্রেণিতে ৩৯ জন থেকে এখন আছে ৩৪ জন। অর্থাৎ, সব মিলিয়ে এই স্কুল থেকেই ৮২ জন শিক্ষার্থী ঝরে গেছে। এর মধ্যে ৫৭ জন মেয়ে।

শ্যামনগর উপজেলার কাশিমাড়ির নাইম ইসলাম, আল মামুন, সাব্বির রহমান, মনজরুলসহ অসংখ্য শিশুশ্রমিক এখন ইটভাটায় কাজে যুক্ত। আল হাছান, এমদাদুল হক, আজমীর, মাহফুজ, আবু রায়হান, বর্ষণসহ অনেকে ঘেরে কাজ করছে। তারা সবাই স্কুলশিক্ষার্থী। স্কুলের খাতায় কারও কারও নাম থাকলেও কাজে যুক্ত হয়েছে।

কথা হয় হেতালখালীর আবু রায়হানের সঙ্গে। সে জানায়, তারা দুই ভাইবোন। পরিবারে দাদি ও বাবা-মা আছেন। মাছ ধরে ৮ থেকে ১২ হাজার টাকা পর্যন্ত মাসে আয় হয়। দিনে ৫-৬ ঘণ্টা কাজ করতে হয়। পাঁচজনে মিলে প্রতিদিন ১০০ থেকে ২০০ কেজি পর্যন্ত মাছ ধরে। মাছ ধরা অনুযায়ী বিক্রির পর প্রতি কেজি ১৫ থেকে ২০ টাকা হারে কমিশন পেয়ে থাকে।

শ্যামনগর উপজেলা প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি দিনেশ চন্দ্র মণ্ডল সমকালকে বলেন, শিক্ষার্থী ঝরে পড়ছে– এটি প্রশাসনসহ সবাই মেনে নিয়েছে। অভিভাবকদের অসচেতনতা, দরিদ্রতা, জলবায়ুর প্রভাবও দায়ী। সরকার বিনামূল্যে পড়াশোনা এবং বইয়ের ব্যবস্থা করে দিচ্ছে। তবুও শিক্ষার্থীদের ক্লাসে ধরে রাখা যাচ্ছে না। আগে স্কুলে শিক্ষার্থীদের বিস্কুট দেওয়া হতো। এখন তা বন্ধ। পড়াশোনা ছাড়াও শিশুর অন্য অনেক খরচ আছে, অনেক সমস্যা আছে; সেগুলোর দিকে সরকারের নজর দেওয়া উচিত।

**প্রশাসনের তৎপরতা**

শ্যামনগর উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ২০২০ সাল থেকে গত ১৯ নভেম্বর পর্যন্ত এই উপজেলায় ৪৭টি বাল্যবিয়ে বন্ধ করা হয়েছে। এর মধ্যে চলতি বছরই ১৩টি। সরকারি তথ্য অনুযায়ী, ২০১৫ থেকে ২০২৩ সালের মার্চ পর্যন্ত সারাদেশে প্রায় ১৪ হাজার বাল্যবিয়ে বন্ধ করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা রনি খাতুন সমকালকে বলেন, উপকূলীয় এলাকায় নানা ধরনের সমস্যা রয়েছে। প্রশাসন শিশুশ্রম বন্ধের পাশাপাশি বাল্যবিয়ে রোধে ভূমিকা রাখছে। এ-সংক্রান্ত তথ্য পেলেই ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে এ সমস্যা সমাধানে সামাজিক আন্দোলনের পাশাপাশি অভিভাবকদের সচেতনতাও জরুরি। শুধু প্রশাসনের পক্ষে সমস্যার সমাধান করা দুরূহ।

সাতক্ষীরার জেলা প্রশাসক মোস্তাক আহমেদ বলেন, শিক্ষার্থী ঝরে পড়ার বিষয়টি আমাদের নজরেও এসেছে। জেলার দায়িত্বপ্রাপ্ত সব শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষকদের ঝরে পড়া শিক্ষার্থীদের পরিবারগুলোর সঙ্গে যোগাযোগের নির্দেশ দেওয়া হয়েছে। আশা করা হচ্ছে, এতে ইতিবাচক ফল পাওয়া যাবে।

বিশিষ্ট আইনজীবী জেড আই খান পান্না সমকালকে বলেন, উপকূলীয় এলাকাসহ প্রান্তিক পর্যায়ের মানুষের অবস্থা শোচনীয়। এর মূল কারণ অর্থনীতি। সরকারের অধিকাংশ কর্মকাণ্ড ঢাকাকেন্দ্রিক এবং সচিবালয়ের মধ্যে সীমাবদ্ধ হয়ে যাচ্ছে। এতে দরিদ্র, হতদরিদ্র মানুষ বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাষ্ট্রকে অবশ্যই আইন অনুযায়ী শিশুদের দায়িত্ব নিতে হবে। শিশুদের ভবিষ্যৎ হুমকির মুখে থাকবে– এটি মেনে নেওয়া যায় না।

সমকাল | বুধবার | ২০ নভেম্বর ২০২৪

# শ্রম পরিবেশে দ্রুত উন্নতি চায় উন্নয়ন সহযোগীরা

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশে শ্রম পরিবেশের উন্নয়ন লক্ষ্যগুলোর দ্রুত বাস্তবায়ন চায় উন্নয়ন সহযোগীরা। রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলকে (ইপিজেড) অন্তর্ভুক্ত করে অভিন্ন শ্রম আইন প্রণয়নে বর্তমান আইন সংশোধনে আর কালক্ষেপণ না করার পরামর্শ দিয়েছেন উন্নয়ন সহযোগী পাঁচ দেশ ও সংস্থার প্রতিনিধিরা। শ্রমিকদের সংগঠিত হওয়ার সুযোগ দিতে ট্রেড ইউনিয়ন গঠন প্রক্রিয়া আরও সহজ করার তাগিদ দিয়েছেন তারা। এসব উন্নয়ন লক্ষ্যসহ আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) এ-সংক্রান্ত পথনকশার অগ্রগতি সম্পর্কে তারা জানতে চেয়েছেন।

গতকাল মঙ্গলবার ঢাকায় অনুষ্ঠিত '৩+৫+১' সংলাপে পাঁচ দেশ ও সংস্থার পক্ষ থেকে এসব কথা বলা হয়। অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষ থেকে আইএলওর পথনকশা অনুযায়ী শ্রম খাতের বিভিন্ন অগ্রগতি তুলে ধরা হয়। বাকি কাজ শেষ করতে না পারার কারণ হিসেবে করোনা অতিমারি, করোনার পরে জাতীয় নির্বাচন ও সব শেষ ছাত্রদের নেতৃত্বাধীন গণঅভ্যুত্থান ও সরকার পরিবর্তনের বিষয়গুলো জানানো হয় বাংলাদেশের পক্ষ থেকে। শ্রম পরিবেশে উন্নয়নে আইএলও, ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে দেওয়া শর্তগুলোর শতভাগ বাস্তবায়নে আরও সময় চেয়েছেন সরকারের কর্মকর্তারা।

রানা প্লাজা ধস ও তাজরীন ফ্যাশনস অগ্নিকাণ্ডের পর থেকে বাংলাদেশের শ্রম খাতের প্রয়োজনীয় সংস্কার ও সাসটেইনেবিলিটি কমপ্যাক্ট বাস্তবায়নে ২০১৪ সালের অক্টোবর থেকে এ সম্পর্কিত অগ্রগতি পর্যবেক্ষণ করে আসছে উন্নয়ন অংশীদাররা। বাংলাদেশ সরকারের বাণিজ্য, শ্রম ও কর্মসংস্থান এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী ইইউ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও জার্মানি এবং আইএলওর মধ্যে শ্রম খাতের টেকসই সংস্কার বিষয়ে অগ্রগতি নিয়ে নিয়মিত বৈঠক হয়। এটিকে '৩+৫+১ বৈঠক' বলা হয়ে থাকে।

**সংলাপ ৩+৫+১**

- আইন সংশোধনে কালক্ষেপণ না করার পরামর্শ
- ট্রেড ইউনিয়ন গঠন প্রক্রিয়া সহজ করার তাগিদ
- শর্তের শতভাগ বাস্তবায়নে সময় চেয়েছে সরকার

বিগত বছরগুলোতে সংলাপ শেষে গণমাধ্যমকে এ বিষয়ে অবহিত করা হয়। তবে এ বছর ব্রিফ করা হয়নি।

বৈঠক সূত্রে জানা যায়, এতে আইএলওর পথনকশা বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা হয়েছে। এতে বলা হয়, শ্রম খাতের উন্নয়নে বাংলাদশ একটি জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) গ্রহণ করছে। এ পরিকল্পনা আইএলও গভর্নিং বডির কাছে বাংলাদেশ সরকারের উপস্থাপিত রোডম্যাপের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত।

বৈঠকে রানা প্লাজা ধসের পর যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যের শুল্কমুক্ত সুবিধা জিএসপি স্থগিতের পর এ সুবিধা ফেরত দিতে মার্কিন বাণিজ্য প্রতিনিধির কার্যালয়ের (ইউএসটিআর) পক্ষ থেকে দেওয়া ১৬ শর্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। এ ছাড়া ইইউর ডিউডিলিজিন্সের সঙ্গে সংগতিপূর্ণ বাংলাদেশের জাতীয় কর্মপরিকল্পনার (এনপিএ) বাস্তবায়ন কোন পর্যায়ে রয়েছে– সে বিষয়ে জানতে চায় উন্নয়ন সহযোগীরা। এ বিষয়ে বাংলাদেশের পক্ষ থেকে সর্বশেষ অগ্রগতি তুলে ধরা হয়েছে।

বৈঠক সূত্র জানায়, অন্যান্য বিষয়ের সঙ্গে ২০২৩ সালে সর্বনিম্ন মজুরির দাবিতে আন্দোলনে যাদের বিরুদ্ধে মামলা হয়েছে– তার একটা গ্রহণযোগ্য সমাধান, ট্রেড ইউনিয়ন গঠন প্রক্রিয়া সহজ করা, শ্রমিকদের কালো তালিকাভুক্ত না করাসহ ন্যাশনাল ট্রাইপাট্রাইট কনসালটেটিভ কাউন্সিলকে (এনটিসিসি) আরও কার্যকর ভূমিকায় দেখতে চান বলে জানান রাষ্ট্রদূতরা।

বৈঠকে উপস্থিত একজন রাষ্ট্রদূত নাম প্রকাশ না করার শর্তে সমকালকে বলেন, এলডিসি থেকে উত্তরণের পর বাংলাদেশকে শ্রম খাতের প্রয়োজনীয় সংস্কারগুলো করতে হবে। আগামী ছয় মাস থেকে এক বছরের মধ্যে আবশ্যকীয় সংস্কারের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন তারা। বাংলাদেশের এ সংস্কার কার্যক্রমসহ শ্রম খাতের যে কোনো উন্নয়নে তারা পাশে থাকবেন। এলডিসি থেকে উত্তরণের পর বাজারে প্রবেশ নিয়ে কোনো সংকটে পড়বে না বাংলাদেশ।

বৈঠকে উপস্থিত একাধিক কর্মকর্তা সমকালকে জানান, শ্রম খাতের উন্নয়নে সরকারের সদিচ্ছা এবং পদক্ষেপ নিয়ে উন্নয়ন সহযোগীরা সন্তুষ্ট। যেসব শর্ত পূরণ হয়নি, সেগুলো অর্জন না হওয়ার কারণও যে যুক্তিসংগত, সেটা তারা বুঝতে পেরেছেন। তবে শ্রম আইনের সংশোধনে যাতে অযথা কালক্ষেপণ না করা হয়, সে পরামর্শ দিয়েছেন তারা। অন্তর্বর্তী সরকারকে সব ধরনের সহযোগিতা দেওয়ার আশ্বাস দিয়েছে উন্নয়ন সহযোগীরা।

THE FINANCIAL EXPRESS
November 21, 2024

# Minimum Wages Board gets three new permanent members

FE REPORT

The government has appointed three new permanent members to the Minimum Wages Board, with two of them being the representatives of owners and workers.

The other has been appointed as an independent member. The labour and employment ministry issued a notification in this regard on November 18, announcing the new members.

According to the notification, Asif Ayub, joint secretary general of Bangladesh Employers' Federation (BEF), has been appointed as the owners' representative. He replaced Moksud Belal Siddiqui, deputy secretary general of BEF.

On the other hand, Anwar Hossain, president of Bangladesh Jatiyatabadi Sramik Dal, will be representing workers. He succeeded Sultan Ahmad, joint secretary of Jatiya Sramik League.

Besides, Md Nazim Uddin Bhuiyan, a professor in the Department of Accounting and Information Systems at Dhaka University, has been appointed as an independent member. He replaced Md Kamal Uddin, another Dhaka University professor.

The Minimum Wages Board comprises six members led by its chairman. In addition to the two permanent representatives of owners and workers as well as the independent member, the board has two temporary members, who are appointed from respective sectors at the time of wage review.

According to the labour law, wages are reviewed for the country's 42 formal sectors every five years. However, according to a recent study, out of the 42 formal sectors, around 20 have not seen any regular wage increase in the last six to forty years.

Without clear calculations and economic justifications, the wage-setting process may lack transparency and fairness, which could lead to dissatisfaction from both workers and employers, the law says.

Munni_fe@yahoo.com

NEW AGE SATURDAY, NOVEMBER 23, 2024,

# Justice for Tazreen Fashions fire victims demanded

**Staff Correspondent**

SPEAKERS, including labour rights activists, on Friday demanded justice for the killing of more than a hundred Tazreen Fashions workers in a factory fire at Ashulia on November 24, 2012.

At a book launch event, they also called on the workers from different sectors to unite in seeking justice for all structural killings of the workers.

Bangladesh Garment Sramik Samhati, a garment workers' rights organisation, launched the book titled 'Killing of Tazreen Workers: A Tale of Fire and Life' as part of its programme marking 12th anniversary of the fire at Bishwo Shahitto Kendro in the capital's Bangla Motor.




Guests hold the copies of the book titled *Tazreene Shramik Hatya: Agun O Praner Galpa* at its launching ceremony at the Bishwa Sahitya Kendra in the capital's Bangla Motor on Friday. — New Age photo

Mizanur Rahim Chowdhury, general secretary of the Bangladesh Garment Sramik Samhati, said that the workers of Tazreen Fashions lost their lives due to negligence by the Tazreen Fashions owner and now ousted Awami League government.

Instead of punishing the culprit, the then Awami government rewarded Delwar Hossain, who was charged with causing the death of the victims through negligence, by appointing him as the president of the Awami Matsyajibi League's Dhaka north unit in 2022.

'We hope that all the culprits will be brought to justice,' he added.

Presiding over the event online, Bangladesh Garment Sramik Samhati president Taslima Akhter called on all to unite for justice for all workers' killings and uphold the dignity of workers.

Samina Lutfa, an associate professor of sociology at Dhaka University, stated that little progress was made in the cases filed over the Tazreen Fashions fire in these 12 years.

She said that while workers' rights remained unachieved even after devastating incidents like the Tazreen fire, in just three months of the July-August student-led mass uprising, law enforcers under the Nobel laureate Muhammad Yunus-led interim government opened fire on the garment workers.

Supreme Court lawyer Jyotirmoy Barua pointed out that labour laws mostly protected the interests of the factory owners and urged workers and professionals from across sectors to unite against such laws.

The book is a compilation of writings, including poems, songs, short stories and images, focusing on the incidents of the Tazreen Fashions fire.

কালের কণ্ঠ ঢাকা। শুক্রবার। ২২ নভেম্বর ২০২৪।

# গণতন্ত্র, অর্থনীতি ও শ্রম ইস্যুতে সহযোগিতার পথ খুঁজছে যুক্তরাষ্ট্র

## প্রতিনিধিদল আসছে আজ

■ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের মেয়াদের শেষ পর্যায়ে এই সফরকে বিশেষ গুরুত্বের সঙ্গে দেখছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা

কূটনৈতিক প্রতিবেদক ▷

গণতন্ত্র, অর্থনীতি ও শ্রম ইস্যুতে বাংলাদেশকে সহযোগিতার উপায় খুঁজছে যুক্তরাষ্ট্র। এ বিষয়ে আলোচনা করতে যুক্তরাষ্ট্রের একটি প্রতিনিধিদল চার দিনের সফরে আজ শুক্রবার ঢাকায় আসছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের মেয়াদের শেষ পর্যায়ে এই সফরকে বিশেষ গুরুত্বের সঙ্গে দেখছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর জানায়, পররাষ্ট্র দপ্তরের পক্ষে আন্তর্জাতিক শ্রমবিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ প্রতিনিধি কেলি এম কে রডরিগেজ এবং শ্রমবিষয়ক দপ্তরের পক্ষে ডেপুটি আন্ডারসেক্রেটারি থিয়া লি প্রতিনিধিদলটির নেতৃত্ব দেবেন। বাংলাদেশে অর্থনৈতিক স্থিতিস্থাপকতা, স্থিতিশীলতা, প্রবৃদ্ধির পাশাপাশি অর্থবহ ও মানসম্মত চাকরির বিষয়ে সহযোগিতা দেওয়া এ সফরের লক্ষ্য।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর জানায়, বাংলাদেশ সফরকালে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলটি অন্তর্বর্তী সরকার, বেসরকারি খাত, পোশাক খাতের প্রতিনিধি ও শ্রম ইউনিয়নের অংশীদারদের সঙ্গে সাক্ষাৎ করবে। তৈরি পোশাক খাতে বিনিয়োগকারী আমেরিকান কম্পানিগুলোর প্রতিনিধি ও বৈশ্বিক শ্রম বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক করবেন। বৈঠকগুলোতে বাংলাদেশের অর্থনীতি, গণতন্ত্র ও কর্মীদের সহযোগিতায় সম্ভাব্য সবচেয়ে ভালো উপায়গুলো নিয়ে আলোচনা হবে।

পররাষ্ট্র দপ্তর জানায়, এই সফর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন, আন্তর্জাতিকভাবে স্বীকৃত শ্রমমানের পাশাপাশি টেকসই প্রবৃদ্ধি ও বিশদ পরিসরে অভিন্ন সমৃদ্ধির ব্যাপারে যুক্তরাষ্ট্রের অঙ্গীকারের প্রতিফলন।

**মানবাধিকার সমুন্নত দেখার প্রত্যাশা :** এদিকে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার বাংলাদেশ প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে বলেছেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশে মানবাধিকার সমুন্নত দেখতে চায়।

গত বুধবার রাতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ব্রিফিংয়ের প্রশ্নোত্তর পর্বে একজন সাংবাদিক জানতে চান, বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ একটি সশস্ত্র বিপ্লবের প্রস্তুতি নেওয়ার আহ্বান জানিয়েছেন। এ বিষয়ে কি যুক্তরাষ্ট্রের কোনো পর্যবেক্ষণ আছে? আর সশস্ত্র বিপ্লবের জন্য অস্ত্রের সম্ভাব্য উৎস বা আঞ্চলিক স্থিতিশীলতার ওপর এ ধরনের বক্তব্যের কোনো প্রভাব আছে কি না, জানতে চান ওই সাংবাদিক।

জবাবে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার বলেন, 'আমি ওই বিবৃতি দেখিনি। আমি এ বিষয়ে কোনো মন্তব্য করতে চাই না।'

NEW AGE SUNDAY, NOVEMBER 24, 2024,

# 475 killed in road accidents in October: report

**Staff Correspondent**

AT LEAST 475 people were killed and 815 others were injured in 452 road accidents across the country in October, said a report published by the Passenger Welfare Association of Bangladesh on Saturday.

During the time, 34.31 per cent or 163 people were killed and 29.32 per cent or 239 people were injured in 30.53 per cent or 138 motorcycle related crashes.

During the period, 76 people were killed and 24 others were injured in 63 railways accidents while 24 people were killed, 36 were injured and nine remained missing in 19 accidents on waterways.

The PWAB launched the monthly report based on media reports on Saturday, according to a press release.

Among the fatal victims, the highest 156 people were transport workers, including drivers, followed by 117 pedestrians, 49 students, 16 political leaders and activists and 15 teachers.

Fifty-one children became fatal road crash victims in October.

Of the crashes, the highest 49.48 per cent crashes were caused by crushing or hitting pedestrians or other vehicles followed by 25.25 per cent by head-on collisions, 14.77 per cent by losing control and then fell into roadside ditches, 9.51 per cent by other reasons, 0.25 per cent by collision with trains and other road transports and 0.75 per cent by tangling scarves with wheels.

The highest percentage, 38.29 per cent, of road crashes took place on national highways followed by 30.39 per cent on the regional highways and 24.62 per cent on the feeder roads.

In Dhaka metropolitan city, 4.56 per cent road crashes occurred while the percentage was 1.86 per cent in Chattogram metropolitan city and 0.25 per cent on level crossings.

The association blamed the absence of the traffic and highway police on the roads and highways, violation of laws, the absence of road marking and signs, dilapidated roads and long working hours of drivers for the road accidents.

The report urged the government to stop imports and registration of motorcycles and easy bikes.

It also recommended sufficient lighting on roads, separate lanes for different vehicles and implementation of the relevant laws and rules to check road crashes.

যুগান্তর | রোববার ২৪ নভেম্বর ২০২৪
৯ অগ্রহায়ণ ১৪৩১

প্রকাশনা উৎসবে অধ্যাপক রেহমান সোবহান

# চা শ্রমিকদের শেয়ার দেওয়া যেতে পারে

**যুগান্তর প্রতিবেদন**

চা শ্রমিকের সমস্যা পুরোনো। ১৯৬০ সাল থেকে এ সমস্যা শুনে আসছি। অতীতের রাষ্ট্রপ্রধানরা বিভিন্ন সময় নানা উদ্যোগ নিয়েছিলেন কিন্তু কোনো সমাধান আসেনি। তাই আমার প্রস্তাব, চা বাগানের কর্মীদের শেয়ার দিন। তারা মালিক হবেন। কর্মীর পাশাপাশি মালিকানাও পাবেন তারা। এতে সমস্যা অনেকাংশে কেটে যেতে পারে। শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রান্তিক জনগোষ্ঠীর সঙ্গে অংশীদারত্ব উদযাপন এবং প্রকাশনা উৎসবে এসব কথা বলেন সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) প্রতিষ্ঠাতা ও জ্যেষ্ঠ অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। অনুষ্ঠানটি আয়োজন করে ব্রাত্যজন রিসোর্স সেন্টার (বিআরসি), সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) এবং পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)।

পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে

## চা শ্রমিকদের শেয়ার দেওয়া যেতে পারে

(৩য় পৃষ্ঠার পর)

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক রওনক জাহান, অধ্যাপক সৈয়দ এম হাশেমী, ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়াসহ বিভিন্ন অংশীজন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) পরিচালক ফিলিপ গাইন।

অধ্যাপক রেহমান সোবহান বলেন, প্রায় ৬৫ বছর ধরে বৈষম্য সমস্যা নিয়ে কাজ করছি। যখন বৈষম্যের বিরুদ্ধে আলোচনা শুরু করি, তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলাম। ওই সময় অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আমার প্রথম ছাত্র ছিলেন। আজ তিনি অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা। তিনি দীর্ঘদিন গ্রামীণ ব্যাংকের মাধ্যমে প্রান্তিক মানুষকে নিয়ে কাজ করেছেন। যদিও গ্রামীণ ব্যাংক থেকে তাকে এক সময় জোর করে বের করে দেওয়া হয়। আজ তিনি রাষ্ট্রক্ষমতায় আছেন। আমি আশাবাদী প্রান্তিক মানুষের দুঃখ-দুর্দশার কথা শুনবেন।

অধ্যাপক রেহমান সোবহান কিছুটা আক্ষেপ করে বলেন, জমি দখল হচ্ছে, বন উজাড় হচ্ছে, খাল-বিল বিলীন হচ্ছে তো আপনি কোথায় থাকবেন?

সরকারের উদ্দেশে তিনি বলেন, প্রত্যেক নাগরিকের বেসিক ইনকামের ব্যবস্থা করতে হবে। এটা হিসাব করে দেখতে হবে কত টাকা লাগে। কেউ যেন বঞ্চিত না হয়। যাদের কিছু নেই—এমন প্রত্যেক নাগরিককে একটা থাকার ঘর তৈরি করে দিতে হবে।

তিনি আরও বলেন, এখন তো তারুণ্যের বিপ্লব হয়েছে, বৈষম্যবিরোধী আন্দোলনের মাধ্যমে। তাই আর কোনো বৈষম্য দেখতে চাই না।

ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ছোট ছোট গোষ্ঠীকে দৃশ্যমান করতে হবে। তাদের কণ্ঠ উচ্চকিত করতে হবে। পিছিয়ে পড়া এসব জনগোষ্ঠীর দুঃখ-দুর্দশার কথা রাষ্ট্রকে শুনতে হবে। তিনি বলেন, ফিলিপ গাইনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করবেন। আশা করি সরকারপ্রধান তাতে সাড়া দেবেন।

ফিলিপ গাইন তার প্রবন্ধে উল্লেখ করেন শ্রীমঙ্গল পৌরসভার পরিচ্ছন্নতাকর্মী (ঝাড়ুদার) সুকন বাসফোর (৩৪)। তার মাসিক বেতন ৫৫০ টাকা! এ রকম আরও ২৭ জনের মতো পরিচ্ছন্নতাকর্মী আছেন শ্রীমঙ্গল পৌরসভায়, যাদের বেতন একই। মজুরি বঞ্চনার শিকার আরেক জনগোষ্ঠী চা শ্রমিক। তাদের দৈনিক নগদ মজুরি এখন ১৭৮ টাকা। ১ লাখ ৪০ হাজার চা শ্রমিক রয়েছেন। তারা আরও কিছু সুযোগ-সুবিধা পান। তবে সে সুবিধা শ্রম আইন অনুযায়ী মজুরির অন্তর্ভুক্ত নয়। তিনি বলেন, চা শ্রমিকের মজুরি ন্যায্য হওয়া দরকার। তিনি আরও বলেন, আমরা আদিবাসী, চা শ্রমিক, বেদে, হরিজন, ঋষি, কায়পুত্র, যৌনকর্মী, হিজড়া, জলদাস এবং বিহারি—এসব প্রান্তিক জনগোষ্ঠীর মানুষের সঙ্গে ঘনিষ্ঠ হচ্ছি এবং তাদের ওপর গবেষণাধর্মী গোষ্ঠী ও বিষয়ভিত্তিক এজেন্ডা প্রণয়ন, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পথনকশা প্রণয়নের মাধ্যমে যেসব জায়গায় ঘাটতি লক্ষণীয়, সেসব জায়গায় কাজ করছি। এসব জনগোষ্ঠীর মানুষ প্রজন্মগতভাবে সাধারণ এবং গোষ্ঠীভিত্তিক নানা বৈষম্যের শিকার।

শোভন কাজ

NEW AGE SUNDAY, NOVEMBER 24, 2024,

# Low wages, production pressure hurt Bangladeshi RMG workers: study

Staff Correspondent

LOW wages and constant pressure to meet production targets have put significant negative impacts, including reliance on overtime, rising debt, health risks and limited access to essential services, on Bangladeshi garment workers, according to a study.

According to the study 'Paying the price for fashion: securing a living wage for Bangladesh's garment workers' published on November 21, despite being a major supplier to the European Union, most workers in the Bangladesh readymade garment sector earn insufficient wages to cover basic living costs.

The report highlighted how workers' lack of bargaining power, compounded by pressure from global buyers, led to heavy reliance on overtime pay.

Swedwatch, a Sweden-based research organisation, conducted the study in May 2023 across major garment production hubs in Dhaka, Ashulia and Tongi, in collaboration with the Awaj Foundation, an organisation dedicated to advocating for workers' rights in the garment sector.



A file photo shows working arranging garments at an apparel factory. Low wages and constant pressure to meet production targets have put significant negative impacts, including reliance on overtime, rising debt, health risks and limited access to essential services, on Bangladeshi garment workers, according to a study. – New Age photo

After China, Bangladesh is the second-largest supplier of textiles and clothing to Sweden, with imports valued at approximately 8.8 billion SEK in 2022.

The report observed that the recent increase in Bangladesh's RMG sector minimum wage — from Tk 8,000 to Tk 12,500 a month — still fell short, leaving workers with only 38 per cent of what would be considered a living wage.

This amount is also well below the Tk 23,000 demanded by workers, unions and international organisations, including those affiliated with IndustriALL Global Union Bangladesh.

As a result, many workers struggle to afford essential needs such as food, housing, healthcare and education for their children, which perpetuates cycles of debt and exploitation, the report said.

It also said that long working hours and excessive overtime remained a major issue, with factory owners often imposing 12–16-hour shifts seven days a week, due to pressure from global buyers to meet production targets and unreasonable deadlines.

According to the report, workers in Bangladesh's garment sector have limited options and are often forced to accept excessive overtime.

A decreasing proportion of their basic salary has left many reliant on overtime pay, with refusal to work extra hours sometimes resulting in punishment, the report mentioned.

It said that this situation severely impacted workers' well-being, with many reporting stress-related illnesses, depression and fatigue.

The minimum wage structure in Bangladesh included various elements such as a basic salary along with allowances for health, housing, transport and food.

However, the basic salary percentage is particularly important for workers, as it determines not only overtime pay but also bonuses, annual pay rises, and other benefits, including maternity payments.

Over time, the reduction in the basic salary percentage has forced workers to depend on overtime for income, while the overall value of their basic salary has continued to decline.

The basic pay for garment workers in Bangladesh has declined by 14 percentage points, now making up only 53.6 per cent of the total minimum monthly wage of Tk 12,500 set in 2023.

In comparison, basic pay accounted for 67.67 per cent of the minimum wage of Tk 1,663 in 2006, according to the report.

Garment workers in Bangladesh remain trapped in an exploitative system that leaves them unable to

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# Low wages

Continued from page 6

meet their basic needs, the report said.

Despite decades of activism and corporate commitments, a living wage – a fundamental human right – continued to elude these workers, it mentioned.

Sofia Käll, programme officer at Swedwatch, who conducted research in Bangladesh, said 'With global brands sourcing garments from Bangladesh facing stricter human rights requirements, they have no excuse but to take immediate and decisive action to improve workers' access to living wages.'

The report recommended that global brands strengthen their due diligence efforts by meaningfully engaging with garment workers, unions and non-governmental organisations to address negative impacts.

It urged the brands to adopt responsible purchasing practices to prevent wage suppression, ensure worker well-being, promote supply-chain transparency and provide accessible grievance mechanisms.

The report also stressed the importance of continuous engagement to support suppliers and ensure living wages.

Swedwatch called on the EU member states and the global brands to fully leverage the potential of the corporate sustainability due diligence directive by guaranteeing fair wages and safe working conditions.

সমকাল রোববার | ২৪ নভেম্বর ২০২৪

# নিত্যপণ্য পেতে রেশন কার্ড চান পোশাক শ্রমিকরা

সমকাল প্রতিবেদক

**সরকারের কাছে ৮ দফা প্রস্তাবনা টেক্সটাইল-গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশনের**

রেশন কার্ডের মাধ্যমে পোশাক শ্রমিকদের চাল-ডাল-তেলসহ নিত্যপণ্য স্বল্পমূল্যে কেনার সুযোগ দিতে সরকারের কাছে প্রস্তাব দিয়েছে টেক্সটাইল-গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশন। সংগঠনের নেতারা জানান, একজন শ্রমিকের পাঁচ সদস্যের পরিবারের মাসিক খরচ এখন ন্যূনতম ৩৫ হাজার টাকা। অথচ তাদের নিম্নতম মজুরি মাত্র ১২ হাজার ৫০০ টাকা। এ পরিস্থিতিতে সংকটে আছে শ্রমিক পরিবারগুলো।

শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে গোলটেবিল আলোচনায় পোশাক শ্রমিকদের রেশন কার্ড দেওয়াসহ ৮ দফা প্রস্তাবনা তুলে ধরা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান। তিনি বলেন, টিসিবি কার্ডের মাধ্যমে ১০ লাখ শ্রমিককে স্বল্পমূল্যে নিত্যপণ্য দেওয়ার ব্যবস্থা করা হলেও এখনও শ্রমিকের তালিকা দেওয়া হয়নি। ফলে তা বাস্তবায়ন করা যায়নি। সচিব বলেন, শ্রমিক নেতাদের সঙ্গে আলোচনা করে ১৮ দফা মেনে নেওয়া হলেও এর পরদিন শ্রমিকরা মজুরি দ্বিগুণ না করায় সড়ক অবরোধ করেন। শ্রমিক নেতারা যদি শ্রমিকদের সঙ্গে থাকতেন তাহলে এমনটি হতো না। তাহলে আপনারা কেন ১৮ দফায় স্বাক্ষর করলেন?

আলোচনায় টেক্সটাইল-গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশনের পক্ষ থেকে ৮ দফা প্রস্তাবনা তুলে ধরেন সংগঠন ও অনুষ্ঠানের সভাপতি মাহাবুবুর রহমান ইসমাইল। অন্য দাবির মধ্যে রয়েছে ইপিজেডসহ সব গার্মেন্টস কারখানায় শ্রমিকদের অবাধ ট্রেড ইউনিয়ন অধিকার নিশ্চিত করা। সংবিধান সংস্কারে সব শ্রমিকের খাদ্য নিরাপত্তা রাষ্ট্রীয়ভাবে নিশ্চিতের ধারা অন্তর্ভুক্ত করা। শ্রমিকের স্বাস্থ্য ও জীবিকা নিরাপত্তায় মালিক, সরকার, ক্রেতার উদ্যোগে জরুরি স্বাস্থ্য ও নিরাপত্তা তহবিল গঠন। অনানুষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরত শ্রমজীবীসহ কর্মহীন ও কর্মঅক্ষম শ্রমিকদের জন্য সর্বজনীন কল্যাণ তহবিল গঠন ইত্যাদি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিজিএমইএর সাবেক সভাপতি কাজী মনিরুজ্জামান মনির, বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেম, সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম, বিলসের নির্বাহী পরিচালক সুলতান উদ্দিন আহমেদ, শ্রমিক নেতা আবুল হোসেন প্রমুখ।

সংবাদ ঢাকা : সোমবার ১০ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Monday 25 November 2024

# তৈরি পোশাক শিল্প: নারী শ্রমিক ৮০ শতাংশ থেকে কমে ৫৩ শতাংশ

অর্থনৈতিক বার্তা পরিবেশক

দেশের পোশাক কারখানাগুলোতে নারী শ্রমিকদের সংখ্যা ক্রমাগত কমে আসছে। বিজিএমইএর সাম্প্রতিক প্রতিবেদনে বলা হয়েছে, এই শিল্পে ১৯৮০ সালে নারী শ্রমিকের হার ছিল ৮০ শতাংশ যা ২০২১ সালে ৫৩.৭ শতাংশে নেমে এসেছে। পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায়, মূলত ১৮ থেকে ৩৫ বছর পর্যন্ত তারা এই শিল্পে নিয়োজিত থাকেন। বয়স ৩৫ হওয়ার পর তারা এই কাজ ছেড়ে বিকল্প পেশার দিকে ঝুঁকতে থাকেন। বিকল্প হিসেবে তারা যেসব কাজকে বেছে নিচ্ছেন সেগুলো হচ্ছে, কৃষিভিত্তিক ও গৃহস্থালী এবং নিজের মালিকানাধীন দর্জির দোকানে কাজ করা।

সম্প্রতি প্রকাশিত 'বুনন ২০৩০: বাংলাদেশের পোশাক খাতে মূল কার্যক্রম: গভীর পর্যবেক্ষণ ও ভবিষ্যৎ করণীয়' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপনায় এই তথ্য তুলে ধরা হয়। এটি উপস্থাপন করেন লাইটক্যাসল পার্টনার্সের সহ-প্রতিষ্ঠাতা ও পরিচালক জাহেদুল আমিন।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, মূলত সাম্প্রতিক সময়ে কারখানাগুলোতে অস্থিরতা, বেশি টাকা উপার্জনের আশা ও তুলনামূলক স্বাধীন পেশার কারণে তারা এইসব পেশায় আগ্রহী। এভাবে নারী শ্রমিক কমতে থাকলে দক্ষ শ্রমিক স্বল্পতায় দেশের রপ্তানি আয়ের শীর্ষে থাকা তৈরি পোশাক খাতে স্থবিরতা নেমে আসতে পারে। এই অবস্থায় নারীদের পোশাক খাতে আগ্রহী করে তুলতে ও দেশের সামগ্রিক উন্নয়নের স্বার্থে নিরাপদ ও নারীবান্ধব কর্মপরিবেশ তৈরি, শ্রমিকদের অধিকার সুরক্ষা, স্বাস্থ্য সেবা বাড়ানো ও সঠিক সময়ে ন্যায্য মজুরি প্রদান জরুরি। এর পাশাপাশি এই খাতের টেকসই উন্নয়ন ও বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে ডিকার্বোনাইজেশন, স্বল্পোন্নত দেশের তালিকা (এলডিসি) থেকে উত্তরণের পরবর্তী পরিস্থিতি ও চতুর্থ শিল্প বিপ্লব বা উৎপাদন পদ্ধতিতে প্রযুক্তির স্বয়ংক্রিয়করণের প্রভাবকে মোকাবিলা করা জরুরি।

ঢাকাভিত্তিক আন্তর্জাতিক বিজনেস কনসালটেন্সি প্রতিষ্ঠান লাইটক্যাসল পার্টনার্স ও পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশ যৌথভাবে এই আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উল্লিখিত শিরোনামে প্রতিবেদনের মোড়ক উন্মোচন করা হয়। লাইটক্যাসল পার্টনার্স, পলিসি এক্সচেইঞ্জ বাংলাদেশ ও এশিয়া ফাউন্ডেশনের পক্ষ থেকে প্রতিবেদনটি সরকারের সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারারস অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) ও বাংলাদেশ নিটওয়্যার অ্যান্ড ম্যানুফেকচারার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) নেতাদের কাছে হস্তান্তর করা হয়।

গত এক বছরে অনুষ্ঠিত চারটি সংলাপে উপস্থিত সরকারের শীর্ষ নেতারা ৫০ জন নীতিনির্ধারক, ৫০ জন শিল্প নেতাসহ মোট ১০০ জনের বেশি মতামত ও সুপারিশের ভিত্তিতে এই প্রতিবেদন তৈরি করা হয়। চারটি সংলাপের মধ্যে প্রথমটিতে প্রতিযোগিতামূলক বাজারে সার্কুলারিটি ও ডিকার্বোনাইজেশনের প্রভাব, দ্বিতীয়টিতে শ্রমিকদের সুস্বাস্থ্য ও কল্যাণ, তৃতীয়টিতে নীতিগত অপরিহার্যতা, চতুর্থটিতে অটোমেশন ও চতুর্থ শিল্প বিপ্লব- এই চারটি বিষয় গুরুত্ব পায়। সেগুলোর ধারাবাহিকতায় শনিবার ছিল 'বুনন: ২০৩০' সংক্রান্ত এই বছরের সমাপনী অনুষ্ঠান।

এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিজিএমইএর প্রশাসক ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন। আরও বক্তব্য দেন বিকেএমইএর সভাপতি মোহাম্মদ হাতেম, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম. এ. জব্বার, প্রাইড গ্রুপের সহ-প্রতিষ্ঠাতা অধ্যাপক মোহাম্মদ এ. মোমেন, বিল্স-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ফেরদৌস আরা বেগম ও পোশাককারখানার সঙ্গে সংশ্লিষ্ট নেতারা।

আলোচনা অনুষ্ঠান সঞ্চালনা করেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. এম. মাসরুর রিয়াজ।

প্রথম আলো • মঙ্গলবার, ২৬ নভেম্বর ২০২৪

# শ্রমিকের ন্যূনতম মজুরি বৃদ্ধিতে জোর যুক্তরাষ্ট্রের

## প্রতিনিধিদলের ঢাকা সফর

কূটনৈতিক প্রতিবেদক, ঢাকা

বাংলাদেশে শ্রমমান ও শ্রমিক অধিকার নিশ্চিত করতে ট্রেড ইউনিয়নের নিবন্ধন সহজ করা এবং ন্যূনতম মজুরি বৃদ্ধির বিষয়ে জোর দিয়েছে যুক্তরাষ্ট্র। ঢালাওভাবে মামলা ও আটকের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশে শ্রমবিষয়ক কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের তাগিদ দিয়েছে দেশটি।

এসব পদক্ষেপ বিনিয়োগ, ব্যবসাসহ যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক সম্পর্ক জোরদারের পথ সুগম করবে বলে জানিয়েছে ঢাকা সফররত মার্কিন প্রতিনিধিদল।

মার্কিন পররাষ্ট্র দপ্তরের আন্তর্জাতিক শ্রমবিষয়ক বিশেষ প্রতিনিধি কেলি এম কে রদ্রিগেজ গতকাল সোমবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন। কেলির রদ্রিগেজের নেতৃত্বে প্রতিনিধিদল পররাষ্ট্রসচিব মো. জসীম উদ্দিন এবং শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামানের সঙ্গেও বৈঠক করে। বৈঠকে ওই বিষয়গুলোতে মার্কিন প্রতিনিধিদলটি গুরুত্ব দেয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

কেলি রদ্রিগেজের নেতৃত্বে ২০ সদস্যের মার্কিন প্রতিনিধিদল গত শুক্রবার থেকে ঢাকা সফর করছে।

বাসসের খবরে বলা হয়, তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস। প্রধান উপদেষ্টা বলেছেন, অন্তর্বর্তী সরকার দেশে আরও বিদেশি ক্রেতাকে আকৃষ্ট করতে ব্যাপক শ্রম সংস্কারে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, 'আমাদের শ্রম আইনকে বৈশ্বিক মানদণ্ডের সমমান সমসম্পন্ন করতে চাই। এটা আমার অঙ্গীকার।'

বৈঠকে প্রতিনিধিদলের কর্মকর্তারা বলেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশে শ্রম আইন সংস্কার ও কারখানায় শ্রমিকবান্ধব পরিস্থিতি তৈরিতে ড. ইউনূসের পদক্ষেপকে সমর্থন করে।

### তিন বিষয়ে অগ্রাধিকার যুক্তরাষ্ট্রের

মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে আলোচনায় উপস্থিত থাকা কয়েকজন কর্মকর্তার সঙ্গে কথা বলে জানা গেছে, যুক্তরাষ্ট্র মূলত তিনটি বিষয়ে গুরুত্ব দিয়েছে। তা হলো কারখানায় ট্রেড ইউনিয়নের নিবন্ধন সহজতর করা; ন্যূনতম মজুরি বাড়ানো এবং শ্রমবিষয়ক কর্মপরিকল্পনা ও শ্রম আইনের দ্রুত সংস্কার।

একাধিক কর্মকর্তা এই প্রতিবেদককে জানান, বাংলাদেশে ৫ আগস্ট-পরবর্তী রাজনৈতিক পরিস্থিতির আগে এবং পরে ঢালাওভাবে মামলা ও আটকের ঘটনা ঘটেছে। একাধিক আলোচনায় মার্কিন প্রতিনিধিদলটি এ বিষয়ে তাদের উদ্বেগ প্রকাশ করেছে। মামলাগুলো স্বাধীনভাবে তদন্ত করার কথা বলেছে তারা।

বৈঠক সূত্রে জানা গেছে, ট্রেড ইউনিয়ন করার অধিকার নিশ্চিত করাসহ শ্রম অসন্তোষ নিরসনে শ্রমিক, মালিক ও সরকারের সম্মিলিত উদ্যোগে দেওয়া ১৮ দফার বিষয়টি আলোচনায় আসে। যুক্তরাষ্ট্র এই উদ্যোগের প্রশংসা করলেও ট্রেড ইউনিয়নের নিবন্ধনপ্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছে। দুই বছর ধরে এই প্রক্রিয়ায় উন্নতি আনার তাগিদ দেওয়া হলেও এতে উন্নতি হয়নি বলে মন্তব্য করেছে যুক্তরাষ্ট্র।

বৈঠকের সূত্রগুলো জানিয়েছে, মার্কিন প্রতিনিধিদল বিভিন্ন আলোচনায় শ্রমিকদের ন্যূনতম মজুরি বাড়ানোর প্রসঙ্গটি তোলে। এ সময় যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি করা পোশাকের দাম বাড়ানোর বিষয়টি তোলে বাংলাদেশ। যুক্তরাষ্ট্র বলেছে, সস্তা শ্রমে আটকে থাকলে পণ্যের মূল্য বাড়বে না। মনে রাখা উচিত, উচ্চতর ব্র্যান্ড কখনো সস্তা শ্রম কেনে না। সস্তা শ্রমে উৎপাদিত পণ্য কেনে কম পরিচিত প্রতিষ্ঠান। কাজেই বাংলাদেশ যত দিন এ ধরনের প্রতিষ্ঠানের সঙ্গে পণ্য কেনাবেচায় যুক্ত থাকবে, তত দিন শ্রমবাজার ও ব্যবস্থাপনার কোনো উন্নতি হবে না।

### ১৫ শতাংশ সমর্থন নিয়ে ট্রেড ইউনিয়ন

ট্রেড ইউনিয়ন করতে কারখানার ২০ শতাংশ শ্রমিকের সমর্থন থাকার নিয়ম রয়েছে, তার বদল হচ্ছে। যুক্তরাষ্ট্র চায় এ হার ১০ শতাংশে নামিয়ে আনতে। তবে সরকার ১৫ শতাংশের ব্যাপারে রাজি হয়েছে। ভবিষ্যতে এ হার আরও কমতে পারে।

মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামান। তিনি জানান, আগামী মার্চ মাসের মধ্যে শ্রম আইন সংশোধন করা হবে।

মালিকপক্ষের সঙ্গে যোগসাজশ করে শ্রম অধিদপ্তর ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বলে অভিযোগ রয়েছে—এ বিষয়ে জানতে চাইলে শ্রমসচিব বলেন, প্রশ্নটি অমূলক নয়। যুক্তরাষ্ট্রের দলটিও এমন প্রশ্ন তুলেছে। কয়েকটি সরকারি দপ্তর পরিদর্শন করে এর সত্যতা পাওয়া গেছে। তবে এ ব্যাপারে কাজ চলছে।

শ্রমসচিব বলেন, 'যুক্তরাষ্ট্রের দলটি জানিয়েছে, এটা তারা কার্যকর দেখতে চায়। আমরা তা কার্যকর করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।'

ইত্তেফাক

রবিবার
৯ অগ্রহায়ণ ১৪৩১, ২৪ নভেম্বর ২০২৪

# পোশাকশিল্পে কমে আসছে নারী শ্রমিক

**এই খাতের টেকসই উন্নয়নে অধিকার সুরক্ষা ও নারীবান্ধব কর্মপরিবেশের পাশাপাশি এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলা জরুরি**

ইত্তেফাক রিপোর্ট

দেশের পোশাক কারখানাগুলোতে নারী শ্রমিকদের সংখ্যা ক্রমাগত কমে আসছে। বিজিএমইএর সাম্প্রতিক তথ্য অনুযায়ী, এই শিল্পে ১৯৮০ সালে নারী শ্রমিকদের হার ছিল ৮০ শতাংশ, যা ২০২১ সালে ৫৩.৭ শতাংশে নেমে এসেছে। বিশ্লেষণে দেখা যায়, মূলত ১৮ থেকে ৩৫ বছর পর্যন্ত তারা এই শিল্পে নিয়োজিত থাকেন। বয়স ৩৫ হওয়ার পর তারা এই কাজ ছেড়ে বিকল্প পেশার দিকে ঝুঁকতে থাকেন। বিকল্প হিসেবে তারা যেসব কাজকে বেছে নিচ্ছেন সেগুলো হচ্ছে : কৃষিভিত্তিক ও গৃহস্থালী এবং নিজের মালিকানাধীন দর্জির দোকানে কাজ করা। মূলত সাম্প্রতিক সময়ে কারখানাগুলোতে অস্থিরতা, বেশি টাকা উপার্জনের আশা ও তুলনামূলক স্বাধীন পেশার কারণে তারা এইসব পেশায় আগ্রহী। এভাবে নারী শ্রমিক কমতে থাকলে দক্ষ শ্রমিক স্বল্পতায় দেশের রপ্তানি আয়ের শীর্ষে থাকা তৈরি পোশাক খাতে স্থবিরতা নেমে আসতে পারে। এই অবস্থায় নারীদের পোশাক খাতে আগ্রহী করে তুলতে ও দেশের সামগ্রিক উন্নয়নের স্বার্থে নিরাপদ ও নারীবান্ধব কর্মপরিবেশ তৈরি, শ্রমিকদের অধিকার সুরক্ষা, স্বাস্থ্যসেবা বাড়ানো ও সঠিক সময়ে ন্যায্য মজুরি প্রদান জরুরি। এর পাশাপাশি এই খাতের টেকসই উন্নয়ন ও বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে ডিকার্বোনাইজেশন, স্বল্পোন্নত দেশের তালিকা (এলডিসি) থেকে উত্তরণের পরবর্তী পরিস্থিতি ও চতুর্থ শিল্পবিপ্লব বা উৎপাদন পদ্ধতিতে প্রযুক্তির স্বয়ংক্রিয়করণের প্রভাবকে মোকাবিলা করা জরুরি। গতকাল শনিবার রাজধানীর গুলশানের একটি হোটেলে আলোচনা অনুষ্ঠানে 'বুনন ২০৩০: বাংলাদেশের পোশাক খাতে মূল কার্যক্রম: গভীর পর্যবেক্ষণ ও ভবিষ্যৎ করণীয়' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপনায় এই তথ্য তুলে ধরা হয়। এটি উপস্থাপন করেন লাইটক্যাসল পার্টনার্স এর সহ-প্রতিষ্ঠাতা ও পরিচালক জাহেদুল আমিন।

ঢাকা ভিত্তিক আন্তর্জাতিক বিজনেস কনসালটেন্সি প্রতিষ্ঠান লাইটক্যাসল পার্টনার্স ও পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশ যৌথভাবে এই আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উল্লিখিত শিরোনামে প্রতিবেদনের মোড়ক উন্মোচন করা হয়। লাইটক্যাসল পার্টনার্স, পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশ ও এশিয়া ফাউন্ডেশন এর পক্ষ থেকে প্রতিবেদনটি সরকারের সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) ও বাংলাদেশ নিটওয়্যার অ্যান্ড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ) এর নেতৃবৃন্দের কাছে হস্তান্তর করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিজিএমইএর প্রশাসক ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন। আরো বক্তব্য রাখেন বিকেএমইএর প্রেসিডেন্ট মোহাম্মদ হাতেম, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম এ জব্বার, প্রাইড গ্রুপের সহ-প্রতিষ্ঠাতা অধ্যাপক মোহাম্মদ এ মোমেন, বিস্ত এর প্রধান নির্বাহী কর্মকর্তা ফেরদৌস আরা বেগম ও পোশাক কারখানার সঙ্গে সংশ্লিষ্ট নেতৃবৃন্দ। আলোচনা অনুষ্ঠান সঞ্চালনা করেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. এম মাসরুর রিয়াজ। অপরাজিতা ও বুনন প্রকল্প নিয়ে সূচনা বক্তব্য রাখেন এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ডেভলপমেন্ট বিভাগের পরিচালক আইনি ইসলাম। অনুষ্ঠানে স্বল্পোন্নত দেশের তালিকা (এলডিসি) থেকে উত্তরণের পর টেকসই জিএসপি প্লাস লক্ষ্যে পৌঁছানোর জন্য কৌশল গ্রহণ সংক্রান্ত আর একটি উপস্থাপনা তুলে ধরেন মোহাম্মদ হাতেম। অনুষ্ঠানে জানানো হয়, রপ্তানি উন্নয়ন ব্যুরোর ২০২৩-২০২৪ সালের তথ্য অনুযায়ী, তৈরি পোশাকের রপ্তানিকারক দেশগুলোর মধ্যে বাংলাদেশ শীর্ষস্থানে আছে। ২০২৩-২০২৪ অর্থবছরে, বাংলাদেশ ৩৬ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পোশাক রপ্তানি করেছে, যা জাতীয় জিডিপিতে ১০.৩৫ শতাংশ অবদান রেখেছে। এই শিল্পের সঙ্গে বর্তমানে ৪০ লাখেরও বেশি শ্রমিক প্রত্যক্ষ-পরোক্ষভাবে জড়িত। তাই এই সমস্যাগুলোর সমাধান না করা হয়, তাহলে পোশাক খাত-এবং দেশের অর্থনীতি বিপর্যয়ের সম্মুখীন হতে পারে।

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪,

# ট্রেড ইউনিয়নের শর্ত শিথিল চায় যুক্তরাষ্ট্র

**বিশেষ প্রতিনিধি**, *ঢাকা*



কেলি এম ফে রদ্রিগেজ

বাংলাদেশে শ্রম অধিকার-সংক্রান্ত ১১ দফার দ্রুত বাস্তবায়ন চায় যুক্তরাষ্ট্র। এসব দফা বাস্তবায়িত হলে যুক্তরাষ্ট্রের বাজারে অগ্রাধিকার বাণিজ্য-সুবিধাও (জিএসপি) পাওয়া যাবে।

ঢাকা সফররত মার্কিন পররাষ্ট্র দপ্তরের আন্তর্জাতিক শ্রমবিষয়ক বিশেষ প্রতিনিধি কেলি এম ফে রদ্রিগেজের নেতৃত্বে ২০ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত গতকাল রোববার সচিবালয়ে বৈঠক শেষে সাংবাদিকদের এমন আশাবাদের কথা জানান বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। এ সময় বাণিজ্যসচিব মোহাং সেলিম উদ্দিন উপস্থিত ছিলেন।

বাণিজ্য উপদেষ্টা বলেন, 'আমরা কত দ্রুত শ্রম অধিকারের ১১ দফা বাস্তবায়ন করতে পারি, সেটা নিয়েই মূলত আলোচনা হয়েছে। এগুলো করতে পারলে আমরা অবশ্যই জিএসপি-সুবিধা পাব।'

বৈঠক সূত্রে জানা গেছে, যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলটি আলোচনায় ট্রেড ইউনিয়ন করার অধিকারের বিষয়ে জোর দেয়। এসব অধিকার এখনো আছে, তবে বিপরীতে রয়েছে নানা শর্ত। যুক্তরাষ্ট্র চায় শর্তগুলো শিথিল করা হোক। অন্যদিকে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব দফা বাস্তবায়নে প্রতিনিধিদলকে আশ্বাস দেওয়া হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স ফেডারেশনের সভাপতি কল্পনা আক্তার *প্রথম আলোকে* বলেন, ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে সরকারের অসহযোগিতা এখনো রয়ে গেছে। যে তথ্য জমা দেওয়া হয়, তা আবার চায় শ্রম অধিদপ্তর। এমন তথ্যও চায়, যা আইনে নেই। যেমন কারখানার প্রত্যয়নপত্র। যে মালিক চান না ট্রেড ইউনিয়ন হোক, তিনি আর প্রত্যয়নপত্র দিতে চান না। স্বাক্ষর মেলেনি অজুহাতেও আবেদন বাতিল করে দেয়।

আওয়ামী লীগ সরকারের আমলে গত এপ্রিলে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) দক্ষিণ ও মধ্য এশিয়া অঞ্চলের একটি দল বাংলাদেশের শ্রম অধিকার পরিস্থিতির উন্নয়নে বাণিজ্য মন্ত্রণালয়কে একটি কর্মপরিকল্পনা জানিয়ে যায়। ওই কর্মপরিকল্পনায় মোটাদাগে ১১টি বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। এর প্রথমটিই হচ্ছে ট্রেড ইউনিয়ন নেতা, শ্রমিক ও শ্রম অধিকারকর্মীদের যাঁরা নিপীড়ন করেন, তাঁদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। এরপরই রয়েছে শ্রমিকনেতা ও শ্রমিকদের বিরুদ্ধে কাজ করে, এমন কারখানার মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে জবাবদিহির আওতায় আনা। এ ছাড়া রয়েছে আন্তর্জাতিক পর্যায়ে ট্রেড ইউনিয়নগুলো যে মানের অধিকার ভোগ করে, সে অনুযায়ী বাংলাদেশের শ্রম আইন ও বিদ্যমান শ্রমবিধি সংশোধন।

কর্মপরিকল্পনায় আরও যেসব বিষয় রয়েছে, সেগুলো হচ্ছে বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (ইপিজেড) শ্রমিকেরা যাতে পুরোদমে ট্রেড ইউনিয়ন করতে পারেন, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) আইনের ৩৪ নম্বর ধারা সংশোধন ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোয় (এসইজেড) সেটির প্রয়োগ এবং সেখানকার শ্রমিকেরা যাতে সংগঠিত হতে পারেন ও সম্মিলিতভাবে দর-কষাকষিতে সক্ষম হন, তা নিশ্চিত করা; ট্রেড ইউনিয়ন করার আবেদনের প্রক্রিয়া ৫৫ দিনের মধ্যে সম্পন্ন করা; শ্রম অধিদপ্তরের মাধ্যমে তার বিদ্যমান অনলাইন নিবন্ধন পোর্টালে অপেক্ষমাণ থাকা সব আবেদনের হালনাগাদ তথ্য প্রকাশ; বার্ষিক বাজেটের মাধ্যমে শ্রম পরিদর্শক নিয়োগ ও এ জন্য তহবিল বরাদ্দ দেওয়া; আরও শ্রম পরিদর্শকের পদ অনুমোদন এবং নিবন্ধন বিলম্বিত বা বাধাগ্রস্ত করার অভ্যাস বন্ধ করা ইত্যাদি।

শ্রমিক অধিকার-সম্পর্কিত গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক ও শ্রম সংস্কার কমিশনের প্রধান সৈয়দ সুলতান আহমেদ সার্বিক বিষয়ে *প্রথম আলোকে* বলেন, ১১ দফা বাস্তবায়নে কিছু কমিটি হয়েছে। আইন ও বিধি সংশোধনের কাজ চলছে। তবে মালিকপক্ষ যদি ইতিবাচক মনোভাব পোষণ না করে, তাহলে তেমন কোনো লাভ হবে না। কারখানার ভেতরে যদি শ্রমিক ও মালিকপক্ষের দরকষাকষি করার পরিবেশ তৈরি করা যায়, তাহলেই ভবিষ্যতে ভালো কিছু আশা করা যাবে।

ইত্তেফাক
সোমবার
১০ অগ্রহায়ণ ১৪৩১, ২৫ নভেম্বর ২০২৪

## আজ নারী নির্যাতন প্রতিরোধ দিবস

# পরিবারেই বেশি নির্যাতনের শিকার হয় নারী

■ রাবেয়া বেবী

পাঁচ বছর সংসার করার পর আর যেন পেরে উঠছিলেন না লিনা (ছদ্ম নাম)। স্বামীর অপমান, নির্যাতন সহ্য করতে না পেরে একটা পর্যায়ে আলাদা থাকার সিদ্ধান্ত নেন। একটি সন্তানের মুখ চেয়ে অনেক সহ্য করেছেন। বাবার বাড়ির লোকজন বলেছেন আমাদের সমাজে একটা ডিভোর্সি মেয়েকে সহজভাবে নেয় না। একটি বাচ্চার ভবিষ্যৎও অন্ধকার। মানসিক যন্ত্রণা সহ্য করা যায়, কিন্তু শারীরিক নির্যাতন আর সহ্য হচ্ছিল না। তাই এক দিন মহিলা পরিষদে আসেন লীনা। বাংলাদেশ মহিলা পরিষদ প্রথমে তাদের স্বামী-স্ত্রীকে একসঙ্গে থাকার জন্য কিছু পরামর্শ দেয়। কিন্তু পরে আর তারা একসঙ্গে থাকতে চান না। পরে সিদ্ধান্ত হয় ডিভোর্সের।



লিনার মতো শারীরিক নির্যাতন সহ্য করতে না পেরে একপর্যায়ে কেউ কেউ সিদ্ধান্ত নেন তালাকের। বাংলাদেশ মহিলা পরিষদের আইনি সুরক্ষা বিভাগের অ্যাডভোকেট দিপ্তী সিকদার বলেন, বর্তমান সময়ে তারা এমন অনেক অভিযোগ পান যেখানে স্বামী শারীরিক ও মানসিক নির্যাতন করছে। আবার স্ত্রী চাকরি করলে তার বেতনের টাকা নিয়ে নেন। নিজে স্ত্রীর ভরণপোষণ দেন না, সন্তানের দায়িত্বও নেন না। দাম্পত্য কলহের জের ধরে হত্যাকাণ্ডও ঘটে থাকে অনেক সময়।

সরকারি বেসরকারি হিসাব মতে, নারীরা বাড়িতেই বেশি নির্যাতনের শিকার। পুলিশ পরিচালিত জাতীয় জরুরি সহায়তা হেল্প লাইন ৯৯৯-এ চলতি বছর ১০ মাসে ৮৩৯টি নারীকে হত্যার তথ্য পাওয়া যায়। সরকারি ও বেসরকারি তথ্যমতে, দেশে পারিবারিক নির্যাতনের শিকার নারীর সংখ্যা উদ্বেগজনক হারে বাড়ছে।

পুলিশের জাতীয় জরুরি সেবা ৯৯৯ এর তথ্য মতে, চলতি বছর জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত ফোন কলের ভিত্তিতে ৯ হাজার ৭১৪টি স্বামী কর্তৃক স্ত্রীকে নির্যাতনের ঘটনার সেবা প্রদান করা হয়। এ সময় ৮৩৯ জন নারীকে হত্যাজনিত ফোন কল পাওয়া যায়। গত ১০ মাসে ৯৯৯-এ ১ হাজার ৭৯টি নারী নির্যাতন বিষয়ক সেবা দেওয়া হয়। এমন পরিস্থিতিতে 'নারী-কন্যার সুরক্ষা করি, সহিংসতামুক্ত বিশ্ব গড়ি' স্লোগানকে প্রতিপাদ্য করে পালিত হচ্ছে নারী নির্যাতন প্রতিরোধ দিবস। আজ থেকেই নানা আয়োজনের মধ্যে দিয়ে ১৫ দিনব্যাপী পালন করা হবে নারী নির্যাতন পক্ষ।

পুলিশের জাতীয় জরুরি সেবা ৯৯৯-এর পরিদর্শক মো. আনোয়ার সাত্তার বলেন, প্রতিদিন গড়ে ২২ হাজারেও অধিক কল পান তারা। সর্বোচ্চ যে বিষয় কল আসে তা হলো নারী নির্যাতন। এখন নির্যাতন বাড়ছে আবার অভিযোগের জায়গাটাও তৈরি হচ্ছে। আগে মধ্যরাতে একজন নারী তার স্বামী কর্তৃক স্ত্রী নির্যাতনের শিকার হলে তাৎক্ষণিক অভিযোগের সুযোগ ও জায়গা ছিল না। এখন অভিযোগ করে এবং অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জায়গাটাও আছে। আমরা যত ফোন কল পাই তার পরিপ্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করি।

**কিছু ঘটনা :** চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় ভাত রান্না করতে দেরি হওয়ায় স্ত্রীকে হত্যার পর লাশ নদীতে ফেলে দেওয়ার অভিযোগ ওঠে ইয়াসিন নামে এক ব্যক্তির বিরুদ্ধে। ২৫ অক্টোবর সকালে উপজেলার ফতেপুর পশ্চিম ইউনিয়নের ধনাগোদা নদীর নবুরকান্দি বেড়িবাঁধের সঙ্গে টেম্পুস্টেশন নদী থেকে ফেরদৌসী আক্তার আন্না নামে ঐ নারীর লাশ উদ্ধার করা হয়। এ ঘটনায় ইয়াসিন নামে ঐ ব্যক্তিকে আটক করেছে পুলিশ। ২২ সেপ্টেম্বর ঢাকার পল্লবীতে পারিবারিক কলহের কারণে নিজ বাসায় স্ত্রীকে বঁটি দিয়ে কুপিয়ে হত্যা করে থানায় গিয়ে হাজির হন স্বামী মোখলেছুর রহমান।

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম মনে করেন, পারিবারিক সুরক্ষা আইন সম্পর্কে মানুষ সেভাবে জানে না। অপরাধীকে বিচারের আওতায় আনতে অনেক সময় লাগে। নির্যাতের শিকার হলে নারীর মামলা অন্যভাবে লেখা হয়। এমন নানা কারণে নারী নির্যাতন প্রতিরোধ করা যাচ্ছে না। প্রস্তাবিত নারী অধিকার কমিশনের প্রধান এবং নারীপক্ষের প্রতিষ্ঠাতা সদস্য শিরীন হক বলেন, সমাজে ন্যায়পরায়ণ মানুষের অভাবের কারণে নিজ গৃহে নারী বেশি নির্যাতনের শিকার হয়। তারা নারীকে 'মানুষ' ভাবে না। নারী নির্যাতন বন্ধ করতে সমাজে ব্যাপক সচেতনতা বৃদ্ধি, প্রচার-প্রচারণার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

NEW AGE

MONDAY, NOVEMBER 18, 2024.

# Govt should put plans in place to head off tech-drive job loss

THE Fourth Industrial Revolution, setting in across the world bringing about a new order dominated by technology, could well leave its impact, sooner or later, on Bangladesh even if it would opt to stay out of it. Bangladesh should, therefore, align itself towards the shift while there is still time as graduation of society into another industrial revolution will come with job losses. The report of a study on the impact of the Fourth Industrial Revolution on workers and employment and the need for inclusive polices, made public in a symposium in Dhaka on November 16, fears that the automation that the revolution would bring about could displace 60 per cent of the work force in the apparel and the textile sector in Bangladesh from their traditional role by 2041. What is good about it is that it might create a significant number of new types of jobs in the sector. Yet, as the study shows, up to half a million jobs at the operator level in the apparel and textile sectors would be at risk. About 10,000 positions at the mid-level such as floor supervisors and pattern makers and 10,000 more positions that require high skills such as fashion designers, computer-aided design and manufacturing operators would also be at risk.

The machine-to-human work ration is reported to have been at 44:66 but it is feared that the ratio would reach 57:43 by 2035. The study report also highlights that job loss because of automation by way of the Fourth Industrial Revolution would cut across five major industries — the apparel and the furniture sector with a projected job loss by a half, the agro-food processing industry. with a reduction in job by 40 per cent, the leather sector by 35 per cent and the tourism sector by 20 per cent. The report says that automation of the apparel and the textile sector is creating new jobs that combine technology with traditional manufacturing processes. Jobs in customer services, retail checkout, data entry, assembly lines and translation are increasingly replaced with technology. And, prominent emerging occupations include professionals skilled in computer-aided processes, quality control, training, automated inspection and handling. Artificial neural network experts, robot operators, numerical controllers, enterprise resource planning experts would also be in high demand. All this shows an urgent need for the government to buckle down to work to scale up the skills of workers and their re-employment in view of both short- and long-term risks of the new industrial wave.

The government should, in such a situation, work out plans to scale up the skills of workers and re-employ them to head off the impact of the job loss that the automation coming up with the Fourth Industrial Revolution could cause. It should involve workers, trade unions and civil society actors in planning. More important, it should execute the plans for an effective result.

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪,

# কর্মজীবীদের সুবিধার্থে শিশুযত্নে 'রোডম্যাপ'

## মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়

এই রোডম্যাপ উন্নত শিশুযত্ন ব্যবস্থা, নারীদের কর্মক্ষেত্রে প্রবেশ এবং দীর্ঘ মেয়াদে থাকার স্থায়িত্ব নিশ্চিত করবে।

**বিশেষ প্রতিবেদক**, *ঢাকা*

মা-বাবা, বিশেষ করে মা কর্মজীবী হলে প্রথমেই যে চিন্তাটা মাথায় আসে, সন্তানকে কে দেখবে? একসময় নানি-দাদিরা নাতি-নাতনিদের দেখভাল করলেও এখন বাস্তবতার খাতিরে সেই দৃশ্যও বদলেছে। ফলে সমস্যাটি দিন দিন প্রকট হচ্ছে। শুধু সন্তানকে কে দেখবে, সে চিন্তায় অনেক নারীকে কাজ ছেড়ে দিতে হচ্ছে। এ সমস্যার সমাধানে শিশুযত্নে 'রোডম্যাপ ফর চাইল্ড কেয়ার ইন বাংলাদেশ' প্রণয়ন করেছে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়।

গতকাল রোববার রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে এ রোডম্যাপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মমতাজ আহমেদ, মহিলাবিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক কেয়া খান, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) কান্ট্রি ডিরেক্টর টুওমো পৌটিআইনেনসহ অনুষ্ঠানের অন্য অতিথিরা। এই রোডম্যাপ তৈরিতে কারিগরি সহায়তা দিয়েছে আইএলও।

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মমতাজ আহমেদ বলেন, শিশুযত্নের বিষয়টি নতুন কোনো বিষয় নয়। নানি, দাদি, মায়েরা বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত হচ্ছেন। তাই নতুন করে চিন্তা করতে হবে। শিশুযত্ন ব্যবস্থা উন্নত করতে হলে শুধু সরকারি উদ্যোগ নয়, বেসরকারি অংশীদারত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রোডম্যাপ উন্নত শিশুযত্ন ব্যবস্থা, নারীদের কর্মক্ষেত্রে প্রবেশ এবং দীর্ঘ মেয়াদে তাঁদের কর্মক্ষেত্রে থাকার স্থায়িত্ব নিশ্চিত করবে।

আইএলওর কান্ট্রি ডিরেক্টর টুমো পৌটিআইনেন বলেন, সহজপ্রাপ্যতা, মানসম্মত এবং কম খরচে শিশুযত্ন সেন্টারের সেবা পাওয়া গেলে তা জেন্ডারসমতা ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। গবেষণাপ্রতিষ্ঠান র‍্যাপিডের (আরএপিআইডি) তত্ত্বাবধানে সরকারের বিভিন্ন সংস্থা, শ্রমিক ও মালিক সংগঠন, চাইল্ড কেয়ার ওয়ার্কার এবং অভিভাবকদের সঙ্গে পরামর্শের মাধ্যমে এ রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে। রোডম্যাপটি শিশুযত্ন খাতে বিদ্যমান প্রধান চ্যালেঞ্জ, মানের ঘাটতিসহ বিভিন্ন বিষয় চিহ্নিত করেছে এবং তা দূর করতে সুস্পষ্ট দিকনির্দেশনা প্রদান করেছে।

অনুষ্ঠানের আলোচকেরা জানিয়েছেন, রোডম্যাপটি বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) ডিসেন্ট ওয়ার্ক বা শোভন কাজ এবং জেন্ডারসমতা নিশ্চিত করার মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে। নারীদের অবৈতনিক কাজের সময় কমাবে।

র‍্যাপিডের নির্বাহী পরিচালক অধ্যাপক আবু ইউসুফ অনুষ্ঠানে রোডম্যাপটি নিয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন। গবেষণার বরাত দিয়ে তিনি জানান, বর্তমানে দেশে সরকার পরিচালিত ৬৩টি শিশু দিবাযত্ন কেন্দ্র এবং ১০০টির বেশি বেসরকারি কেন্দ্র রয়েছে। ৫৪ শতাংশ নারী কর্মক্ষেত্রে প্রবেশ করতে না পারার প্রধান কারণ শিশুকে দেখাশোনার লোকসংকট।

অনুষ্ঠানে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব তানিয়া খান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সবুর হোসেন, জাতীয় শ্রমিক শিক্ষা সমন্বয় কমিটির চেয়ারম্যান বাদল খান, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের সেক্রেটারি জেনারেল ফারুক আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন এবং বক্তব্য দেন।

সমকাল

২৬ নভেম্বর ২০২৪ । ১১ অগ্রহায়ণ ১

# বেসরকারি ৭২ হাজার শিক্ষক কর্মচারী দৈন্যদশায়

**অবসর ও কল্যাণ ভাতা**

**তিন মাস বন্ধ**

ব্যাংক দুটিতে লেনদেন সম্ভব হচ্ছে না। শিক্ষা সচিবের সঙ্গে বৈঠকে সমাধান হবে, আশা করছি

**অধ্যাপক জাফর আহম্মদ**
সদস্য সচিব (রুটিন দায়িত্ব)
অবসর সুবিধা বোর্ড

- ব্যক্তিগত লাভে দুই বেসরকারি ব্যাংকে **টাকা রেখে ধরা**
- কেন্দ্রীয় ব্যাংকে পিএল হিসাব খুলে **অর্থ দেওয়ার সিদ্ধান্ত**
- অবসরের ৩৭ হাজার আবেদন নিষ্পত্তিতেই লাগবে **৪,০০০ কোটি টাকা**

■ সাব্বির নেওয়াজ

প্রবীণ শিক্ষক আবদুর রউফ। ২০২০ সালের জুলাই মাসে তিনি যশোর সদরের 'ছাতিয়ানতলা চুড়ামনকাটি মাধ্যমিক বিদ্যালয়' থেকে অবসরে যান। প্রায় ৩৫ বছরের শিক্ষকতা জীবনের পাওনাদির জন্য ওই মাসেই আবেদন করেন। দীর্ঘ চার বছর যশোর থেকে ঢাকা ঘুরলেও টাকা পাননি তিনি। আবদুর রউফের মতো সারাদেশে ৭২ হাজারের বেশি বেসরকারি শিক্ষক-কর্মচারী তিন মাস ধরে অবসর ও কল্যাণ ভাতার টাকা পাচ্ছেন না। জীবন সায়াহ্নে এসে চরম দৈন্যদশায় পড়েছেন তারা।

সারাদেশে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারী আছেন পাঁচ লাখের মতো। তাদের কল্যাণ ও অবসর ভাতা হয় যথাক্রমে– বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের মাধ্যমে। কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের কার্যালয় রাজধানীর পলাশীর বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ভবনে।

সূত্র জানায়, ২০২০ সালের সেপ্টেম্বর থেকে গত ৩১ সেপ্টেম্বর পর্যন্ত ৩৭ হাজার শিক্ষক-কর্মচারী অবসর ভাতার আবেদন করেছেন। ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত জমা আবেদনের নিরীক্ষা (অডিট) নিষ্পত্তি হয়। এর পর ২০২০ সালের আগস্ট পর্যন্ত আবেদনের বিপরীতে অবসর সুবিধার অর্থ দেওয়া হয়। কিন্তু নানা জটিলতায় আটকে আছে অন্যদের অর্থ। অন্যদিকে, কল্যাণ ভাতার জন্য এ পর্যন্ত আবেদন পড়েছে প্রায় ৩৫ হাজার। এর মধ্যে চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত পড়েছে ১০ হাজার ২৪২টি। নিয়ম অনুযায়ী, অবসরের পরপরই অবসর ও কল্যাণ ভাতা পাওয়ার কথা থাকলেও নানা কারণে চার বছর পর্যন্ত লেগে যায় বলে ভুক্তভোগীরা জানিয়েছেন।

অনুসন্ধানে জানা যায়, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ড পরিচালিত হয় দুটি কমিটির মাধ্যমে। পদাধিকারবলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব এই কমিটির চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক। কমিটির সচিব ও অন্যান্য সদস্য হন বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা। গত সাড়ে ১৫ বছরে আওয়ামী লীগপন্থি শিক্ষক নেতারা কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের কমিটিতে স্থান পেয়েছেন। ছাত্র-জনতার অভ্যুত্থানে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে বেশির ভাগ শিক্ষক নেতা পলাতক। এতে থমকে গেছে কল্যাণ ট্রাস্ট ও অবসর বোর্ডের কার্যক্রম।

ভাতা বন্ধের পেছনে এটিকে অন্যতম কারণ বলা হলেও সমকালের অনুসন্ধানে বেরিয়ে এসেছে চাঞ্চল্যকর তথ্য। সংশ্লিষ্টরা জানান, আওয়ামী লীগ আমলে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের প্রায় ১ হাজার ২০০ কোটি টাকা সরকারি ব্যাংক থেকে সরিয়ে শিক্ষক নেতারা ব্যক্তিগত লাভের আশায় বেসরকারি ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক ও সিটিজেনস ব্যাংকে রাখেন। ফার্স্ট সিকিউরিটির মালিকানা এস আলম গ্রুপের; সিটিজেনস ব্যাংক সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের।

কর্মকর্তারা জানান, লুটপাটের কারণে দুটি ব্যাংকই তারল্য সংকটে ভুগছে। বেশির ভাগ গ্রাহক তাদের আমানত তুলে নিয়েছেন। ব্যাংক দুটি চাহিদামতো অর্থ দিতে না পারায় শিক্ষক-কর্মচারীর টাকা পরিশোধ করতে পারছে না কমিটি। এমন পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি ব্যাংক দুটির পরিবর্তে সরকারি ব্যাংকে তহবিল রেখে লেনদেনের নির্দেশনা দিয়েছে। কিন্তু অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টের পূর্ণাঙ্গ কমিটি সভা করতে না পারায় আটকে গেছে তহবিল স্থানান্তরের নির্দেশনা। এ কারণে গত তিন মাস শিক্ষক-কর্মচারীরা টাকা পাচ্ছেন না।

জানা যায়, অবসর ও কল্যাণ সুবিধার অর্থের বড় অংশ নেওয়া হয় শিক্ষক-কর্মচারীর কাছ থেকে। চাকরিকালে প্রতি মাসে তাদের মূল বেতনের ৬ শতাংশ টাকা কেটে রাখে অবসর সুবিধার জন্য। এ খাত থেকে প্রতি মাসে প্রায় ৭০ কোটি টাকা আসে। আর কল্যাণ সুবিধার জন্য কাটা হয় মূল বেতনের ৪ শতাংশ। এর সঙ্গে প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে বছরে ১০০ টাকা (৭০ টাকা অবসর ও ৩০ টাকা কল্যাণ) যুক্ত হয়। দুটি সুবিধার অর্থ পরিশোধে বাকি টাকা সরকার ও চাঁদা জমার সুদ থেকে সমন্বয় করার কথা। কিন্তু নিয়মিতভাবে সরকার কোনো বরাদ্দ দেয়নি। মাঝেমধ্যে সহায়তা হিসেবে থোক বরাদ্দ দিয়েছে। ফলে ট্রাস্ট ও বোর্ডের তহবিল শক্ত ভিত্তি পায়নি।

কেটে রাখা ৭০ কোটি টাকার সঙ্গে প্রতি মাসে এফডিআরের লভ্যাংশ যুক্ত হয় প্রায় তিন কোটি টাকা। বিপরীতে প্রতি মাসে গড়ে অবসর সুবিধাভোগীর আবেদন পড়ে এক হাজার, যা নিষ্পত্তিতে দরকার প্রায় ১১৫ কোটি টাকা। প্রতি মাসে ৪২ কোটি টাকার মতো ঘাটতি থাকে। বর্তমানে ৩৭ হাজার অবসর সুবিধার আবেদন নিষ্পত্তি করতে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা লাগবে বলে মনে করছেন কর্মকর্তারা। একই চিত্র

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪

# নির্যাতনের ৬৮% আসামি গ্রেপ্তার হয়নি

**নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ**

## ৯ মাসে সবচেয়ে বেশি মামলা ধর্ষণের। আগস্ট-সেপ্টেম্বরে গ্রেপ্তার সবচেয়ে কম।

**নাজনীন আখতার**, *ঢাকা*

গত ৯ আগস্ট রাজধানীর কাছে দক্ষিণ কেরানীগঞ্জে দুই তরুণীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় আসামি ছিল ছয়জন। এর মধ্যে একজন গ্রেপ্তার হয়েছে। আসামিকে শনাক্ত করে এলাকার লোকজন আটকের পর থানায় নিয়ে আসে। বাকি আসামিরা পুলিশের খাতায় 'পলাতক'।

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে গত ৭ সেপ্টেম্বর এক প্রবীণ নারী (৬৫) দলবদ্ধ ধর্ষণের শিকার হন। তিনি ত্রাণের আশায় কয়েক নারীর সঙ্গে ঢাকায় এসেছিলেন। ঘটনার সময় উদ্যানে বিশ্রাম নিচ্ছিলেন। ওই মামলায় আসামি অজ্ঞাতপরিচয় কয়েকজন। মামলাটি শাহবাগ থানা থেকে উইমেন সাপোর্ট অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগে (ভিকটিম সাপোর্ট সেন্টার নামে বেশি পরিচিত) স্থানান্তর করা হয়েছে। ওই মামলায় এখন পর্যন্ত কোনো আসামি শনাক্ত হয়নি। ফলে গ্রেপ্তার হয়নি কেউ।

নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০-এর ৯ (৩) ধারায় দলবদ্ধ ধর্ষণের অভিযোগে ওই দুটি ঘটনায় থানায় মামলা হয়।

দেশের বিভিন্ন থানার মামলার তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, একক ধর্ষণের ঘটনা ছাড়া বেশির ভাগ ক্ষেত্রে নির্যাতনের ঘটনায় আসামি থাকেন একাধিক ব্যক্তি। যৌতুকের মতো পারিবারিক নির্যাতনের ঘটনায় স্বামীর সঙ্গে পরিবারের অনেক সদস্যকেও আসামি করা হয়। তবে মামলার পর আসামিদের বড় একটি অংশ পুলিশের নাগালের বাইরে থেকে যায়।

পুলিশ সদর দপ্তরের তথ্য অনুসারে, জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৯ মাসে সারা দেশের থানা ও আদালতে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর যৌতুক, ধর্ষণ, ধর্ষণচেষ্টা, দাহ্য পদার্থ নিক্ষেপ ও অপহরণ ধারায় মোট ১২ হাজার ৭৬৯টি মামলা হয়েছে। এর মধ্যে শুধু নারী নির্যাতনের অভিযোগে মামলা হয়েছে ১০ হাজার ৬৮৬টি। বাকিগুলো শিশু নির্যাতনের অভিযোগে। নারী নির্যাতনের মামলায় মোট আসামি করা হয়েছে ২৪ হাজার ৩৩৯ জনকে। এর মধ্যে গ্রেপ্তার হয়েছে মাত্র ৭ হাজার ৮৩৫ জন। অর্থাৎ ওই ৯ মাসে প্রায় ৬৮ শতাংশ বা দুই-তৃতীয়াংশের বেশি আসামি গ্রেপ্তার হয়নি।



**নারী নির্যাতনের মামলা ও গ্রেপ্তারের চিত্র ২০২৪**

মামলা ▸ ১০,৬৮৬
আসামি ▸ ২৪,৩৩৯
গ্রেপ্তার ▸ ৭,৮৩৫

**আসামির সংখ্যা ও গ্রেপ্তার**

| মাস | আসামি | গ্রেপ্তার |
|---|---|---|
| জানুয়ারি | ১,৮৭৬ | ৬৯৯ |
| ফেব্রুয়ারি | ২,৪২৯ | ৯০৪ |
| মার্চ | ২,৮১০ | ৯৭১ |
| এপ্রিল | ২,৯২৫ | ১,০৪৬ |
| মে | ৩,০৩৯ | ১,১০৫ |
| জুন | ২,৯৬১ | ৯৯৫ |
| জুলাই | ৩,০৭৫ | ৯৬৮ |
| আগস্ট | ২,২৩৮ | ৫৩০ |
| সেপ্টেম্বর | ২,৯৮৬ | ৬১৭ |

* আগস্ট ও সেপ্টেম্বরে আসামি গ্রেপ্তার সবচেয়ে কম

সূত্র : পুলিশ সদর দপ্তর

তবে পরিস্থিতির উন্নতির আশা নিয়ে এ বছরও আজ ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বিশ্ব মানবাধিকার দিবস পালন করা হবে। এবারের প্রতিপাদ্য 'নারী-কন্যার সুরক্ষা করি, সহিংসতামুক্ত বিশ্ব গড়ি'।

### আগস্ট-সেপ্টেম্বরে গ্রেপ্তার সবচেয়ে কম

জুলাই মাসের মাঝামাঝি সময় থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন নির্বিচারে দমন করার কাজে পুলিশকে বেশি ব্যস্ত রাখা হয়। ওই সময় থানাগুলোতে গুরুতর ঘটনা ছাড়া নারীরা অভিযোগ জানাতে গেলে ফেরত পাঠানো হয়। বিশেষ করে পারিবারিক নির্যাতনের ঘটনায় নারীদের পরে এসে মামলা করতে পরামর্শ দেওয়া হয়। তবে জুলাই মাসে মামলা ও গ্রেপ্তারের সংখ্যা বছরের অন্যান্য মাসের মতোই ছিল। ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর জনরোষ ও হামলার মুখে থানার কার্যক্রম বন্ধ থাকে দীর্ঘদিন। ৮ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকার গঠন করা হয়। তবে পরিবর্তিত প্রেক্ষাপটে আগস্ট মাসে নারী নির্যাতনের ঘটনায় মামলা নেওয়া ও আসামি গ্রেপ্তার কমতে শুরু করে। সেপ্টেম্বরে নির্যাতনের ঘটনায় মামলার চিত্র প্রায় আগের পর্যায়ে চলে আসে। তবে ওই মাসেও আসামি গ্রেপ্তার কমই ছিল।

মামলার তথ্য বিশ্লেষণে দেখা গেছে, মামলার তুলনায় আগস্ট ও সেপ্টেম্বর মাসে আসামি গ্রেপ্তার সবচেয়ে কম। অনেক সময় যে মাসে মামলা হয়েছে, তার পরের মাসে গ্রেপ্তারের ঘটনা ঘটেছে। ৯ আগস্ট দক্ষিণ কেরানীগঞ্জে দুই তরুণীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় ২৩ দিন পর ২ সেপ্টেম্বর মামলা হয়।

পুলিশ সদর দপ্তরের তথ্য অনুসারে, এ বছর জানুয়ারি মাসে সবচেয়ে কম মামলা হয়, ৮৫০টি। দ্বিতীয় সর্বোচ্চ কম মামলা হয় আগস্ট মাসে, ৮৮৯টি। ওই মাসে মোট আসামি করা হয় ২ হাজার ২৩৮ জনকে। গ্রেপ্তার হয় ৫৩০ জন। সেপ্টেম্বর মাসে মামলা হয় ১ হাজার ২৮৮টি। যা জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল ও জুলাই মাসের তুলনায় বেশি। সেপ্টেম্বর মাসে আসামি করা হয় ২ হাজার ৯৮৬ জনকে, গ্রেপ্তার হয় ৬১৭ জন।

পুলিশ সদর দপ্তরের গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের সহকারী মহাপরিদর্শক (এআইজি) ইনামুল হক সাগর প্রথম আলোকে বলেন, অনেক সময় আসামিরা আত্মগোপনে চলে যায়। তবে আসামি ধরার জন্য পুলিশ সর্বোচ্চ তৎপর থাকে। পুলিশের সক্ষমতায় কোনো ঘাটতি নেই।

৯ মাসে ধর্ষণের অভিযোগে মামলা হয়েছে ৩ হাজার ৩৯৩টি। এর মধ্যে ২২৩টি দলবদ্ধ ধর্ষণ, ধর্ষণের পর ১২ জনকে হত্যা, ধর্ষণচেষ্টা ১ হাজার ৪২৬টি। যৌতুকের কারণে নির্যাতনের অভিযোগে মামলা হয়েছে ৩ হাজার ২০৮টি, এর মধ্যে ১৩৬ নারী হত্যার শিকার। অপহরণের ঘটনায় ২ হাজার ৬১৭টি এবং দাহ্য পদার্থ নিক্ষেপের ঘটনায় ৪২টি মামলা হয়েছে।

নির্যাতনের শিকার নারী ও শিশুদের সহায়তায় স্থাপিত ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টারের (ওসিসি) আইনজীবী ফাহমিদা আক্তার প্রথম আলোকে বলেন, আসামি গ্রেপ্তার না হলে মামলার প্রক্রিয়া দীর্ঘায়িত হয়। বিচার না হলে ভুক্তভোগী যেমন ভোগান্তিতে পড়ে, তেমনি সমাজে অপরাধও বাড়তে থাকে। ন্যায়বিচার নিশ্চিত করার জন্য প্রকৃত আসামিদের শনাক্ত করে গ্রেপ্তার করতে হবে। ধর্ষণ, দাহ্য পদার্থ নিক্ষেপ, পাচার, পর্নোগ্রাফির মতো সংবেদনশীল মামলার জন্য পুলিশের পৃথক তদন্তকারী সেল গঠন করা জরুরি।

সময়ের আলো সোমবার। ২৫ নভেম্বর ২০২৪

# এক যুগেও শেষ হয়নি বিচার

## সেই অগ্নিকাণ্ডে মারা যান ১১৩ জন আহত হন দুই শতাধিক

● মোহাম্মদ গাফফার হোসেন

রাজধানীর অদূরে আশুলিয়ার নিশ্চিন্তপুরে তাজরীন ফ্যাশন গার্মেন্টিসে ভয়াবহ অগ্নিকাণ্ডের এক যুগ পূর্ণ হয়েছে গতকাল। ২০১২ সালের ২৪ নভেম্বরের সেই অগ্নিকাণ্ডে মারা যান ১১৩ জন শ্রমিক ও দুই শতাধিক শ্রমিক আহত এবং দগ্ধ হন। ভয়াবহ ওই ঘটনার পরদিন আশুলিয়া থানার এসআই খায়রুল ইসলাম অবহেলাজনিত হত্যার অভিযোগ এনে মামলা করেন। মামলা করার এক যুগ পেরিয়ে গেলেও শেষ হয়নি বিচারকাজ। তবে রাষ্ট্রপক্ষ আশা করছে, খুব দ্রুতই শেষ হবে বিচারকাজ। বর্তমানে মামলাটি ঢাকার প্রথম অতিরিক্ত জেলা ও দায়রা জজ নাসরিন জাহানের আদালতে বিচারাধীন। সর্বশেষ গত গত ২২ অক্টোবর মামলাটি সাক্ষ্যগ্রহণের জন্য ধার্য ছিল। কিন্তু ওই দিন কোনো সাক্ষী আদালতে হাজির হননি। এর জন্য আদালত ২৭ নভেম্বর পরবর্তী সাক্ষ্যগ্রহণের জন্য তারিখ ধার্য করেন। চলতি বছরে এ পর্যন্ত চারজনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে। এই মামলায় মোট ১০৪ সাক্ষীর মধ্যে মাত্র ১৫ জনের সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে। ২০১৬ সালে মামলার বাদী এসআই খায়রুল ইসলামসহ পাঁচজন আদালতে সাক্ষ্য দেন। ২০১৭ সালে দুজন, ২০১৯ ও ২০২১ সালে একজন করে দুজন সাক্ষ্য দিয়েছেন। তবে ২০১৮, ২০২০ ও ২০২৩ সালে এ মামলায় কোনো সাক্ষ্যগ্রহণ করা হয়নি।

সংশ্লিষ্ট আদালতের অতিরিক্ত পিপি মো. রবিউল ইসলাম রবি বলেন, আমরা যথেষ্ট তৎপর। সাক্ষীদের বারবার সমন দেওয়া হয়েছে। গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। কিন্তু তারা আদালতে হাজির হচ্ছেন না। তবে আমরা চেষ্টা করছি, বাকি সাক্ষীদের দ্রুত হাজির করা হবে

আসামিপক্ষের আইনজীবী রোকেয়া বেগম ও ফরিদ হোসেন পলক বলেন, মামলায় নিয়মিত সাক্ষী হচ্ছে না। সাক্ষী আসুক বা না আসুক আসামিদের তো নিয়মিত হাজিরা দিতে হচ্ছে। এতে তারা হয়রানির শিকার হচ্ছেন।

তিনি আরও বলেন, মামলার অনেক আসামি ঘটনার সঙ্গে জড়িত না। আসামি দুলাল উদ্দিন ঘটনার দিন সেখানে ছিলেন না। অন্য দুলালের জায়গায় তাকে আসামি করা হয়েছে। সিকিউরিটি গার্ড আল আমিনের স্ত্রীও সেখানে কাজ করছিলেন। কারও স্বজন যদি ভেতরে থাকেন তা হলে ওই অবস্থায় তিনি কি তাকে বের হতে বাধা দেবেন? পুলিশ ডেকে এনে সাক্ষ্য দেওয়ার কথা বলে অনেককে আসামি করা হয়েছে। তারা নিজেরাও তো ভিকটিমাইজড।

তাজরীন ফ্যাশনের মালিক দেলোয়ার হোসেনের আইনজীবী হেলেনা পারভীন বলেন, তিনি ঘটনার সঙ্গে জড়িত নন। কারণ তিনি সেখানে উপস্থিত ছিলেন না। তারপরও তাকে মামলায় জড়িত করা হয়েছে। তার দুই থেকে আড়াইশ কোটি টাকার ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্তদের সাহায্য-সহযোগিতা করছেন। তারপরও তাকে হয়রানির শিকার হতে হচ্ছে।

২০১৩ সালের ২২ ডিসেম্বর প্রতিষ্ঠানটির মালিক এবং ব্যবস্থাপনা পরিচালকসহ ১৩ জনের বিরুদ্ধে ঢাকার মুখ্য বিচারিক হাকিম আদালতে অভিযোগপত্র দাখিল করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। মামলার তদন্ত কর্মকর্তা সিআইডির পরিদর্শক এ কে এম মহসিনুজ্জামান খান এ অভিযোগপত্র দাখিল করেন। ঘটনার ১ বছর ২৮ দিন পর আসামিদের বিরুদ্ধে তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি এ অভিযোগপত্র দাখিল করেন।

অভিযোগপত্রে উল্লেখ করা হয়, কারখানা ভবনটি ইমারত নির্মাণ আইন মেনে করা হয়নি। শ্রমিকদের বের হওয়ার জন্য ভবনটিতে জরুরি বহির্গমন পথ ছিল না। তিনটি সিঁড়ির মধ্যে দুটি নিচ তলার গুদামের ভেতরে এসে শেষ হয়েছে।

ওই গুদামে আগুন লাগার পর শ্রমিকরা বের হতে চাইলে কারখানার ম্যানেজার শ্রমিকদের বাধা দিয়ে বলেন, আগুন লাগেনি। অগ্নিনির্বাপণের মহড়া চলছে। তিনি বের হওয়ার পথ বন্ধ করে দেন। এতে শ্রমিকরা নিচে নামতে পারেননি। মালিকের অবহেলাজনিত হত্যা ও নরহত্যার স্পষ্ট প্রমাণ মিলেছে উল্লেখ করে আসামিদের বিরুদ্ধে দণ্ডবিধির ৩২৩, ৩২৫, ৪৩৬, ৩০৪, ৩০৪-ক ও ৪২৭ ধারায় অভিযোগপত্র দাখিল করা হয়েছে।

অভিযোগপত্রভুক্ত আসামিরা হলেন-তাজরীন ফ্যাশনের ব্যবস্থাপনা পরিচালক

ইত্তেফাক
১২ অগ্রহায়ণ ১৪৩১, ২৭ নভেম্বর ২০২৪

# ট্যানারি শিল্পে নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা

■ ইত্তেফাক রিপোর্ট

ট্যানারি বা চামড়াশিল্প খাতের শ্রমিকদের জন্য নতুন নিম্নতম মজুরি ঘোষণা করেছে সরকার। বিভাগীয় শহর ও ঢাকার সাভার এলাকায় অবস্থিত ট্যানারির জন্য সর্বনিম্ন মজুরি নির্ধারণ করা হয়েছে ১৮ হাজার ১ টাকা; আর অন্যান্য স্থানের জন্য এ মজুরি ১৭ হাজার ৪৮ টাকা। দেশের অধিকাংশ ট্যানারিই সাভারের চামড়া শিল্পনগরে অবস্থিত।

এর আগে সর্বশেষ ২০১৮ সালে এ খাতের শ্রমিকদের নিম্নতম মজুরি নির্ধারণ করা হয়েছিল। তখন বিভাগীয় ও সাভার এলাকার ট্যানারি শ্রমিকদের সর্বনিম্ন মজুরি ছিল ১৩ হাজার ৫০০ টাকা। সে তুলনায় নতুন কাঠামোতে মজুরি বেড়েছে প্রায় ৩৩ দশমিক ৩৪ শতাংশ।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্প্রতি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী ট্যানারি শিল্পের শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপন অনুযায়ী, গ্রেড ও এলাকাভেদে ট্যানারি শিল্প খাতে নিম্নতম মজুরি হবে ১৭ হাজার ৪৮ টাকা, আর সর্বোচ্চ মজুরি হবে ৩৪ হাজার ১৬৮ টাকা। মোট পাঁচটি গ্রেডে ট্যানারি শ্রমিকদের মজুরি নির্ধারণ করা হয়েছে। প্রতিটি গ্রেডে মজুরির ক্ষেত্রে বিভাগীয় শহর ও সাভার এলাকা এবং অন্যান্য এলাকাভিত্তিক এই দুই শ্রেণি রাখা হয়েছে। দুই শ্রেণিতেই শ্রমিকদের মূল মজুরি, চিকিৎসা ও যাতায়াত ভাতা সমান রাখা হয়েছে। তবে বাড়ি ভাড়ার ক্ষেত্রে ভাতায় পার্থক্য রয়েছে। বিভাগীয় শহর ও সাভারের ক্ষেত্রে মূল মজুরির ৭০ শতাংশ এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০ শতাংশ বাড়ি ভাড়া রাখা হয়েছে।

ট্যানারি বা চামড়াশিল্প খাতের নতুন মজুরি কাঠামোতে সর্বোচ্চ বা প্রথম গ্রেডে রয়েছেন স্কিন সিলেক্টর বা হ্যান্ড মেজারার, বৈদ্যুতিক ও মেশিন মেরামত মিস্ত্রি, হ্যান্ড ফ্লেশারম্যান ও বয়লার অপারেটরসহ ১৩ ধরনের শ্রমিক। বিভাগীয় শহর ও সাভারে এই গ্রেডের শ্রমিকের নিম্নতম মজুরি নির্ধারণ করা হয়েছে ৩৪ হাজার ১৬৮ টাকা, যা ২০১৮ সালে ছিল ২৫ হাজার ৪০০ টাকা।

এভাবে বিভাগীয় শহর ও সাভার এলাকার ট্যানারি শ্রমিকের নিম্নতম মজুরি বাড়িয়ে দ্বিতীয় গ্রেডে ২৮ হাজার ৩৮৮ টাকা; তৃতীয় গ্রেডে ২৪ হাজার ২ টাকা এবং চতুর্থ গ্রেডে ২০ হাজার ৯৯৩ টাকা করা হয়েছে। এই চার গ্রেডের বাইরে অদক্ষ সাধারণ ও অন্য শ্রমিকেরা রয়েছেন সর্বশেষ বা পঞ্চম গ্রেডে। এই গ্রেডের নিম্নতম মজুরি বিভাগীয় শহর ও সাভারে ১৮ হাজার ১ টাকা ও অন্যান্য এলাকায় ১৭ হাজার ৪৮ টাকা।

২০১৮ সালে দ্বিতীয় গ্রেডে ২১ হাজার ১৫০, তৃতীয় গ্রেডে ১৭ হাজার ৯২০, চতুর্থ গ্রেডে ১৫ হাজার ৭১০ ও পঞ্চম গ্রেডে ১৩ হাজার ৫০০ টাকা মজুরি ছিল। এ ছাড়া শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে এবার নিম্নতম মজুরি ১১ হাজার ৩৩০ টাকা নির্ধারণ করা হয়েছে, যা আগে ছিল ৭ হাজার টাকা। শিক্ষানবিশকাল ধরা হয়েছে তিন মাস।

প্রজ্ঞাপনে ট্যানারি শিল্পের শ্রমিকের পাশাপাশি কর্মচারীদের নিম্নতম মজুরিও ঘোষণা করা হয়েছে। তবে কর্মচারীদের ক্ষেত্রে মোট গ্রেড করা হয়েছে চারটি। এর মধ্যে সর্বনিম্ন বা চতুর্থ গ্রেডে রয়েছেন পিয়ন, দারোয়ান, নৈশপ্রহরী, মালি ও পরিচ্ছন্নতাকর্মী। বিভাগীয় শহর ও সাভার এলাকায় তাদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা। আর প্রথম গ্রেডের কর্মচারীদের নিম্নতম মজুরি বিভাগীয় পর্যায়ে ধরা হয়েছে ৩৪ হাজার ১৬৮ টাকা। কর্মচারীর ক্ষেত্রে শিক্ষানবিশকাল ছয় মাস এবং তাদের নিম্নতম মজুরি ১১ হাজার ৩৩০ টাকা।

কালের কণ্ঠ ঢাকা। বুধবার। ২৭ নভেম্বর ২০২৪।

# শিশুশ্রম নিরসনে আইন ও নীতিমালা সংস্কারের তাগিদ

## সংলাপে সরকারি-বেসরকারি সংস্থার প্রতিনিধিরা

নিজস্ব প্রতিবেদক ▷

শিশুশ্রম নিরসনে বিদ্যমান আইন ও নীতিমালা সংস্কারের তাগিদ দিয়েছেন সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিরা। তারা বলেছেন, গণ-অভ্যুত্থানের প্রেক্ষাপটে গঠিত অন্তর্বর্তী সরকার বিভিন্ন ক্ষেত্রে ইতিবাচক সংস্কারের উদ্যোগ নিয়েছে। সংস্কারের তালিকায় শিশুশ্রমের বিষয়টি গুরুত্ব দিতে হবে। এই সরকারের দৃষ্টি আকর্ষণে গণমাধ্যম বিশেষ ভূমিকা রাখতে পারে।

গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি) আয়োজিত সংলাপে এসব কথা বলেন তারা। 'শিশুশ্রম নিরসনে গণসচেতনতা বৃদ্ধিতে গণমাধ্যমের ভূমিকা : আমাদের প্রত্যাশা' শীর্ষক সংলাপে সভাপতিত্ব করেন এএসডির নির্বাহী কমিটির ভাইস চেয়ারপারসন শামসুন্নাহার জলী।

আলোচনায় অংশ নেন বিশিষ্ট গণমাধ্যম ব্যক্তিত্ব মোস্তফা কামাল মজুমদার, প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশের (পিআইবি) প্রশিক্ষক জিলহাজ উদ্দীন নিপুন, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রকল্প কর্মকর্তা হালিমা বেগম, ডিআরইউর সাবেক সভাপতি রফিকুল ইসলাম আজাদ, জাতীয় প্রেস ক্লাব ব্যবস্থাপনা কমিটির সদস্য শাহনাজ পলি, সিনিয়র সাংবাদিক আশীষ কুমার দে ও শরফুল আলম, এএসডির প্রকল্প ব্যবস্থাপক ইউ কে এম ফারহানা সুলতানা প্রমুখ।

সংলাপে মূল বক্তব্য উত্থাপন করেন এএসডির কো-অর্ডিনেটর সৈয়দ শাহিনুর রহমান। তিনি বলেন, আইনগতভাবে শিশুশ্রম নিষিদ্ধ হলেও দেশে ৩৫ লাখ শিশুশ্রমে নিয়োজিত আছে। এর মধ্যে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুর সংখ্যা প্রায় ১০ লাখ ৬৮ হাজার। শ্রমে নিয়োজিত শিশুরা নানা ধরনের শোষণ, নিপীড়ন, নির্যাতন এবং সহিংসতার শিকার হচ্ছে। অনেক ক্ষেত্রে এসব শিশুশ্রমিক ভয়াবহ নির্যাতন এবং ক্ষেত্রবিশেষে দুর্ঘটনার শিকার হয়ে অকালে মৃত্যুবরণ করছে। এ ছাড়া অসংখ্য শিশু দীর্ঘ সময় অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করার ফলে নানা রোগে আক্রান্ত হয়ে অল্প বয়সে কর্মক্ষমতা হারাচ্ছে।

সংবাদ
Wednesday 27 November 2024

# পোশাক শিল্পে নারী শ্রমিকের অংশগ্রহণ কমছে কেন, প্রতিকার কী

পোশাক শিল্প দীর্ঘদিন ধরে দেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি হিসেবে বিবেচিত হয়েছে। সাম্প্রতিক সময়ে এ খাতে নারী শ্রমিকের সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে আসা উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এটি শুধু কর্মসংস্থান নয়, নারীর ক্ষমতায়ন এবং সামাজিক উন্নয়নকেও প্রভাবিত করতে পারে।

প্রাপ্ত তথ্যানুসারে, দেশে পোশাক শিল্পে কর্মরত নারী শ্রমিকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাচ্ছে। শিল্প খাতে মজুরি বৃদ্ধির কারণে অনেক নারী শ্রমিক অন্যান্য পেশায় যোগ দিচ্ছেন। পাশাপাশি, কাজের চাপ ও কাজের পরিবেশের কারণে অনেকেই এ খাত থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন। অর্থনীতিবিদ এবং সমাজবিজ্ঞানীরা মনে করছেন, এটি শুধু শ্রমবাজার নয়, বরং সামগ্রিক সামাজিক কাঠামোর জন্যও নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

নারী শ্রমিকদের সংখ্যা হ্রাসের পেছনে কয়েকটি গুরুত্বপূর্ণ কারণ চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে অন্যতম হচ্ছে, কাজের অনুন্নত পরিবেশ। অনেক পোশাক কারখানায় এখনো কাজের পরিবেশ আন্তর্জাতিক মানদণ্ড পূরণ করতে পারেনি। আবার অনেক কারখানা মালিক ত্রিশোর্ধ্ব নারী শ্রমিকদের কাজে রাখতে চান না।

এখন কর্মসংস্থানের বহুমুখী বিকল্প তৈরি হয়েছে। অন্যান্য খাতে মজুরি বেড়েছে, সুযোগ-সুবিধা বেড়েছে। এতে করে পোশাক খাতের প্রতি নারীদের আগ্রহ কমছে। অন্যান্য খাতে সুযোগ-সুবিধা বাড়া একটি ভালো খবর। প্রশ্ন হচ্ছে, অন্যান্য খাতের সঙ্গে তাল মিলিয়ে পোশাক খাতে কেন সুযোগ-সুবিধা বাড়ছে না।

পোশাক খাতে কাজ করা নারীদের এখনো অনেক সামাজিক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। অনেক নারী শ্রমিক পারিবারিক ও সামাজিক কারণে কর্মক্ষেত্র থেকে সরে দাঁড়াচ্ছেন।

পোশাক খাতে নারীর অংশগ্রহণ কমার ফলে কোন ধরনের সংকট তৈরি হয়েছে সেটা বুঝতে হবে। সংকট মোকাবিলায় সরকার এবং সংশ্লিষ্ট সংস্থাগুলোর কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এজন্য প্রথমেই কারখানার কাজের পরিবেশ উন্নত করা দরকার। কারখানাগুলোতে নারী শ্রমিকদের জন্য বিশেষ সুবিধা এবং নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের সুযোগও বাড়াতে হবে। প্রণোদনা দেয়ার মাধ্যমে পোশাক শিল্পে নারীর অংশগ্রহণ বাড়ানো যায় কিনা সেটা ভেবে দেখতে হবে।

পোশাক শিল্পে নারী শ্রমিকদের অংশগ্রহণ বাড়াতে সংশ্লিষ্টদের সক্রিয় এবং সমন্বিত প্রচেষ্টা জরুরি। সরকার, উদ্যোক্তা এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতায় একটি অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই সমাধান খুঁজে বের করা সম্ভব হতে পারে।

সমকাল
বুধবার। ২৭ নভেম্বর ২০২৪

# শ্রম খাতে বাংলাদেশের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাষ্ট্র

■ কূটনৈতিক প্রতিবেদক

শ্রম খাতে স্থিতিশীল কর্মসংস্থান, মানসম্পন্ন কর্মপরিবেশ ও জীবিকা নির্বাহের উপযোগী মজুরি নিশ্চিতে বাংলাদেশের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাষ্ট্র। এতে বাংলাদেশের শ্রমিক ও তাদের পরিবারের উন্নতি নিশ্চিত হবে বলে জানিয়েছে দেশটি। গতকাল মঙ্গলবার ঢাকার মার্কিন দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে জানানো হয়, বাংলাদেশের অর্থনীতি, গণতন্ত্র ও শ্রমিকদের সমর্থনে যুক্তরাষ্ট্রের একটি প্রতিনিধি দল সফরে এসেছিল। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বিশেষ প্রতিনিধি কেলি এম ফে রদ্রিগেজ এবং শ্রম দপ্তরের ডেপুটি আন্ডার সেক্রেটারি থিয়া লি। এ সফরে ইউএসএআইডির প্রতিনিধি, আমেরিকান অ্যাপারেল অ্যান্ড ফুটওয়্যার অ্যাসোসিয়েশন সংশ্লিষ্ট প্রধান ব্র্যান্ডগুলোর ঊর্ধ্বতন নেতৃত্ব, আন্তর্জাতিক শ্রম বিশেষজ্ঞ ইউএনআই গ্লোবাল ইউনিয়নের মহাসচিব ক্রিস্টি হফম্যান এবং ওয়ার্কার রাইটস কনসোর্টিয়ামের নির্বাহী পরিচালক স্কট নোভা ছিলেন।

বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক সমৃদ্ধি নিশ্চিত করতে এই মুহূর্তে শ্রম অধিকার চর্চার দীর্ঘস্থায়ী চ্যালেঞ্জগুলো সমাধান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ; যা শ্রমিকদের ক্ষমতায়ন, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, মানবাধিকারের প্রতি সম্মান, গণতান্ত্রিক স্থিতিশীলতা এবং লিঙ্গসমতা ও অন্তর্ভুক্তির জন্য অপরিহার্য। যুক্তরাষ্ট্র বৈশ্বিক অর্থনীতিতে শ্রমিকদের মঙ্গল নিশ্চিত করার ব্যাপারে সরকার, ক্রেতা, নিয়োগদাতা, নিয়ন্ত্রক এবং শ্রম ইউনিয়নগুলোর যৌথ দায়িত্বের ওপর গুরুত্বারোপ করে। এর মধ্যে রয়েছে শ্রমিকদের জন্য সুরক্ষিত ও সম্মানজনক কর্মপরিবেশ নিশ্চিত করার পাশাপাশি পোশাক খাতে সংগঠন গঠনের স্বাধীনতা ও যৌথ দরকষাকষির অধিকার শক্তিশালী করার মাধ্যমে শ্রমিক অধিকারের উন্নয়ন করা।

শ্রম সংস্কার উন্নয়ন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের শীর্ষ অগ্রাধিকারের মধ্যে রয়েছে। যুক্তরাষ্ট্র এই

সংবাদ
ঢাকা : বুধবার ১২ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Wednesday 27 November 2024

# ট্যানারিশিল্পের নিম্নতম মজুরি বেড়ে দাঁড়ালো ১৮ হাজার টাকা

অর্থনৈতিক বার্তা পরিবেশক

ট্যানারি বা চামড়াশিল্প খাতের শ্রমিকদের জন্য নতুন নিম্নতম মজুরি ঘোষণা করেছে সরকার। বিভাগীয় শহর ও ঢাকার সাভার এলাকায় অবস্থিত ট্যানারির জন্য সর্বনিম্ন মজুরি নির্ধারণ করা হয়েছে ১৮ হাজার ১ টাকা, আর অন্যান্য স্থানের জন্য এ মজুরি ১৭ হাজার ৪৮ টাকা। দেশের অধিকাংশ ট্যানারিই সাভারের চামড়া শিল্পনগরে অবস্থিত। এর আগে সর্বশেষ ২০১৮ সালে এ খাতের শ্রমিকদের নিম্নতম মজুরি নির্ধারণ করা হয়েছিল। তখন বিভাগীয় ও সাভার এলাকার ট্যানারিশ্রমিকদের সর্বনিম্ন মজুরি ছিল ১৩ হাজার ৫০০ টাকা। সে তুলনায় নতুন কাঠামোতে মজুরি বেড়েছে প্রায় ৩৩ দশমিক ৩৪ শতাংশ।

**মোট পাঁচটি গ্রেডে ট্যানারিশ্রমিকদের মজুরি নির্ধারণ করা হয়েছে। প্রতিটি গ্রেডে মজুরির ক্ষেত্রে বিভাগীয় শহর ও সাভার এলাকা এবং অন্যান্য এলাকাভিত্তিক এই দুই শ্রেণি রাখা হয়েছে। দুই শ্রেণিতেই শ্রমিকদের মূল মজুরি, চিকিৎসা ও যাতায়াত ভাতা সমান রাখা হয়েছে। তবে বাড়িভাড়ার ক্ষেত্রে ভাতায় পার্থক্য রয়েছে।**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় গত বৃহস্পতিবার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী ট্যানারিশিল্পের শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরিসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপন অনুযায়ী, গ্রেড ও এলাকাভেদে ট্যানারিশিল্প খাতে নিম্নতম মজুরি হবে ১৭ হাজার ৪৮ টাকা, আর সর্বোচ্চ মজুরি হবে ৩৪ হাজার ১৬৮ টাকা। মোট পাঁচটি গ্রেডে ট্যানারিশ্রমিকদের মজুরি নির্ধারণ করা হয়েছে। প্রতিটি গ্রেডে মজুরির ক্ষেত্রে বিভাগীয় শহর ও সাভার এলাকা এবং অন্যান্য এলাকাভিত্তিক এই দুই শ্রেণি রাখা হয়েছে। দুই শ্রেণিতেই শ্রমিকদের মূল মজুরি, চিকিৎসা ও যাতায়াত ভাতা সমান রাখা হয়েছে। তবে বাড়িভাড়ার ক্ষেত্রে ভাতায় পার্থক্য রয়েছে। বিভাগীয় শহর ও সাভারের ক্ষেত্রে মূল মজুরির ৭০ শতাংশ এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০ শতাংশ বাড়িভাড়া রাখা হয়েছে।

ট্যানারি বা চামড়াশিল্প খাতের নতুন মজুরিকাঠামোতে সর্বোচ্চ বা প্রথম গ্রেডে রয়েছেন স্কিন সিলেক্টর বা হ্যান্ড মেজারার, বৈদ্যুতিক ও মেশিন মেরামত মিস্ত্রি, হ্যান্ড ফ্রেশারম্যান ও বয়লার অপারেটরসহ ১৩ ধরনের শ্রমিক। বিভাগীয় শহর ও সাভারে এই গ্রেডের শ্রমিকের নিম্নতম মজুরি নির্ধারণ করা হয়েছে ৩৪ হাজার ১৬৮ টাকা, যা ২০১৮ সালে ছিল ২৫ হাজার ৪০০ টাকা।

এভাবে বিভাগীয় শহর ও সাভার এলাকার ট্যানারিশ্রমিকের নিম্নতম মজুরি বাড়িয়ে দ্বিতীয় গ্রেডে ২৮ হাজার ৩৮৮ টাকা, তৃতীয় গ্রেডে ২৪ হাজার ২ টাকা এবং চতুর্থ গ্রেডে ২০ হাজার ৯৯৩ টাকা করা হয়েছে। এই চার গ্রেডের বাইরে অদক্ষ সাধারণ ও অন্য শ্রমিকেরা রয়েছেন সর্বশেষ বা পঞ্চম গ্রেডে। এই গ্রেডের নিম্নতম মজুরি বিভাগীয় শহর ও সাভারে ১৮ হাজার ১ টাকা ও অন্যান্য এলাকায় ১৭ হাজার ৪৮ টাকা।

২০১৮ সালে দ্বিতীয় গ্রেডে ২১ হাজার ১৫০, তৃতীয় গ্রেডে ১৭ হাজার ৯২০, চতুর্থ গ্রেডে ১৫ হাজার ৭১০ ও পঞ্চম গ্রেডে ১৩ হাজার ৫০০ টাকা মজুরি ছিল। এ ছাড়া শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে এবার নিম্নতম মজুরি ১১ হাজার ৩৩০ টাকা নির্ধারণ করা হয়েছে, যা আগে ছিল ৭ হাজার টাকা। শিক্ষানবিশকাল ধরা হয়েছে তিন মাস।

প্রজ্ঞাপনে ট্যানারিশিল্পের শ্রমিকের পাশাপাশি কর্মচারীদের নিম্নতম মজুরিও ঘোষণা করা হয়েছে। তবে কর্মচারীদের ক্ষেত্রে মোট গ্রেড করা হয়েছে চারটি। এর মধ্যে সর্বনিম্ন বা চতুর্থ গ্রেডে রয়েছেন পিয়ন, দারোয়ান, নৈশপ্রহরী, মালি ও পরিচ্ছন্নতাকর্মী। বিভাগীয় শহর ও সাভার এলাকায় তাদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা। আর প্রথম গ্রেডের কর্মচারীদের নিম্নতম মজুরি বিভাগীয় পর্যায়ে ধরা হয়েছে ৩৪ হাজার ১৬৮ টাকা। কর্মচারীর ক্ষেত্রে শিক্ষানবিশকাল ছয় মাস এবং তাদের নিম্নতম মজুরি ১১ হাজার ৩৩০ টাকা।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে, শ্রমিক-কর্মচারীরা বর্তমানে যে যে গ্রেডে কর্মরত রয়েছেন, সেই গ্রেড অনুসারে তাদের নতুন মজুরিকাঠামোর সঙ্গে সমন্বয় করতে হবে। কোনো শ্রমিককে নিম্নতম মজুরির চেয়ে কম মজুরি দেওয়া যাবে না। আবার কেউ ইতিমধ্যে নিম্নতম মজুরির চেয়ে বেশি মজুরি পেলে তার মজুরি কর্তন করা যাবে না। এ ছাড়া নিম্নতম মজুরির প্রজ্ঞাপন প্রকাশের পর থেকে প্রতিবছর মূল মজুরি ৫ শতাংশ হারে বাড়বে।

এর আগে গত মে মাসে ট্যানারিশিল্পের শ্রমিকদের জন্য ২২ হাজার ৭৭৬ টাকা ন্যূনতম মজুরি প্রস্তাব করেছিল বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। বর্তমান মূল্যস্ফীতি বিবেচনায় এমন মজুরি বাস্তবায়ন হওয়া প্রয়োজন বলে জানিয়েছিল সংস্থাটি। সিপিডি জানায়, বর্তমান বাজার পরিস্থিতিতে ট্যানারি বা চামড়াশিল্প খাতের একটি শ্রমিক পরিবারের প্রয়োজনীয় খাবারের খরচ মাসে ২০ হাজার ৫৬৪ টাকা। আর খাদ্যবহির্ভূত খরচ ১২ হাজার ৯১৪ টাকা। একটি শ্রমিক পরিবারের গড় সদস্যসংখ্যা ৪ দশমিক ৬ জন। এর মধ্যে উপার্জনক্ষম সদস্য ১ দশমিক ৫ জন। সে হিসাবে একজন শ্রমিকের মাসিক ন্যূনতম মজুরি হওয়া দরকার ২২ হাজার ৭৭৬ টাকা। এর আগে চলতি বছরের শুরুর দিকে ট্যানারিশ্রমিকেরা ন্যূনতম মাসিক মজুরি ২৫ হাজার টাকায় উন্নীত করার দাবি জানিয়েছেন।

এ বিষয়ে বাংলাদেশ ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়নের সভাপতি আবুল কালাম আজাদ বলেন, 'দীর্ঘ ১১ মাস ধরে মজুরি নির্ধারণপ্রক্রিয়া আটকে ছিল। নতুন মজুরিকাঠামো শ্রমিকদের আকাঙ্ক্ষা ও প্রয়োজন অনুসারে হয়নি। এ ছাড়া তিন বছর ধরে কোনো ইনক্রিমেন্টও হয়নি। এমন পরিস্থিতিতে মজুরি বিষয়ে একটি ফয়সালা হওয়া জরুরি ছিল। তাই নতুন মজুরিতে খুব খুশি হয়েছি, বলতে পারব না, তবে এটি মন্দের ভালো। তবে এ মজুরিকাঠামো বাস্তবায়নে শ্রমিকেরা কোনো ছাড় দেবেন না।'

THE BUSINESS STANDARD
WEDNESDAY 27.11.2024

# Inefficient chemical use in RMG costs billions, pollutes environment

TBS ROUNDTABLE

- Around **70%** of chemicals used in fabric dyeing wasted, costing RMG industry billions of dollars
- Wasted chemicals are either treated by ETPs at high costs or discharged into water bodies
- Experts suggest the use of tech, R&D, awareness to reduce chemical waste and improve efficiency
- In FY23, Bangladesh imported chemical products worth **$7.5b**

RMG – BANGLADESH

JASIM UDDIN AND MD JAHIDUL ISLAM

Inefficient use of chemicals in dyeing fabric in the export-oriented garments and textile industry results in nearly 70% of chemicals being wasted, amounting to billions of dollars, experts and entrepreneurs have said.

These wasted chemicals are either treated at Effluent Treatment Plants (ETPs) at high costs or discharged into rivers and canals, causing significant environmental pollution.

The RMG industry, however, has the potential to use chemicals more efficiently by implementing advanced technologies



পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# Inefficient chemical use in RMG

fessor at Buet's Department of Chemical Engineering, said, "The chemicals we use have measurable impacts, and among them, some are hazardous. We must assess whether they are truly necessary."

He said, "Around 85% of occupational deaths in the country are linked to chemical-related diseases, while 15% are due to accidents. For instance, many factory workers are developing cancer. We need to pay more attention to workplace safety, particularly for those handling chemicals.

"By applying advanced technology to chemical use, we can recover chemicals, reduce environmental pollution, and boost company profits."

Masud Rana Shahin, general manager of W3RS, an environmental consultancy firm, said, "By forming partnerships with chemical suppliers, companies can ensure high-quality chemicals, leading to long-term business benefits."

Mohammad Monower Hossain, head of Sustainability at leading apparel manufacturer Team Group, said over 200 top RMG factories are equipped with training centres focused on proper chemical use and R&D facilities.

However, they require assistance from the National Skills Development Authority (NSDA) to enhance their skills. "If the NSDA steps forward, the industry would benefit significantly," he added.

### Chemical safety key to protecting workers' health

Ali Asraf Khan, sustainability and value chain adviser at the Embassy of Denmark in Dhaka, stressed the undeniable importance of chemical safety for workers' health, the environment, and local communities.

"The consequences of inadequate chemical safety and management at production facilities are severe: workers have died, rivers have been polluted, and fishing communities have lost their livelihoods – to name just a few," he said.

He also said with the emerging legislation under the European Green Deal, it is expected that companies will increasingly consider chemical safety and management risks in their supply chains.

"While Bangladeshi legislation and policies on occupational safety and health are relatively well-aligned with international standards, there is a continued need to improve compliance with and enforcement of these laws and regulations," Ali Asraf said.

### Environmental concerns must not be overlooked

Selim Reza Hasan, the country manager of Solidaridad, a global civil society organisation, said, "The Rana Plaza incident was a major setback for us. Over the past decade, we have made significant progress in addressing building safety through collective efforts, but now the focus has shifted to environmental concerns. The primary issue here is chemical pollution. We must evaluate how chemicals are being used and ensure workers' safety in the process."

He added, "We have developed a chemical measurement module and aim to implement collective monitoring. With our knowledge, we can change mindsets. If we cannot reduce pollution, we should also consider how we will sustain ourselves. It is essential to pay closer attention to how we use chemicals."

Fauzia Sultana, managing director of ESTex, said, "It is crucial to first understand the purpose behind using chemicals. We need a thorough understanding of chemical usage and recycling processes."

and increasing user awareness, they said during a roundtable at The Business Standard office in the capital's Eskaton on Monday.

TBS Head of Digital Zahid Newaz Khan moderated the roundtable titled, "Textile Pollution Control and Improving Workers' Occupational Health Safety through Chemical Management", jointly organised by The Business Standard, Solidaridad, and ESTex Foundation.

RMG companies producing export products typically have ETPs to treat wastewater and remove harmful chemicals, dyes, and pollutants. However, companies manufacturing for the local market often lack ETPs.

According to central bank data, in FY23, Bangladesh imported chemical products for the chemical and allied industries worth approximately $7.5 billion, representing 12.2% of the country's total annual imports.

### R&D needed to curb chemical use

Addressing the event, Shajedul Islam Maruf, deputy general manager (DGM) of the Sustainability Department at Beximco, said, "Around 70% of the chemicals used in textile dyeing are wasted and discarded, and we rely on ETPs to neutralise these wasted chemicals."

He explained that fabrics are dyed at high temperatures in large drums filled with chemicals that coat the fabric, while the leftover chemicals, worth billions of dollars annually, are discarded.

"Rather than disposing of them after one use, we could recover and reuse chemicals like caustic soda, salt, and indigo," he suggested.

Maruf emphasised the importance of developing strategies to prevent chemical waste, saying, "If we manage chemical use effectively, we can move towards a net-zero carbon emission target as envisioned by the chief adviser [Muhammad Yunus]."

He also stressed the need to use multi-functional chemicals, which could replace multiple products, thus reducing pollution. "There are now many sensitive chemicals that can achieve maximum output with minimal use," he added.

Additionally, Maruf highlighted the need for industrial R&D to reduce chemical consumption. "We have been discussing occupational safety in the garment sector for decades, but its financial implications have rarely been addressed," he noted.

### Central database to monitor chemical use

Presenting the keynote, Mohidus Samad Khan, a professor at the Department of Chemical Engineering at Buet, said, "Bangladesh uses chemicals across various sectors, with the textile sector being the largest consumer."

But to prevent significant waste of chemicals in the garment sector, proper management is essential, he said.

The professor said the key principles of sustainability in the apparel industry include eliminating waste and pollution, circulating products and materials, and regenerating nature. "The goal is to extend the life of textile products while reducing their environmental impact," he said.

Mohidus also mentioned the lack of a central database for monitoring chemical use in the industry. "Raising chemical management awareness among workers is crucial," he concluded.

### Tech can recover wasted chemicals

Easir Arafat Khan, associate pro-

যুগান্তর
বৃহস্পতিবার ২৮ নভেম্বর ২০২৪
E-mail : sportsjugantor@gm

# ১০ লাখ পোশাক শ্রমিক পাবেন টিসিবির পণ্য

—অর্থ উপদেষ্টা

যুগান্তর প্রতিবেদন

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ জানান, ঢাকার আশপাশের ১০ লাখ পোশাক শ্রমিক পরিবারের মধ্যে ভর্তুকি মূল্যে বিক্রি করা হবে টিসিবির পণ্য। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) টঙ্গী, গাজীপুর, নারায়ণগঞ্জ, আশুলিয়া, সাভারসহ ঢাকার কাছাকাছি থাকা পোশাক কারখানার শ্রমিকরা ভর্তুকি মূল্যে এ পণ্য পাবেন। বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠকের পর তিনি এ সিদ্ধান্তের কথা জানান।

বৈঠক শেষে ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, পরিবার কার্ডের মাধ্যমে এক কোটি পরিবারের কাছে পণ্য বিক্রির জন্য টিসিবির কর্মসূচি চলমান। তবে এক কোটির সবার জন্য কার্ড দেওয়া যায়নি। আপাতত পোশাক খাতের শ্রমিকদের জন্য নতুন সিদ্ধান্ত হয়েছে। পরে অন্যান্য ক্ষেত্রেও তা করার বিষয়টি দেখা হবে। টিসিবির পরবর্তী সময়ের বিক্রি কার্যক্রমের মধ্যে পোশাক শ্রমিকরা এ সুবিধা পাবেন বলে জানান তিনি। তবে এটা শুধু ঢাকার আশপাশের বিশেষ এলাকার জন্য। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সূত্রে জানা গেছে—টঙ্গী, গাজীপুর, নারায়ণগঞ্জ, আশুলিয়া, সাভারসহ ঢাকার কাছাকাছি থাকা পোশাক কারখানার শ্রমিকদের কাছে ভর্তুকি মূল্যে এ পণ্য বিক্রি করা হবে। সূত্র জানায়, নিম্ন আয়ের মানুষের কাছে সাশ্রয়ী মূল্যে ভোজ্যতেল, মসুর ডাল ও চিনি বিক্রি করছে সরকার। খাদ্য অধিদপ্তরের মাধ্যমে পাঁচ কেজি চালও বিক্রি করা হচ্ছে। ১০ লাখ পোশাক শ্রমিকের কাছে ভর্তুকি মূল্যে চিনি, ভোজ্যতেল, চাল ও মসুর ডাল বিক্রি করা হবে। এজন্য মাসে সরকারের খরচ হবে ৩১ কোটি ৩৬ লাখ টাকা।

টিসিবির কার্ডধারী ১ কোটি পরিবারের কাছে ভর্তুকি মূল্যে বিক্রির জন্য ৫১৯ কোটি টাকায় নতুন করে সয়াবিন তেল, মসুর ডাল ও চিনি কিনবে সরকার। স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে এ সয়াবিন তেল, মসুর ডাল ও চিনি কেনার প্রস্তাব অনুমোদিত হয় ক্রয়সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠকে। বৈঠকে সভাপতিত্ব করেন অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ।

বৈঠক সূত্র জানায়, ৫৫ লাখ লিটার সয়াবিন তেল কেনা হবে বসুন্ধরা মালটি ফুড প্রডাক্টসের কাছ থেকে। এজন্য খরচ হবে ৯১ কোটি ৩০ লাখ টাকা। এ ছাড়া মেঘনা সুগার রিফাইনারি থেকে ২০ হাজার টন চিনি কেনা হবে প্রায় ২৩৩ কোটি টাকায়। পাশাপাশি আলাদাভাবে ২০ হাজার টন মসুর ডাল কেনা হবে রাজশাহীর নাবিল নাবা ফুডস থেকে। এতে সরকারের খরচ হবে প্রায় ১৯৫ কোটি টাকা। চলতি অর্থবছরে ইংল্যান্ড থেকে ১৫ লাখ পাসপোর্ট বুকলেট এবং ১৫ লাখ লেমিনেশন ফয়েল কিনবে অন্তর্বর্তী সরকার। এগুলো আমদানিতে খরচ হবে প্রায় ৬১ কোটি টাকা। ইংল্যান্ডের এইচআইডি সিআইডি লিমিটেড এসব সামগ্রী সরবরাহ করবে। এ ছাড়া সভায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ২০২৫ শিক্ষাবর্ষের মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন) অষ্টম শ্রেণি, দাখিল অষ্টম শ্রেণি ও কারিগরি অষ্টম শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের একটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে ক্রয় কমিটি।

NEW AGE THURSDAY, NOVEMBER 28, 2024

LDC GRADUATION, EU-VIETNAM FTA

# Apparel exports to EU may decline by 20pc: study

**Staff Correspondent**

BANGLADESH'S ready-made garment exports to the European Union could decline by 20 per cent due to the combined impact of EU-Vietnam free trade agreement, or EVFTA, and Bangladesh's transition from a least developed country to a developing nation, according to a study.



Economic Relations Division secretary Md Shahriar Kader Siddiky, Research and Policy Integration for Development chairman MA Razzaque, Friedrich-Ebert-Stiftung Bangladesh representative Felix Gerdes, commerce ministry additional secretary Ayesha Akter, Export Promotion Bureau vice-chairman Md Anwar Hossain and RAPID executive director M Abu Eusuf, among others, are present at an event at the Hotel Sheraton in the capital Dhaka on Wednesday. — Press release

According to the study, jointly conducted by the Research and Policy Integration for Development and Friedrich-Ebert-Stiftung, Bangladesh's overall exports to the EU could decline by 21 per cent, primarily due to the loss of duty-free access following its LDC graduation, with additional impact, depending on the stringency of rules of origin.

The findings and observations of the study were presented at an event titled 'The EU-Vietnam Free Trade Agreement: Implications for Bangladesh's Export Competitiveness,' held at the Hotel Sheraton in the city on Wednesday.

It also said that Vietnam had made significant investments in its garment industry's backward linkages, while Bangladesh was yet to implement visible policies, thereby failing to fully capitalise on the opportunity.

Vietnam's garment exports, currently subject to EU duties, are set to benefit from zero-duty access by 2027. In contrast, Bangladesh, due to its graduation, will likely face up to 12 per cent duty after 2029, the study mentioned.

Currently, Bangladesh's exports enjoy duty-free access to the EU under the Everything But Arms programme.

'If Bangladesh wants to remain competitive, especially as global trade rules evolve, it must prioritise investments in backward integration and infrastructure development,' said RAPID chairman MA Razzaque while presenting the study report.

He said that Vietnam was making substantial investments in backward integration, leading to a notable increase in value addition within its textile industry, a significant shift for a country historically known for low domestic value retention in exports.

The study recommended that Bangladesh should engage with the EU to negotiate an extended transition period for its LDC graduation.

Furthermore, the country should explore relaxing the stringent rules of origin under the Generalised Scheme of Preferences Plus orGSP+, particularly the requirements for double transformation in garment exports and 50 per cent value addition for other exports, it said.

The study also recommended that pursuing a FTA with the EU should be explored, capitalising on the country's young, growing population and its strategic importance in global trade, the report mentioned.

To enhance competitiveness, the report suggested that Bangladesh should invest in backward integration, especially in the production of man-made fibres.

Policy Exchange Bangladesh chairman M Masrur Reaz said that FTAs and trade agreements, such as those Bangladesh was pursuing with Japan and Singapore, were vital for the country's economic future.

He explained that these agreements would offer opportunities to diversify exports, improve competitiveness, adapt to evolving global regulations and secure market access after LDC graduation.

Masrur said that Bangladesh's growth vision, including a $100 billion RMG industry, depended on diversifying exports, as the majority of the country's exports were concentrated in traditional markets.

The evolving global landscape, including sustainability standards and shifting

FE THE FINANCIAL EXPRESS November 29, 2024
METRO/NEWS

# Wage inequality declines in most countries: ILO

FE REPORT

A latest International Labour Organization (ILO) report has revealed that wage inequality has declined in most countries since 2000, but it remains a significant challenge.

The report published on Thursday examined global and regional wage trends, real wage growth, and income differences within and between countries, offering insights into the key challenges faced by workers worldwide.

The ILO report titled 'The Global Wage Report 2024-25: Is wage inequality decreasing globally?' showed since the early 2000's, on average, wage inequality decreased in many countries that ranged from 0.5 to 1.7 per cent annually, depending on the measure used.

The most significant decreases occurred among low-income countries where the average annual decrease ranged from 3.2 to 9.6 per cent in the past two decades.

According to the report D9/D1 ratio, the income disparity between the top 10 per cent and the bottom 10 per cent stands at 4.9 in Bangladesh, underscoring persistent inequities in the country.

Similarly, there is a disproportionate concentration of income among the wealthiest 10 per cent compared to the poorest 40 per cent of Bangladesh.

The D9/D1 ratio which compares the wages of the highest-paid and lowest-paid workers in the labour market is a key indicator used to measure wage inequality by comparing the income of workers at the 90th percentile (D9)-the top 10 per cent of earners-with the income of workers at the 10th percentile (D1)-the bottom 10 per cent.

A higher ratio indicates a greater disparity between top and bottom earners, while a lower ratio suggests more equitable wage distribution.

In the latest global rankings, Tanzania leads the list with a staggering D9/D1 ratio of 22.4, signaling extremely high wage inequality, where the highest earners make more than 22 times what the lowest earners take home.

On the other hand, Vietnam shows one of the lowest ratios at 2.7, indicating a relatively more even distribution of wages.

Bangladesh's ratio, however, is lower than that of other South Asian countries such as India (6.8) and Sri Lanka (10.8) but it is still higher than countries like Myanmar (4.2) and Vietnam (2.7), which show lower wage disparities.

Despite the relatively low ratio, the 4.9 D9/D1 ratio reveals that income inequality remains a challenge for Bangladesh as it suggests while there is some level of wage compression, the gap between the top earners, often in sectors like manufacturing, finance, and trade, and the lowest earners, primarily in agriculture and informal labor, is still substantial.

- Income disparity between top 10pc and bottom 10pc stands at 4.9 in Bangladesh
- It remains a challenge for the country

ILO Bangladesh Country Director Tuomo Poutiainen in a statement said in a world of work that is quickly transforming, marked by globalized supply chains, and new forms of labour relations, it is confirmed today more than ever that wages and wage-setting mechanisms are pivotal to establish decent work and social justice in Bangladesh.

The declining trend of real wages in Bangladesh induces critical socioeconomic challenges such as working poverty, social exclusion and multidimensional poverty, he added.

Data suggest that for Bangladesh, real wage growth remained stable between 0.5 per cent and 1 per cent from 2018 until it declined sharply to -1.8 per cent in 2023 and further to -1.9 per cent in the first two quarters of 2024.

The persistent challenges of wage disparities, including the gender pay gap, underscore the urgent need for a comprehensive, evidence-based, and gender-responsive National Wage Policy, he said.

Coupled with effective wage-setting mechanisms, such a policy can ensure fair compensation that reflects both the needs of workers and the nation's economic realities, he said, expressing ILO's commitment to supporting this process through strengthened social dialogue and fostering collaboration among government, employers and workers.

"By implementing an inclusive and transparent wage-setting framework, we can reduce disparities, promote equitable opportunities, and enhance living standards for all workers and their families, ultimately contributing to a more sustainable and just society in Bangladesh," added Mr Poutiainen.

According to the report women and wage workers in the informal economy are more likely to be among the lowest paid.

This reinforces the need for targeted actions to close wage and employment gaps and ensure fair wages for all wage workers.

The ILO report's key recommendations included setting wages through social dialogue, wage-setting should take into account both the needs of workers and their families and economic factors while wage policies should support gender equality, equity and non-discrimination.

Decisions should be based on reliable data and statistics, it suggested adding national policies should reflect each country's specific context and address the causes of low pay such as informality, low productivity and the under-valuing of jobs in sectors such as the care economy.

Munni_fe@yahoo.com

বণিক বার্তা শুক্রবার, নভেম্বর ২৯, ২০২৪

### মজুরি বাড়ালে দীর্ঘমেয়াদি ক্রয়াদেশের প্রতিশ্রুতি মার্কিন ক্রেতাদের

# উৎপাদন ব্যবস্থা সচল রেখে শ্রমিকদের দাবি উত্থাপন করতে হবে

আশির দশকের গোড়ার দিকে দেশে পোশাক শিল্পের যাত্রা শুরু। নব্বই দশকের শুরুতেই এ শিল্প দেশের শীর্ষ রফতানি খাত হয়ে ওঠে। এরপর থেকে ধারাবাহিকভাবে পোশাক রফতানি বেড়েছে। বর্তমানে রফতানি আয়ের ৮০ শতাংশই আসে এ খাত থেকে। পোশাক রফতানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান বর্তমানে দ্বিতীয়। দেশের সবচেয়ে বেশি মানুষের কর্মসংস্থানও এ খাতে। এত সাফল্যগাথার বিপরীতে দুঃখজনক হলো, পোশাক শ্রমিকদের মজুরি সামঞ্জস্য হারে বাড়েনি। বরং প্রায় প্রতিবারই মজুরি বৃদ্ধির জন্য এ শ্রমিকদের করতে হয়েছে আন্দোলন-সংগ্রাম।

পোশাক শ্রমিকদের মজুরি বৃদ্ধি ও পোশাক রফতানির প্রবৃদ্ধির মধ্যে তুলনা করলে প্রতীয়মান হয় যে রফতানির অনুপাতে মজুরির হার কতখানি অসামঞ্জস্যপূর্ণ। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যানুযায়ী, ১৯৯৪ সালে তৈরি পোশাকের রপ্তানি ছিল ১৮৮ কোটি ডলারের। ২০২২ সালে রফতানি বেড়ে দাঁড়িয়েছে ৪ হাজার ৫৭০ কোটি ডলারে। এ হিসাবে গত ২৮ বছরে তৈরি পোশাকের রফতানি বেড়েছে ২৪ গুণ। যেখানে পোশাক শ্রমিকদের নিম্নতম মজুরি বেড়েছে ১৩ গুণ। গত বছর পোশাক শ্রমিকদের মজুরি পরিস্থিতি নিয়ে 'গার্মেন্ট খাতে ন্যূনতম মজুরি পুনর্নির্ধারণ : পর্যবেক্ষণ ও প্রস্তাবনা' শীর্ষক একটি সংলাপের আয়োজন করে সিপিডি ও বেসরকারি সংস্থা ক্রিশ্চিয়ান এইড। সেখানে উল্লেখ করা হয়, বিশ্বের শীর্ষ পোশাক রফতানিকারক দেশগুলোর মধ্যে সবচেয়ে কম মজুরি পান এ দেশের শ্রমিকরা। আর সবচেয়ে বেশি মজুরি চীনে। বিশ্ব বাণিজ্য সংস্থাও (ডব্লিউটিও) একই মত প্রকাশ করেছে গত বছর। ভারত, কম্বোডিয়া, চীন, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম ও পাকিস্তানের পোশাক শ্রমিকরা বাংলাদেশের চেয়ে বেশি মজুরি পান। উপরন্তু স্বল্প মজুরির বিপরীতে তাদের ব্যাপক শ্রম দিতে হয়। অনেক সময় অক্লান্ত পরিশ্রমের পরও সেই মজুরি সময়মতো মেলে না। বকেয়া মজুরি পেতেও তাই আন্দোলনে নামতে দেখা যায় শ্রমিকদের। সব মিলিয়ে জীবন পরিচালনায় হিমশিম খেতে হয় দেশের সর্ববৃহৎ রফতানি খাতের শ্রমিকদের। একাধিক সরকারি প্রতিষ্ঠানের জীবনযাত্রার ব্যয় সূচকে তৈরি পোশাকের ন্যূনতম মজুরি সাড়ে ১২ হাজার টাকায় জীবন চালানো সম্ভব নয় বলে উল্লেখ করা হয়। এখানে উল্লেখ্য যে ২০২৩ সালে ঘোষিত সর্বশেষ নিম্নতম মজুরির ক্ষেত্রে শ্রমিক পক্ষের প্রস্তাব ছিল ২০ হাজার ৩৯৩ টাকা আর মালিক পক্ষের প্রস্তাব ছিল ১০ হাজার ৪০০ টাকা। মালিকদের প্রস্তাবে শ্রমিকরা ক্ষুব্ধ হয়ে আন্দোলনে নামলে চার পোশাক শ্রমিক মারা যান। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে মালিক পক্ষ নতুন করে সাড়ে ১২ হাজার টাকা মজুরির প্রস্তাব দিলে পরে সেটিই চূড়ান্ত হয়।

এ মজুরি নিয়েও বিদ্যমান শ্রমিক অসন্তোষের জের ধরে নতুন অন্তর্বর্তীকালীন সরকার গঠনের পর বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের মতো পোশাক শ্রমিকরাও আন্দোলন শুরু করেন, যা এখনো চলমান। বর্তমান উচ্চ মূল্যস্ফীতি ও শ্রমিকদের জীবন যাপন মান বিবেচনায় মজুরি বাড়ানো উচিত। এ খাতের শ্রমিকদের যে মজুরি দেয়া হয়, তা শোভন জীবনযাপনের জন্য যথেষ্ট নয়। বরং উচ্চ মূল্যস্ফীতি শ্রমিকদের ক্রয়ক্ষমতা কমিয়েছে। গত বছর যে মজুরি বৃদ্ধি ৫৬ শতাংশ বলে দেখানো হয়েছিল, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বলছে, বার্ষিক ৫ শতাংশ বেতন বৃদ্ধি, মূল্যস্ফীতি, ডলারের বিনিময় মূল্যের ঊর্ধ্বগতি বিবেচনায় পোশাক শ্রমিকদের মজুরি সে সময় প্রকৃত অর্থে ৩০ শতাংশও বাড়েনি। প্রায় ১০ শতাংশ মূল্যস্ফীতিতে ৫ শতাংশ বার্ষিক মজুরি বৃদ্ধি শ্রমিকের আর্থিক নিরাপত্তা দিতে পারবে বলে প্রতীয়মান হয় না। মালিক পক্ষের উচিত শ্রমিক অসন্তোষ দূর করার পদক্ষেপ নেয়া। তাদের জীবন মান উন্নয়নে পর্যাপ্ত মজুরি বাড়ানো।

তবে চলমান আন্দোলন কেবল মজুরি বৃদ্ধিকে কেন্দ্র করে নয়। শ্রমিকরা কিছু সুযোগ-সুবিধা চাচ্ছেন যা তাদের জীবনমান উন্নত করতে সহায়ক হতে পারে। তাদের দাবিগুলোর মধ্যে বার্ষিক মজুরি বৃদ্ধির দাবি করা হয়েছে ১৫ শতাংশ, যা বর্তমানে আছে ৫ শতাংশ। এছাড়া প্রভিডেন্ট ফান্ড চালু, ১৫ দিন পিতৃত্বকালীন ছুটি, টিফিন বিল ৩৫ থেকে বাড়িয়ে ৫০ টাকা, হাজিরা বোনাস বৃদ্ধি, মাতৃত্বকালীন ছুটি বাড়িয়ে ছয় মাস করা, একবার বিনামূল্যে আল্ট্রাসনোগ্রামের ব্যবস্থা করা, মেয়েদের স্যানিটারি ন্যাপকিন দেয়া, ডে কেয়ার সুবিধা বৃদ্ধি, মাসিককালীন দুইদিন ছুটি মঞ্জুর, চক্ষু পরীক্ষা ও সানগ্লাস প্রদান ইত্যাদি।

কিন্তু সব দাবি একই সঙ্গে পূরণ করা বাস্তবে সম্ভব নয়। এটিও শ্রমিকদের বিবেচনায় রাখতে হবে। আন্দোলন নিয়মতান্ত্রিক পর্যায়ে নিতে হবে। উৎপাদন সচল রাখতে হবে। এরই মধ্যে আন্দোলন ঘিরে বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনায় কল-কারখানা বন্ধ ঘোষণা করা হয়। কোথাও আবার শ্রমিকরা কর্মবিরতি ঘোষণা করেন। উৎপাদন বন্ধ থাকলে তা দীর্ঘমেয়াদে ভালো ফল বয়ে আনবে না। বিশেষ করে ক্রয়াদেশের নিশ্চয়তার জন্য এ খাতে স্থিতিশীলতা বজায় রাখা অত্যন্ত জরুরি। সম্প্রতি যুক্তরাষ্ট্র সরকারের একটি প্রতিনিধি দল তৈরি পোশাক পণ্য প্রস্তুত ও রফতানিকারকদের সংগঠন বিজিএমইএর সঙ্গে এক বৈঠকে পোশাক শ্রমিকদের মজুরি বৃদ্ধির শর্ত পরিপালন সাপেক্ষে দীর্ঘমেয়াদি ক্রয়াদেশের মৌখিক প্রতিশ্রুতি দিয়েছে। মালিকদের যেমন মজুরি বাড়ানো প্রয়োজন, তেমনি শ্রমিকদেরও কারখানা সচল রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। অস্থিরতা দীর্ঘায়িত হলে পোশাক রফতানির অন্যতম গন্তব্য যুক্তরাষ্ট্র থেকে ক্রয়াদেশ বাতিলের আশঙ্কা রয়েছে। যুক্তরাষ্ট্রের রফতানি বাজার হারালে পোশাক খাতের রফতানি নিম্নমুখী হওয়ার শঙ্কা রয়েছে। এতে ধস নামতে পারে রফতানি আয়ে, যার প্রভাব পড়বে মোট রিজার্ভে। কিন্তু সবচেয়ে ক্ষতিগ্রস্ত হবে এ খাতে যাদের কর্মসংস্থান তথা শ্রমিকরা।

বর্তমানে একাধিক কারখানার শ্রমিকদের দুর্দশার অন্যতম কারণ সরকার পরিবর্তনের প্রেক্ষাপটে মালিক পক্ষ আত্মগোপনে চলে গেছে। রাতারাতি এসব কারখানার সমস্যা সমাধান সম্ভব নয়। এর জন্য সময় প্রয়োজন। সরকারের এদিকে মনোযোগী হতে হবে। আন্দোলনকারী ও মালিকদের কীভাবে সমঝোতায় আনা যায় তার মধ্যপন্থা বের করে এ খাতকে রক্ষা করতে হবে।

সমকাল
শনিবার। ৩০ নভেম্বর ২০২৪

# শ্রীপুরে পোশাক শ্রমিক হত্যায় মামলা

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের শ্রীপুরে পোশাক শ্রমিক অলিদ বিন শাহরিয়ারকে ছুরিকাঘাতে হত্যার ঘটনায় মামলা করেছেন তাঁর বাবা অলিদ মিয়া। গতকাল শুক্রবার নিহত শাহরিয়ারের মামা রনী মিয়াকে আসামি করে মামলাটি করেন বলেন জানান শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জয়নাল আবেদীন মণ্ডল। মামলায় অজ্ঞাতপরিচয় আরও ২-৩ জনকে আসামি করা হয়েছে।

জানা গেছে, নেত্রকোনার আটপাড়া উপজেলার চারকাতিয়া গ্রামের অলিদ মিয়ার ছেলে শাহরিয়ার। শ্রীপুর পৌরসভার বেড়াইদের চালা লিচুতলা এলাকায় ভাড়া বাসায় বসবাস করতেন। চাকরি করতেন পৌরসভার গিলারচালা এলাকার প্যারামাউন্ট টেক্সটাইল কারখানায়। অভিযোগ রয়েছে, গত বৃহস্পতিবার দুপুরে লিচুতলা এলাকার ভাড়া বাসায় এসে ভাগনে শাহরিয়ারকে ছুরিকাঘাতে হত্যার পর পালিয়ে যায় রনী।

স্বজনরা জানায়, ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলার সোনারামপুর গ্রামের হোসেন আলীর ছেলে রনী মিয়ার কাছ থেকে তার বোন রোকেয়া বেগম কিছু টাকা ধার নিয়েছিলেন। ভাইয়ের কাছ থেকে ধার করা টাকা ফেরত দিতে পারছিলেন না। কয়েক দিন আগে ওই টাকা নেওয়ার জন্য ভাগনে শাহরিয়ারের বাসায় আসেন রনী। বৃহস্পতিবার দুপুরে রনী তাঁর বড় বোনের কাছে টাকা ফেরত চাইলে ঝগড়া শুরু হয়। মা ও মামার ঝগড়ার এক পর্যায়ে শাহরিয়ার ঘর থেকে বের হয়ে বাইরে যাচ্ছিলেন। রনী ঘরের জানালা দিয়ে তা দেখে ছুটে গিয়ে ভাগনে শাহরিয়ারকে ছুরি দিয়ে বুকের বাঁ পাশে আঘাত করেন। এতে শাহরিয়ার মাটিতে লুটিয়ে পড়লে পালিয়ে যান রনী। পরে প্রতিবেশীরা শাহরিয়ারকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ জয়নাল আবেদীন মণ্ডল বলেন, পারিবারিক কলহের জেরে ভাগনেকে ছুরিকাঘাতে হত্যা করেছেন রনী। নিহত শাহরিয়ারের বুকের বাঁ পাশে আঘাতের চিহ্ন রয়েছে। ঘটনার পর থেকে পলাতক রনী। ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় মামলা হয়েছে। আসামি রনীকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

প্রথম আলো • শনিবার, ৩০ নভেম্বর ২০২৪

# পোশাকশ্রমিকদের বার্ষিক মজুরি ১৫% বৃদ্ধির দাবি

## গার্মেন্ট টিইউসির সমাবেশ

সমাবেশে বক্তারা বলেন, শ্রম মন্ত্রণালয়ের কমিটিতে মালিকপক্ষ যে মজুরি বৃদ্ধির প্রস্তাব করেছে, তা শ্রমিকদের ক্ষুব্ধ করেছে।

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

তৈরি পোশাকশ্রমিকদের জন্য ১৫ শতাংশ বার্ষিক মজুরি বৃদ্ধি বা ইনক্রিমেন্টের দাবি করেছেন গার্মেন্ট শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের (গার্মেন্ট টিইউসি) নেতা-কর্মীরা। একই সঙ্গে তাঁরা বাজার দর অনুসারে মজুরি পুনর্নির্ধারণ, কারখানাভিত্তিক রেশন ব্যবস্থা চালু ও ১৮ দফার ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের দাবি জানিয়েছেন।

এসব দাবি আদায়ে গতকাল শুক্রবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করে গার্মেন্ট টিইউসি কেন্দ্রীয় কমিটি। সংগঠনের সভাপতি শ্রমিকনেতা মন্টু ঘোষের সভাপতিত্বে সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ শাহজাহানের পরিচালনায় সমাবেশে বক্তব্য দেন গার্মেন্ট টিইউসির উপদেষ্টা আবদুল্লাহ ক্বাফী, সাধারণ সম্পাদক সাদেকুর রহমান, সহসভাপতি জলি তালুকদার, জিয়াউল কবীর, সহকারী সাধারণ সম্পাদক মঞ্জুর মঈন প্রমুখ।

তৈরি পোশাকশিল্পের নিম্নতম মজুরি পুনর্নির্ধারণ না হওয়া পর্যন্ত বার্ষিক মজুরি বৃদ্ধি ৫ শতাংশের সঙ্গে অতিরিক্ত ১০ শতাংশের দাবি শ্রম মন্ত্রণালয় গঠিত কমিটির কাছে উপস্থাপন করেছে শ্রমিকপক্ষের প্রতিনিধিরা। তার বিপরীতে মালিকপক্ষের প্রতিনিধিরা অতিরিক্ত ১ শতাংশ (মোট ৬ শতাংশ) মজুরি বৃদ্ধির প্রস্তাব করেছেন। তবে মালিকদের এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে শ্রমিকপক্ষ। তাই মালিক ও শ্রমিকপক্ষের প্রস্তাব নিয়ে শ্রম মন্ত্রণালয়ের গঠিত কমিটি কাজ করছে।

সমাবেশে সংগঠনের সাধারণ সম্পাদক শ্রমিকনেতা সাদেকুর রহমান বলেন, তৈরি পোশাকশিল্পের মালিকেরা বার্ষিক অতিরিক্ত ১ শতাংশ মজুরি বৃদ্ধির প্রস্তাব দিয়ে শ্রমিকদের উসকানি দিচ্ছেন। এটিকে কেন্দ্র করে কোনো অঘটন ঘটলে তার দায়দায়িত্ব মালিকপক্ষকে নিতে হবে।

সংগঠনের সভাপতি মন্টু ঘোষ বলেন, শ্রমিকেরা বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের দিকে অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে তাকিয়ে আছে। আমরা সরকারের সিদ্ধান্ত ও পদক্ষেপে শ্রমিকদের প্রত্যাশার প্রতিফলন দেখতে চাই। তিনি আরও বলেন, সরকার তাদের পছন্দের লোকদের দিয়ে মজুরি বৃদ্ধি ও শ্রম সংস্কারবিষয়ক দুটি পৃথক কমিটি করেছে। আমরা আশা করি, শ্রমিকদের সঙ্গে অতীতের ন্যায় কোনো প্রহসন সংঘটিত হবে না।

কা : বুধবার ১২ অগ্রহায়ণ ১৪৩১
: Wednesday 27 November 2024

# ট্রেড ইউনিয়ন করা যাবে ১৫ শতাংশ শ্রমিকের সমর্থন থাকলেই

অর্থনৈতিক বার্তা পরিবেশক

বদল হচ্ছে বর্তমানে শ্রম আইনে ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে কারখানার যে ২০ শতাংশ শ্রমিকের সমর্থন আদায়ের বিধান রয়েছে তা। এ হার ১০ শতাংশে নামিয়ে আনতে চায় যুক্তরাষ্ট্র, তবে সরকার ১৫ শতাংশের ব্যাপারে একমত হয়েছে। সরকার বলছে, ভবিষ্যতে এ হার আরও কমানো হবে।

আন্তর্জাতিক শ্রমবিষয়ক মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিশেষ প্রতিনিধি সফররত কেলি এম কে রড্রিগেজের নেতৃত্বে ২০ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত বৈঠক শেষে গতকাল সচিবালয়ে সাংবাদিকদের এ কথা বলেন শ্রম ও কর্মসংস্থান সচিব এ এইচ এম সফিকুজ্জামান। বাংলাদেশের শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণ করতে দলটি বাংলাদেশ সফর করছে। শ্রম অধিকার নিয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মতো যুক্তরাষ্ট্রেরও একটি কর্মপরিকল্পনা বা পথনকশা আছে। তার অগ্রগতি জানতেই এবারের বৈঠক।

আওয়ামী লীগ সরকারের আমলে গত এপ্রিলে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) দক্ষিণ ও মধ্য এশিয়া অঞ্চলের একটি দল বাংলাদেশের শ্রম অধিকার পরিস্থিতির উন্নয়নের একটি কর্মপরিকল্পনার কথা জানিয়েছিল সরকারকে। ওই কর্মপরিকল্পনায় মোটাদাগে ১১টি বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। বৈঠকে সেগুলোর বাস্তবায়ন নিয়ে খোলামেলা আলোচনা হয়েছে বলে জানান শ্রমসচিব।

> আন্তর্জাতিক শ্রমবিষয়ক মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিশেষ প্রতিনিধি সফররত কেলি এম কে রড্রিগেজের নেতৃত্বে ২০ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত বৈঠক শেষে গতকাল সচিবালয়ে সাংবাদিকদের এ কথা বলেন শ্রম ও কর্মসংস্থান সচিব এ এইচ এম সফিকুজ্জামান।

১১ দফার প্রথমটিই হচ্ছে ট্রেড ইউনিয়ন নেতা, শ্রমিক ও শ্রম অধিকারকর্মীদের যারা নিপীড়ন করেন ও সন্ত্রাসী কার্যক্রম চালান তাদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। এরপরই রয়েছে শ্রমিকনেতা ও শ্রমিকদের বিরুদ্ধে কাজ করে, এমন কারখানার মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে জবাবদিহির আওতায় আনা। এ ছাড়া রয়েছে আন্তর্জাতিক পর্যায়ে ট্রেড ইউনিয়নগুলো যে মানের অধিকার ভোগ করে, সে অনুযায়ী বাংলাদেশের শ্রম আইনের সংশোধন এবং বিদ্যমান শ্রমবিধির সংশোধন।

১১ দফা কর্মপরিকল্পনার অন্য বিষয়গুলোর মধ্যে রয়েছে বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলগুলোর (ইপিজেড) শ্রমিকেরা যাতে পুরোদমে ট্রেড ইউনিয়ন করতে পারেন, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ আইনের ৩৪ নম্বর ধারা সংশোধন, বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোয় (এসইজেড) সেটির প্রয়োগ এবং সেখানকার শ্রমিকেরা যাতে সংগঠিত হতে পারেন ও সম্মিলিতভাবে দর-কষাকষিতে সক্ষম হন, তা নিশ্চিত করা। ট্রেড ইউনিয়ন করার আবেদনের প্রক্রিয়া ৫৫ দিনের মধ্যে শেষ করা। শ্রম অধিদপ্তরের মাধ্যমে তার বিদ্যমান অনলাইন নিবন্ধন পোর্টালে অপেক্ষমাণ থাকা সব আবেদনের হালনাগাদ তথ্য প্রকাশ। বার্ষিক বাজেটের মাধ্যমে শ্রম পরিদর্শক নিয়োগ এবং এ জন্য তহবিল বরাদ্দ করা। আরও শ্রম পরিদর্শকের পদ অনুমোদন এবং নিবন্ধন বিলম্বিত বা বাধাগ্রস্ত করার অভ্যাস বন্ধ করা ইত্যাদি।

মালিকপক্ষের সঙ্গে যোগসাজশ করে শ্রম অধিদপ্তর ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বলে অভিযোগ রয়েছে, এমন প্রশ্নের জবাবে শ্রমসচিব বলেন, 'এ বিষয়ে শ্রমিকনেতাদের অসন্তোষ আছে। প্রশ্নটি অমূলক নয়। যুক্তরাষ্ট্রের দলটিও এমন প্রশ্ন তুলেছে। কয়েকটি সরকারি দপ্তর পরিদর্শন করে এর সত্যতা পাওয়া গেছে।

THE BUSINESS STANDARD THURSDAY 28.11.2024

# Global toy market could be Bangladesh' next forex giant after RMG

TOY INDUSTRY – BANGLADESH

JASIM UDDIN

The booming global toy market remains largely untapped by Bangladeshi entrepreneurs, despite its potential to become the second-largest foreign currency earner after ready-made garments (RMG), provided there is necessary policy support from the government.

Industry leaders told The Business Standard that many global fashion retailers also operate toy businesses alongside their fashion items, presenting a significant opportunity for Bangladesh. However, most local companies remain unaware of the sector's export potential.

According to projections by market analysis and data firm Statista, the global toy market will reach approximately $150 billion by 2032, up from $102.8 billion in 2023.

Currently, China dominates the toy industry, much like its position in the RMG sector, holding over 86% of the global market share and exporting toys worth $88.58 billion in 2023.

In contrast, Bangladesh's toy exports were valued at just $77 million last fiscal year, despite reaching around 88 countries in recent years, according to data from the Export Promotion Bureau (EPB).

Similar to the RMG sector, toy manufacturers are required to produce according to buyer specifications. The toy industry is broadly categorised into four segments: metal-based, wooden-based, plastic-based, and fabric-based products.

According to data from the National Board of Revenue (NBR), foreign companies in Bangladesh dominate toy exports, with local businesses contributing only a small share.

The global toy market includes a diverse range of products created for play, entertainment, and educational purposes, primarily for children but sometimes for adults as well. It covers categories such as traditional toys, electronic toys, action figures, puzzles, board games, educational kits, and more.

### Foreign firms dominate Bangladesh's toy exports

Sonic (Bangladesh) Limited, a subsidiary of Sonic Group, a Hong Kong-based company, is the largest toy exporter in Bangladesh. Its factory is located in the Uttara Export Processing Zone in Nilphamari.




পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# Global toy market could be Bangladesh's next forex giant

CONTINUED FROM PAGE 3

Every month, Sonic produces 1 million die-cast scale models, including those of the winning cars from international rallies. Its major export destinations include European countries such as Spain, France, the UK, Germany, and Italy, as well as Japan in Asia.

The company is the largest die-cast model manufacturer exporting to the European market, producing models for all major car brands.

Sonic International was established in Hong Kong in 1988, and in 2013, it began production at its factory in Bangladesh.

In 2023, Sonic's toy exports were valued at $43.17 million, according to EPB data.

Cupcake Exports Ltd, a subsidiary of the US-based multinational Cupcake Group, is one of the leading soft toy exporters in Bangladesh.

The fabric-based toy company began production in 2019 with just 65 employees and now employs over 600 people. The factory's total investment was around $3 million.

In an interview with TBS, its Chief Executive Officer, Yasir Obaid, said, "In our first year, exports were about $35,000, and this year, we expect our export value to reach $2.5 million."

"On the day we started production, the government announced a countrywide lockdown due to COVID-19, which delayed our progress. Operations resumed in September 2021 with an initial buyer from Ukraine, though this venture was later impacted by the Russia-Ukraine conflict," he said.

Initially, the company targeted medium-sized stores in Europe and the United States but has since shifted its focus to large retailers with toy lines, he explained.

However, he noted that exporting from Bangladesh remains a challenge due to the lack of dedicated toy buyer offices in the country.

Currently, Cupcake Exports Ltd works with six buyers, with more in the pipeline. However, a significant barrier is the absence of buyer offices in Bangladesh, which forces exporters to travel abroad for business dealings, Yasir explained.

Large retailers such as Walmart, Inditex, and H&M have toy segments, but they are primarily focused on licensed products. Bangladesh has limited involvement in this area, as it requires specific certifications, he added.

He further explained that Disney, a key player in toy licensing, has certification through the Better Work programme to export licensed products. If Bangladesh's toy industry were included in this programme, it could attract both foreign and local investment.

Bangladesh is already participating in the Better Work initiative for its garment and footwear sectors, which could serve as a foundation for developing the toy industry. Engaging Disney and similar entities in production within Bangladesh could unlock substantial opportunities for the sector, the Cupcake CEO added.

### Local firms can grow with govt policy support

Local exporters believe that while China currently dominates the global toy market, Bangladesh has the potential to become the second-largest toy exporter within the next decade, given the right government policy support.

Kamruzzaman Kamal, director of Marketing at PRAN-RFL Group, a key exporter of plastic-made toys, told TBS that Bangladesh's entry into the global toy market requires supportive government policies to foster growth in this sector.

The company initially produced plastic toys for the local market, but in recent years, it has expanded its exports to several countries.

According to NBR data, the company exported about $1 million worth of plastic toys and tricycles in the last fiscal year.

Kamal said that the local toy market, once fully dependent on imports, has now become an export-driven industry, meeting about 80% of domestic demand.

The company is still in the early stages of exporting low-cost products but sees opportunities to diversify its export portfolio by introducing higher-end toys. To expand its export footprint, Kamal said the company is gradually increasing its production capacity for the export market.

He hoped that global economies would recover as geopolitical tensions ease, as stability is essential for boosting exports.

Exporters said the experience gained by the RMG sector in dealing with international buyers and managing supply chains could offer a significant advantage in tapping into the toy market, especially since many of their established brands already feature toy lines.

Packaging remains a key challenge, as exporters must import packaging materials to meet buyer specifications. Additionally, product testing is crucial, with exporters currently required to send samples abroad for evaluation.

### Bangladesh can capitalise on China's decline

"In 2016-17, China controlled about 98% of the global toy market, but now they are gradually exiting this industry," said Dr Mashrur Reaz, founder and chairman of Policy Exchange of Bangladesh, a private think tank focused on applied public policy and market solutions for economic growth.

Plastic toys are also a low-cost industry, and due to rising wages in China, the country will no longer be competitive in this sector, he said, adding that this creates an opportunity for Bangladesh to capture a significant share of the market, as it is also a labour-intensive industry.

"If we adopt the right policies, Bangladesh could potentially export $10 billion from this sector," he said.

Mashrur further said that after the RMG sector, Bangladesh has no other large-scale export earner, with sectors like leather, home textiles, and frozen foods hovering between $1 billion and $2 billion in exports.

সংবাদ
Friday 1 November 2024

# টঙ্গীতে পোশাক শ্রমিক নিহতের পর সাঁড়াশি অভিযান, গ্রেপ্তার ১৮

প্রতিনিধি, গাজীপুর

টঙ্গীর মাছিমপুর এলাকায় গত মঙ্গলবার মধ্যরাতে সংঘবদ্ধ ছিনতাইকারী চক্রের আক্রমণে মো. জাফর উল্লাহ (৪২) নামে এক পোষাক শ্রমিক নিহত হয়েছে। এরপর সাঁড়াশি অভিযানে ১৮ জন গ্রেপ্তার হয়েছে। পুলিশ বলছে, নিহত ব্যক্তি নয়টি ছিনতাই মামলার আসামি।

গত বুধবার দুপুরে মহানগর গোয়েন্দা পুলিশ দক্ষিণের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এই তথ্য জানায় মহানগর গোয়েন্দা বিভাগ।

নিহত জাফর উল্লাহ ফেনী সদর থানার করোচিয়া গ্রামের মৃত করিম উল্লাহর ছেলে।

স্থানীয় সূত্র জানায়, গত মঙ্গলবার রাতে টঙ্গী পূর্ব থানাধীন মাছিমপুরস্থ ফায়ার সার্ভিস এর সামনের রাস্তায় একদল ছিনতাইকারী জনৈক জাফর উল্লাহকে ছিনতাইয়ের উদ্দেশ্যে ছুড়িকাঘাত করে গলায় ও থুতনির নিচে গুরুতর জখম করে। আহতের চিৎকারে আশে-পাশের লোকজন এসে ধরাধরি করে তাকে টঙ্গী হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর কিছুক্ষণ পর জনতা শাহীন ও রাকিব নামে দুই জনকে ছিনতাইকারী সন্দেহে ধরে গণপিটুনি দিয়ে পুলিশে দেয়। পুলিশের হাতে থাকা এক ছিনতাইকারী গণপিটুনিতে গুরুতর আহত হওয়ায় তাকে মুমূর্ষু অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়েছে।

নিহতের ভাই আমান উল্লাহ জানান, নিহত জাফর উল্লাহ ঢাকার নন্দিপাড়া এলাকায় একটি পোষাক কারখানায় কাজ করতো। টঙ্গীতে এক আত্মীয়ের কাছে এসে ছিনতাইয়ের কবলে পড়ে মারা যায়।

পুলিশ বলছে, ছিনতাইকারীদের মধ্যে শাহীন (২২) ও রাকিব (২৪) পুলিশ হেফাজতে আছে। তারা হত্যা মামলায় অভিযুক্ত।

টঙ্গী পূর্ব থানার ওসি কায়সার আহমদ ঘটনার সত্যতা নিশ্চিত করে সংবাদকে বলেন, হত্যাকাণ্ডের পর সাঁড়াশি অভিযান চালিয়ে ১৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে ছিনতাইকারী আট জন, হত্যা মামলায় চার জন, প্রতারণা মামলায় তিনজন ও অন্যান্য মামলাসহ মোট ১৮ জনকে আটক করা হয়েছে। এই বিষয়ে আইনগত ব্যবস্থা নেয়া হয়েছে।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) অপরাধ (দক্ষিণ) বিভাগের উপকমিশনার আলমগীর হোসেন সংবাদকে জানান, নিহত জাফর উল্লাহ একজন পেশাদার ছিনতাইকারী তার বিরুদ্ধে নয়টি ছিনতাই ও মাদক মামলা রয়েছে।

গত রাতে নিজেদের দলের মধ্যে ছিনতাইয়ের টাকার ভাগ ভাটোয়ারা নিয়ে বিরোধ হলে পরে তার সহযোগীরা তাকে ছুরিকাঘাত করে। পরে সে মারা যায়। তার বিরুদ্ধে রাজধানীর উত্তরখানসহ, গাজীপুর জেলার সাবেক টঙ্গী থানা, পরবর্তীতে জিএমপির টঙ্গী পূর্ব ও পশ্চিম থানায় নয়টি মামলা রয়েছে।

কালের কণ্ঠ
৪ নভেম্বর ২০২৪

# রেমিট্যান্স প্রবাহ বাড়ছে সুবাতাস অর্থনীতিতে

নিজস্ব প্রতিবেদক ▷

শেখ হাসিনা সরকারের করা বিপুল ঋণ পরিশোধের চাপ যখন বাড়ছে তখন রেকর্ড পরিমাণ রেমিট্যান্স পাঠিয়ে অন্তর্বর্তী সরকারের পাশে থাকছেন প্রবাসীরা। ফলে শেখ হাসিনা সরকারের পতনের পর বৈধপথে রেমিট্যান্স আসার পরিমাণ হু হু করে বাড়ছে। সদ্যঃসমাপ্ত অক্টোবর মাসে ২৩৯ কোটি ৫০ লাখ ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। খাতসংশ্লিষ্টরা বলছেন, চলতি বছরের শুরু থেকেই ধারাবাহিকভাবে বাড়ছে রেমিট্যান্স বা প্রবাস আয়। ছাত্র আন্দোলনকে কেন্দ্র করে প্রবাসীরা জুলাই মাসে রেমিট্যান্স বর্জনের ডাক দিয়েছিলেন। কিন্তু হাসিনা সরকার পতনের পর থেকে আগের চেয়ে বেশি গতি বেড়েছে প্রবাস আয়ে। এতে শক্তিশালী হচ্ছে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ।




২০২৪-২৫ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে যে পরিমাণ রেমিট্যান্স এসেছে তার পরের মাসগুলোতে অব্যাহতভাবে বেড়েছে রেমিট্যান্সের পরিমাণ। গত অক্টোবর মাসেও প্রবাস আয়ের গতি উর্ধ্বমুখী ছিল। অক্টোবরে রেমিট্যান্স এসেছে প্রায় ২৪০ কোটি ডলারের। দেশীয় মুদ্রায় (প্রতি ডলার ১২০ টাকা ধরে) এর পরিমাণ প্রায় ২৮ হাজার ৮০০ কোটি টাকা। আর প্রতিদিন গড়ে এসেছে ৯২৭ কোটি টাকার প্রবাস আয়।

কেন্দ্রীয় ব্যাংকের প্রকাশিত হালনাগাদ তথ্য বলছে, চলতি বছরের অক্টোবর মাসে প্রতিদিন গড়ে প্রায় সাড়ে সাত কোটি ৭৩ লাখ ডলার বা ৯২৭ কোটি টাকার রেমিট্যান্স আসছে। আর পুরো মাসে এসেছে ২৩৯ কোটি ৫০ লাখ ডলারের বেশি। আলোচিত সময়ে রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকের মাধ্যমে এসেছে ৭২ কোটি ৬১ লাখ ৬০ হাজার ডলার, বিশেষায়িত দুই ব্যাংকের মধ্যে একটি ব্যাংকের (কৃষি ব্যাংক) মাধ্যমে এসেছে ১১ কোটি ৯৯ লাখ ডলার। বেসরকারি ব্যাংকের মাধ্যমে এসেছে ১৫৪ কোটি ১৮ লাখ ৫০ হাজার ডলার এবং বিদেশি ব্যাংকের মাধ্যমে এসেছে ৭১ লাখ ৭০ হাজার ডলার।

তবে এ সময়ের মধ্যে ৯ ব্যাংকের মাধ্যমে কোনো রেমিট্যান্স আসেনি। এসব ব্যাংকের মধ্যে রয়েছে রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বা রাকাব। বেসরকারি ব্যাংকের মধ্যে রয়েছে কমিউনিটি ব্যাংক, সিটিজেন্স ব্যাংক, আইসিবি ইসলামিক ব্যাংক, পদ্মা ব্যাংক। আর বিদেশি খাতের মধ্যে রয়েছে হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া।

আগের মাস সেপ্টেম্বর মাসের পুরো সময়ে ২৪০ কোটি ৪৮ লাখ ডলার (২.৪০ বিলিয়ন) পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা, যা বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২০ টাকা হিসাবে) ২৮ হাজার ৮৫৬ কোটি টাকার বেশি। চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে দেশে ১৯০ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স আসে। এ ছাড়া জুন মাসে রেমিট্যান্স এসেছিল ২৫৪ কোটি ১৬ লাখ মার্কিন ডলার। তার আগের মাস মে মাসে আসে ২২৫ কোটি ৩৮ লাখ ডলার। এ ছাড়া এপ্রিলে ২০৪ কোটি ৪২ লাখ, মার্চে ১৯৯ কোটি ৭০ লাখ, ফেব্রুয়ারিতে ২১৬ কোটি ৪৫ লাখ এবং জানুয়ারিতে ২১১ কোটি ৩১ লাখ মার্কিন ডলার পাঠিয়েছিলেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা।

এর আগে দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ ২৬০ কোটি ডলার রেমিট্যান্স এসেছিল ২০২০ সালের জুলাই মাসে। বছরওয়ারি হিসাবে সর্বোচ্চ রেমিট্যান্স আসে ২০২০-২১ অর্থবছরে। ওই অর্থবছরে মোট রেমিট্যান্স আসে ২৪.৭৮ বিলিয়ন বা দুই হাজার ৪৭৮ কোটি ডলার। আর চলতি বছরের জুন মাসে ব্যাংকিং চ্যানেলে মোট ২৫৪ কোটি ডলারের প্রবাস আয় দেশে এসেছে।

একজন বাংলাদেশি প্রবাসী কর্মী তাঁর পরিবার বা দেশে থাকা অন্যান্য ব্যক্তির কাছে প্রবাস থেকে যে অর্থ স্থানান্তর করেন তাই প্রবাস আয় বলে বিবেচিত হয়। বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশের অর্থনীতিতে প্রবাস আয়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রবাসীদের পাঠানো অর্থ দেশের আর্থ-সামাজিক বিকাশে অন্যতম অনুঘটক হিসেবে বিবেচিত। একদিকে যেমন প্রবাসী শ্রমিকদের আয় সামষ্টিক অর্থনীতির ভিতকে শক্তিশালী করছে, অন্যদিকে তাদের পাঠানো অর্থ দারিদ্র্য বিমোচন, খাদ্য নিরাপত্তা, শিশুর পুষ্টি ও শিক্ষার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বাংলাদেশে প্রবাস আয় বেশি আসে সৌদি আরব, মার্কিন যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত, যুক্তরাজ্য ও কুয়েত থেকে।

NEW AGE
TUESDAY, NOVEMBER 5, 2024,

# 70 more Bangladeshis return from Lebanon

**Staff Correspondent**

SEVENTY more Bangladeshi nationals were repatriated on Monday from Lebanon amid Israeli invasion that killed nearly 3,000 people there, including a Bangladeshi in the past four months.

A total of 338 Bangladeshi migrants returned home from the war-torn west Asian country amid the ongoing conflict between Hezbollah and Israel.

A statement by the ministry of foreign affairs said that the group arrived in Dhaka on Monday morning.

The foreign ministry, the expatriates' welfare ministry, the Bangladesh embassy in Beirut, and the International Organisation for Migration are jointly working to bring back the Bangladeshis.

The ministry noted that 338 Bangladeshis had now returned from Lebanon by seven flights. Several others are waiting for return.

The IOM provided each returnee with Tk 5,000 in pocket money, some food, and basic medical assistance.

The MOFA assured that the government would cover all costs associated with the repatriation of the Bangladeshi expatriates who wished to return due to the conflict in Lebanon.

The Bangladesh Embassy in Lebanon is working to also ensure the safety of those who chose to stay there.

A Bangladeshi was killed in the airstrike on Saturday and several others were injured in the conflict while several others allegedly remained missing.

The deceased was Mohammad Nizam Uddin, 31, son of late Mohammad Abdul Quddus of Khaira area of Kasba upazila in Brahmanbaria.

Nizam was staying in a coffee shop where the Israeli force attacked. This is the first reported case of death of a Bangladeshi in Israeli airstrike.

According to the media reports, at least 2,897 people have been killed and 13,150 wounded in Lebanon by Israeli attacks since October last year.

Officials said that a list of some 2,000 Bangladeshis got prepared to repatriate at the first phase.

According to Bangladesh's Bureau of Manpower, Employment and Training statistics, at least 2,67,364 Bangladeshis migrated to the country since 2002. Of them, 61,786 migrated since 2015.

Over one lakh Bangladeshi migrants are now working in the west Asian country.

কালের কণ্ঠ
সোমবার । ৪ নভেম্বর ২০২৪ ।

# ৬ মাসে অভিবাসী হয়েছেন ৫ লাখের বেশি কর্মী

নিজস্ব প্রতিবেদক ▷

এ বছরের প্রথম ছয় মাসে কর্মসংস্থানের জন্য বিদেশে পাড়ি জমিয়েছেন পাঁচ লাখেরও বেশি কর্মী। বাংলাদেশি অভিবাসী কর্মীদের কাছে সবচেয়ে জনপ্রিয় সৌদি আরব। দেশটিতে গেছেন আড়াই লাখ অভিবাসী কর্মী।

বাংলাদেশি ডিজিটাল প্ল্যাটফরম 'আমি প্রবাসী'র প্রকাশিত অর্ধবার্ষিক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা যায়। প্ল্যাটফরমটি অভিবাসনে স্বচ্ছতা বৃদ্ধি, অভিবাসন ব্যয় হ্রাস এবং অভিবাসনপ্রক্রিয়ায় গতিশীলতা আনতে কাজ করে।

প্রতিবেদন অনুযায়ী, অভিবাসনের জন্য সৌদি আরব বেশির ভাগ কর্মীর প্রথম পছন্দে পরিণত হয়েছে। সৌদি নীতিনির্ধারকরা স্থানীয় অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক বিনিয়োগ করছেন। এতে সেখানে দক্ষ ও অদক্ষ উভয় ধরনের কর্মীর কাজের সুযোগ বেড়েছে। দ্বিতীয় স্থানে আছে মালয়েশিয়া। কাজের জন্য দেশটিতে গেছেন ৯৩ হাজার বাংলাদেশি। তৃতীয় স্থানে থাকা কাতারে অভিবাসী হয়েছেন ৩৯ হাজার ৫১৭ জন।

প্রতিবেদনে এসব অভিবাসী কর্মীর কাজের ধরন সম্পর্কেও নানা তথ্য দেওয়া হয়। 'সাধারণ' শ্রেণিতে অবস্থান করছেন প্রায় ৮০ শতাংশ অভিবাসী কর্মী, সংখ্যার হিসাবে যা দেড় লাখের মতো। এই শ্রেণিতে দক্ষ ও অদক্ষ উভয় ধরনের কর্মীই রয়েছেন। দ্বিতীয় স্থানে রয়েছে নির্মাণকাজ। এই খাতে ৬৩ হাজার ৪৬৯ অভিবাসী কর্মীর কর্মসংস্থান হয়েছে। তৃতীয় স্থানে রয়েছে কারখানার কাজ। এই খাতে কাজ করছেন ৩৩ হাজার ৭৪৮ কর্মী।



- আড়াই লাখ অভিবাসী গেছেন সৌদি আরব
- সবচেয়ে কম অভিবাসী হয়েছেন রংপুর বিভাগ থেকে
- শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ কম

প্রতিবেদনে আরো বলা হয়, মোট অভিবাসী শ্রমিকের ১০.৪ শতাংশ দক্ষ। এর মধ্যে সফটওয়্যার ডেভেলপারের মতো দক্ষ পেশাজীবীর হার ৩.২ শতাংশ। অভিবাসী কর্মীদের শীর্ষ ১০ কাজের তালিকায় জায়গা করে নিয়েছে অ্যাকাউন্ট্যান্সি। বছরের প্রথমভাগে ১৩ হাজার অ্যাকাউন্ট্যান্ট বাংলাদেশ থেকে অভিবাসী হয়েছেন। অদক্ষ অভিবাসীর হার ৭ শতাংশ। বৈশ্বিক শ্রমবাজারে অদক্ষ থেকে দক্ষ অভিবাসনের এই পরিবর্তন দেশের জন্য ইতিবাচক।

অনেক বছর ধরেই অদক্ষ শ্রম রপ্তানির জন্য পরিচিত বাংলাদেশ। এ দেশের শ্রমশক্তির দক্ষ এবং বহুমুখী হয়ে ওঠার চিত্র ইতিবাচক অগ্রগতির বার্তা দেয়। বাংলাদেশের শ্রমবাজারের ভবিষ্যতের জন্য পরিবর্তনের গুরুত্ব অনেক। শিক্ষায় বিনিয়োগ বাড়ানোয় এবং সঠিক প্রশিক্ষণ দেওয়ার ফলে এটি সম্ভব হয়েছে।

প্রতিবছর অভিবাসী শ্রমিকের সংখ্যা বাড়লেও নারীদের অংশগ্রহণ কম। বছরের প্রথমভাগে মাত্র ৬ শতাংশ নারী মোট শ্রমশক্তির অংশ হয়েছেন। শ্রমশক্তিতে অবদান রাখা ১৩ হাজার ১৯০ জন নারীই গৃহকর্মীর কাজ নিয়ে বিদেশে গেছেন।

বিভিন্ন বিভাগের অভিবাসন প্রবণতা বিশ্লেষণ দেখা গেছে, ঢাকা থেকে এক লাখ ২১ হাজার ৫২০ জন অভিবাসী হয়েছেন। চট্টগ্রাম থেকে অভিবাসী হয়েছেন ৯১ হাজার ৫৩০ জন। খুলনা থেকে ৩৭ হাজার ২৯০ জন এবং রাজশাহী থেকে ৩৫ হাজার ৬৬০ জন অভিবাসী হয়েছেন। ময়মনসিংহ থেকে অভিবাসী হয়েছেন ২৬ হাজার ১০ জন। সিলেট থেকে অভিবাসী হয়েছেন ১৭ হাজার ৩৮০ জন। সবচেয়ে কম মানুষ অভিবাসী হয়েছেন রংপুর বিভাগ থেকে। বিভাগটি থেকে অভিবাসী কর্মী হয়েছেন ১৪ হাজার ৪১০ জন।

বছরের প্রথম ছয় মাসে ব্যক্তিগত ভিসা ইস্যু করা হয় এক লাখ ৮৩ হাজার ২৭৪টি। গ্রুপ ভিসার সংখ্যা ছিল ২৮ হাজার ২২৩। স্বয়ংক্রিয় বা ওয়ানস্টপ ভিসার সংখ্যা ছিল ২৪ হাজার ৬৩৮।

Friday, November 8, 2024 **Financial Express**

# RMG exports to US plummet 6.28pc in Jan-Sept

MONIRA MUNNI

Bangladesh's apparel exports to the United States during the first nine months of 2024 sustained a negative growth compared to the major competitors that are improving fast including China, Vietnam and India.

The country's readymade garment exports to the US-its single largest destination-plummeted 6.28 per cent during the January-September period of 2024, reaching US$5.21 billion, according to the Office of Textiles and Apparel (OTEXA) under the US department of commerce data released Thursday.

Bangladesh earned $5.77 billion during the corresponding period of 2023.

The drop is evident in both value and volume of exports.

Bangladesh shipped 1.49 per cent fewer garments, totalling 1.73 billion square metres, during January-September 2024 compared to 1.76 billion square metres in the corresponding period of the previous year.

The country's position remained unchanged as the third-largest apparel exporter to the US market with 9.07 per cent share while China and Vietnam occupied the first and the second highest positions with 21.06 per cent and 18.75 per cent stakes respectively.

Vietnam, India, Cambodia and Pakistan entered into the positive territory during the period while China recorded 2.28 per cent negative growth during the period.

Exporters attribute the loss of export share and failure of the China shift fully in the US market to several domestic issues, including extended lead time, inconsistent energy supplies and a generally high cost of doing business.

Meanwhile, a study by the US Fashion Industry Association (USFIA) found that the American fashion companies are diversifying their apparel sourcing and exploring opportunities in emerging destinations, especially India, amid growing risks and market uncertainty in Bangladesh.

It mentioned shipping delays, supply-chain disruptions, and 'managing geopolitics and other political instability' related to sourcing as the top five concerns among the US brands and retailers in 2024.

According to the study, buyers consider India to be more competitive than most other Asian suppliers regarding vertical integration capability, manufacturing flexibility and agility.

India's fashion exports to the US showed improved performance over the months.

India's RMG exports to the US market slightly increased by 0.47 per cent to $3.63 billion, while Cambodia and Pakistan saw 7.09 per cent and 2.32 per cent rise to $2.78 billion and $1.58 billion during the January-September period of this year.

US apparel imports from Vietnam totalled $11.21 billion in January-September 2024, marking a 1.22-per-cent year-over-year growth, according to OTEXA data.

During the same period, China's apparel exports to the US declined by 2.28 per cent to $12.50 billion.

OTEXA data shows that overall US apparel imports fell by 2.57 per cent to $59.32 billion in the first nine months of 2024, down from $60.89 billion in the same period of 2023.

Overall US apparel imports, in terms of volume, increased by 2.57 per cent followed by a 4.06-per-cent rise from China, 6.66 per cent from Vietnam, 9.58 per cent from India, 11.43 per cent from Cambodia and 1.63 per cent from Pakistan.

## Labour unrest, energy supply disruptions and difficulties in LCs opening blamed



Talking to The Financial Express, exporters said they were facing gas and electricity issues with factories unable to operate at full capacity. Besides, unrest in the last several days has taken a heavy toll on the sector.

They also pointed out that an increased Chinese investment in Vietnam has positioned the country to capitalise on China's shifting focus, leading to rising Vietnamese exports to the US market while orders are also shifting to India in recent times.

Fazlul Hoque, former president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), said all countries were affected by the sluggish global demand including the EU and US which now is getting better.

The work-order situation has been improving in recent months with a rising trend despite price challenges, he said, explaining that local yarn prices are also going high.

Echoing Mr Hoque, Mahmud Hasan Khan, managing director of Rising Group, said the work-order projection for next January-February period is 'not bad'.

Regarding prices, he said it is difficult to get the expected rates that mainly depend on the bargaining capacity. Many accept the lower price than their overhead cost mainly for the sake of running the units.

Exporters said Bangladesh is lagging behind due to many of its internal issues and buyers are now placing orders with shorter lead times due to various factors.

This situation puts China and Vietnam, with their shorter lead time and more consistent energy supplies, in a stronger position, they noted, adding that the gas crisis is making it difficult for them to meet existing lead time.

They also mentioned that garment manufacturing is a business of lead time - the sooner the exporters can ship goods, the higher they will get work orders. Meeting production timelines is difficult as securing raw materials takes a longer time while they need additional days in opening back-to-back LCs because of the problems in banks, they added.

Talking to the FE, a number of exporters expressed fear of shifting work orders as they could not run factories due to labour unrest.

According to industry sources, a total of 37 readymade garment factories in various industrial belts - 32 located in Gazipur and Mymensingh areas and five in Savar, Ashulia and Zirani areas - could not operate on Thursday due to workers' unrest.

munni_fe@yahoo.com

বণিক বার্তা শনিবার, নভেম্বর ৯, ২০২৪



রাজধানীর হাজারীবাগের একটি কারখানায় চামড়াজাত পণ্য তৈরিতে ব্যস্ত কারিগররা

ছবি : নিজস্ব আলোকচিত্রী

### রাজধানীর হাজারীবাগ

# ঘুরে দাঁড়ানোর চেষ্টায় চামড়া শিল্পের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা

ফারিন জাহান সিগমা ■

রাজধানীর হাজারীবাগ এলাকার অলিগলিতে ঢুকতেই চোখে পড়ে কাঁচা চামড়াবোঝাই ভ্যানগাড়ি। গলির আশপাশে চামড়াত পণ্যের কারখানা। এর মধ্যে 'নোয়াখালী ট্যানারি' নামের একটি গলি ধরে ঢুকতেই চোখে পড়ে চারতলা একটি জীর্ণ ভবন। এর চারতলায় শাবাব লেদার্স ফ্যাক্টরি। এ কারখানার পণ্য রফতানি হয় নয়টি দেশে। কিন্তু জুলাই-আগস্ট অভ্যুত্থানের কারণে দীর্ঘ সময় বন্ধ থাকায় ব্যাপক লোকসানের মুখে পড়েন কারখানার স্বত্বাধিকারী মাকসুদা খাতুন। এখনো সেই লোকসান কাটিয়ে উঠতে পারেননি তিনি। তবে চেষ্টা করছেন ঘুড়ে দাঁড়ানোর।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলার সময় মাকসুদার মতো একই পরিস্থিতির মুখে পড়েন হাজারীবাগের শত শত ব্যবসায়ী। সংকট কাটিয়ে এসব ব্যবসায়ী এখন পুরোদমে উৎপাদনে ফেরার চেষ্টা করছেন। তারা বলছেন, নতুন করে কোনো সংকট তৈরি না হলে এবং সহায়তা পেলে শিগগিরই তারা ঘুরে দাঁড়াতে সক্ষম হবেন।

মাকসুদা খাতুন প্রায় নয় বছর ধরে কারখানাটি চালাচ্ছেন। লোকবল অন্তত ৫৪ জন। বণিক বার্তাকে তিনি বলেন, 'দুই-তিন বছর ধরেই নানা প্রতিবন্ধকতার মধ্য দিয়ে যাচ্ছেন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা। এর মধ্যে জুলাই-আগস্ট আন্দোলনের সময় দুই মাসের মতো কারখানা বন্ধ রাখতে হয়। এতে ব্যাপক ক্ষতি হয়। কভিড মহামারীতেও এতটা খারাপ পরিস্থিতি তৈরি হয়নি। কারণ ওই সময় মানুষ অনলাইনে কেনাকাটা করত। কিন্তু এবার ইন্টারনেট বন্ধ থাকায় সেটাও সম্ভব ছিল না। তবে আমরা একটু একটু করে ফের ব্যবসা দাঁড় করানোর চেষ্টা করছি। সময় লাগলেও এ পরিস্থিতি কাটিয়ে উঠব বলে আশা করছি।'

হাজারীবাগের এসব কারখানায় জুতা, ব্যাগ, বেল্ট, জ্যাকেটসহ বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি হয়। বর্তমানে ক্লাস্টারটির অধীনে রয়েছে ৩৫০-৪০০টি দোকান, শোরুম ও চামড়াজাত পণ্যের কারখানা।

জুলাই-আগস্ট আন্দোলনের পর এ এলাকায় পরিদর্শন শুরু করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) ফাউন্ডেশন। সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী বণিক বার্তাকে বলেন, 'আমরা বেশ কিছুদিন আগে হাজারীবাগ ক্লাস্টারটি পরিদর্শনে যাই। চলমান সমস্যাগুলো নিয়ে তাদের সঙ্গে কথা বলি। তারা আমাদের কাছে নিজেদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। বর্তমানে তারা মূল যে সমস্যার মধ্য দিয়ে যাচ্ছেন, সেটি হলো অর্থায়ন। আমরা এরই মধ্যে গ্রাহক, ব্যাংক ও উৎপাদনকারীদের সঙ্গে মতবিনিময় সভা করেছি। উদ্যোক্তাদের কীভাবে সহযোগিতা করা যায়, সে বিষয়ে আলোচনা করছি।'

ক্লাস্টারটির অধীনে এমন অনেক প্রতিষ্ঠান রয়েছে যারা দেশের অভ্যন্তরেও বিভিন্ন ব্র্যান্ডের কাছে পণ্য সরবরাহ করে আসছে। হাজারীবাগ ক্লাস্টারের সভাপতি তানিয়া ওয়াহিব প্রায় ২০ বছর ধরে যুক্ত আছেন এ পেশায়। এক্ষেত্রে, বাটা, বে, আড়ংসহ শীর্ষস্থানীয় সাতটি প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করছেন তিনি। তানিয়া ওয়াহিব বণিক বার্তাকে বলেন, 'বিশ্বে চলমান নানা সংকটের কারণে আমদানি কার্যক্রম ব্যাহত হয়েছে। বর্তমানে ভোক্তাদের দেশীয় পণ্যে নির্ভরশীলতা বাড়ছে। তারা এখন বুঝতে পেরেছে আমাদের দেশেও মানসম্পন্ন পণ্য তৈরি হয়। এ কারণে আমাদের মতো স্থানীয় উদ্যোক্তাদের জন্য একটি সুযোগ সৃষ্টি হয়েছে। এ সুযোগ কাজে লাগাতে হবে।'




এসএমই ফাউন্ডেশনের আনোয়ার হোসেন চৌধুরী বলেন, 'বর্তমানে আমরা জোর দিচ্ছি প্রচারণার ওপর। সেই পরিপ্রেক্ষিতে আমরা একটি প্রদর্শনীর আয়োজন করতে যাচ্ছি। এতে দেশের বিভিন্ন জায়গা থেকে এসএমই উদ্যোক্তারা অংশগ্রহণ করবেন; নিজেদের পণ্য প্রদর্শন করবেন। বাইরের দেশ থেকেও ক্রেতারা আসবে। এ মাসের শেষে বা আগামী মাসের শুরুতে এ প্রদর্শনী হবে। তিন দিনব্যাপী এ প্রদর্শনীর মাধ্যমে উদ্যোক্তারা নতুন গ্রাহক আকৃষ্ট করার সুযোগ পাবেন।'

ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, এলসি-সংক্রান্ত জটিলতা, ব্যাংক সুদহার বৃদ্ধিসহ নানা সমস্যায় জর্জরিত চামড়া শিল্প খাত। তবে এর মধ্যেও নিজেদের ব্যবসায়িক কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছেন তারা।

খাতসংশ্লিষ্টদের মতে, এসএমই খাতকে ঘুরে দাঁড়াতে হলে প্রচার-প্রচারণা আরো বাড়াতে হবে। এছাড়া যেসব শ্রমিক চামড়াজাত পণ্য তৈরি করেন, তাদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা জরুরি।

বিআরএম লেদার প্রডাক্টসের স্বত্বাধিকারী আলমগীর হোসেন বাদশা বণিক বার্তাকে বলেন, 'আগের তুলনায় পরিস্থিতি এখন সামান্য ভালো। আমরা আমাদের কারখানায় কর্মী সংখ্যা অনেক কমিয়ে এনেছি। কারণ ক্রয়াদেশ কমে এসছে। ছোটখাটো যেসব অর্ডার পাচ্ছি, সেগুলো নিয়েই বর্তমানে কাজ চালিয়ে যাচ্ছি।'

বণিকবার্তা
শনিবার, নভেম্বর ৯, ২০২৪

**অভিবাসনে বাংলাদেশী শ্রমিকদের জন্য সংরক্ষিত কোটা**

| দেশ | কোটা | পূরণ | শতাংশ |
|---|---|---|---|
| ইউএই | ৫,৯৯১ | ৯১৯ | ১৫.৩৪ |
| দক্ষিণ কোরিয়া | ১০,১৩৮ | ১,৬৫৩ | ১৬.৩১ |
| মালদ্বীপ | ৪৫৬ | ১৪৩ | ৩১.৩৬ |
| জাপান | ২০৭ | ১৩৬ | ৬৫.৭০ |
| তুরস্ক | ২০০ | ০ | ০ |

ছয় মাসে সংযুক্ত আরব আমিরাত ও দক্ষিণ কোরিয়ায় শ্রমিক পাঠানোর কোটা পূরণ হয়েছে গড়ে ১৫ শতাংশ

*জানুয়ারি-জুন ২০২৪

সূত্র : প্রবাসী শ্রমিকদের ডাটাবেজ 'আমি প্রবাসীর' অর্ধবার্ষিক প্রতিবেদন

## সংযুক্ত আরব আমিরাত ও দক্ষিণ কোরিয়া

# বড় দুই শ্রমবাজারে কর্মী পাঠানোর কোটা পূরণ নিয়ে সংশয়

**নিজস্ব প্রতিবেদক ■**

সম্ভাবনাময় দুই শ্রমবাজার সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও দক্ষিণ কোরিয়ায় চাহিদা থাকলেও দেশ দুটিতে শ্রমিক পাঠাতে পারছে না বাংলাদেশ। চলতি বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) দুই দেশে শ্রমিক পাঠানোর কোটা পূরণ হয়েছে গড়ে ১৫ শতাংশে।

এরপর সেপ্টেম্বর পর্যন্ত প্রতি মাসে কিছু কর্মী গেলেও এর হালনাগাদ তথ্য এখনো প্রকাশ হয়নি। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এখন পর্যন্ত যে সংখ্যক কর্মী গেছে, তাতে বছরের বাকি সময় এ দুই দেশে কর্মী পাঠানোর কোটা পূরণ সম্ভব নয়। আগে থেকেই পরিকল্পনা নিয়ে সে অনুযায়ী কর্মীদের দক্ষতা প্রশিক্ষণ দিলে কোটা পূরণ না হওয়ার আশঙ্কা দেখা দিত না।

প্রবাসী কর্মীদের ডাটাবেজ নিয়ে গঠিত অ্যাপ 'আমি প্রবাসীর' অর্ধবার্ষিক প্রতিবেদনের তথ্য অনুযায়ী, চলতি বছর বাংলাদেশ থেকে ৫ হাজার ৯৯১ জন কর্মী পাঠানোর কোটা দিয়েছিল সংযুক্ত আরব আমিরাত কিন্তু প্রথম ছয় মাসে কর্মী গেছেন মাত্র ৯১৯ জন। দক্ষিণ কোরিয়ায় ১০ হাজার ১৩৮ জনের বিপরীতে কর্মী গেছেন মাত্র ১ হাজার ৬৫৩ জন।

বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) সংশ্লিষ্টরা জানান, সেপ্টেম্বর পর্যন্ত প্রতি মাসেই দেশ দুটিতে কর্মী গেছেন। তবে যে সংখ্যক গেছেন, তাতে কোটার অর্ধেক পূরণ হওয়া নিয়েও এখনো সংশয় রয়েছে। শুধু ইউএই বা দক্ষিণ কোরিয়া নয়; জাপান, তুরস্ক, মালদ্বীপ, জর্ডান, লিবিয়ায়ও কর্মী পাঠানোর কোটা পূরণ নিয়ে কিছু সংশয় রয়ে গেছে।

প্রতিবেদন অনুযায়ী, বছরের প্রথম ছয় মাসে জাপানে ২০৭ কোটার বিপরীতে কর্মী গেছেন ১৩৬ জন। মালদ্বীপে ৪৫৬ জনের কোটার বিপরীতে গেছেন ১৪৩ জন। এছাড়া লিবিয়ায় ৭৯৭ কোটার বিপরীতে ৪৮০ জন যেতে পেরেছেন। আর তুরস্কে ২০০ কোটার বিপরীতে একজন কর্মীও যেতে পারেনি।

সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) চাহিদার ১৫ শতাংশ এবং দক্ষিণ কোরিয়ায় চাহিদার মাত্র ১৬ শতাংশ কর্মী গেছেন। দ. কোরিয়ায় গত বছরের সেপ্টেম্বর থেকে চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত নির্ধারিত কোটা পূরণ হয়নি ৪৯ শতাংশ। আর গত সেপ্টেম্বর থেকে চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত কর্মী গেছেন এ সময়ের জন্য নির্ধারিত কোটার চেয়ে ৩৭ শতাংশ কম। দুই দেশে পর্যাপ্ত চাহিদা থাকলে প্রবাসীদের যথাযথ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ না পাওয়া এবং অ্যাটেস্টেশন প্রক্রিয়ায় জটিলতার জন্য কোটা পূরণ হচ্ছে না বলে প্রতিবেদনে উঠে এসেছে। ড্রাইভার কোটায় ১ হাজার ২৫১ জন কর্মী পাঠানোর সুযোগ থাকলেও ছয় মাসে কর্মী গেছেন মাত্র ৯ জন।

বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ঢাকার অধ্যক্ষ প্রকৌশলী মো. লুৎফর রহমান বণিক বার্তাকে বলেন, 'দক্ষিণ কোরিয়ার ভাষা প্রশিক্ষণ দিয়ে থাকি আমরা। তবে কী কারণে কর্মী যাওয়ার কোটা পূরণ হচ্ছে না সে ব্যাপারে সুনির্দিষ্ট কোনো তথ্য নেই। ই-নাইন ক্যাটাগরিতে বোয়েসেলের মাধ্যমে অদক্ষ কর্মী নেয় দ. করিয়া এবং ই-সেভেন ক্যাটাগরিতে ওয়েল্ডিংয়ের কাজের জন্য দক্ষ কর্মী নিয়ে থাকে দেশটি। তবে দুই কাজের জন্যই কোরিয়ান ভাষা জানা বাধ্যতামূলক। ভাষা পরীক্ষা দিতে হয় কর্মীদের। ভাষা শেখার জটিলতার জন্য হয়তো আগ্রহ কম থাকতে পারে, তবে অন্যান্য দেশের তুলনায় সুযোগ-সুবিধা অনেক বেশি।'

তিনি আরো জানান, সংযুক্ত আরব আমিরাতে লট আকারে ড্রাইভিং ভিসায় কর্মী যান। আবার বাইক রাইডার হিসেবেও যান অনেকে।

অভিবাসন ও শরণার্থীবিষয়ক বিশেষজ্ঞ আসিফ মুনীর *বণিক বার্তাকে* বলেন, 'কোটা পূরণের জন্য কর্মীদের যেসব প্রশিক্ষণ দরকার তা তারা পান না। ভাষাগত দক্ষতা না থাকা প্রধান অন্তরায়। আমাদের ইংরেজি শিক্ষাটা এমন যা দেশের বাইরে ব্যবহারের মতো না। দ. কোরিয়ার জন্য ভাষা নতুন করে শিখতে হয়। দেশে যে প্রশিক্ষণ দেয়া হয় তা বিদেশে কার্যকর না। আবার সার্কুলার হলেও কাজের ধরন পছন্দ না হওয়ায় অনেকে আগ্রহ দেখায় না। এর বাইরে হয়তো যথেষ্ট প্রচারণাও নেই। বোয়েসেল কিংবা এজেন্সিগুলো গুরুত্ব দিয়ে প্রচার করে না হয়তো। শ্রমবাজার বলতে সৌদি আরব কিংবা মালয়েশিয়াই বোঝে, কারণ এখানে যাওয়া সহজ। প্রশিক্ষণ কিংবা ভাষাগত দক্ষতা না থাকলেও হয়।'

দৈনিক ইত্তেফাক
সোমবার
১০ অগ্রহায়ণ ১৪৩১, ২৫ নভেম্বর ২০২৪

# ট্যানারি শিল্প ঘুরে দাঁড়াবে : শ্রমসচিব

## এ শিল্পের উন্নয়নে সিইটিপি দ্রুত কার্যকর করতে হবে

**■ ইত্তেফাক রিপোর্ট**

ট্যানারি খাতের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিতে শক্তিশালী ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান। তিনি বলেন, ট্যানারি সেক্টর ঘুরে দাঁড়াবে, ঘুরে দাঁড়াতেই হবে। এ খাতের উন্নয়নে সরকার, মালিক ও শ্রমিকসহ সংশ্লিষ্ট সবাইকে একযোগে কাজ করতে হবে। গতকাল রবিবার সাভারের হেমায়েতপুরে ট্যানারি শিল্প এলাকা পরিদর্শন শেষে আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শ্রমসচিব আরো বলেন, বাংলাদেশের ট্যানারি ও লেদার গুডস শিল্পের অন্যতম প্রধান সুবিধা হলো—এই খাতের কাঁচামাল দেশেই উৎপাদিত হয়। প্রতি বছর কয়েক লাখ চামড়া উৎপাদিত হলেও সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের অভাবে এর যথাযথ ব্যবহার সম্ভব হচ্ছে না। আধুনিক প্রযুক্তি এবং উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে চামড়ায় ভ্যালু অ্যাড করে এই খাতকে দেশের অর্থনীতিতে নেতৃত্বদানকারী খাতে রূপান্তরিত করা সম্ভব।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক ফাহমিদা আখতার বলেন, ট্যানারি শিল্পের টেকসই উন্নয়নের জন্য মালিক ও শ্রমিকসহ সংশ্লিষ্ট সকল পক্ষের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। সরকার এ খাতের সুষ্ঠু ব্যবস্থাপনা ও ন্যায়সংগত কর্মপরিবেশ নিশ্চিত করতে কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়নের (টিডব্লিউইউ) সভাপতি মো. আবুল কালাম আজাদ বলেন, ট্যানারি শিল্পের সুরক্ষা ও উন্নয়নে সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (সিইটিপি) দ্রুত কার্যকর করতে হবে। একই সঙ্গে মানসম্মত পণ্য উৎপাদন ও দক্ষ শ্রমিক নিয়োগ নিশ্চিত করে এই সেক্টরকে আরো এগিয়ে নেয়া সম্ভব। কর্মশালায় শ্রমিক ও মালিকপক্ষের প্রতিনিধি, উন্নয়ন সহযোগী সংস্থা, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন।

সংবাদ
ঢাকা : শনিবার ২৪ কার্তিক ১৪৩১
Dhaka : Saturday 9 November 2024

# যুক্তরাষ্ট্রের বাজারে প্রতিযোগীদের তুলনায় পিছিয়ে পড়ছে বাংলাদেশ

অর্থনৈতিক বার্তা পরিবেশক

তৈরি পোশাক রপ্তানিতে যুক্তরাষ্ট্রের বাজারে প্রতিযোগীদের তুলনায় বেশ কিছুদিন ধরেই পিছিয়ে পড়ছে বাংলাদেশ। বড় এই বাজারে চলতি বছর এখন পর্যন্ত ভিয়েতনাম, কম্বোডিয়া ও পাকিস্তানের রপ্তানি প্রবৃদ্ধি বাড়লেও, কমেছে বাংলাদেশের। সর্বশেষ খবর অনুযায়ি, ভারতের পোশাক রপ্তানি প্রবৃদ্ধিও ইতিবাচক ধারায় ফিরেছে।

চলতি বছরের প্রথম নয় মাসে বাংলাদেশ এই বাজারে ৫৪১ কোটি ডলারের পোশাক রপ্তানি করলেও তা আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ৬ শতাংশ কম। অন্যদিকে ভারতের রপ্তানি বেড়েছে দশমিক ৪৬ শতাংশ। একইভাবে ভিয়েতনাম, কম্বোডিয়া ও পাকিস্তানের পোশাক রপ্তানিও বেড়েছে। ইউএস ডিপার্টমেন্ট অব কমার্সের আওতাধীন অফিস অব টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেলের (অটেক্সা) হালনাগাদ পরিসংখ্যানে এমন তথ্য উঠে এসেছে। এতে বলা হয়, যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীরা চলতি বছরের প্রথম নয় মাসে (জানুয়ারি-সেপ্টেম্বর) বিশ্বের বিভিন্ন দেশ থেকে ৫ হাজার ৯৩২ কোটি ডলারের তৈরি পোশাক আমদানি করেছেন। এই আমদানি গত বছরের একই সময়ের তুলনায় ২ দশমিক ৪৭ শতাংশ কম।

২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি দ্রুত বাড়তে থাকে। ওই বছরের জুনে দেশটির মূল্যস্ফীতি বেড়ে ৯ দশমিক ১ শতাংশে দাঁড়ায়। মূল্যস্ফীতি ৪০ বছরের মধ্যে সর্বোচ্চ উচ্চতায় পৌছানোর কারণে নিত্যপণ্য ছাড়া অন্য পণ্য কেনাকাটা কমিয়ে দেন ভোক্তারা। দেশটি বিভিন্ন উদ্যোগ নেওয়ায় মূল্যস্ফীতি কমে। তারপরও গত বছর দেশটিতে গড় মূল্যস্ফীতি ছিল ৪ দশমিক ১ শতাংশ। সে কারণে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের আমদানিকারকেরা তার আগের বছরের তুলনায় ২২ শতাংশ কম তৈরি পোশাক আমদানি করে। ফলে শীর্ষ পাঁচ রপ্তানিকারক দেশের পোশাক রপ্তানি ২১ থেকে ২৫ শতাংশ পর্যন্ত কমে যায়।



চলতি বছরের প্রথম নয় মাসে বাংলাদেশ এই বাজারে ৫৪১ কোটি ডলারের পোশাক রপ্তানি করলেও তা আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ৬ শতাংশ কম। অন্যদিকে ভারতের রপ্তানি বেড়েছে দশমিক ৪৬ শতাংশ।

অটেক্সার তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্রের বাজারে গত জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত নয় মাসে ৫৪১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেন বাংলাদেশের উদ্যোক্তারা। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ২৯ শতাংশ কম। গত বছর এই বাজারে বাংলাদেশ ৭২৯ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছিল। তখন রপ্তানি কমেছিল ২৫ শতাংশ। বাজারটিতে বাংলাদেশ তৃতীয় সর্বোচ্চ পোশাক রপ্তানিকারক। যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পোশাকের বাজার হিস্যা ৯ দশমিক শূন্য ৭ শতাংশ।

এই বাজারে বাংলাদেশের রপ্তানি-প্রবৃদ্ধি যখন কমছে, তখন একাধিক প্রতিযোগী দেশ ভালো করছে। যুক্তরাষ্ট্রের বাজারে দ্বিতীয় শীর্ষ রপ্তানিকারক ভিয়েতনাম। চলতি বছরের নয় মাসে ১ হাজার ১২১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে দেশটি। গত বছরের একই সময়ের তুলনায় তাদের রপ্তানি বেড়েছে ১ দশমিক ২৭ শতাংশ। বর্তমানে বাজারটির পৌনে ১৯ শতাংশ ভিয়েতনামের দখলে।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের বাজারে ভারতের পোশাক রপ্তানি গত বছর ২১ শতাংশ কমেছিল। চলতি বছরের প্রথম আট মাসেও দেশটির রপ্তানি কমেছে। তবে সেপ্টেম্বরের শেষে ঘুরে দাঁড়িয়েছে। সব মিলিয়ে চলতি বছরের প্রথম নয় মাসে ৩৬৪ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে ভারত। তাদের প্রবৃদ্ধি দশমিক ৪৬ শতাংশ। এই বাজারে ভারত চতুর্থ শীর্ষ রপ্তানিকারক। তার পরের অবস্থানে আছে ইন্দোনেশিয়া। একইভাবে কম্বোডিয়া ও পাকিস্তানের পোশাক রপ্তানিও বাড়ছে। যুক্তরাষ্ট্রের বাজারে চলতি বছরের প্রথম নয় মাসে কম্বোডিয়া ২৭৮ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৭ দশমিক ১৫ শতাংশ বেশি। অন্যদিকে চলতি বছরের জানুয়ারি-সেপ্টেম্বর সময়ে পাকিস্তান রপ্তানি করেছে ১৫৮ কোটি ডলারের তৈরি পোশাক। তাদের রপ্তানি প্রবৃদ্ধি ২ দশমিক ৪১ শতাংশ।

অবশ্য চীন যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানিতে শীর্ষস্থান ধরে রাখলেও ঘুরে দাঁড়াতে পারেনি এখনো। বর্তমানে এই বাজারের ২১ শতাংশ নিয়ন্ত্রণ করছে চীন। চলতি বছরের প্রথম নয় মাসে ১ হাজার ২৫১ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে দেশটি। এই রপ্তানি গত বছরের একই সময়ের চেয়ে ১ দশমিক ৯৫ শতাংশ কম।

ইত্তেফাক
রবিবার
২৫ কার্তিক ১৪৩১, ১০ নভেম্বর, ২০২৪

### চলতি বছরের ৯ মাসের তথ্য

# যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক রপ্তানি ৬ শতাংশ কমেছে

■ ইত্তেফাক রিপোর্ট



তৈরি পোশাক রপ্তানিতে যুক্তরাষ্ট্রের বাজারে প্রতিযোগীদের তুলনায় পিছিয়ে পড়ছে বাংলাদেশ। বড় এ বাজারে চলতি বছর এখন পর্যন্ত বাংলাদেশের রপ্তানি প্রবৃদ্ধি কমলেও ভিয়েতনাম, কম্বোডিয়া ও পাকিস্তানে বাড়ছে। সর্বশেষ ভারতের পোশাক রপ্তানি প্রবৃদ্ধিও ইতিবাচক।

চলতি বছরের প্রথম ৯ মাসে বাংলাদেশ এই বাজারে ৫৪১ কোটি ডলারের পোশাক রপ্তানি করলেও তা আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ৬ শতাংশ কম। অন্যদিকে ভারতের রপ্তানি বেড়েছে দশমিক ৪৬ শতাংশ। একইভাবে ভিয়েতনাম, কম্বোডিয়া ও পাকিস্তানের পোশাক রপ্তানিও বেড়েছে।

ইউএস ডিপার্টমেন্ট অব কমার্সের আওতাধীন অফিস অব টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেলের (অটেক্সা) হালনাগাদ পরিসংখ্যানে এমন তথ্য উঠে এসেছে। এতে বলা হয়, যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীরা চলতি বছরের প্রথম ৯ মাসে (জানুয়ারি-সেপ্টেম্বর) বিশ্বের বিভিন্ন দেশ থেকে ৫ হাজার ৯৩২ কোটি ডলারের তৈরি পোশাক আমদানি করেছেন। এই আমদানি গত বছরের একই সময়ের তুলনায় ২.৪৭ শতাংশ কম।

২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি দ্রুত বাড়তে থাকে। ঐ বছরের জুনে দেশটির মূল্যস্ফীতি বেড়ে ৯.১ শতাংশে দাঁড়ায়। মূল্যস্ফীতি ৪০ বছরের মধ্যে সর্বোচ্চ উচ্চতায় পৌঁছানোর কারণে নিত্যপণ্য ছাড়া অন্য পণ্য কেনাকাটা কমিয়ে দেন ভোক্তারা। দেশটি বিভিন্ন উদ্যোগ নেওয়ায় মূল্যস্ফীতি কমে। তার পরও গত বছর দেশটিতে গড় মূল্যস্ফীতি ছিল ৪.১ শতাংশ। সে কারণে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের আমদানিকারকরা তার আগের বছরের তুলনায় ২২ শতাংশ কম তৈরি পোশাক আমদানি করে। ফলে শীর্ষ পাঁচ রপ্তানিকারক দেশের পোশাক রপ্তানি ২১ থেকে ২৫ শতাংশ পর্যন্ত কমে যায়।

অটেক্সার তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্রের বাজারে গত জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৯ মাসে ৫৪১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেন বাংলাদেশের উদ্যোক্তারা। এ রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৬.২৯ শতাংশ কম। গত বছর এই বাজারে বাংলাদেশ ৭২৯ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছিল। তখন রপ্তানি কমেছিল ২৫ শতাংশ। বাজারটিতে বাংলাদেশ তৃতীয় সর্বোচ্চ পোশাক রপ্তানিকারক। যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পোশাকের বাজার হিস্যা ৯.০৭ শতাংশ।

এ বাজারে বাংলাদেশের রপ্তানি প্রবৃদ্ধি যখন কমছে, তখন একাধিক প্রতিযোগী দেশ ভালো করছে। যুক্তরাষ্ট্রের বাজারে দ্বিতীয় শীর্ষ রপ্তানিকারক ভিয়েতনাম। চলতি বছরের ৯ মাসে ১ হাজার ১২১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে দেশটি। গত বছরের একই সময়ের তুলনায় তাদের রপ্তানি বেড়েছে ১.২৭ শতাংশ। বর্তমানে বাজারটির পৌনে ১৯ শতাংশ ভিয়েতনামের দখলে।

যুক্তরাষ্ট্রের বাজারে ভারতের পোশাক রপ্তানি গত বছর ২১ শতাংশ কমেছিল। চলতি বছরের প্রথম নয় মাসেও দেশটির রপ্তানি কমেছে। তবে সেপ্টেম্বরের শেষে ঘুরে দাঁড়িয়েছে। সব মিলিয়ে চলতি বছরের প্রথম ৯ মাসে ৩৬৪ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে ভারত। তাদের প্রবৃদ্ধি দশমিক ৪৬ শতাংশ। এ বাজারে ভারত চতুর্থ শীর্ষ রপ্তানিকারক। তারপরের অবস্থানে আছে ইন্দোনেশিয়া।

একইভাবে কম্বোডিয়া ও পাকিস্তানের পোশাক রপ্তানিও বাড়ছে। যুক্তরাষ্ট্রের বাজারে চলতি বছরের প্রথম ৯ মাসে কম্বোডিয়া ২৭৮ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে। এ রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৭ দশমিক ১৫ শতাংশ বেশি। অন্যদিকে চলতি বছরের জানুয়ারি-সেপ্টেম্বর সময়ে পাকিস্তান রপ্তানি করেছে ১৫৮ কোটি ডলারের তৈরি পোশাক। তাদের রপ্তানি প্রবৃদ্ধি ২.৪১ শতাংশ।

যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানিতে শীর্ষস্থান ধরে রাখলেও চীন ঘুরে দাঁড়াতে পারেনি এখনো। বর্তমানে চীন এই বাজারের ২১ শতাংশ নিয়ন্ত্রণ করছে। চলতি বছরের প্রথম ৯ মাসে ১ হাজার ২৫১ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে দেশটি। এ রপ্তানি গত বছরের একই সময়ের চেয়ে ১.৯৫ শতাংশ কম।

বণিকবার্তা
রোববার, নভেম্বর ১০, ২০২৪ ■ কার্তিক ২৫, ১৪৩১

### তৈরি পোশাক খাত

# কার্যাদেশ কমে যাওয়ার শঙ্কার মধ্যেও কাঁচামাল আমদানি উল্লেখযোগ্য হারে বেড়েছে

নিজস্ব প্রতিবেদক ■

দেশের শিল্পাঞ্চলগুলোয় সাম্প্রতিক সময়ে শ্রমিক অসন্তোষের কারণে উৎপাদন ব্যাহত হয় চরমভাবে। ফলে বেঁধে দেয়া সময়ের মধ্যে জাহাজীকরণ করা যায়নি। এর প্রভাব পড়ে কার্যাদেশে। তৈরি পোশাক খাতের উদ্যোক্তারা বলছেন, বাংলাদেশ থেকে উল্লেখযোগ্য পরিমাণ কার্যাদেশ চলে গেছে প্রতিদ্বন্দ্বী দেশগুলোয়। কারো কারো দাবি, এর পরিমাণ প্রায় ৩০ শতাংশের মতো হবে। এতে সামনের বছরের প্রথম প্রান্তিকে কমে যেতে পারে ৬ বিলিয়ন ডলার রফতানি আয়। সরকারের পক্ষ থেকেও বলা হচ্ছে, সাম্প্রতিক সময়ে পোশাক খাতে কার্যাদেশ কমেছে ১৫-২০ শতাংশ পর্যন্ত।

এমন শঙ্কার মধ্যেই বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, চলতি বছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে তৈরি পোশাক খাতসংশ্লিষ্ট পণ্য আমদানি বেড়েছে সাড়ে ২১ শতাংশ। নগদ প্রণোদনা কমিয়ে দেয়া এবং গ্যাস সংকটের কারণে স্থানীয় উৎপাদন বিঘ্নিত হওয়ার কারণেই পোশাক খাতের কাঁচামাল আমদানির ব্যয় বেড়েছে বলে জানিয়েছেন উদ্যোক্তারা। বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান অনুসারে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) আমদানি হয়েছে ৪৪৭ কোটি ডলারের তৈরি পোশাক খাতসংশ্লিষ্ট পণ্য। আগের বছরের একই সময়ে এর পরিমাণ ছিল ৩৬৮ কোটি ডলার। এক্ষেত্রে আমদানির পরিমাণ বেড়েছে ২১ দশমিক ৫ শতাংশ। তুলা, সুতা, বস্ত্রসহ সব ক্যাটাগরির পণ্য আমদানিই এ সময়ে বেড়েছে।

চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে তৈরি পোশাক খাতের কাঁচামালের মধ্যে সবচেয়ে বেশি আমদানি হয়েছে বস্ত্র ও এ-সংক্রান্ত পণ্য। গত জুলাই-সেপ্টেম্বরে ২০৬ কোটি ১৬ লাখ ডলারের বস্ত্র আমদানি হয়েছে, যা আগের বছরের একই সময় হয়েছিল ১৬৬ কোটি ৬৭ লাখ ডলারের। এক বছরের ব্যবধানে বস্ত্র আমদানির পরিমাণ বেড়েছে ২৩ দশমিক ৭ শতাংশ। এরপর সবচেয়ে বেশি তুলা আমদানি করেছেন উদ্যোক্তারা। গত জুলাই-সেপ্টেম্বরে পণ্যটি আমদানি হয়েছে ৯৫ কোটি ৫৮ লাখ ডলারের, আগের বছরের একই সময়ে হয়েছিল ৮৩ কোটি ১০ লাখ ডলারের। এ সময় তুলা আমদানি বেড়েছে ১৫ শতাংশ।

চলতি বছরের ফেব্রুয়ারি ও জুলাইয়ে দু'দফায় রফতানিতে নগদ সহায়তার পরিমাণ কমিয়েছে সরকার। এতদিন দেশী সুতা ও বস্ত্র ব্যবহার করে উৎপাদিত তৈরি পোশাক রফতানি করে উল্লেখযোগ্য পরিমাণ নগদ সহায়তা পেয়েছেন উদ্যোক্তারা। তবে প্রণোদনা কমানোয় উদ্যোক্তাদের মুনাফা মার্জিন কমে গেছে। অন্যদিকে বেড়ে গেছে পোশাক উৎপাদনের ব্যয়। এ অবস্থায় ব্যয় কমাতে রফতানিকারকরা তুলা ও বস্ত্র আমদানির দিকে ঝুঁকছেন বলে জানিয়েছেন খাতসংশ্লিষ্টরা।

তৈরি পোশাক খাতের কার্যাদেশ কমার পরও কাঁচামাল আমদানি বেড়েছে। কার্যাদেশ না কমলে আমদানি আরো অনেক বেশি হতো বলে মনে করছেন নিট পোশাক শিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম। বণিক বার্তাকে তিনি বলেন, 'বিগত সরকারের সময়ে রফতানিতে প্রণোদনা কমিয়ে দেয়ার বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তটি সঠিক ছিল না। যার খেসারত বর্তমানে দিতে হচ্ছে এবং এ কারণে আমদানি বেড়েছে। প্রণোদনা কমানোর সিদ্ধান্ত নেয়ার সময়ই আমরা আমদানি বাড়ার শঙ্কার কথা জানিয়েছিলাম। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের অজুহাত দেখিয়ে প্রণোদনা বন্ধ করা হয়েছে। এটি ২০২৬ সালেও বন্ধ করা যেত। এমনকি ডব্লিউটিওর নিয়ম অনুসারে আরো তিন বছর পর্যন্ত প্রণোদনা বহাল রাখার সুযোগ রয়েছে। কিন্তু তড়িঘড়ি করে অদৃশ্য কারণে কারো স্বার্থ হাসিলের জন্য বাংলাদেশ ব্যাংক নগদ সহায়তা কমিয়ে দেয় বা বন্ধ করে দেয়। নগদ প্রণোদনা কমানোর ফলে দেশী সুতা কিনতে যে খরচ পড়ে তার চেয়ে কম দামে সুতা আমদানি করা যায়। ফলে খরচ বাঁচাতে স্বাভাবিকভাবেই




পরবর্তী পৃষ্ঠায় দেখুন

রোববার, নভেম্বর ১০, ২০২৪ ■ কার্তিক ২৫, ১৪৩১ বণিক বার্তা

## কার্যাদেশ কমে যাওয়ার শঙ্কার

শেষ পৃষ্ঠার পর

রফতানিকারকরা সুতা বেশি আমদানি করছেন। এতে মূল্য সংযোজনও কমেছে। গ্যাস সংকটের কারণে বস্ত্র কারখানার উৎপাদন কমে গেছে। এর কারণেও বস্ত্র আমদানি বেড়ে গেছে।'

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যানুসারে, চলতি অর্থবছরের প্রথম তিন মাসে ৯২৯ কোটি ডলারের তৈরি পোশাক রফতানি হয়েছে। গত অর্থবছরের একই সময়ে রফতানি হয়েছিল ৮৮২ কোটি ডলারের পণ্য। এক্ষেত্রে রফতানি বেড়েছে ৫ দশমিক ৩৪ শতাংশ। এ সময়ে নিট, ওভেন ও বিশেষায়িত বস্ত্র পণ্য রফতানি বেড়েছে। অন্যদিকে কমেছে হোম টেক্সটাইল রফতানি।

খাতসংশ্লিষ্টরা বলছেন, গত জুলাই-আগস্টের ছাত্র-জনতা আন্দোলনকে ঘিরে ইন্টারনেট বন্ধ ও ব্যবসা-বাণিজ্যে স্থবিরতার প্রভাব পড়েছে তৈরি পোশাক খাতের উৎপাদনের ওপর। এরপর সাম্প্রতিক সময়ের শ্রমিক অসন্তোষের কারণে উৎপাদন আবারো বাধাগ্রস্ত হয়েছে। এসব ঘটনার সম্মিলিত প্রভাবে পোশাক খাতের কার্যাদেশ কমেছে এবং এতে সামনের দিনগুলোয় পোশাক রফতানি কমতে পারে।

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) প্রেসিডেন্ট ও ইভিন্স গ্রুপের চেয়ারম্যান আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বণিক বার্তাকে বলেন, 'আগে রফতানির তথ্য বেশি দেখানো হয়েছে এবং এ কারণে আমদানি কম হয়েছে। এখন রফতানির প্রকৃত তথ্য প্রকাশ করা হচ্ছে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক আগের অতিরঞ্জিত তথ্যের সঙ্গে বর্তমানের প্রকৃত তথ্যের তুলনা করেছে কিনা সে প্রশ্ন থেকে যাচ্ছে। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে ৫ শতাংশ রফতানি বেড়েছে। রফতানির প্রকৃত তথ্য প্রকাশের কারণে এক্ষেত্রে স্বাভাবিকভাবেই আমদানি বাড়বে। আগের বছরে তুলা আমদানি কম হয়েছিল, যেটি বর্তমানে বেড়ে গেছে। তাছাড়া গ্যাস সংকটের কারণে স্থানীয় সুতা উৎপাদন কমে গেছে। এ কারণে রফতানিকারকরা সুতা বেশি আমদানি করেছেন। এর প্রভাবেও আমদানি ব্যয় বাড়তে পারে। আশুলিয়ায় শ্রমিক অসন্তোষের কারণে অনেক কারখানায় কাজ কমে গেছে। ইউরোপে আমাদের রফতানি প্রবৃদ্ধি অনেক কমে গেছে। অন্যদিকে এ বাজারে চীন ও পাকিস্তানের প্রবৃদ্ধি বেশি। পাশাপাশি যুক্তরাষ্ট্রের বাজারে আমাদের প্রবৃদ্ধি ঋণাত্মক। অন্যদিকে এখানে ভিয়েতনাম ও চীনের ভালো প্রবৃদ্ধি রয়েছে।'

তৈরি পোশাক খাতের উদ্যোক্তারা আমদানি করা কাঁচামালের বড় অংশই এনেছেন ভারত থেকে। ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য বলছে, এ বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত দেশটি থেকে বাংলাদেশে ১৭৯ কোটি ৫৬ লাখ ডলারের তুলা রফতানি হয়েছে, যা গত বছরের একই সময়ে ছিল ১২৪ কোটি ৭৬ লাখ ডলার। সে হিসাবে তাদের রফতানি বেড়েছে প্রায় ৪৪ শতাংশ। পাশাপাশি এ সময়ে ভারত থেকে ফ্যাব্রিকস আমদানিও বেড়েছে। সুতা ও বস্ত্র রফতানি বাড়ার কারণে প্রতিবেশী দেশটির বৃহৎ টেক্সটাইল কোম্পানিগুলোর জন্য বাংলাদেশ সম্ভাবনাময় বড় বাজার হয়ে উঠেছে। ভারতের লাহোটি ওভারসিজ লিমিটেড, স্কয়ার করপোরেশন, ইন্দোরামার মতো প্রতিষ্ঠানগুলো তাদের উৎপাদিত সুতার উল্লেখযোগ্য অংশ বাংলাদেশে রফতানি করে। সম্ভাবনার কারণে আকৃষ্ট হয়ে ভারতের আরো বেশকিছু কোম্পানি বাংলাদেশে সুতা রফতানির সঙ্গে সম্পৃক্ত হয়েছে।

বাংলাদেশে অনেক দিন ধরেই আমদানি-রফতানির আড়ালে অর্থ পাচার হচ্ছে। কভিড-পরবর্তী হঠাৎ করে আমদানি অনেক বেড়ে যাওয়ার আড়ালে অর্থ পাচারের অভিযোগ রয়েছে। এ অবস্থায় ভারত থেকে তুলা ও বস্ত্র আমদানি বেড়ে যাওয়ার সঙ্গে অর্থ পাচারের সংযোগ রয়েছে কিনা সেটিও যাচাই করে দেখার প্রয়োজন রয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বণিক বার্তাকে বলেন, 'তৈরি পোশাক রফতানিকারকদের কাছ থেকে আমরা বিভিন্ন ধরনের মতামত শুনে আসছি। কেউ বলছেন পোশাকের কার্যাদেশ কমে গেছে, কেউ বলছেন এটি ঠিক না, আবার কেউ বলছেন যে কার্যাদেশ কমলেও সেটি খুব বেশি নয়। কাঁচামাল আমদানি বেড়ে যাওয়ার বিষয়টি নির্দেশ করে যে বেশি কার্যাদেশ থাকার কারণেই এসব পণ্য আমদানি করা হয়েছে। তবে এক্ষেত্রে উপসংহার টানার জন্য আমাদের আরো তথ্যের প্রয়োজন রয়েছে।'

কালের কণ্ঠ মঙ্গলবার। ১২ নভেম্বর ২০২৪




এসএমই ফাউন্ডেশন এবং এফইএস আয়োজিত সেমিনারে বিশেষজ্ঞরা

# চতুর্থ শিল্প বিপ্লবে চাকরি হারাতে পারেন দেশের ৫৪ লাখ কর্মী

**নিজস্ব প্রতিবেদক ▷**

চতুর্থ শিল্প বিপ্লবের ফলে বাংলাদেশের প্রায় ৫৪ লাখ কর্মী চাকরি হারাতে পারেন। সরকারি সংস্থা এটুআই এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা—আইএলওর গবেষণার এই তথ্য উল্লেখ করে বিশেষজ্ঞরা বলছেন, চতুর্থ শিল্প বিপ্লবের ফলে বাংলাদেশের অর্থনীতিতে নানা আশঙ্কার পাশাপাশি তৈরি হতে পারে নতুন সম্ভাবনাও। তাই সমস্যা মোকাবেলা ও সম্ভাবনাকে কাজে লাগাতে সরকারের নতুন কৌশলপত্র তৈরি করা দরকার। গতকাল সোমবার আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা ফ্রেডরিক-ইবার্ট-স্টিফটাংগ (এফইএস) বাংলাদেশের উদ্যোগে 'দ্য ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভল্যুশন : অপরচুনিটিজ অ্যান্ড চ্যালেঞ্জেস ফর এসএমই ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে এসব কথা উঠে আসে।

সেমিনারে স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আনোয়ার হোসেন চৌধুরী। প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী এনডিসি। বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সলিম উল্লাহ। বক্তব্য দেন এফইএস বাংলাদেশের আবাসিক প্রতিনিধি ড. ফেলিক্স গার্ডস। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য-প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. কাজী মুহাইমিন-উস-সাকিব। মূল প্রবন্ধে সংস্থা এটুআই এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা—আইএলওর গবেষণার তথ্য উল্লেখ করে আরো বলা হয়, চতুর্থ শিল্প বিপ্লবের ফলে বাংলাদেশের তৈরি পোশাক খাতের ২৭ লাখ, ফার্নিচার খাতের প্রায় ১৪ লাখ, কৃষিপণ্য ও পর্যটন খাতের ছয় লাখ করে ১২ লাখ এবং চামড়াশিল্পের এক লাখ মোট ৫৪ লাখ কর্মী চাকরি হারাতে পারেন। মূল প্রবন্ধে এই তথ্যের সমর্থনে গবেষণা সংস্থা সিপিডি ও পিআরআই-তথ্যও তুলে ধরা হয়। সেই সঙ্গে বলা হয়, দক্ষ কর্মী এবং পর্যাপ্ত অবকাঠামো অভাবের কারণে এ সংকটে পড়তে পারে দেশের এসএমই খাতও।

বিশেষজ্ঞরা বলেন, বাংলাদেশের অর্থনীতি ও কর্মসংস্থান তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বা আইসিটি ব্যবহারে এখনো পিছিয়ে দেশের এসএমই খাত। এ অবস্থায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন কৌশলপত্র তৈরি হলে এসএমই খাতের পণ্য রপ্তানি, নতুন বিজনেস মডেল তৈরি এমনকি নতুন কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি হতে পারে এসএমই খাতে।

যুগান্তর শনিবার ১৬ নভেম্বর ২০২৪

# বন্ধ চিনিকলগুলো পুনরায় চালু করা হবে

## —শিল্প উপদেষ্টা

**নাটোর ও লালপুর প্রতিনিধি**

শিল্প মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান খান বলেছেন, দেশের বন্ধ চিনিকলগুলো পুনরায় চালু করা হবে। এই লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। শুক্রবার বিকালে শিল্প উপদেষ্টা নাটোরের নর্থ বেঙ্গল চিনিকলে চলতি মৌসুমের আখ মাড়াই কার্যক্রমের উদ্বোধনকালে এ কথা বলেন।

তিনি বলেন, বন্ধ চিনিকলগুলো চালুর লক্ষ্যে টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি পর্যবেক্ষণ করছে চিনিকলগুলো চালু করার প্রতিবন্ধকতাগুলো। জনগণ পাশে থাকলে সমন্বিত শক্তি, উদ্যোগ গ্রহণ ও সাহসের মাধ্যমে সফল হতে চাই। সেই আকাঙ্ক্ষা নিয়ে কাজ করছি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা। চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান ড. লিপিকা ভদ্রের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের পরিচালক এটিএম কামরুল ইসলাম, নাটোরের জেলা প্রশাসক আসমা শাহীন, পুলিশ সুপার মারুফাত হোসাইন, আখচাষি হাসান রাজা প্রমুখ। এ সময় নর্থ বেঙ্গল চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ খবির উদ্দিন মোল্লা জানান, চলতি মৌসুমে দুই লাখ টন আখ মাড়াই করে ১৫ হাজার টন চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

NEW AGE MONDAY, NOVEMBER 11, 2024

# Exports rise by 20.65pc in Oct

**Staff Correspondent**

BANGLADESH'S export earnings in October 2024 increased by 20.65 per cent year-on-year to $4.13 billion compared with those of $3.42 billion in the same month of 2023, riding on increased shipments of readymade garments.

The country's export earnings in four months (July-October) of the current financial year 2024-25 grew by 10.80 per cent to $15.79 billion compared with $14.25 billion in the same period of FY24, according to the Export Promotion Bureau data released on Sunday.

'I have doubts about the export earnings growth shown in the EPB data, as a significant number of RMG factories experienced production losses in October due to labour unrests,' Mohammad Hatem, president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association, told New Age.

On the other hand, the growth might be accurate, as the past year's export earnings figures were inflated, and the government has recently revised the data based on actual shipment records, he said.

EPB vice-chairman Md Anwar Hossain said that the export earnings growth in October was not unrealistic, as production in most of the factories remained uninterrupted, with only a few units affected by labour unrests.



A file photo shows workers sewing clothes at a readymade garment factory in Narayanganj. Bangladesh's export earnings in October 2024 increased by 20.65 per cent year-on-year to $4.13 billion compared with those of $3.42 billion in the same month of 2023, riding on increased shipments of readymade garments. — New Age photo

The EPB data showed that the readymade garment sector fetched $12.81 billion in the July-October period of FY25, marking a year-on-year growth of 11.38 per cent.

In the four months of FY24, export earnings from the RMG sector amounted to $11.50 billion.

The data showed that the export earnings from knitwear sub-sector in July-October of FY25 increased by 12.08 per cent to $7.20 billion, while earnings from woven garments fetched $5.60 billion, reflecting a 10.48-per cent increase over the corresponding period.

In October 2024, earnings from readymade garment increased by 22.80 per cent to $3.3 billion compared with those of $2.68 billion in the same period of 2023.

The home textile subsector registered 1.31 per cent growth in exports in the July–October period, with earnings reaching $254.94 million.

According to the EPB data, exports of jute and jute goods in July-October totalled at $264.81 million, showing a decline of 13.70 per cent.

Earnings from agricultural products such as vegetables, fruits and dry foods grew by 6.38 per cent to $385.48 million over the past four months of FY25.

Export earnings from engineering products increased by 3.14 per cent to $163.03 million in July-October of FY25.

Exports of frozen and live fish rose by 10.59 per cent, amounting to $153.18 million in the period.

Earnings from leather and leather goods exports totalled at $372.24 million, registering a growth of 9.82 per cent in the July-October period of FY25.

Pharmaceutical exports amounted to $69.85 million, an increase of 4.38 per cent in the period.

Exports of non-leather footwear also rose by 36 per cent, reaching $167.11 million.

The EPB data also showed that exports of plastic products grew by 36.19 per cent, reaching $102.84 million in the four months of FY25.

সংবাদ
ঢাকা : রোববার ২ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Sunday 17 November 2024

# রেমিটেন্সে শীর্ষে যুক্তরাষ্ট্র, বেড়েছে দ্বিগুণেরও বেশি

অর্থনৈতিক বার্তা পরিবেশক

দেশের অর্থনীতির প্রধান সূচকগুলোর মধ্যে এ মুহূর্তে সবচেয়ে ভালো অবস্থানে আছে রেমিটেন্স বা প্রবাসী আয়। আর এতে 'চমক' দেখাচ্ছে বিশ্বের সবচেয়ে বড় অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র। চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) ৮৯৩ কোটি ৭১ লাখ (৮.৯৪ বিলিয়ন) ডলার দেশে পাঠিয়েছেন বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানকারী প্রবাসীরা যা গত অর্থবছরের একই সময়ের চেয়ে ৩০ শতাংশ বেশি। আর রেমিটেন্সের এই উল্লম্ফনে সবচেয়ে বেশি অবদান রাখছেন যুক্তরাষ্ট্রে অবস্থানকারী প্রবাসীরা। দেশটি থেকে জুলাই-অক্টোবর সময়ে ১৪১ কোটি ৮৩ লাখ (১.৪২ বিলিয়ন) এসেছে যা মোট রেমিটেন্সের ১৬ শতাংশ।

আর গত অর্থবছরের একই সময়ের চেয়ে দ্বিগুণের বেশি। শতাংশ হিসাবে বেড়েছে ১০৪ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-অক্টোবর সময়ে যুক্তরাষ্ট্র থেকে ৬৯৫ কোটি ৪৯ লাখ (৬.৯৫ বিলিয়ন) রেমিটেন্স এসেছিল দেশে। আর এর মধ্য দিয়ে সংযুক্ত আরব আমিরাতকে পেছনে ফেলে রেমিটেন্স আহরণে হঠাৎ করেই শীর্ষ দেশের তালিকায় উঠে এসেছে যুক্তরাষ্ট্র। অথচ মধ্যপ্রাচ্যের দুই দেশ সৌদি আরব ও আরব আমিরাতের চেয়ে অনেক কম বাংলাদেশি অবস্থান করেন আমেরিকায়।

বাংলাদেশ ব্যাংক গত বুধবার রেমিটেন্স প্রবাহের দেশভিত্তিক যে তথ্য প্রকাশ করেছে, তাতে দেখা যায়, চলতি অর্থবছরের জুলাই-অক্টোবর সময়ে আরব আমিরাত থেকে এসেছে ১৩৬ কোটি ৫৮ লাখ (১.৩৬ বিলিয়ন) ডলার রেমিটেন্স। সৌদি আরব থেকে এসেছে ১১৭ কোটি ৬১ লাখ (১.১৭ বিলিয়ন) ডলার।

মালয়েশিয়া থেকে এসেছে ৮১ কোটি ৫২ লাখ ডলার। যুক্তরাজ্য থেকে এসেছে ৭৬ কোটি ৩৪ লাখ ডলার।

বাংলাদেশ ব্যাংক গত বুধবার রেমিটেন্স প্রবাহের দেশভিত্তিক যে তথ্য প্রকাশ করেছে, তাতে দেখা যায়, চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম তিন মাসে অর্থাৎ জুলাই-সেপ্টেম্বর সময়ে আরব আমিরাত থেকে ১০৩ কোটি ২২ লাখ (১.০৩ বিলিয়ন) ডলার রেমিটেন্স এসেছে দেশে। যা গত অর্থবছরের একই সময়ের চেয়ে ২৪ শতাংশ বেশি।

১৯৭৪-৭৫ অর্থবছর থেকে ব্যাংকিং চ্যানেলে রেমিটেন্স আসা শুরু হয় বাংলাদেশে। ওই বছরে মাত্র ১ কোটি ১৮ লাখ ডলার পাঠিয়েছিলেন প্রবাসীরা। গত ২০২৩-২৪ অর্থবছরে সেই রেমিটেন্স দুই হাজার গুণের বেশি বেড়ে প্রায় ২৪ বিলিয়ন ডলারে ওঠে। গত অর্থবছরের আগে পঞ্চাশ বছরে প্রতিবারই সৌদি আরব থেকে সবচেয়ে বেশি রেমিটেন্স দেশে এসেছে। কিন্তু ২০২৩-২৪ অর্থবছরে সৌদিকে পেছনে ফেলে সবচেয়ে বেশি রেমিটেন্স আসে সংযুক্ত আরব আমিরাত থেকে।



দেশটি থেকে জুলাই-অক্টোবর সময়ে ১৪১ কোটি ৮৩ লাখ (১.৪২ বিলিয়ন) এসেছে যা মোট রেমিটেন্সের ১৬ শতাংশ। আর গত অর্থবছরের একই সময়ের চেয়ে দ্বিগুণের বেশি। শতাংশ হিসাবে বেড়েছে ১০৪ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-অক্টোবর সময়ে যুক্তরাষ্ট্র থেকে ৬৯৫ কোটি ৪৯ লাখ (৬.৯৫ বিলিয়ন) রেমিটেন্স এসেছিল দেশে।

শুধু তাই নয়, রেমিটেন্স আহরণের তালিকায় সৌদি আরব নেমে যায় চতুর্থ স্থানে। দ্বিতীয় স্থান বহাল রেখেছিল যুক্তরাষ্ট্র; তৃতীয় ছিল যুক্তরাজ্য। গত ২০২৩-২৪ অর্থবছরে সৌদি আরবের চেয়ে প্রায় দ্বিগুণ রেমিটেন্স আসে আমিরাত থেকে। ওই অর্থবছরে সৌদি থেকে ২৭৪ কোটি ১৫ লাখ ডলার আসে। আমিরাত থেকে আসে ৪৬০ কোটি ডলার। আর যুক্তরাষ্ট্র থেকে ২৯৬ কোটি ১৬ লাখ ডলার এসেছিল।

এর আগের অর্থবছর অর্থাৎ ২০২২-২৩ সময়ে সৌদি আরব থেকে ৩৭৬ কোটি ৫৩ লাখ ডলার এসেছিল। আরব আমিরাত থেকে এসেছিল ২৪ দশমিক ১০ শতাংশ কম, ৩০৩ কোটি ৩৮ লাখ। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য থেকে এসেছিল যথাক্রমে ৩৫২ কোটি ২০ লাখ ও ২০৮ কোটি ৪ লাখ ডলার।

চলতি ২০২৪-২৫ অর্থবছরের তিন মাসের (জুলাই-সেপ্টেম্বর) হিসাবেও সবচেয়ে বেশি রেমিটেন্স এসেছিল আরব আমিরাত থেকে; ১০৩ কোটি ২২ লাখ (১ দশমিক শূন্য ৩ বিলিয়ন) ডলার। যুক্তরাষ্ট্র থেকে ৯২ কোটি ৪ লাখ ডলার রেমিটেন্স এসেছিল। সৌদি আরব থেকে আসে ৮৫ কোটি ৮৮ লাখ ডলার। যুক্তরাজ্য থেকে এসেছিল ৫৬ কোটি ৫৬ লাখ ডলার।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্যে দেখা যায়, চলতি অর্থবছরের চতুর্থ মাস অক্টোবরে যুক্তরাষ্ট্র থেকে রেমিটেন্স বড় উল্লম্ফন দেখা যায়। এই মাসে দেশটিতে অবস্থানকারী প্রবাসীরা ৫০ কোটি ডলার পাঠিয়েছেন। সংযুক্ত আরব আমিরাত থেকে এসেছে ৩৩ কোটি ৩৭ লাখ টাকা। সৌদি আরব থেকে এসেছে ৩১ কোটি ৭৩ লাখ ডলার। যুক্তরাজ্য থেকে এসেছে১৯ কোটি ৭৮ লাখ ডলার।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণব্যুরোর (বিএমইটি) তথ্য অনুযায়ী, দেড় কোটি প্রবাসী বিশ্বের বিভিন্ন দেশে অবস্থান করছেন। এর মধ্যে সবচেয়ে বেশি প্রায় ৪০ লাখ আছেন সৌদি আরবে। সংযুক্ত আরব আমিরাতে আছে ১০ লাখের মতো। আর যুক্তরাষ্ট্রে ৪ লাখ প্রবাসী যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন।

বণিক বার্তা রোববার, নভেম্বর ১৭, ২০২৪

### ভয়েস ফর রিফর্মের সংলাপে বক্তারা

# শ্রমবাজারে চাকরির প্রাতিষ্ঠানিক ক্ষেত্র বাড়াতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

প্রতি বছর দেশে বিপুলসংখ্যক উচ্চশিক্ষিত তরুণ-তরুণী শ্রমবাজারে আসছেন। কিন্তু তাদের কর্মসংস্থানের হার কম। এর প্রধান কারণ দেশের অর্থনীতির বড় অংশ এখনো অপ্রাতিষ্ঠানিক। উচ্চশিক্ষিতরা উৎপাদন খাত ও কারখানা পর্যায়ে কাজ করতে চান না। ঢাকার বাইরে যাওয়ার আগ্রহও কম তাদের। বেসরকারি খাতের চেয়ে সরকারি চাকরিতে তাদের আগ্রহ বেশি। তাছাড়া উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতকধারীদের বেশির ভাগেরই বিষয়ভিত্তিক বাস্তবিক জ্ঞান অনেক কম থাকে। এ অবস্থায় শিক্ষিত বেকারের সংখ্যা কমাতে হলে শ্রমবাজারে চাকরির প্রাতিষ্ঠানিক ক্ষেত্র বাড়াতে হবে।

নাগরিক প্লাটফর্ম ভয়েস ফর রিফর্ম আয়োজিত এক সংলাপের একটি অধিবেশনে বক্তারা এ পরামর্শ দেন। রাজধানীতে বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে গতকাল 'কর্মসংস্থান ও শিক্ষিত বেকার সংকট সমাধানে রাষ্ট্রের করণীয়' শীর্ষক এ সংলাপের আয়োজন করা হয়।

সংলাপে দেশে শিক্ষিত বেকারত্ব লাঘবে ১০টি প্রস্তাব তুলে ধরা হয়। এর মধ্যে অন্যতম শিক্ষিত বেকারত্বসংক্রান্ত সঠিক তথ্য-উপাত্ত প্রকাশ; আগামী পাঁচ বছরের জন্য খাতভিত্তিক শ্রমবাজারের ডিমান্ড ফোরকাস্ট করে সে অনুসারে উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে দিকনির্দেশনা প্রদান; জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সব কলেজে বাধ্যতামূলক ভোকেশনাল কোর্স চালু; সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কোর্স সম্পন্নের জন্য (সব বিষয়ে) বাধ্যতামূলক ইন্টার্নশিপ চালুর বিধান করা; বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতি বছর বিশ্ববিদ্যালয়ভিত্তিক চাকরি ও উচ্চ শিক্ষার হার প্রকাশ; প্রতিটি বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ছাড়াও অন্য বিদেশী ভাষা সেন্টার খোলা, ফ্রিল্যান্সিং বা গিগ কর্মসংস্থান উদ্যোগকে এমএসএমই ব্যবসায় হিসেবে স্বীকৃতি প্রদান ও এমএসএমই ব্যবসায়ীদের জন্য সহজ শর্ত ও কম সুদে ব্যাংক ঋণ প্রদান, শিক্ষা বা প্রশিক্ষণ শেষে বা চাকরি নিয়ে বিদেশ গমনেচ্ছু স্নাতকদের ব্যাংক ঋণ প্রদান এবং দেশে দক্ষতা ও কর্মসংস্থান নিয়ে সঠিক পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নের জন্য আলাদা এইচআরডি মন্ত্রণালয় গঠন।

সংলাপে বক্তারা বলেন, 'দেশে প্রতি বছর সব মিলিয়ে ২৪ লাখ তরুণ-তরুণী চাকরির বাজারে প্রবেশ করছেন। এর মধ্যে ৫ থেকে ১০ লাখ দেশের বাইরে যান, যাদের অধিকাংশই অদক্ষ। দেশে বাকিদের সবার চাকরি হয় না। সে জন্য বিদেশে প্রশিক্ষিত ও উচ্চশিক্ষিত গ্র্যাজুয়েট কর্মী পাঠানোর উদ্যোগ নেয়া দরকার। তাতে দেশের অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন ঘটবে।'

ভয়েস ফর রিফর্ম প্লাটফর্মের সহ-আহ্বায়ক ও বিডিজবসের প্রতিষ্ঠাতা ফাহিম মাশরুর বলেন, 'বেকারত্বের সমস্যা যেকোনো দেশের অন্যতম মৌলিক সমস্যা। যে ছাত্র আন্দোলনের মুখে দেশে সরকারের পরিবর্তন হয়েছিল, সেটিরও সূত্রপাত হয়েছিল কর্মসংস্থান ও বেকারত্ব ঘিরে। ফলে এ বিষয়ে গুরুত্ব দিয়ে কাজ করা প্রয়োজন। বিবিএসের সর্বশেষ হিসাব অনুসারে, দেশে বর্তমানে ৭ কোটি ৩৮ লাখ মানুষ শ্রমবাজারে রয়েছে। এর মধ্যে ২৬ লাখ মানুষ বেকার অবস্থায় আছে।'

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক গবেষণা পরিচালক রুশিদান ইসলাম রহমান বলেন, 'সবার জন্য চাকরির সুযোগ তৈরি করা সম্ভব নয়। আমাদের অধিকসংখ্যক উদ্যোক্তা তৈরির দিকেও নজর দিতে হবে। এজন্য অন্যতম সম্ভাবনাময় হতে পারে কৃষি খাত। আধুনিকায়ন, যথাযথ প্রশিক্ষণ ও উচ্চ মূল্যের কৃষিপণ্য উৎপাদনের সুযোগ থাকলে এ খাতে নতুন উদ্যোক্তারা আসবেন এবং কর্মসংস্থান সৃষ্টি হবে। এক্ষেত্রে গ্রামভিত্তিক সংগঠনগুলোকে সক্রিয় করা যেতে পারে।'

দিনব্যাপী এ সংলাপ আরো তিনটি অধিবেশনে চলে। দ্বিতীয় অধিবেশন দুপুর ১২টা থেকে বেলা ২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। এ অধিবেশনে 'ঢাকার ট্রাফিক জ্যাম: কোন সমাধান এখনই সম্ভব' শীর্ষক সংলাপ হয়।

দৈনিক ইত্তেফাক
সোমবার
৩ অগ্রহায়ণ ১৪৩১, ১৮ নভেম্বর ২০২৪

# যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানিতে ১০ বছর ধরে তৃতীয় অবস্থানে বাংলাদেশ

■ ইত্তেফাক রিপোর্ট

বিশ্বে পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় সর্বোচ্চ। আর যুক্তরাষ্ট্রের বাজারে এই অবস্থান তৃতীয়। এই অবস্থান গত ১০ বছর ধরে রেখেছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের ইন্টারন্যাশনাল ট্রেড অ্যাডমিনিস্ট্রেশনের অফিস অব টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেল (ওটেক্স) প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

যুক্তরাষ্ট্র বিশ্ব বাজার থেকে ২০২৩ সালে ৭ হাজার ৭৮৪ কোটি টাকার পোশাক আমদানি করেছে। এর মধ্যে বাংলাদেশ থেকে পোশাক পণ্য আমদানি করেছে ৭২৮ কোটি ৯৭ লাখ ডলারের, আগের বছর আমদানির পরিমাণ ছিল ৯২৭ কোটি ৮২ লাখ মার্কিন ডলার। বছরের ব্যবধানে পোশাক আমদানি কমলেও তৃতীয় অবস্থানেই রয়েছে বাংলাদেশ। শুধু বাংলাদেশই নয় ২০২৩ সালে আগের বছরের চেয়ে বিশ্বের প্রায় সব দেশ থেকেই পোশাক আমদানি কমিয়েছে যুক্তরাষ্ট্র। এদিকে, চায়না পোশাক রপ্তানির দিক দিয়ে যুক্তরাষ্ট্রের বাজারে প্রথম অবস্থানে রয়েছে। ২০২৩ সালে চায়না থেকে যুক্তরাষ্ট্র পোশাক আমদানি করেছে ১ হাজার ৬৩১ কোটি ৬৩ লাখ ডলারের, আগের বছর আমদানির পরিমাণ ছিল ২ হাজার ১৭৫ কোটি ডলার। ভিয়েতনাম পোশাক রপ্তানিতে দ্বিতীয় অবস্থানে রয়েছে। দেশটি ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানির পরিমাণ ছিল ১ হাজার ৪১৭ কোটি ৬৬ লাখ ডলার। আগের বছর একই সময়ে রপ্তানির পরিমাণ ছিল ১ হাজার ৮২৪ কোটি ২২ লাখ ডলার। এদিকে, ভারত পোশাক রপ্তানির দিক দিয়ে চতুর্থ অবস্থানে রয়েছে। ২০২৩ সালে ভারত থেকে যুক্তরাষ্ট্রে রপ্তানির পরিমাণ ছিল ৪৪৬ কোটি ৯৬ লাখ ডলার। আগের বছর রপ্তানির পরিমাণ ছিল ৫৬৮ কোটি ৭৯ লাখ ডলার।

এছাড়া, ২০২৩ সালের যুক্তরাষ্ট্রের বাজারে ইন্দোনেশিয়ার রপ্তানির পরিমাণ ছিল ৪১৮ কোটি ৯৬ লাখ ডলার, কম্বোডিয়ার রপ্তানির পরিমাণ ছিল ৩৩২ কোটি ডলার, মেক্সিকোর ২৮১ কোটি ১৯ লাখ ডলার, পাকিস্তান ২০১ কোটি ৬১ লাখ ডলার, সাউথ কোরিয়া পোশাক রপ্তানি করেছে ১৯ কোটি ৯৩ লাখ ডলার।

কালের কণ্ঠ সোমবার। ২৫ নভেম্বর ২০২৪

# সৌদিতে প্রশিক্ষিত নার্স পাঠাচ্ছে বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক ▷

আগামী বছরের শুরুর দিকে প্রশিক্ষিত নার্সদের প্রথম একটি ব্যাচ সৌদি আরবে পাঠানোর প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ। সৌদি আরবের চাহিদা অনুযায়ী প্রথম দফায় দেড় শ জনের মতো নার্স দেশটিতে পাঠানো হবে বলে জানিয়েছে বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন নিয়োগ সংস্থা।

গতকাল রবিবার সৌদি আরবের ইংরেজি দৈনিক আরব নিউজের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ২০২৫ সালের শুরুর দিকে প্রশিক্ষিত নার্সদের প্রথম ব্যাচ রিয়াদে পাঠানোর প্রস্তুতি নিচ্ছে ঢাকা।

বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, সৌদি আরবে বসবাসরত প্রায় ৩০ লাখ বাংলাদেশি প্রবাসী কর্মীর মধ্যে চিকিৎসক রয়েছেন মাত্র কয়েক ডজন। এর আগে ২০২২ সালে সৌদি আরবে বাংলাদেশি চিকিৎসক নিয়োগের বিষয়ে উভয় দেশের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। পরে গত বছরের নভেম্বরে বাংলাদেশি চিকিৎসাকর্মীদের একটি দল সৌদি আরবে যায়।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন নিয়োগ সংস্থা বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বিওইএসএল) বলেছে, সৌদি আরবে পাঠানোর জন্য ১০০ জনেরও বেশি নার্সের একটি ব্যাচ প্রস্তুত করছে বাংলাদেশি কর্তৃপক্ষ।

সংবাদ
ঢাকা : সোমবার ৩ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Monday 18 November 2024

# ১০ বছরে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি বেড়েছে ৫০ শতাংশ

অর্থনৈতিক বার্তা পরিবেশক

গত দশ বছরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাক রপ্তানি বেড়েছে প্রায় ৫০ দশমিক ৭৯ শতাংশ। সম্প্রতি যুক্তরাষ্ট্রের অফিস অব টেক্সটাইলস অ্যান্ড গার্মেন্টসের (ওটেক্সা) একটি প্রতিবেদনে এমন চিত্র দেখা গেছে। সে অনুযায়ী, যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি করে এমন দশটি দেশের মধ্যে বাংলাদেশ তৃতীয় অবস্থানে রয়েছে। আর দ্বিতীয় অবস্থানে রয়েছে ভিয়েতনাম ও প্রথম অবস্থানে রয়েছে চীন।

তবে ২০১৪ থেকে ২০২৩ সাল পর্যন্ত (১০ বছর) যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানির ওই পরিসংখ্যান বলছে, চীন প্রথম অবস্থানে থাকলেও এক দশকে তাদের পোশাক শিল্পের রপ্তানি কমেছে প্রায় অর্ধেক। আর সে জায়গায় ভিয়েতনাম ও বাংলাদেশ অবস্থান তৈরি করেছে।

ওটেক্সার তথ্য অনুযায়ী প্রতিবেদনে বলা হয়, ২০১৪ সাল থেকে শুরু করে ২০২৩ সাল পর্যন্ত গত দশ বছরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাক রপ্তানি বেড়েছে প্রায় ৫০ দশমিক ৭৯ শতাংশ। ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে যেখানে বাংলাদেশের পোশাক রপ্তানি ছিল ৪ দশমিক ৮৩ বিলিয়ন ডলার, সেখানে ২০২ সালে এই রপ্তানি উন্নীত হয় ৯ দশমিক ৭৩ বিলিয়ন ডলারে।

অবশ্য ২০২৩ সালে আকস্মিকভাবে এই ধারাবাহিকতার পতন ঘটে। ওই বছর যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাক রপ্তানি প্রায় এক চতুর্থাংশ হ্রাস পেয়ে রপ্তানি দাঁড়ায় ৭ দশমিক ২৯ বিলিয়ন ডলারে। যদিও এ সময় সামগ্রিকভাবেই কমে গিয়েছিল যুক্তরাষ্ট্রের পোশাক পণ্যের চাহিদা। ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের পোশাক আমদানি হ্রাস পেয়েছিল ২২ দশমিক ০৪ শতাংশ, যার প্রভাবটাই মূলত পড়েছিল বাংলাদেশের পোশাক রপ্তানির ওপর।

প্রথম অবস্থানে থাকা চীনের ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি ছিল ২৯ দশমিক ৭৯ বিলিয়ন ডলার। সেখানে ২০২৩ সালে এই রপ্তানি হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১৬ দশমিক ৩২ বিলিয়ন ডলারে। অর্থাৎ এক দশকের মধ্যে রপ্তানি হ্রাস পেয়েছে প্রায় ৪৫ দশমিক ২৪ বিলিয়ন ডলার।

আর দ্বিতীয় অবস্থানে থাকা ভিয়েতনামের ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি ছিল ৯ দশমিক ২৭ বিলিয়ন ডলার। সেখানে ২০২৩ সালে এই রপ্তানি বেড়ে দাঁড়িয়েছে ১৪ দশমিক ১৮ বিলিয়ন ডলারে। অর্থাৎ গত এক দশকে যুক্তরাষ্ট্রে ভিয়েতনামের রপ্তানি বেড়েছে ৫২ দশমিক ৯৬ শতাংশ। একইসঙ্গে ভারত, পাকিস্তান ও কম্বোডিয়ার মতো দেশগুলোরও রপ্তানিও বেড়েছে।



২০১৪ সাল থেকে শুরু করে ২০২৩ সাল পর্যন্ত গত দশ বছরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাক রপ্তানি বেড়েছে প্রায় ৫০ দশমিক ৭৯ শতাংশ। ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে যেখানে বাংলাদেশের পোশাক রপ্তানি ছিল ৪ দশমিক ৮৩ বিলিয়ন ডলার, সেখানে ২০২২ সালে এই রপ্তানি উন্নীত হয় ৯ দশমিক ৭৩ বিলিয়ন ডলারে।

প্রতিবেদনে অনুযায়ি, ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে ভারতের পোশাক রপ্তানি ছিল ৩ দশমিক ৪০ বিলিয়ন ডলার। ২০২৩ সালে এই রপ্তানি বেড়ে দাঁড়িয়েছে ৪ দশমিক ৬৯ বিলিয়ন ডলারে। আর ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে পাকিস্তানের পোশাক রপ্তানি ছিল ১ দশমিক ৪৬ বিলিয়ন ডলার। যা ২০২৩ সালে বেড়ে দাঁড়িয়েছে ২ দশমিক ০২ বিলিয়ন ডলারে। অপরদিকে যুক্তরাষ্ট্রে দক্ষিণ পূর্ব এশিয়ার দেশ কম্বোডিয়ার পোশাক রপ্তানি গত এক দশকে বেড়েছে ৩৩ দশমিক ৯৭ শতাংশ। ২০১৪ সালে যেখানে দেশটির রপ্তানি ছিল ২ দশমিক ৪৮ বিলিয়ন ডলার, সেখানে ২০২৩ সালে এই রপ্তানি উন্নীত হয় ৩ দশমিক ৩২ বিলিয়ন ডলারে।

বিপরীতে গত এক দশকে যুক্তরাষ্ট্রে চীনের পাশাপাশি হ্রাস পেয়েছে দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, হন্ডুরাস এবং ইন্দোনেশিয়ার পোশাক রপ্তানিও। এর মধ্যে দক্ষিণ কোরিয়ার রপ্তানি ১৩ দশমিক ৩১ শতাংশ, মেক্সিকোর ২৪ দশমিক ৬৬ শতাংশ, হন্ডুরাসের ৬ দশমিক ০৮ শতাংশ এবং ইন্দোনেশিয়ার রপ্তানি হ্রাস পেয়েছে ১৭ দশমিক ৯৯ শতাংশ।

প্রসঙ্গত, গত এক দশকে বাংলাদেশ আন্তর্জাতিক পোশাক রপ্তানির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে বাংলাদেশ। বিশেষত যুক্তরাষ্ট্রের বাজারে। এ সময়ে বাংলাদেশ তার সাশ্রয়ী উৎপাদন ক্ষমতা, উচ্চ মানসম্পন্ন পোশাক এবং দক্ষ শ্রমশক্তির মাধ্যমে ভারতের মতো দেশকেও পেছনে ফেলে দিয়েছে। তবে সংশ্লিষ্টরা বলছেন, এই সাফল্য ধরে রাখতে হলে পরিবেশবান্ধব উৎপাদন, শ্রমিক কল্যাণ, এবং নতুন বাজার প্রসারে মনোযোগ দিতে হবে।

বণিকবার্তা শনিবার, নভেম্বর ৩০, ২০২৪ ■ অগ্রহায়ণ ১৫, ১৪৩১

## মিরসরাই বিসিক শিল্পনগরী

# পাঁচ বছরে উৎপাদনে গেছে ৮ শিল্পপ্রতিষ্ঠান

রাজু কুমার দে ■ মিরসরাই

চট্টগ্রামের মিরসরাই বিসিক শিল্পনগরীতে ২০২০ সালে পরীক্ষামূলক উৎপাদনে যায় তিনটি শিল্পপ্রতিষ্ঠান। এরপর ২০২২ সালে বাণিজ্যিকভাবে উৎপাদনে যায় এয়াকুব অটো রাইস মিল নামের একটি কারখানা। সর্বশেষ গত ২৪ অক্টোবর এবি কমোডিটি নামের একটি শিল্পপ্রতিষ্ঠান পরীক্ষামূলক উৎপাদন শুরু করেছে। সব মিলিয়ে গত পাঁচ বছরে উৎপাদনে গেছে মোট আটটি শিল্পপ্রতিষ্ঠান। এতে কর্মসংস্থান হয়েছে মাত্র ৫৫ জনের। দেশের ৭৫তম বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ পাওয়া সবক'টি শিল্পপ্রতিষ্ঠান উৎপাদনে গেলে প্রায় পাঁচ হাজার মানুষের কর্মসংস্থান হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। তবে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ না থাকায় উৎপাদনে যেতে পারছে না অনেকগুলো শিল্পপ্রতিষ্ঠান। এ বিষয়ে ২১ নভেম্বর চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতিকে চিঠি দিয়েছে বিসিক কর্তৃপক্ষ।

বিসিক সূত্রে জানা গেছে, ১৫ দশমিক ৩২ একর জমির ওপর নির্মিত মিরসরাই বিসিক শিল্পনগরী নির্মাণে ব্যয় হয়েছে ২৯ কোটি ২৫ লাখ টাকা। ২০১৭ সালে প্রকল্পের কাজ শেষ হয়। এর দুই বছর পর অর্থাৎ ২০১৯ সালে বরাদ্দের জন্য ৮৮টি প্লটের বিপরীতে ১১৪টি আবেদনপত্র জমা পড়ে। যাচাই-বাছাই শেষে ৮৮ শিল্পোদ্যোক্তাকে প্লট বরাদ্দ দেয় বিসিক চট্টগ্রাম জেলা প্লট বরাদ্দ কমিটি। কিন্তু ১৪ শিল্পোদ্যোক্তা সময়মতো অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায় প্লটগুলো শূন্য ঘোষণা করা হয়। পরে ১৪টি প্লটের বিপরীতে ৫৬টি আবেদন জমা পড়ে। যাচাই-বাছাই শেষে অবশিষ্ট ১৪টি প্লট বরাদ্দ দেয়া হয়। ৮৮টি প্লট ৮০ জন শিল্পোদ্যোক্তাকে বরাদ্দ দেয়া হয়। পাঁচ বছরের মধ্যে নয়টি কিস্তিতে প্লটের টাকা পরিশোধ করতে পারবেন শিল্পোদ্যোক্তারা। এতে প্রতি বর্গফুট জমির মূল্য নির্ধারণ করা হয়েছে ৮০০ টাকা।



চট্টগ্রামের মিরসরাই বিসিক শিল্পনগরী ছবি: নিজস্ব আলোকচিত্রী




বিসিক আরো জানিয়েছে, মিরসরাই বিসিক শিল্পনগরীতে এ টাইপ প্লট ২৭টি, বি টাইপ প্লট ৩৩টি ও সি টাইপ প্লট ২৭টি। প্লট বরাদ্দ কমিটি প্রকৌশল খাতে ১৯টি, তৈরি পোশাক খাতে ১৬, খাদ্য ও খাদ্যজাত খাতে ১৯, কেমিক্যাল অ্যান্ড অ্যালাইড খাতে ১০, বন ও বনজাত খাতে তিন, প্যাকেজিং খাতে আট, সিরামিকস ও নন-মেটালিক খাতে তিন, রাবার-লেদার অ্যান্ড অ্যালাইড খাতে চারটি প্লট বরাদ্দ দিয়েছে।

এদিকে গত পাঁচ বছরে মোট আটটি শিল্পপ্রতিষ্ঠান উৎপাদনে গেছে বলে জানিয়েছেন বিসিক চট্টগ্রামের প্রমোশন কর্মকর্তা মো. তানজিলুর রহমান। তবে গ্যাস ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ না পাওয়ায় আরো অনেক প্রতিষ্ঠান উৎপাদনে যেতে পারছেন না বলে দাবি তার।

বিসিকের এ কর্মকর্তা বলেন, 'মিরসরাইয়ে বর্তমানে দৈনিক চারবার লোডশেডিং হয়। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ না পেলে ছোট কারখানা চালানো খুবই কষ্টকর। তাই নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থার জন্য ২১ নভেম্বর মিরসরাই পল্লী বিদ্যুৎ সমিতিকে চিঠি দিয়েছি।' এছাড়া ব্যাংকগুলো সময়মতো টাকা দিতে না পারায় অনেক শিল্পপ্রতিষ্ঠান উৎপাদনে যেতে পারছে না বলেও জানান তিনি।

উৎপাদনে যাওয়া আটটি প্রতিষ্ঠান হলো এয়াকুব অটো রাইস মিল, খাজা ভাণ্ডার, খান অ্যাকসেসরিজ, নাছির কেমিক্যাল, আলিফ ফুড, মেঘনা ডাল মিল, ইনোভা টেক্সটাইল ও এবি কমোডিটিজ। বর্তমানে এসব প্রতিষ্ঠানে ৫৫ জন কর্মরত রয়েছেন। তবে ইনোভা টেক্সটাইল পুরোপুরি চালু হলে আরো কয়েকশ মানুষের কর্মসংস্থান হবে। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ২৫ জন কর্মরত রয়েছেন।

বিসিক জেলা কার্যালয়, চট্টগ্রামের উপ-মহাব্যবস্থাপক নিজাম উদ্দিন বলেন, 'মিরসরাই বিসিক শিল্পনগরীর অবস্থান ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে হওয়ায় যোগাযোগ ব্যবস্থা উন্নত, ফলে এখানে প্লটের চাহিদাও বেশি। তাই ২০২০ সালে এ শিল্পনগরীর আয়তন বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়। কিন্তু সবগুলো শিল্পপ্রতিষ্ঠান চালু না হওয়ায় নতুন করে আয়তন বৃদ্ধি করা যাচ্ছে না। বর্তমানে এ শিল্পনগরীতে আটটি প্রতিষ্ঠান উৎপাদনে রয়েছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও গ্যাস সুবিধা পেলে আরো বেশ কয়েকটি প্রতিষ্ঠান উৎপাদনে যাওয়ার অপেক্ষায় রয়েছে।'

চট্টগ্রামের মিরসরাইয়ে ২০০৯ সালে একটি বিসিক শিল্পনগরী স্থাপনের উদ্যোগ নেয় সরকার। পরের বছর স্থানীয় একটি অনুষ্ঠানে গিয়ে এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা দেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কিন্তু মাটি ভরাটসহ নানা জটিলতায় আটকে যায় বিসিক শিল্পনগরী স্থাপনের কাজ। এরই মধ্যে একাধিকবার প্রকল্পের ব্যয় বৃদ্ধির পাশাপাশি বাড়ানো হয় সময়সীমাও। ২০১৫ সালের ১২ মে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে দ্বিতীয় সংশোধিত প্রকল্প আকারে ২৯ কোটি ২৫ লাখ টাকার মিরসরাই বিসিক প্রকল্প অনুমোদন হয়। তবে ব্যয় ও সময়সীমা বাড়িয়েও নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ শেষ করতে পারেনি কর্তৃপক্ষ।

কালের কণ্ঠ
রবিবার । ২৪ নভেম্বর ২০২৪

# পাওনা দেয়নি অস্ট্রেলিয়ান কম্পানি ভুক্তভোগী ২৩ পোশাক কারখানা

বাণিজ্য ডেস্ক ▷

চাকরি হারানোর শঙ্কায় ভুগছেন পোশাককর্মী ইয়াসমিন লাবনী। মাস শেষে বেতন না পেলে দুই শিশুসন্তানকে খাওয়াতে পারবেন না—এই ভয়ে দিন-রাত পার করছেন। আরেক কর্মী মো. আলম মিয়ার আশঙ্কা, বেতন না পেলে চিকিৎসা খরচ মেটানো সম্ভব হবে না। কাপড় কেনার মতো অর্থও থাকবে না। অর্থাভাবে প্রয়োজন মেটাতে না পারার এই শঙ্কা শুধু লাবনী বা আলম মিয়ার নয়, ফ্যাক্টরিতে কর্মরত তিন হাজার কর্মী একই শঙ্কায় ভুগছেন।

এটুকু পড়ে মনে হতে পারে, বেতন না দিয়ে মালিকপক্ষই অমানবিক আচরণ করছে। কিন্তু বিষয়টি আদতে তা নয়। পদ্মা শাতিল আরব ফ্যাশনস ফ্যাক্টরি লিমিটেডের পাওনা বাকি ২৫ লাখ ডলার বা ২৯ কোটি ৯০ লাখ টাকা। তারা এই অর্থ পাবে অস্ট্রেলিয়ার মোজেইক ব্র্যান্ডসের কাছে। এত দিন পর্যন্ত মোজেইক ব্র্যান্ডসের অধীন ছিল ৯টি ফ্যাশন ব্র্যান্ড। গত সেপ্টেম্বরে পাঁচটি ব্র্যান্ড বন্ধ করার ঘোষণা দেয় তারা। পুনর্গঠন কার্যক্রমের কথা বলে রকম্যানস, অটোগ্রাফ, ক্রসরোডস, ডাবলিউডটলেন ও বিমি ব্র্যান্ড বন্ধ করে দেওয়া হয়। এগুলোর পরিবর্তে মিলার্স, নোনি বি, রিভার্সস ও ক্যাটিস ব্র্যান্ডে বিনিয়োগ বাড়ানোর সিদ্ধান্ত নেয় মোজেইক।



- পদ্মা শাতিল আরব ফ্যাশনস ফ্যাক্টরি লিমিটেডের পাওনা ২৫ লাখ ডলার
- তারা এই অর্থ পাবে অস্ট্রেলিয়ার মোজেইক ব্র্যান্ডসের কাছে

এ বিষয়ে কম্পানিটির প্রধান নির্বাহী কর্মকর্তা এরিকা বার্চটোল্ড বলেন, 'মূল ব্র্যান্ডগুলো নিয়েই আমরা পরিকল্পনা সাজাতে চাই। এই ব্র্যান্ডগুলো ঘিরে শহুরে ও আঞ্চলিক জনগোষ্ঠীর ক্রেতাদের আগ্রহ বাড়াতে মনোযোগী হয়েছি।' মোজেইক ব্র্যান্ডসের এই সিদ্ধান্তের কারণে বাংলাদেশের ২৩টি পোশাক কারখানা বিপদে পড়েছে। সব ফ্যাক্টরি মিলিয়ে মোজেইক ব্র্যান্ডসের দেনার পরিমাণ ৩০ মিলিয়ন ডলার বা তিন কোটি ডলার। অস্ট্রেলিয়ান ব্র্যান্ডটির দাবি, তারা দেউলিয়া হওয়ার পথে রয়েছে।

এ বিষয়ে পদ্মা শাতিল আরব ফ্যাশনস ফ্যাক্টরির পরিচালক জাবেদ আহমেদ বলেন, 'গত জুন থেকেই দেনা পরিশোধের অনুরোধ জানিয়ে আসছি। তারা বলেছে, পোশাকের বিক্রি কমে গেছে। যদিও পোশাকের সরবরাহ ঠিক রাখতে বলে তারা। দ্রুতই বাকি রাখা অর্থ পরিশোধ করবে বলেও জানায় মোজেইক ব্র্যান্ডস। গাজীপুরের সাততলা কারখানাটিতে এখনো রকম্যানস, রিভার্সস ও মিলার্সের কার্টন স্তূপ হয়ে আছে।

বাংলাদেশের বাইরে চীন ও ভারতের অনেক পোশাক কারখানাও মোজেইক ব্র্যান্ডসের কাছে অর্থ পায়। মোট দেনার পরিমাণ আসলে কত তা জানতে পূর্ণাঙ্গ অডিট (হিসাব নিরীক্ষা) সম্পন্ন করার দাবি জানিয়েছে মোজেইক ব্র্যান্ডসের কাছে পোশাক সরবরাহ করা কম্পানিগুলো।

আগামী কয়েক সপ্তাহের মধ্যে পোশাক সরবরাহকারী কম্পানিগুলোর সঙ্গে মোজেইকের বৈঠক করার কথা। সেখানে সম্পদ বিক্রি এবং ব্যবসা পুনর্গঠনের মাধ্যমে অর্থ পরিশোধের ব্যাপারে পরিকল্পনা উপস্থাপন করবে তারা। তবে বিদেশি পাওনাদারদের অর্থ পরিশোধের প্রক্রিয়া কী হবে তা নিয়ে ধোঁয়াশা এখনো কাটেনি। পোশাক সরবরাহকারী কম্পানিগুলোর দাবি, আক্রমণাত্মক ব্যবসায়িক কৌশলই মোজেইকের ভরাডুবির কারণ। তৈরি পোশাক কারখানা হাইড্রোঅক্সাইড নিটওয়্যারের মালিক ওমর চৌধুরী বলেন, মোজেইকের চাহিদা অনুযায়ী অতিরিক্ত কর্মী নিয়োগ দেন তিনি। ১২০ দিন পেরিয়ে গেলেও অর্থ অপরিশোধ করেনি অস্ট্রেলিয়ান কম্পানিটি। এ ধরনের কর্মকাণ্ড প্রতারণার মধ্যে পড়ে বলে মন্তব্য করেন ওমর চৌধুরী।

সুলতানা সোয়েটার্সের ম্যানেজার সারওয়ার হোসেইন বলেন, 'ফ্যাক্টরি চালাতে গেলে মালিকপক্ষকে শুধু বেতন নয়, কাঁচামাল, বিদ্যুৎ, পরিবহন ইত্যাদি নিয়েও ভাবতে হয়। অর্থাভাবে থাকা কারখানাগুলোকে ব্যাংকও আর ঋণ দিতে চাচ্ছে না। মোজাইকের কাছে সুলতানা সোয়েটার্সের পাওনা রয়েছে ১০ লাখ ডলার। কারখানা এই অর্থ না পাওয়ায় তার বেতনও আটকে গেছে।

বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারারস অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন জানিয়েছে, করোনা মহামারি ও রাজনৈতিক অস্থিরতার কারণে দেশের পোশাক খাত অনেক আগে থেকেই ভুগছে। তার ওপর পাওনা অর্থ না দিয়ে মোজেইক খুব বাজে উদাহরণ সৃষ্টি করেছে। তাদের এই কর্মকাণ্ডের ব্যাপারে অস্ট্রেলিয়ার দূতাবাসে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। কিন্তু তাদের বক্তব্য হলো, আইনি সহায়তা নিয়ে এই সমস্যার সমাধান খুঁজতে হবে। অ্যাসোসিয়েশনের সাবেক পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, এমন দায়সারা জবাব দিয়ে অস্ট্রেলিয়া আসলে নিজেদের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে।

কালের কণ্ঠ
বৃহস্পতিবার । ১৪ নভেম্বর ২০২৪ ।

রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস ইউনিটের সভা

# অতীতে শ্রমবাজারগুলো ধুঁকে ধুঁকে নিঃশেষ করা হয়েছে

নিজস্ব প্রতিবেদক ▷

'বিদেশি শ্রমবাজারগুলো দেশের অর্থনীতির সবচেয়ে বড় অংশ। অতীতে শ্রমবাজারগুলো ধুঁকে ধুঁকে নিঃশেষ করা হয়েছে। দয়া করে এই পথে আপনারা আর আগাবেন না। ভবিষ্যৎ রাজনৈতিক দলগুলোর কাছে আহ্বান থাকবে, আর কোনো সিন্ডিকেট হবে না; এটা আপনাদের নিশ্চিত করতে হবে।' গতকাল বুধবার রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস ইউনিটের (রামরু) আয়োজিত 'মালয়েশিয়ার শ্রমবাজারে সিন্ডিকেট : ক্ষতি মূল্যায়ন জবাবদিহিতা নিশ্চিতকরণ' শীর্ষক এক আলোচনাসভায় সভাপতির বক্তব্যে এসব কথা বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ও রামরুর নির্বাহী পরিচালক সি আর আবরার।

তিনি বলেন, 'মালয়েশিয়া ইস্যুতে আর্থিক ক্ষতির চেয়েও সামাজিক ক্ষতি সবচেয়ে বেশি হয়েছে। এই সামাজিক ক্ষতিতে বহু মানুষ নিঃস্ব হয়ে গেছে। যারা মধ্যবিত্ত তারা হঠাৎ করে নিচে নেমে গেছে। দশকব্যাপী মালয়েশিয়ার শ্রমবাজারে সিন্ডিকেটের প্রভাব বিরাজমান। এখানে ব্যক্তি পরিবর্তিত হলেও মূল হোতারা একই রয়ে গেছে। এই সিন্ডিকেট রোধে বাংলাদেশ ও মালয়েশিয়া সরকারকে একসঙ্গে কাজ করতে হবে। এর পাশাপাশি কর্মী নিয়োগে সিন্ডিকেটের ফলে শ্রমিকরা যে ক্ষতির মুখোমুখি হয়েছেন তার পাঁচ গুণ ক্ষতিপূরণ দিতে হবে।'

বায়রার প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, 'শ্রমবাজারে অতীতে অন্যায় কেন হয়েছে সেটি বুঝে সেই অন্যায় দূর করতে হবে।'

অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানিয়ে সি আর আবরার বলেন, 'যেহেতু আমাদের ভুক্তভোগীর সংখ্যা বেশি, তাই আমাদের সরকারের উচিত মূল দায়িত্ব পালন করা। যেকোনো দ্বিপক্ষীয় সরকারি চুক্তি সম্পাদনে অধিকতর স্বচ্ছতার প্রয়োজন। গণতান্ত্রিক ব্যবস্থায় দুই দেশের মধ্যে চুক্তির ব্যবস্থা করতে হবে। গোপনভাবে সব কিছু করলে জাতি আর মেনে নেবে না।'

আলোচনাসভায় রামরুর পক্ষ থেকে আটজন ভুক্তভোগীর চিত্র তুলে ধরে বলা হয় প্রত্যেক ভুক্তভোগী চার লাখ ৫০ হাজার টাকা থেকে শুরু করে ছয় লাখ টাকা পর্যন্ত অর্থ ব্যয় করে মালয়েশিয়া গেছেন। কিন্তু তাঁরা কেউই মালয়েশিয়ায় গিয়ে কাজ পাননি। উল্টো নির্যাতনের শিকার হয়েছেন। এর ফলে দুই থেকে তিন মাসের মধ্যেই তাঁদের আবার দেশে ফিরে আসতে হয়েছে।

সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিসের (বায়রা) সাবেক যুগ্ম মহাসচিব মো. ফখরুল ইসলাম বলেন, 'মালয়েশিয়ার সঙ্গে আগের করা সমঝোতা স্মারক বাতিল করে নতুন সমঝোতা করতে হবে। অভিবাসন ব্যয় কমানো দরকার। আমি মনে করি, দেড় লাখ টাকার মধ্যে অভিবাসন ব্যয় নিয়ে আসা সম্ভব।'

NEW AGE
WEDNESDAY, NOVEMBER 20, 2024,

# RMG exports to EU rise in Sept

**Moinul Haque**

BANGLADESH'S apparel exports to the European Union in September rose by 6.9 per cent year-on-year to 1.53 billion euros, up from 1.43 billion euros in the same period of 2023, driven largely by knitwear, while woven garments posted slightly slower growth.

However, Bangladesh's apparel exports to the EU declined by 2.47 per cent to 13.43 billion euros in January-September of 2024, down from 13.77 billion euros in the same period of 2023, due to significant drops in January, February and May, according to data from Eurostat, the statistical office of the EU.

The overall apparel imports by the EU from different countries in the first nine months of 2024 decreased by 2.28 per cent to 62.86 billion euros from 64.46 billion euros in the same period of the previous year.

The data revealed that, during the period, the EU's apparel imports from nearly all major supplier countries experienced negative growth, with the exception of that from Pakistan.

While global demand has been improving in recent months, Bangladesh is struggling to fully capitalise on the opportunity due to eroding competitive advantages, primarily caused by high utility prices, inadequate gas supply and the recent wage hike,' said former Bangladesh Knitwear Manufacturers and Exporters Association president Fazlul Hoque.

He said that these factors had driven up production costs, contributing to the negative growth.

Fazlul, also managing director of Plummy Fashions Limited, said that while work orders had been arriving in Bangladesh in recent months, the price of apparel remained one of the major challenges for buyers.

He also said that the latest wave of labour unrest has dealt a blow to the industry, as buyers were hesitant to place orders in the industrial zones of Ashulia and Gazipur due to concerns over stability.

Although, Bangladesh's overall readymade garment exports to the EU dropped in the first nine month of 2024, woven garment exports increased by 1.50 per cent to 5.49 billion euros in the period.

The export earnings from knitwear in January-September of 2024 dropped by 5.04 per cent to 7.93 billion euros, the data showed.

The Eurostat data indicated that, in September 2024, total apparel imports from Bangladesh to the EU rose by 6.9 per cent year-on-year, reflecting a strong recovery and robust demand.

Woven garment imports by the EU from Bangladesh in September of 2024 rose by 6.5 per cent year-on-year to 562.58 million euros while, while knitwear imports experienced a 7.13 per cent rise to 965.46 million euros in the period.

According to the data, the monthly RMG export trend of Bangladesh to the EU in 2024 showed fluctuations, with notable declines in the first three months of this year.

The EU's apparel imports from Bangladesh in January registered a sharp decline of 34.03 per cent to 1.19 billion euros from 1.80 billion euros in the same month of 2023.

February followed with an 18.33 per cent drop, from 1.59 billion euros to 1.29 billion euros, while March continued the downward trend with an 8.12 per cent




যুগান্তর
শনিবার ২৩ নভেম্বর ২০২৪
৮ অগ্রহায়ণ ১৪৩১

## লেবানন থেকে দেশে ফিরলেন আরও ৮২ জন

**যুগান্তর প্রতিবেদন**

যুদ্ধবিধ্বস্ত লেবানন থেকে স্বেচ্ছায় দেশে ফিরেছেন আরও ৮২ বাংলাদেশি। বৃহস্পতিবার রাতে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে দেশে ফেরেন তারা। তাদের মধ্যে ৭৬ জন সম্পূর্ণ সরকারি ব্যয়ে এবং ছয়জন আন্তর্জাতিক অভিবাসন সংস্থার অর্থায়নে দেশে ফেরেন। পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, বৈরুত, লেবানন এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থার সহযোগিতায় তাদের দেশে ফেরত আনা হয়েছে।

শুক্রবার সংবাদ বিজ্ঞপ্তিতে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ৮২ বাংলাদেশির মধ্যে ৭৬ জন বৈরুতে বাংলাদেশ দূতাবাসে রেজিস্ট্রেশন করেন। বাকি ছয়জন রেজিস্ট্রেশন করেছেন আন্তর্জাতিক অভিবাসন সংস্থায়। এ পর্যন্ত ১১টি ফ্লাইটে ৬৯৭ বাংলাদেশিকে লেবানন থেকে দেশে প্রত্যাবাসন করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এ পর্যন্ত এক বাংলাদেশি বোমা হামলায় নিহত হওয়ার খবর পাওয়া গেছে।

Financial Express Saturday | November 9, 2024

# Impact of youth migration to cities in Bangladesh

**Addressing the effects of youth migration requires targeted government interventions and policies that balance rural and urban development, writes Matiur Rahman**

MIGRATION is a defining feature of modern economies, particularly in developing nations like Bangladesh, where young people are increasingly moving from rural areas to urban centres. This trend, driven by various social, economic, and environmental factors, profoundly reshapes rural economies and family structures. While migration opens up new opportunities for individuals, it often imposes complex challenges on families and communities left behind.

In recent years, Bangladesh has experienced a significant increase in youth migration from rural to urban areas, a trend fueled by several factors. Foremost among them is the aspiration for better economic prospects, with cities offering employment opportunities, educational advancement, and improved access to healthcare and other amenities often scarce in rural regions. Young people see cities as spaces where they can escape the limitations of rural life and achieve upward mobility.

Globalisation, technological advancements, and government policies focused on urbanisation have contributed to the allure of urban centers. Young individuals, particularly those with some level of education, are drawn to urban areas where the labour market is more dynamic, with opportunities spanning sectors like manufacturing, services, and information technology. However, the outflow of youth from rural areas is not without consequences. As more young people migrate to cities, rural communities face challenges beyond mere economic impacts, touching on social cohesion, family dynamics, and cultural traditions.

Youth migration exerts a considerable impact on rural economies. As young workers migrate, agricultural productivity can decline due to labor shortages, forcing families to adapt to a reduced workforce or mechanize specific agrarian processes. This shift can result in lower yields, affecting local food security and the economic stability of rural communities.

Moreover, when young people leave, the local demand for goods and services can shrink, impacting small businesses and local markets relying on a steady customer flow. Shops, transportation services, and other local enterprises that depend on young people's spending may suffer, leading to a cycle of economic contraction. Over time, this demand reduction can discourage investment and innovation in rural communities, pushing even more residents toward migration.

At the same time, remittances from migrated family members serve as crucial economic support for many rural families. Money sent back home by young workers helps to sustain households, finance children's education, and fund healthcare expenses. These remittances have sometimes enabled families to improve living conditions, invest in better housing, or start small businesses. Nevertheless, the dependence on remittances can also create a new economic vulnerability. Families relying on external income become susceptible to financial shocks if the migrant workers face job instability or economic downturns in urban centers.

The departure of young people for cities reshapes family structures and community dynamics in rural areas. Traditionally, extended family structures in Bangladesh have relied on younger family members to support older generations and participate in household responsibilities. With young adults migrating to cities, older family members, including elderly parents, often take on additional burdens and face increased isolation. Grandparents and older siblings frequently assume caregiving roles for younger children, adding stress to a demanding situation.

Migration can also lead to an emotional disconnect among family members, as prolonged physical separation diminishes family cohesion and disrupts traditional support networks. In many cases, communication between urban migrants and their families is limited by economic constraints and the demands of urban life, which may limit the time and resources available to maintain close family ties. Over time, this distance can erode traditional values and customs typically passed down through generations within family settings.

Additionally, migration often delays or disrupts marriages and family formations. For many young people, moving to cities for work or education takes priority over settling down and starting a family. This delay in marriage can alter demographic trends within rural areas, with lower birth rates and an aging rural population becoming more common. The scarcity of marriageable individuals within rural areas also impacts community continuity and the future of rural populations.

Families in rural areas face unique challenges in the wake of youth migration. Elderly family members may suffer from loneliness and reduced social support, leading to mental health concerns such as anxiety and depression. Additionally, children growing up without one or both parents present may experience emotional distress, educational disruptions, and limited guidance.

For women, mainly wives of migrants, managing households alone can be overwhelming. Women often take on the traditional caregiving roles and the additional responsibilities associated with managing finances and agricultural activities. While some women experience empowerment through these new roles, many struggle with the physical and emotional toll of handling all family responsibilities independently.

Children of migrant workers also face significant challenges. Although remittances can improve their quality of life, a parent's absence may lead to behavioral issues, academic challenges, and a weakened sense of family unity. In some cases, children left behind may drop out of school early to assist with household chores or contribute financially, perpetuating a cycle of limited educational attainment and future migration.

Youth migration also influences the cultural fabric of rural communities. As young people adapt to urban lifestyles, they are exposed to different social norms, values, and attitudes. The tension between modern and traditional values may lead to generational conflicts, as younger family members push for change while older members strive

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

to preserve cultural continuity. This dynamic can erode rural communities' collective identity, creating divisions and weakening social bonds. Additionally, as more young people migrate, rural communities face a decline in local leadership and innovation. Young people are often instrumental in initiating community projects, volunteering for local causes, and participating in social activities.

Addressing the effects of youth migration requires targeted government interventions and policies that balance rural and urban development. Policymakers in Bangladesh face the challenge of creating inclusive economic opportunities in rural areas to reduce the pressure on urban centers and alleviate the hardships faced by families left behind. Investing in rural infrastructure, education, and healthcare can improve living standards in rural communities and make them more attractive to young people.

Moreover, government programmes promoting sustainable agriculture, entrepreneurship, and rural industries can help create local employment opportunities, reducing migration incentives. By supporting small-scale businesses and facilitating access to credit, the government can encourage economic diversification and resilience in rural areas. Additionally, social protection programmes for elderly individuals and children in migrant households can help address some of the challenges associated with family separation and provide essential support to vulnerable populations.

Youth migration from rural to urban areas will likely persist in Bangladesh as cities grow and economic opportunities concentrate in urban centers. However, this migration's social, financial, and environmental consequences require thoughtful consideration and strategic action to ensure that rural communities do not suffer. Balancing urban and rural development is essential for the country's overall well-being, as both areas play interconnected roles in Bangladesh's economy and cultural identity.

For rural Bangladesh to thrive, it is crucial to recognise the contributions and sacrifices of migrant families and create policies that address their unique needs. Empowering rural communities, strengthening family structures, and fostering sustainable local economies can mitigate some of the adverse effects of migration and create a brighter future for all citizens. As Bangladesh navigates its development path, addressing the impacts of youth migration will be central to building a more inclusive and resilient society.

*Dr. Matiur Rahman is a researcher and development worker.*
*matiurrahman588@gmail.com*

THE BUSINESS STANDARD WEDNESDAY 13.11.2024

# Are migrant workers receiving 'VIP treatment' at the airport?

Migrant worker Jubayer was surprised when police and Ansar personnel at the Hazrat Shahjalal International Airport (HSIA) addressed him as 'sir' after he returned home from Saudi Arabia on 23 October.

"This is the first time I was treated as such at the airport," Jubayer said.

Migrant workers, the backbone of Bangladesh's economy, have long suffered at the airport in Dhaka as officials there are not known for respecting or assisting the workers. And they have long demanded better treatment.

Things finally changed with Sheikh Hasina's ouster, where expats played a crucial role by sending money through unofficial channels only, and depriving the regime of the necessary dollars for the forex reserve. After the interim government took power, it promised migrant workers the respect they deserve.

Asif Nazrul, adviser to the Ministry of Expatriates' Welfare and Overseas Employment said in September that returnee migrant workers would receive "VIP treatment" at the airport, stating that "service quality... has already improved."

Detailing the nature of the VIP treatment, the adviser mentioned that workers will get assistance with luggage, check-in and immigration processes while a zero-tolerance policy will be maintained against harassment or humiliation of expatriates at airports.

And on 11 November, Chief Adviser Muhammad Yunus inaugurated a special lounge for the country's migrant workers at HSIA. The lounge offers Bangladeshi migrant workers space to rest and subsidised food.

"Our migrant workers are nation builders. In the July-August mass uprising, they played a big role. We will always be grateful to them," Professor Yunus said at the inauguration.

The Business Standard visited the airport and interviewed around two dozen returnee migrants from the Middle East to understand what changes had been enacted at the HSIA.

The feedback is mixed.

"I had a better experience this time," said Mohammad Shuvo of Narayanganj, a Kuwait returnee. "I got my luggage faster than before. They wouldn't handle our luggage with care before. My friends even had their luggage ripped or damaged. But this time, I saw them [airport officials] being more careful."

But service by immigration authorities, Shuvo said, was a bit slow. And he had ample complaints against Biman. "They always delay. We had more than two hours of delay this time," he added.

Margubur Rahman, an expat from Narail who returned in the same flight with Shuvo said that the Biman flight took off at 3:00am though it was supposed to take off at 12:45am. "The other airlines don't delay like Biman."

But Margubur was happy with his experience at the airport.

"The police used to misbehave with us. They used to ask too many questions but this time, they behaved, and my luggage too arrived early," Margubur said. "The airport officials guided us and inquired about our wellbeing."

Shipon Hossain from Pabna, a Saudi expat, said he was happy with the overall service. "They used to push us aside as if we were inferior. I felt that it has improved a lot," he said.

Shahin Mia from Kishoreganj has been a migrant worker in Saudi Arabia for eight years. So far, he has returned home four times.

"My experience was worse than before. My luggage

> *Instead of prioritising popularity, decisions should be sustainable and solution-driven. Sometimes, services are rushed to become popular simply to show immediate results, especially by those in government eager to demonstrate progress. However, if we are truly aiming to support migrant workers, we should measure success by whether the overall cost of their travel abroad has been reduced, and whether exploitation has been minimised.*
>
> .....
>
> **SHARIFUL HASAN**
> PROGRAMME HEAD, BRAC MIGRATION PROGRAMME



পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# Are migrant workers receiving

CONTINUED FROM PAGE 8

took one hour to arrive," he said.

"The [HSIA] doesn't allow us to take the trolley outside the airport premise, which would help us. We have a lot of luggage. There is no option but to call for a porter. Other countries give us more respect and privilege," Shahin added.

Shihab, another migrant worker from Laxmipur who returned from Saudi Arabia in October said he also had to wait an hour and half for his luggage.

"In Saudi Arabia, we see our bags are handled carefully. But here, our bags are not handled with care. We have valuable things in our luggage. If it is damaged, will the airport compensate?" he asked.

"Many are saying that this and that has improved, but nothing has really happened," he added.

We reached out to Expatriates' Welfare and Overseas Employment Advisor Asif Nazrul and Secretary Ruhul Amin for a comment, but they didn't receive our calls.

"Airport services should be of such a standard that every passenger receives equal treatment, regardless of their identity – whether they are government employees, expatriates, or others. If services are designed specifically for certain groups, such as expats, they may not adequately cover all passengers," Shariful Hasan of Brac Migration Programme told TBS.

He said the focus should be on inbound passengers more than outbound passengers, as they typically require more support upon their return, especially regarding luggage and baggage.

"Instead of prioritising popularity, decisions should be sustainable and solution-driven. Sometimes, services are rushed to become popular simply to show immediate results, especially by those in government eager to demonstrate progress. However, if we are truly aiming to support migrant workers, we should measure success by whether the overall cost of their travel abroad has been reduced, and whether exploitation has been minimised. Unfortunately, I believe we are still far from achieving these goals," he added.

যুগান্তর | রোববার ৩ নভেম্বর ২০২৪ ১৮ কার্তিক ১৪৩১

# সড়কে প্রাণ গেল ছয়জনের

যুগান্তর ডেস্ক

ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় ছয়জন নিহত হয়েছেন। এদের মধ্যে রাজধানীর কুড়িলে একজন, গাজীপুরের কালিয়াকৈরে অটোরিকশা চালক, রাজশাহীর মোহনপুরে কীটনাশক ব্যবসায়ী, নওগাঁর আত্রাইয়ে গরু ব্যবসায়ী, চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় গাড়ি মেরামত সহকারী ও ফরিদপুরের ভাঙ্গায় গৃহবধূ রয়েছেন। এদিকে, মাদারীপুরের কালকিনি ও ডাসারে পৃথক সড়ক দুর্ঘটনায় কমপক্ষে ১১ জন যাত্রী আহত হয়েছেন। স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর-

**ঢাকা :** রাজধানীর কুড়িল ফ্লাইওভারে সড়ক দুর্ঘটনায় এক ব্যক্তি নিহত হয়েছেন। তবে তার পরিচয় জানা যায়নি। তার বয়স আনুমানিক ৬৫ বছর। শুক্রবার রাতে এ দুর্ঘটনা ঘটে। আহত অবস্থায় ওই বৃদ্ধকে পথচারীরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসাধীন অবস্থায় শনিবার সকালে তিনি মারা যান।



কালকিনি
পৃথক সড়
আহ

ঢাকা মেডিকেল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. মাসুদ মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, লাশ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে।

**কালিয়াকৈর (গাজীপুর) :** ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের গাজীপুরের কালিয়াকৈর চন্দ্রা পল্লী বিদ্যুৎ এলাকায় শনিবার দুপুরে সড়ক দুর্ঘটনায় শরীফ হোসেন নামে এক অটোচালক নিহত হয়েছেন। দুর্ঘটনায় অটোরিকশায় থাকা দুই আরোহী গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। শরীফ হোসেনের গ্রামের বাড়ি ময়মনসিংহের সদর এলাকায়। তিনি পল্লী বিদ্যুৎ মন্ডলপাড়া এলাকায় ভাড়া থেকে অটোরিকশা চালাতেন।

**রাঙ্গুনিয়া (চট্টগ্রাম) :** চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় মোটরসাইকেলের ধাক্কায় এক মোটর গাড়ি মেরামত সহকারীর মৃত্যু হয়েছে। তার নাম শাহেদুল ইসলাম ওরফে মানিক। তিনি উপজেলার মরিয়মনগর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড মাইজপাড়া গ্রামের মৃত আবদুল সফুরের ছেলে। শনিবার ভোরে নগরীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

শনিবার, নভেম্বর ২, ২০২৪ ■ কার্তিক ১৭, ১৪৩১ বণিক বার্তা

# সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল পাঁচজনের

বণিক বার্তা ডেস্ক ■

সড়ক দুর্ঘটনায় চার জেলায় পাঁচজনের প্রাণহানি হয়েছে। আহত হয়েছেন বেশ কয়েকজন। গতকাল ও আগের দিন রাতে ময়মনসিংহ, নরসিংদী, রাজশাহী ও যশোরে এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**ময়মনসিংহ:** ত্রিশালে বাসচাপায় সাখাওয়াত হোসেন সোহাগ (২০) নামে অটোরিকশার এক যাত্রী নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন অটোরিকশাচালক। গতকাল বিকালে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বাগান রাগামারায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শাখাওয়াত হোসেন ত্রিশাল পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের আব্দুল কাদের লাল মিয়ার ছেলে। তিনি ত্রিশাল সরকারি নজরুল কলেজের স্নাতক শ্রেণীর শিক্ষার্থী ছিলেন। ত্রিশাল থানার ওসি মনসুর আহমেদ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।



পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বিকাল ৫টার দিকে অটোরিকশায় উপজেলার বাগান রাগামারায় যাচ্ছিলেন সোহাগ। পথে কনজুমার নিটেক্স কারখানার সামনে অটোরিকশাটি নিয়ন্ত্রণ হারালে পেছন থেকে একটি বাস চাপা দেয়। এতে অটোরিকশা দুমড়ে-মুচড়ে ঘটনাস্থলেই সোহাগ মারা যান। আহত চালককে স্থানীয় লোকজন ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।

**নরসিংদী:** জেলার পাঁচদোনায় প্রাইভেট কার ও টমটমের সংঘর্ষে টমটমের চালক নিহত হয়েছেন। গতকাল দুপুরে অচেতন অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত মো. শাকিল (২৩) কিশোরগঞ্জের পাকুন্দিয়া থানার কুটার জঙ্গল গ্রামের মো. হিরণ মিয়ার ছেলে।

নিহতের ভাই রাকিব জানান, সকালে নরসিংদীর রাস্তা দিয়ে যাওয়ার সময় একটি প্রাইভেট কারের সঙ্গে টমটমের সংঘর্ষ হয়। এতে গুরুতর আহত হন শাকিল। প্রথমে দ্রুত স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য ঢামেক হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঢামেক হাসপাতাল পুলিশ ক্যাম্পের পরিদর্শক মো. ফারুক জানান, মরদেহ হাসপাতালের মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানা পুলিশকে জানানো হয়েছে।

**রাজশাহী :** নওগাঁ-রাজশাহী মহাসড়কে সিএনজিচালিত অটোরিকশা ও নসিমন সংঘর্ষে সেনাবাহিনীর এক সদস্যসহ দুজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার রাত সোয়া ১০টার দিকে রাজশাহীর মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের সইপাড়ায় এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন মোহনপুর থানার ওসি আব্দুল হান্নান। নিহতরা হলেন সেনা সদস্য পলাশ ও স্থানীয় একটি মসজিদের ইমাম আব্দুল কুদ্দুস।

ওসি আব্দুল হান্নান জানান, রাজশাহী থেকে নওগাঁ যাচ্ছিল সিএনজিচালিত অটোরিকশাটি। এ সময় বিপরীত দিক থেকে আসা শ্যালো ইঞ্জিনচালিত খড়বোঝাই নসিমনের সঙ্গে সংঘর্ষ হয়। এ ঘটনায় আহত দুজনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে তাদের মৃত্যু হয়। মরদেহ দুটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রাখা হয়েছে।

**যশোর:** জেলার শার্শায় ট্রাকচাপায় কামাল হোসেন (৪৫) নামে এক শ্রমিক নিহত হয়েছেন। বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে শার্শা পল্লী বিদ্যুৎ অফিসের সামনে এ ঘটনা ঘটে। নিহত কামাল হোসেন বেনাপোলের সিকড়ী গ্রামের আব্দুল সালামের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানান, স্ত্রীকে নিয়ে বাড়ি ফিরছিলেন শার্শায় আফিল জুটমিলের কর্মচারী কামাল হোসেন। মিল গেটের সামনে সাইকেল নিয়ে রাস্তা পারাপারের সময় যশোর থেকে ছেড়ে আসা একটি ট্রাক তাকে চাপা দেয়। পরে তাকে নাভারণ স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। হাইওয়ে পুলিশের ওসি রোকনুজ্জামান রোকন জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

প্রথম আলো • বুধবার, ৬ নভেম্বর ২০২৪,

শ্রীপুর

# নির্মাণাধীন শেড থেকে পড়ে শ্রমিকের মৃত্যু

গাজীপুরের শ্রীপুরের একটি কারখানার নির্মাণাধীন শেড থেকে পড়ে রিফাত হোসেন (২৫) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। এর আগে সকাল ১০টায় দুর্ঘটনা ঘটে। রিফাত হোসেন ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার গোয়ারী বাজার গ্রামের সোহরাব আলীর ছেলে। তিনি শ্রীপুরের নয়নপুর এলাকার আরএকে সিরামিক কারখানায় স্টিল স্ট্রাকচার শ্রমিক হিসেবে কাজ করছিলেন। শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জয়নাল আবেদীন মণ্ডল বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল। এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**প্রতিনিধি,** *শ্রীপুর, গাজীপুর*

বণিক বার্তা মঙ্গলবার, নভেম্বর ৫, ২০২৪

# কুষ্টিয়ায় নির্মাণাধীন ভবন থেকে রড পড়ে ৩ শ্রমিকের মৃত্যু

বণিক বার্তা প্রতিনিধি ■ কুষ্টিয়া

কুষ্টিয়ায় একটি নির্মাণাধীন ভবন থেকে রড পড়ে তিন শ্রমিকের মৃত্যু হয়েছে। গত রোববার বিকাল ৫টার দিকে শহরের নারিকেল তলায় এ ঘটনা ঘটে।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহফুজুল হক চৌধুরী জানান, একটি ১০ তলা ভবনের ছয়তলায় নির্মাণকাজ চলছে। সেখানে শ্রমিকরা টাওয়ার ক্রেন ব্যবহার না করে দড়ি বেঁধে রড তোলার কাজ করছিলেন। রড চারতলা পর্যন্ত ওঠানোর পর ওপরে থাকা শ্রমিকদের হাত থেকে দড়ি ছিঁড়ে নিচে থাকা পাঁচ শ্রমিকের ওপর পড়ে। ঘটনাস্থলেই দুই শ্রমিকের মৃত্যু হয়। আরেকজন মারা যান কুষ্টিয়া জেনারেল হাসপাতালে। সোমবার রাত পর্যন্ত নিহত শ্রমিকদের নাম-পরিচয় জানা যায়নি। ঘটনার পরই নির্মাণাধীন বাড়ির মালিক আবুল কাশেম পালিয়ে যান।

যুগান্তর | বৃহস্পতিবার ৭ নভেম্বর ২০২৪
২২ কার্তিক ১৪৩১

# শিশুকে বাঁচাতে গিয়ে গাছে অটোর ধাক্কা, ২ ছাত্র নিহত

যুগান্তর ডেস্ক

মৌলভীবাজারের কমলগঞ্জে শিশুকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে গাছে অটোরিকশার ধাক্কায় দুই কলেজছাত্র নিহত হয়েছেন। আহত হয়েছেন পাঁচজন। বুধবার সকালে উপজেলার বটতলা এলাকায় ভানুগাছ-শ্রীমঙ্গল সড়কে দুর্ঘটনাটি ঘটে। টাঙ্গাইলের ধনবাড়ীতে ট্রাক খাদে পড়ে প্রাণ হারিয়েছেন দুই যাত্রী। এছাড়া দশ স্থানে দুর্ঘটনায় আরও দশজনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে ঢাকার ধামরাইয়ে বাসের হেলপার, সিলেটে তরুণ, নাটোরে ভ্যানচালক, বাগেরহাট ও জয়পুরহাটে দুই যুবক, কুমিল্লায় বৃদ্ধ, ফরিদপুরে ব্যবসায়ী, হবিগঞ্জে কাভার্ডভ্যান হেলপার, লক্ষ্মীপুরে শিক্ষার্থী এবং কিশোরগঞ্জে যাত্রী রয়েছেন।

**ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—**

**ধামরাই (ঢাকা) :** ধামরাইয়ে শ্রমিকবাহী বাস খাদে পড়ে হেলপার প্রাণ হারিয়েছেন। দুর্ঘটনায় আহত হয়েছেন অর্ধশত। মঙ্গলবার জয়পুরা এলাকায় ঢাকা-আরিচা মহাসড়কে বাসটি দুর্ঘটনার কবলে পড়ে। তবে নিহত হেলপারের বিস্তারিত পরিচয় পাওয়া যায়নি। আহতদের উদ্ধার করে ধামরাই, সাভারসহ বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। ধামরাইয়ের ডাউটিয়া থেকে প্রতীক সিরামিকসের ৫০ জনের অধিক শ্রমিক নিয়ে নবীনগরের দিকে যাচ্ছিল বাসটি। পথে নিয়ন্ত্রণ হারায়।



**টাঙ্গাইলে নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাক খাদে, দুই যুবকের প্রাণহানি**

**দশ স্থানে সড়কে ঝরল আরও ১০ প্রাণ**

**কমলগঞ্জ (মৌলভীবাজার) :** নিহতরা হলেন—শ্রীমঙ্গলের কালাপুর ইউনিয়নের পূর্ব মাইজদিহি এলাকার কাশেম মিয়ার ছেলে আব্দুল্লাহ আল সায়েম ও ভাগলপুর এলাকার রবি সূত্রধরের ছেলে অমিত সূত্রধর। শ্রীমঙ্গল থেকে কমলগঞ্জে আসার পথে ভানুগাছ বটতলা এলাকায় অটোতে থাকা শিশু ছিটকে পড়লে তাকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারায় গাড়িটি। এ সময় গাছের সঙ্গে ধাক্কায় দুমড়ে-মুচড়ে যায় গাড়ি এবং দুর্ঘটনায় নিহত হয় ওই দুজন। আহত হয় অন্তত আরও পাঁচজন। তাদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**মধুপুর (টাঙ্গাইল) :** ধনবাড়ীতে ট্রাক খাদে পড়ে নিহতরা হলেন—কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার সাদ আলীর ছেলে আকবর হোসেন ও হাবু সর্দারের ছেলে আব্বাস সর্দার। বুধবার ভোরে টাঙ্গাইল-জামালপুর আঞ্চলিক মহাসড়কের ধনবাড়ী উপজেলার বানিয়াজান বাসস্ট্যান্ডের কাছে এ দুর্ঘটনা ঘটে। ট্রাকটি খুলনা থেকে জামালপুরের উদ্দেশে ছেড়ে গেলে চালক ঘুমন্ত অবস্থায় নিয়ন্ত্রণ হারায়।

**সিলেট :** ট্রাকচাপায় নিহত হয়েছেন গুলজার আহমদ নামে তরুণ। জৈন্তাপুর উপজেলার ডিবিরহাওড় লাল শাপলা বিলসংলগ্ন কদমখাল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। সিলেট-তামাবিল সড়কে বুধবার বিকালে এই দুর্ঘটনাটি ঘটে। গুলজার আহমদ পেশায় ফার্নিচারের নকশা কারিগর। তিনি উপজেলার ৪নং দরবস্ত ইউনিয়নের লামা মহাইল গ্রামের ফখরুল ইসলামের ছেলে।

**বড়াইগ্রাম (নাটোর) :** বড়াইগ্রামে বাসচাপায় ভ্যানচালক আব্দুস সামাদ নিহত হয়েছেন। মঙ্গলবার রাতে নাটোর-ঢাকা মহাসড়কের বনপাড়া কৃষি ও কারিগরি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে। আব্দুস সামাদ উপজেলার বনপাড়া পৌরসভার কালিকাপুর মহল্লার হোসেন ফকিরের ছেলে।

**বাগেরহাট :** বাগেরহাটে দুই মোটরসাইকেলের সংঘর্ষে যুবক তারিফ হোসাইন নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন দুই পুলিশ সদস্যসহ তিনজন। মঙ্গলবার রাতে বাগেরহাট শহরের ভিআইপি সড়কের খারদ্বার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। তারিফ হোসাইন বাগেরহাট শহরের হরিণখানা এলাকার ব্যবসায়ী ফিরোজের ছেলে।

**জয়পুরহাট :** কালাইয়ে মোটরসাইকেল দুর্ঘটনায় যুবক শাহিনুর রহমান নিহত হয়েছেন। শাহিনুর বগুড়ার মহাস্থানগড় নামাবাজার মৃত হানউল্লা মানিকের ছেলে। বুধবার ভোরে জয়পুরহাট-মোকামতলা রোড এলাকায় তিনি দুর্ঘটনার শিকার হন।

**মুরাদনগর (কুমিল্লা) :** মুরাদনগর উপজেলায় সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ ফুল মিয়া নিহত হয়েছেন। বুধবার উপজেলার মুরাদনগর-রামচন্দ্রপুর সড়কের করিমপুর বাজারে দুর্ঘটনাটি ঘটে। ফুল মিয়া উপজেলা সদরের মধ্যনগর গ্রামের মৃত সাজত আলীর ছেলে।

**নগরকান্দা (ফরিদপুর) :** নগরকান্দায় নসিমন নিয়ন্ত্রণ হারিয়ে ব্যবসায়ী অরোবিন্দু মালো নিহত হয়েছেন। অরোবিন্দু মালো নগরকান্দা উপজেলার পুরাপাড়া ইউনিয়নের দফা গ্রামের গোসাই মালোর ছেলে। উপজেলার কাইচাইল ইউনিয়নের জিয়াকুলী নামক স্থানে ঢাকা-খুলনা মহাসড়কে দুর্ঘটনাটি ঘটে।

**মাধবপুর (হবিগঞ্জ) :** মাধবপুরে কাভার্ডভ্যান-ট্রাক সংঘর্ষে কাভার্ড হেলপার সূর্য মোদক প্রাণ হারিয়েছেন। সূর্য মোদক কিশোরগঞ্জ জেলা সদরের সাচাইল গ্রামের মন্টুলাল মোদকের ছেলে। বুধবার ভোরে ঢাকা-সিলেট মহাসড়কের শাহজীবাজার ফতেহগাজী এলাকায় তিনি দুর্ঘটনার কবলে পড়েন।

**লক্ষ্মীপুর :** রামগতিতে অটো-মোটরসাইকেল সংঘর্ষে কলেজছাত্র মারুফ ভূঁইয়া নিহত হয়েছেন। মঙ্গলবার দুপুরে রামগতির হাজীগঞ্জ বাজার এলাকায় তিনি দুর্ঘটনার কবলে পড়েন। মারুফ রামগতির আসম আবদুর রব সরকারি কলেজের দ্বাদশ শ্রেণির ছাত্র ও হাজীগঞ্জ বাজার এলাকার জামাল ভূঁইয়ার ছেলে।

**কিশোরগঞ্জ :** করিমগঞ্জে ইজিবাইক-মোটরসাইকেল সংঘর্ষে যাত্রী সুন্দর আলী নিহত হয়েছেন। মঙ্গলবার রাতে কিশোরগঞ্জ-চামড়া বন্দর মহাসড়কের করিমগঞ্জ উপজেলার বৌলাই নার্সারির সামনে এ দুর্ঘটনা ঘটে। সুন্দর আলী করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়নের রাজকুন্তি গ্রামের মৃত সুরুজ আলীর ছেলে।

সমকাল
। সোমবার । ৪ নভেম্বর ২০২৪

# নির্মাণাধীন ভবন থেকে পড়ে প্রাণ গেল শ্রমিকের

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর মুগদার মানিকনগর এলাকায় একটি নির্মাণাধীন ভবন থেকে পড়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে ১১টার দিকে এ দুর্ঘটনা ঘটে। তাঁর নাম নাঈম হোসেন (২৫)। এ যুবকের গ্রামের বাড়ি বরগুনা সদর উপজেলার কালিরতবকে। তাঁর বাবার নাম মোশাররফ হোসেন।

স্থানীয়রা জানান, কাজ করার সময় হঠাৎ সাততলা থেকে পড়ে যান নাঈম। মুমূর্ষু অবস্থায় তাঁকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নাঈমকে হাসপাতালে নেন তাঁর বড় ভাই মো. মিরাজ। তিনি জানান, মানিকনগরের ভবনটি নির্মাণের শুরু থেকে তারা দুই ভাই রাজমিস্ত্রির কাজ করছিলেন। তারা মানিকনগরের পুকুরপাড় এলাকায় একটি ভাড়া বাসায় থাকতেন। নির্মাণাধীন ওই ভবনের সপ্তম তলায় রোববার সকাল থেকে দেয়াল গাঁথুনির কাজ চলছিল। সকালের নাশতার বিরতি শেষে কাজে যোগ দেন তারা। কিছুক্ষণ পর ভবন থেকে পড়ে যান নাঈম।

বণিক বার্তা
মঙ্গলবার, নভেম্বর ৫, ২০২৪

# কুয়াকাটায় দেয়ালধসে ২ শ্রমিক নিহত

বণিক বার্তা প্রতিনিধি ■ পটুয়াখালী

পটুয়াখালীর কুয়াকাটায় নির্মাণাধীন একটি দোকানের দেয়াল ভেঙে দুজনের মৃত্যু হয়েছে। গতকাল কুয়াকাটা রাখাইন মার্কেটসংলগ্ন কেরানীপাড়ায় এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ওই দুই শ্রমিক কেরানীপাড়ার রাখাইন পল্লীর একটি দোকানে শাটার সংস্কারের কাজ করতে যান আবু বক্কর (৪২) ও কামাল (৪০)। এ সময় পুরনো শাটার খুলতে গেলে দোকানের একটি দেয়াল ধসে পড়ে। ভাঙা দেয়ালের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই মারা যান ওই দুই শ্রমিক।

মহিপুর থানার ওসি (তদন্ত) মো. নোমান বলেন, 'ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। তদন্ত করে আইনি ব্যবস্থা নেয়া হবে।'

বণিক বার্তা মঙ্গলবার, নভেম্বর ৫, ২০২৪

# সাত জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ১৪

বণিক বার্তা ডেস্ক ■

দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় গতকাল ১৪ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে শরীয়তপুরে চারজন, দিনাজপুরে পৃথক দুটি দুর্ঘটনায় তিন, ঝিনাইদহে একজন, ঝালকাঠিতে দু'জন, চুয়াডাঙ্গায় একজন, গোপালগঞ্জে দুজন ও কুমিল্লায় একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

**ঝিনাইদহ:** জেলার সদর উপজেলায় সড়ক দুর্ঘটনায় মারা গেছেন শের আলী (৫৫) নামের এক আলমসাধু চালক। গতকাল ভোরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের নগরবাথানের ঘোষপাড়ায় এ দুর্ঘটনা ঘটে।

ঝিনাইদহ হাইওয়ে থানার এসআই আব্দুর রহমান বলেন, 'মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।'

**কুমিল্লা:** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার দাউদকান্দিতে ঢাকাগামী একটি পণ্যবোঝাই কাভার্ড ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে গ্যাস সিলিন্ডার বোঝাইকৃত ট্রাককে পেছন থেকে ধাক্কা দিলে ট্রাকটি সড়কের পাশে খাদে পড়ে যায়। এতে ট্রাকের হেলপার মো. সাকিব (১৯) নিহত হন। এ ঘটনায় একজন আহত হয়েছেন।

দাউদকান্দি হাইওয়ে থানার উপপরিদর্শক মো. সেলিম জানান, দুর্ঘটনাকবলিত ট্রাক ও কাভার্ড ভ্যান পুলিশ হেফাজতে রয়েছে। নিহতের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

যুগান্তর | মঙ্গলবার ৫ নভেম্বর ২০২৪
২০ কার্তিক ১৪৩১

# জাজিরায় দুই বাইকের সংঘর্ষে নিহত ৪

যুগান্তর ডেস্ক

শরীয়তপুরের জাজিরা উপজেলায় পদ্মা সেতুর টোল প্লাজার পাশে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৪ জন নিহত হয়েছেন। গোপালগঞ্জের কাশিয়ানীতে বাসের ধাক্কায় ইজিবাইক যাত্রী মামা-ভাগনে প্রাণ হারিয়েছেন। এছাড়া, সড়কে সাত জেলায় ৮ জন নিহত হয়েছেন। এদের মধ্যে ঝালকাঠির রাজাপুরে মাহিন্দ্র চালক ও যাত্রী, সিলেটের কোম্পানীগঞ্জে বৃদ্ধা, কুমিল্লা দাউদকান্দিতে ট্রাকের হেলপার, দিনাজপুরের ঘোড়াঘাটে একজন, ঝিনাইদহে আলমসাধু চালক, গাইবান্ধার গোবিন্দগঞ্জে মোটরসাইকেল আরোহী এবং জামালপুরের মাদারগঞ্জে কৃষক রয়েছেন। ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

কাশিয়ানী (গোপালগঞ্জ) : বাসের ধাক্কায় মামা-ভাগনে নিহত হওয়ার পাশাপাশি ইজিবাইক চালকসহ আরও চার যাত্রী আহত হয়েছেন। আহতদেরকে গোপালগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। কাশিয়ানি উপজেলার ঢাকা-খুলনা মহাসড়কের ফুকরা বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন— গোপালগঞ্জ সদর উপজেলার করপাড়া গ্রামের মোল্যাপাড়া এলাকার আহম্মদ খানের ছেলে দ্বীন ইসলাম খান ও তার ভাগনে খুলনা জেলার তেরখাদা উপজেলার মাসুদ মোল্যার ছেলে হোসাইন মোল্যা।

যুগান্তর | বুধবার ৬ নভেম্বর ২০২৪
২১ কার্তিক ১৪৩১

## শ্রীপুরে কারখানায় শেড তৈরির সময় পড়ে শ্রমিকের মৃত্যু

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের শ্রীপুরে কারখানার শেড তৈরির কাজ করার সময় নিচে পড়ে গিয়ে রিফাত হোসেন (২৫) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। কারখানার শেডের আনুমানিক ৩০ ফুট ওপরে কাজ করার সময় পড়ে গিয়ে গুরুতর আহত হওয়ার পর হাসপাতালে নিয়ে গেলে তার মৃত্যু হয়।

মঙ্গলবার সকালে উপজেলার গাজীপুর ইউনিয়নের ফরিদপুর গ্রামের নয়নপুর এলাকার আর এ কে সিরামিক কারখানায় এ ঘটনা ঘটে।

নিহত শ্রমিক রিফাত হোসেন ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার গোয়ারী বাজার গ্রামের সোহরাব আলীর ছেলে। তিনি ডিজাইন সেট নামক একটি প্রতিষ্ঠানের শ্রমিক। তিনি নয়নপুর এলাকায় ভাড়া

বণিক বার্তা | রোববার, নভেম্বর ১০, ২০২৪

# ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল আটজনের

বণিক বার্তা ডেস্ক ■

দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় আটজন নিহত হয়েছেন। আহত হয়েছেন বেশ কয়েকজন। গতকাল ও আগের দিন রাতে বরিশাল, মৌলভীবাজার, শরীয়তপুর, চট্টগ্রাম, মেহেরপুর ও লালমনিরহাটে এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**বরিশাল :** জেলার মুলাদী উপজেলার নোমরহাট বাজারে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে দুই বন্ধু নিহত হয়েছেন। গুরুতর আহত মোটরসাইকেলের আরেক আরোহীকে ঢাকার পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহতরা হলেন চরকালেখান ইউনিয়নের লক্ষীপুর গ্রামের স্বপন ভূঁইয়া (৩০) ও কাওসার হোসেন (২৫)। তারা দুজনই অটোরিকশাচালক ছিলেন বলে জানিয়েছেন মুলাদী থানার ওসি জহিরুল আলম। মুলাদী থানার ওসি জানান, শুক্রবার রাতে এ দুর্ঘটনা ঘটলেও পরিবার বা হাসপাতাল থেকে পুলিশকে বিষয়টি জানানো হয়নি। তবে তারা নিজস্ব মাধ্যমে শনিবার বিষয়টি নিশ্চিত হয়েছেন। তারা তিনজন মিলে একটি মোটরসাইকেলে গন্তব্যে যাচ্ছিলেন। মুলাদী উপজেলার চরকালেখান ইউনিয়নের নোমরহাট বাজারসংলগ্ন একটি ব্রিজের কাছে মোটরসাইকেলটির নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক। এ সময় সড়কের পাশে থাকা কবরস্থানের দেয়ালে ধাক্কা লেগে মোটরসাইকেল উল্টে যায়। এতে ঘটনাস্থলেই স্বপন ভূঁইয়া (৩০) মারা যান। আহত বাকি দুজনকে উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নেয়া হয়। সেখান থেকে ঢাকায় নেয়ার পথে রাত ১১টার দিকে কাওসার হোসেন মারা যান।



শনিবার, নভেম্বর ৯, ২০২৪ ■ কার্তিক ২৪, ১৪৩১ | বণিক বার্তা

# চার জেলায় সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল ছয়জনের

বণিক বার্তা ডেস্ক ■

সড়ক দুর্ঘটনায় চার জেলায় ছয়জনের প্রাণহানি হয়েছে। এর মধ্যে মানিকগঞ্জ ও কুমিল্লায় দুই শিশুসহ চারজন নিহত হয়েছেন। এছাড়া ঢাকার ডেমরা ও লক্ষ্মীপুরে আরো দুজন প্রাণ হারিয়েছেন। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**লক্ষ্মীপুর :** ট্রাকচাপায় আবু তাহের (৫০) নামে এক অটোরিকশাচালক নিহত হয়েছেন। এ সময় সুমন নামে আরো একজন গুরুতর আহত হয়েছেন। গতকাল ভোর ৪টার দিকে সদর উপজেলার জকসিন বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত আবু তাহের সদর উপজেলার লাহারকান্দির আজিজ উল্যাহর ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, অটোরিকশা নিয়ে জকসিন বাজারের দিকে যাচ্ছিলেন আবু তাহের। বাজারের কাছাকাছি গেলে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক অটোরিকশাকে ধাক্কা দেয়। এ সময় অটোরিকশাচালক আবু তাহের ও যাত্রী সুমন গুরুতর আহত হন। পরে তাদের সদর হাসপাতালে নেয়ার পর আবু তাহেরকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

যুগান্তর | সোমবার ১১ নভেম্বর ২০২৪
২৬ কার্তিক ১৪৩১

# কর্তৃপক্ষের অবহেলায় গাজীপুরে শ্রমিকের মৃত্যু

জয়দেবপুর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুর সদরে জায়ান্ট টেক্সটাইল লিমিটেড কারখানার কর্তৃপক্ষ এবং সহকর্মী মেশিন অপারেটরের অবহেলায় এক শ্রমিকের মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে। শনিবার রাতে এ দুর্ঘটনায় নিহত নয়ন মিয়া ময়মনসিংহ সদরের চর বড়বিলা (চরঈশ্বরদিয়া) গ্রামের আবুল কাশেমের ছেলে। তিনি মেম্বারবাড়ী (বানিয়ারচালা) এলাকায় ভাড়া থেকে কারখানায় সহকারী অপারেটর (হেলপার) হিসাবে চাকরি করতেন।

গাজীপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মিরাজুল ইসলাম জানান, নয়ন মিয়া জায়ান্ট টেক্সটাইল কারখানায় সহকারী অপারেটর (হেলপার) হিসাবে কাজ করতেন। শনিবার সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত তার ডিউটি ছিল। শিফট শেষে অন্য কর্মীরা চলে গেলেও কর্তৃপক্ষ অতিরিক্ত কাজের জন্য তাকে রেখে দেয় এবং কাজ করতে বাধ্য করে। তবে পরবর্তী শিফটের কাউকে এ বিষয়ে কর্তৃপক্ষ অবগত করেনি। নয়ন বস্তায় ভরে ওয়াশিং মেশিনে কাপড় নিয়ে ঢুকেছিলেন। পরবর্তী শিফটের অপারেটর এসে মেশিন পরীক্ষা না করেই সুইচ চালু করলে নয়ন মেশিনের ভেতরে মারা যান। রাত ৩টায় ওয়াশিং মেশিন অপারেটর কাপড় বের করতে গিয়ে ভেতরে লাশ দেখে চিৎকার করেন এবং কারখানার ইনচার্জকে জানান। এরপর কর্মকর্তা-কর্মচারীরা ওয়াশিং মেশিনের গরম পানিতে দগ্ধ নয়নের লাশ উদ্ধার করেন। এ ঘটনায় পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য ৮ জনকে আটক করেছে।

নিহতের স্ত্রী ইমা আক্তার বলেন, আমার স্বামীর রাত ৮টা পর্যন্ত ডিউটি ছিল। পরে কর্তৃপক্ষ তাকে জোর করে আরও দুই ঘণ্টা ডিউটি করায়। তাদের অবহেলার কারণে আমার স্বামী মারা গেছে।

জায়ান্ট টেক্সটাইল লিমিটেড কারখানার প্রশাসনিক ব্যবস্থাপক সোহেল রানা জানান, নয়ন মিয়ার ডিউটি ছিল রাত ৮টা পর্যন্ত। কাজের চাপ থাকায় তাকে আরও দুই ঘণ্টার জন্য রাখা হয়। টিফিন বিরতির সময় অপারেটর চলে গেলেও নয়ন বস্তা টানছিলেন। টিফিন শেষে অপারেটর এসে তাকে না পেয়ে মেশিন চালু করে, যার ফলে দুর্ঘটনা ঘটে।

জয়দেবপুর থানার উপপরিদর্শক (এসআই) আবুল বাশার জানান, ঘটনাস্থল থেকে শ্রমিকের লাশ উদ্ধার করা হয়েছে। সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য গাজীপুর শহিদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

জয়দেবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হালিম জানান, জায়ান্ট টেক্সটাইল কারখানায় শ্রমিক নিহতের ঘটনায় তার স্বজনদের অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইত্তেফাক
শনিবার
২৪ কার্তিক ১৪৩১, ৯ নভেম্বর ২০২৪

# কুমিল্লায় বাসের ধাক্কায় অটোরিকশার যাত্রী দুই ভাইবোনের মৃত্যু

## চালক বাবা আহত

■ কুমিল্লা প্রতিনিধি

দুই সন্তানকে নিয়ে তাদের নানার বাড়িতে বেড়াতে যাচ্ছিলেন সিএনজিচালিত অটোরিকশা চালক জাহাঙ্গীর আলম। কিন্তু নিমিষেই সেই আনন্দযাত্রা বিষাদের অন্তিমযাত্রায় পরিণত হলো। বাসচাপায় মারা গেল দুই সন্তান। সিএনজিচালক বাবার অবস্থাও সংকটাপন্ন। গত বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে কুমিল্লা-সিলেট মহাসড়কের দেবীদ্বার উপজেলার ছগুরা এলাকায় মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটেছে। জাহাঙ্গীরের আর কোনো সন্তান নেই। দুই সন্তানের মৃত্যুতে শোকে স্তব্ধ গোটা পরিবার।

গতকাল শুক্রবার অটোরিকশা চালক জাহাঙ্গীরের দুই সন্তান মো. জুনায়েদ হোসেন (১২) ও ফাহিমা আক্তারকে (৯) গ্রামের বাড়িতে পাশাপাশি কবরে সমাহিত করা হয়েছে। জুনায়েদ স্থানীয় জাফরগঞ্জের শ্রীপুর হাফেজিয়া মাদ্রাসা হেফজ বিভাগে, আর ফাহিমা পাশের ছগুরা নুরানী মাদ্রাসার দ্বিতীয় শ্রেণিতে পড়ত। আহত জাহাঙ্গীর আলমকে গুরুতর আহত

### কুমিল্লায় বাসের ধাক্কায়

১৬ পৃষ্ঠার পর

অবস্থায় ময়নামতি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে সুগন্ধা পরিবহনের একটি বাস অন্য একটি বাসকে ওভারটেক করতে গিয়ে জাহাঙ্গীরের অটোরিকশাকে ধাক্কা দিলে সেটি ছিটকে পড়ে। এতে ঘটনাস্থলে জুনায়েদ মারা যায়। পরে হাসপাতালে নেওয়ার পথে ফাহিমাও মারা যায়। ভাইবোনের মরদেহ বাড়িতে নেওয়ার পর স্বজনদের আহাজারিতে এলাকায় শোকের ছায়া নেমে আসে। এ ঘটনায় স্থানীয় ক্ষুব্ধ জনতা সুগন্ধা পরিবহনের বাসে ভাঙচুর চালায়।

স্থানীয় ইউপি সদস্য জয়নাল আবেদীন জানান, জুনায়েদ ও ফাহিমাকে মাদ্রাসা থেকে নিয়ে তাদের বাবা নিজেই সিএনজিটি চালিয়ে তাদের নানির বাড়ি ব্রাহ্মণপাড়া উপজেলার অলুয়া গ্রামে যাচ্ছিলেন।

দেবীদ্বার থানার পুলিশ পরিদর্শক মো. শাহিনুল ইসলাম জানান, পুলিশ ঘটনাস্থলে পৌঁছানোর আগেই এলাকার উত্তেজিত লোকজন নিউ সুগন্ধা পরিবহনের পাঁচটি বাসে ভাঙচুর চালিয়েছে। হাইওয়ে পুলিশের কুমিল্লা অঞ্চলের পুলিশ সুপার খাইরুল আলম জানান, দুর্ঘটনার পর বাস নিয়ে চালক পালিয়েছে। তাকে আটকের চেষ্টা করছে পুলিশ।

যুগান্তর
রোববার ১০ নভেম্বর ২০২৪
২৫ কার্তিক ১৪৩১

# দেওয়ালে বাইকের ধাক্কা মুলাদীতে ২ বন্ধু নিহত

যুগান্তর ডেস্ক

বরিশালের মুলাদীতে নিয়ন্ত্রণ হারিয়ে দেওয়ালে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারিয়েছেন দুই বন্ধু। শুক্রবার সন্ধ্যায় উপজেলার চরকালেখান ইউনিয়নের নোমরহাট বাজার সংলগ্ন ব্রিজের কাছে এ দুর্ঘটনা ঘটে। চট্টগ্রামে এলিভেটেড এক্সপ্রেসওয়েতে প্রতিযোগিতা করে মোটরসাইকেল চালাতে গিয়ে দুই যুবকের মৃত্যু হয়েছে। এছাড়া রাজধানীসহ আট স্থানে দুর্ঘটনায় আরও ৮ জন নিহত হয়েছেন। এদের মধ্যে রাজধানীতে আরোহী, লক্ষীপুরে কিশোর, চুয়াডাঙ্গায় বৃদ্ধা, নাটোরে যুবক, লালমনিরহাটে আওয়ামী লীগ নেতা এবং মৌলভীবাজার, ভোলা ও শরীয়তপুরে তিন শিক্ষার্থী রয়েছেন।

লালপুর (নাটোর) : লালপুরে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে যুবক সাগর আলী নিহত হয়েছেন। শুক্রবার রাতে উপজেলার ফুলবাড়ী পূর্বপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। সাগর রাজশাহীর পুঠিয়া উপজেলার মাড়িয়া গ্রামের বাসিন্দা। ট্রাক থেকে ঝুট নামানোর সময় হেলপার সাগর চাকার নিচে পড়ে পিষ্ট হয়।

বণিক বার্তা
রোববার, নভেম্বর ১০, ২০২৪

# নারায়ণগঞ্জে হোসিয়ারি কারখানায় অগ্নিকাণ্ড

বণিক বার্তা প্রতিনিধি ■ নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ শহরের ৬ নম্বর নয়ামাটি নিউ মা প্রডাক্টস হোসিয়ারি কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। সদর উপজেলা ফায়ার সার্ভিস স্টেশনের তিনটি ইউনিট আধা ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আসে। আগুনে বিপুল পরিমাণ তৈরি পোশাক, মেশিন ও আসবাব পুড়ে গেছে।

ফায়ার সার্ভিস বলছে, আগুনে ১০ লাখ টাকার ক্ষতি হয়েছে। গত শুক্রবার রাতে অগ্নিকাণ্ডের এ ঘটনা ঘটে। গতকাল বিকালে বিষয়টি নিশ্চিত করেন নারায়ণগঞ্জ সদর ফায়ার সার্ভিস স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার মো. শাহজাহান।

তিনি বলেন, 'আগুনে শিশুদের টপস, গেঞ্জি, শার্ট, সুইপ শার্ট, আটটি সেলাই মেশিন, বৈদ্যুতিক ওয়ারিং ও আসবাব পুড়ে গেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক ত্রুটি থেকে আগুনের সূত্রপাত। আগুনে হতাহতের ঘটনা ঘটেনি।'

সংবাদ
ঢাকা : রোববার ২৫ কার্তিক ১৪৩১
Dhaka : Sunday 10 November 2024

# শেরপুরে বাসের ধাক্কায় চালক নিহত

প্রতিনিধি, শেরপুর (বগুড়া)

বগুড়ার শেরপুরে ঢাকা-বগুড়া মহাসড়কে বাসের ধাক্কায় সাইফুল ইসলাম (৩৫) নামের এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছে। গত শুক্রবার রাত ৮টার দিকে উপজেলার রাজাপুর নামকস্থানে এ ঘটনা ঘটে। নিহত সাইফুল মির্জাপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের নওশের আলীর ছেলে। এ ঘটনায় 'বাসসহ চালককে আটক করা হয়েছে।

জানা যায়, সে বাই সাইকেল নিয়ে বাড়ি ফেরার পথে মহাসড়ক পার হওয়ার সময় ঢাকা হতে ছেড়ে আসা বগুড়া গামী রিজভী পরিবহন (ঢাকা-মে-ব-১৫-৬৭১৯) বাসটি তাকে চাপা দেয়। এতে ঘটনা স্থলেই সাইফুল ইসলাম নিহত হয়।

এ বিষয়ে শেরপুর হাইওয়ে পুলিশ ক্যাম্পের ইনচার্জ আজিজুল ইসলাম জানান, বাসসহ চালক মিঠুকে আটক করা হয়েছে।

সংবাদ
রোববার ২৫ কার্তিক ১৪৩১
Sunday 10 November 2024

# ট্রেনে কাটা পড়ে দিনমজুরের মৃত্যু

প্রতিনিধি, ফুলবাড়ী (দিনাজপুর)

দিনাজপুরের ফুলবাড়ীতে সীমান্ত এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে বুদু মিঞা নামে এক দিনমজুরের মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার রাত ৮টা ৫০ মিনিটে ফুলবাড়ী রেলওয়ে স্টেশনের দক্ষিণ (ফুলবাড়ী-বিরামপুর) রাউটার সিগনাল সংলগ্ন বারোকোনা গ্রামে এই দুর্ঘটনা ঘটে। নিহত বুদু মিঞা বারোকোনা গ্রামের আইসক্রিম বিক্রেতা আবুল হোসেনের ছেলে।

পার্বতীপুর রেলওয়ে থানার ওসি মো. ফখরুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে সুরতহাল শেষে নিহতের পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। এই ঘটনায় রেলওয়ে থানায় একটি ইউডি মামলা দায়ের করা হয়েছে।

সংবাদ
ঢাকা : শনিবার ২৪ কার্তিক ১৪৩১
Dhaka : Saturday 9 November 2024

# গাছ থেকে পড়ে শ্রমিকের মৃত্যু

প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)

বাগেরহাটের শরণখোলায় গাছ থেকে পড়ে নূরুল হক ফরাজি নামে এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলার দক্ষিণ রাজাপুর গ্রামে এই ঘটনা ঘটে। নিহত শ্রমিক নূরুল হক ফরাজি রাজাপুর গ্রামের মৃত কাসেম ফরাজির ছেলে।

শরণখোলা থানার ওসি মো. শহিদুল্লাহ জানান, গাছ থেকে পড়ে শ্রমিকের মৃত্যুর খবর তার জানা নেই। তবে বিষয়টি খোঁজ-খবর নিয়ে দেখে থানায় পরবর্তী প্রয়োজনীয় আইগত ব্যবস্থা গ্রহণ করবেন তিনি।

বণিকবার্তা সোমবার, নভেম্বর ১১, ২০২৪

# গাজীপুরে তিন বন্ধুসহ সড়ক দুর্ঘটনায় নিহত ১০

বণিক বার্তা ডেস্ক ■

গাজীপুরের কালিয়াকৈরে বাসের ধাক্কায় প্রাইভেট কারে থাকা তিন বন্ধু নিহত হয়েছেন। এছাড়া সড়ক দুর্ঘটনায় রাজধানীর বংশাল, ময়মনসিংহ, কুড়িগ্রাম, দিনাজপুর, মাদারীপুর ও নারায়ণগঞ্জে আরো সাতজনের প্রাণহানি হয়েছে। আহত হয়েছেন বেশ কয়েকজন। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**গাজীপুর:** টাঙ্গাইলের সখীপুর উপজেলার মো. মামুন কুয়েত যাওয়ার উদ্দেশে শনিবার সন্ধ্যা ৭টার দিকে প্রাইভেট কারে ঢাকার উদ্দেশে রওনা দেন। চালক ছাড়াও মামুনের তিন বন্ধু ছিলেন প্রাইভেট কারে। রাতে বিমানবন্দরে মামুনকে নামিয়ে দিয়ে তারা বাড়ি ফিরে আসছিলেন। পথে কালিয়াকৈরের সুত্রাপুরে একটি সিএনজি স্টেশন থেকে গাড়িতে গ্যাস ভরা হয়। সেখান থেকে প্রাইভেট কারটি মহাসড়কে উঠতে গেলে বিপরীত দিক থেকে আসা আল বারাকা পরিবহনের যাত্রীবাহী বাস প্রাইভেট কারটিকে ধাক্কা দেয়। এ সময় ঘটনাস্থলে তিন বন্ধু মারা যান। নিহতরা হলেন টাঙ্গাইলের মধুপুর উপজেলার চাকন্দ বীরেরবাড়ীর মুসলেম উদ্দিন (৩০), সখীপুর উপজেলার আনধি এলাকার নাসির উদ্দিন (৩২) ও একই গ্রামের জুয়েল মিয়া (৩২)। এছাড়া দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি আছেন আজিজুল হক (৩০)। নাওজোর হাইওয়ে থানার এসআই শহিদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

**ঢাকা:** রাজধানীর বংশাল থানার সামনে তানজিল পরিবহনের বাসের ধাক্কায় আবুল কালাম (৬০) নামে একজন পরিচ্ছন্নতা কর্মী নিহত হয়েছেন। গতকাল দুপুরে এ দুর্ঘটনা ঘটে। পথচারী ইসমাইল হোসেন জানান, বংশাল থানার সামনে রাস্তা পারাপারের সময় একটি বাস ওই ব্যক্তিকে ধাক্কা দেয়। গুরুতর আহতাবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত ব্যক্তির পকেট থেকে তার পরিচয়পত্র পাওয়া গেছে। তিনি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের পরিচ্ছন্নতা কর্মী ছিলেন।

**ময়মনসিংহ:** নান্দাইলে বাসের ধাক্কায় অটোরিকশাচালকসহ দুজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো তিনজন। শনিবার রাত ১০টার দিকে পুরনো বাসস্ট্যান্ডের মহিলা কলেজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নান্দাইল হাইওয়ে থানার ওসি মো. খোরশেদ আলম বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন নান্দাইল পৌর শহরের ৫ নম্বর ওয়ার্ডের আব্দুল হেকিমের ছেলে অটোরিকশাচালক রহমত উল্লাহ (৪৫) ও ঝালুয়ার আব্দুল জলিলের ছেলে হাবিব উল্লাহ (২২)।



**কুড়িগ্রাম:** দাঁড়িয়ে থাকা বাসের পেছনে মোটরসাইকেলের ধাক্কা লেগে মো. শামসুল আলম (৩২) নামে এক যুবক নিহত হয়েছেন। আহত হয়েছেন সঙ্গে থাকা বড় ভাই মো. আবুল কাশেম (৪০)। গতকাল সকালে পৌর শহরে এ দুর্ঘটনা ঘটে। নিহত শামসুল কুড়িগ্রাম পৌর শহরের নাজিরা পচার মসজিদ গ্রামের বাসিন্দা।

**দিনাজপুর:** চিরিরবন্দরে মোটরসাইকেলের ধাক্কায় আনিছুর রহমান (৪০) নামে এক সাইকেলচালক নিহত হয়েছেন। গতকাল বেলা ১১টায় রংপুর-দিনাজপুর মহাসড়কের চিরিরবন্দরের কলেজ মোড় নামক স্থানে এ সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত আনিছুর রহমান চিরিরবন্দর উপজেলার মানু মাষ্টারপাড়ার শওকত আলীর ছেলে।

**মাদারীপুর:** জেলার ডাসারে ভ্যানের নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে চালক নিহত হন। গতকাল দুপুর ১২টার দিকে উপজেলার উত্তরখিল গ্রামের বৈষ্ণব বাড়ির পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত স্বপন ঘরামী (৩৩) বরিশালের আগৈলঝাড়া উপজেলার ছোট বাসাইল গ্রামের আকবর আলীর ছেলে।

**নারায়ণগঞ্জ:** ফতুল্লায় গাড়িচাপায় মো. রওশন মণ্ডল (৪০) নামে এক ইজিবাইকচালক নিহত হয়েছেন। শনিবার রাত সাড়ে ১১টায় ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোডের চাঁনমারীতে এ দুর্ঘটনা ঘটে। ফতুল্লা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শরিফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। নিহত রওশন মণ্ডল পাবনা সদর থানার চর আশুতোষপুরের মৃত পাসান মণ্ডলের ছেলে।

কালের কণ্ঠ
। মঙ্গলবার। ১২ নভেম্বর ২০২৪

# ভবন থেকে পড়ে রাজমিস্ত্রির মৃত্যু

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর বাড্ডা থানার আফতাবনগরে একটি নির্মীয়মাণ ভবনের ১১ তলা থেকে পড়ে ইকবাল বিশ্বাস (৫৫) নামের এক রাজমিস্ত্রি নিহত হয়েছেন। গতকাল সোমবার বিকেল সাড়ে ৫টার দিকে মুমূর্ষু অবস্থায় রাজমিস্ত্রি ইকবালকে উদ্ধার করে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

যুগান্তর
সোমবার ১১ নভেম্বর ২০২৪
২৬ কার্তিক ১৪৩১

# সিদ্ধিরগঞ্জে সড়ক অবরোধ করে শ্রমিকদের বিক্ষোভ

সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

বোনাস, সার্ভিস বেনিফিট নির্দিষ্ট সময় মতো দেওয়াসহ বিভিন্ন দাবিতে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের গোদনাইলে বিক্ষোভ করেছেন পিএম নিট কারখানার শ্রমিকরা। রোববার শিমরাইল-নারায়ণগঞ্জ সড়ক অবরোধ করে তারা বিক্ষোভ করেন। বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বিক্ষোভ করেন তারা। এ সময় সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। ভোগান্তিতে পড়েন যাত্রীরা। পুলিশসহ যৌথবাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিষয়টি নিশ্চিত করেছেন সিদ্ধিরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন। তিনি বলেন, সন্ধ্যা ৬টার পর শ্রমিকদের কারখানায় ফিরিয়ে নেওয়া হয়। সেনাবাহিনী ও পুলিশের উপস্থিতিতে এ সময় মালিক পক্ষ অধিকাংশ দাবি মেনে নেওয়ার আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়। আন্দোলনরত শ্রমিকরা জানায়, দাবি মেনে নেওয়ার আশ্বাস দিলে অবরোধ তুলে নেওয়া হয়।

দৈনিক ইত্তেফাক
১৩ নভেম্বর ২০২৪

# কাঁচপুরে গ্যাস বিস্ফোরণে সাত শ্রমিক দগ্ধ

■ স্টাফ রিপোর্টার, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের কাঁচপুরে রাস্তায় গ্যাসের মেইন লাইনের লিকেজ থেকে বিস্ফোরণ ঘটেছে। এতে সাত শ্রমিক দগ্ধ হয়েছেন। গত সোমবার রাতে সোনারগাঁ উপজেলার কাঁচপুরের সোনাপুর লাভলী সিনেমা হলের সামনে এ দুর্ঘটনা ঘটে। দগ্ধরা হলেন—মো. মিজান, জাহাঙ্গীর আলম, রিপন, সুলতান, শাহজালাল, মো. জয় ও রাজু। ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারির আবাসিক চিকিৎসক ডা. শাওন বিন রহমান জানান, সাত জনের মধ্যে মিজান ১৯ শতাংশ, জাহাঙ্গীর আলম ১০ শতাংশ, রিপন ৯ শতাংশ, সুলতান ২০ শতাংশ, শাহজালাল ৭ শতাংশ, মো. জয় ২২ শতাংশ ও রাজু ২ শতাংশ দগ্ধ হয়েছেন।

যুগান্তর
শুক্রবার ১৫ নভেম্বর ২০২৪
৩০ কার্তিক ১৪৩১

# টঙ্গীতে পোশাক কারখানায় আগুন

টঙ্গী শিল্পাঞ্চল (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের টঙ্গীতে অবস্থিত জাবের অ্যান্ড জোবায়ের কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার সকাল পৌনে ১০টায় টঙ্গীর পাগাড় এলাকায় এই ঘটনা ঘটে। জানা যায়, জাবের অ্যান্ড জোবায়ের গ্রুপের ডাইং ল্যাপ সেকশনে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লাগে। ২০ মিনিটেই শ্রমিক ও ফায়ার সার্ভিসের কর্মীরা মিলে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুনে কেউ হতাহত হয়নি।

টঙ্গী ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার মো. শাহিন আলম যুগান্তরকে জানান, আগুন লাগার খবর পেয়ে টঙ্গী ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে ৩০ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এতে হতাহতের ঘটনা ঘটেনি। ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

সময়ের আলো
শনিবার। ১৬ নভেম্বর ২০২৪।

## চরফ্যাশনে বয়লার বিস্ফোরণে শ্রমিক নিহত

■ নিজস্ব প্রতিবেদক ভোলা

চরফ্যাশনে একটি চালকলে ধান সেদ্ধ করার সময় বয়লার বিস্ফোরণে আল-আমীন মাঝি (৩০) নামের এক শ্রমিক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুই শ্রমিক। শুক্রবার ভোর ৫টার দিকে উপজেলার চর মাদ্রাজ ইউনিয়নের চর আফজাল গ্রামের ২ নম্বর ওয়ার্ডে মেসার্স মুন্নি চালকলে এ দুর্ঘটনা ঘটে। নিহত আল-আমীন ওই গ্রামের মৃত জলিল মাঝির ছেলে।

আহত শ্রমিকরা হলেন, নিহত আল-আমীনের সহোদর ছোট ভাই ফিরোজ (২৫) ও মেসার্স মুন্নি চালকলের মালিক ও একই গ্রামের শাহজাহান মুন্সীর ছেলে মনির মহাজন (৪৫)।

গত তিন দিন আগে চালকলের চুল্লিটি তৈরি করা হয়েছে। ধান সেদ্ধ করতে প্রতিদিন ভোর ৪টার দিকে আগুন দেওয়া হয় এ চুল্লিতে।

স্থানীয়রা জানান, শুক্রবার ভোর ৫টার দিকে হঠাৎ বিকট শব্দে ঘুম ভেঙে যায় এলাকাবাসীর। দৌড়ে এসে ঘটনাস্থলে সবাই দেখতে পান নিহত ও আহতরা ছড়িয়ে-ছিটিয়ে পড়ে আছেন। পরে স্থানীয়রা আহতদের চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আল-আমীনকে মৃত ঘোষণা করেন। নিহতের ভাই ফিরোজকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়। অন্য আহত মিল মালিক মনির হোসেন চরফ্যাশন হাসপাতালে চিকিৎসাধীন।

সরেজমিনে দেখা গেছে, ছিন্নভিন্ন ইটের টুকরোগুলো পড়ে আছে পুরো মাঠজুড়ে। দুর্ঘটনায় স্বজন হারানোদের কান্নায় ভারী হয়ে উঠেছে পুরো গ্রাম। হাজারও মানুষের ভিড় দেখা গেছে ঘটনাস্থলজুড়ে।

স্থানীয় বাসিন্দা সোহেল জানান, বয়লার বিস্ফোরণে ছিটকে পড়া চুল্লি ও ইটের টুকরোগুলো ছড়িয়ে-ছিটিয়ে পড়ে আছে। বিস্ফোরণে ধান সেদ্ধ করার চুল্লির পাইপটি দুর্ঘটনাস্থল থেকে অন্তত ২০০ মিটার দূরে গিয়ে ছিটকে পড়ে। একটু সামনে পড়লেই আরও বড় দুর্ঘটনা ঘটতে পারত।

দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসা চরফ্যাশন থানা পুলিশের উপপরিদর্শক ছিদ্দিকুর রহমান বলেন, চালকলে বিস্ফোরণের ঘটনায় শ্রমিক আল-আমীন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুজন আহত হয়েছেন। চরফ্যাশন থানার ওসি মিজানুর রহমান হাওলাদার বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে ঘটনাটি খতিয়ে দেখতে। এ ঘটনায় যদি কারও অবহেলা থাকে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বুধবার, নভেম্বর ১৩, ২০২৪ ■ কার্তিক ২৮, ১৪৩১ বণিক বার্তা

## পাঁচ জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ৭

বণিক বার্তা ডেস্ক ■

বাগেরহাটে গাছের সঙ্গে ধাক্কা লেগে প্রাইভেট কারের চালকসহ দুজন নিহত হয়েছেন। এছাড়া সিরাজগঞ্জ, চট্টগ্রাম, দিনাজপুর ও সিলেটে সড়ক দুর্ঘটনায় আরো পাঁচজনের প্রাণহানি হয়েছে। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনায় আহত হয়েছেন আরো তিনজন। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**বাগেরহাট:** মোল্লাহাটে গাছের সঙ্গে প্রাইভেট কারের ধাক্কা লেগে চালকসহ দুজন নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন প্রাইভেট কারে থাকা আরো তিন যাত্রী। আহতদের উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। সোমবার রাত সাড়ে ৩টার দিকে উপজেলার মেঝেরা গাওলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।



নিহতরা হলেন কুমিল্লার দাউদকান্দি উপজেলার বাসিন্দা প্রাইভেট কারচালক তারেক (৩৫) এবং একই উপজেলার রিয়াদ (৪০)। আহতরা হলেন মুরাদনগর উপজেলার হাবিবুর রহমান, দাউদকান্দি উপজেলার রাসেল ও তিতাস উপজেলার সোরাব হোসেন।

**সিরাজগঞ্জ:** নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি মিক্সার গাড়ির সঙ্গে ধাক্কা লেগে দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। সোমবার রাতে সিরাজগঞ্জ-কাজীপুর আঞ্চলিক মহাসড়কের বাগবাটি ইউনিয়নের পিপুলবাড়িয়া বাজারে এ দুর্ঘটনা ঘটে। সদর থানার এসআই মো. মানিক হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন বাগবাটি ইউনিয়নের দত্তবাড়ি গ্রামের বেলাল হোসেনের ছেলে কলেজছাত্র আব্দুল হাকিম (২২) ও হরিণা গ্রামের তোফাজ্জল হোসেনের ছেলে মুদি ব্যবসায়ী সৌরভ আলী (৩৫)।

**চট্টগ্রাম:** মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক বিভাজকে ধাক্কা লেগে নুরুল আবছার চৌধুরী (৫১) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। গতকাল সকাল সাড়ে ৮টার দিকে নগরের বন্দর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নুরুল আবছার চট্টগ্রামের রাঙ্গুনিয়া পৌরসভার মাতব্বর বাড়ির বাসিন্দা।

**দিনাজপুর:** ইজিবাইক থেকে ছিটকে পড়ে ট্রাকচাপায় রোজিনা খাতুন (২৫) নামে এক নারী নিহত হয়েছেন। তবে তার কোলে থাকা এক বছরের সন্তান অক্ষত রয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টার দিকে দিনাজপুর শহরের নিমনগর বালুবাড়ী শহীদ মিনার মোড়ে এ দুর্ঘটনা ঘটে। রোজিনা খাতুন বিরল উপজেলার শংকরপুর গ্রামের মো. ফারুক হোসেনের স্ত্রী। দিনাজপুর কোতোয়ালি থানার ওসি মো. মতিউর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

**সিলেট:** ফেঞ্চুগঞ্জে বাসচাপায় জুবায়ের আহমদ জুবা (৩২) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। গতকাল দুপুর সাড়ে ১২টার দিকে ফেঞ্চুগঞ্জ-নয়াবাজার সড়কের ফরিদপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত জুবায়ের উপজেলার নুরপুর গ্রামের মৃত আকরাম আলীর ছেলে।

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০২৪ ■ কার্তিক ২৯, ১৪৩১ বণিক বার্তা

## শেরপুরে চারজনসহ সড়ক দুর্ঘটনায় নিহত ৬

বণিক বার্তা ডেস্ক ■

শেরপুরের নকলায় পিকআপের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশার যাত্রী নিহত হয়েছেন। এছাড়া সড়ক দুর্ঘটনায় চাঁপাইনবাবগঞ্জ ও দিনাজপুরে আরো দুজনের প্রাণহানি হয়েছে। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে:

**শেরপুর:** নেত্রকোনার পূর্বধলা উপজেলার লাউদানা এলাকার উম্মে সালমা তার দুই মেয়ে ও ছেলেকে নিয়ে দুদিন আগে শেরপুরে এক আত্মীয়ের বাসায় বেড়াতে আসেন। গতকাল সিএনজিচালিত অটোরিকশা করে ময়মনসিংহে যাচ্ছিলেন। অটোরিকশায় আরো কয়েকজন যাত্রী ছিলেন। দুপুর সাড়ে ১২টার দিকে নকলার গড়েরগাঁও থেকে পাইস্কা বাইপাস হয়ে ময়মনসিংহ-শেরপুর সড়কে ওঠার সময় একটি পিকআপ ধাক্কা দিলে অটোরিকশাটি দুমড়েমুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় শিশু তায়েবা (১০) ও তাজেন মিয়া (১৫)। আহত অটোরিকশাচালকসহ কয়েকজনকে স্থানীয়রা নকলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সেখান থেকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে সুবিনা বেগম (২০) ও আলাল উদ্দিন (৩৫) মারা যান। নিহত তায়েবা নেত্রকোনার পূর্বধলা উপজেলার লাউদানা গ্রামের তোফাজ্জল হোসেনের মেয়ে। তাজেন মিয়া শেরপুর সদর উপজেলার পালাশিয়া গ্রামের সুলতান মিয়ার ছেলে। সুবিনা বেগম ময়মনসিংহের ফুলপুর উপজেলার কাজিয়াকান্দা এলাকার সুলতান মিয়ার স্ত্রী এবং আলাল উদ্দিন ফুলপুর উপজেলার সাহাপুর এলাকার আবুল কাসেমের ছেলে।



নকলা থানার ওসি হাবিবর রহমান জানান, ঘটনার পর পিকআপচালক পালিয়ে যান। ঘটনাস্থল থেকে অটোরিকশা ও পিকআপটি উদ্ধার করে থানা হেফাজতে আনা হয়েছে।

**চাঁপাইনবাবগঞ্জ:** বালিবাহী ট্রাক্টরের ধাক্কায় আব্দুল্লাহ আল ওসমান (১৩) নামে এক মাদ্রাসা ছাত্র নিহত হয়েছে। গতকাল সকাল ১০টার দিকে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার বিদিরপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্দুল্লাহ আল ওসমান সদর উপজেলার মিস্ত্রি গ্রামের উজ্জ্বল আলীর ছেলে।

**দিনাজপুর:** বিরামপুরে ট্রাকচাপায় ছবেদ আলী (৪৫) নামে এক যুবক নিহত হয়েছেন। মঙ্গলবার রাত সাড়ে ১২টার দিকে উপজেলার দিনাজপুর-গোবিন্দগঞ্জ আঞ্চলিক মহাসড়কের টাটকপুর পুলিশ বক্সের কাছে এ দুর্ঘটনা ঘটে। নিহত ছবেদ আলী বিরামপুর পৌর শহরের টাটকপুর মহল্লার মৃত সমশের আলীর ছেলে।

শনিবার, নভেম্বর ১৬, ২০২৪ ■ অগ্রহায়ণ ১, ১৪৩১ বণিকবার্তা

# সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল চারজনের

বণিক বার্তা ডেস্ক ■

রাজশাহীতে বাসচাপায় দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এছাড়া লক্ষ্মীপুর ও টাঙ্গাইলে সড়ক দুর্ঘটনায় শিশুসহ আরো দুজনের প্রাণহানি হয়েছে। গতকাল দিনের বিভিন্ন সময় এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

টাঙ্গাইল: কালিহাতীতে পিকআপের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশার এক যাত্রী নিহত হয়েছেন। আহত হয়েছেন অটোচালকসহ দুজন। গতকাল দুপুর ১২টার দিকে কালিহাতীর ইছাপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত আনোয়ার হোসেন (৪০) সখীপুর উপজেলার কাকরাজান ইউনিয়নের হাঁড়িঙ্গাচালা গ্রামের মৃত মজুর আলীর ছেলে।

এলেঙ্গা হাইওয়ে থানার ওসি নান্নু খান জানান, এলেঙ্গা থেকে কালিহাতী যাচ্ছিল অটোরিকশাটি। টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কের ইছাপুরে বিপরীত দিক থেকে আসা একটি পিকআপ অটোরিকশাকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই অটোরিকশার এক যাত্রী নিহত হন। আহত হন চালক ও অন্য যাত্রী। তাদের টাঙ্গাইল জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দৈনিক ইত্তেফাক

শনিবার

১ অগ্রহায়ণ ১৪৩১, ১৬ নভেম্বর ২০২৪

# চরফ্যাশনে বয়লার বিস্ফোরণে শ্রমিক নিহত

■ চরফ্যাশন (ভোলা) সংবাদদাতা

চরফ্যাশনে ধান সিদ্ধ করার বয়লার বিস্ফোরণে এক শ্রমিক নিহত হয়েছেন। নিহতের নাম মো. আল আমিন (৩০)। তিনি চর মাদ্রাজ ইউনিয়নের চর আফজাল গ্রামের মৃত জলিল মাঝির ছেলে। দুর্ঘটনায় আহত হয়েছেন নিহতের সহোদর ফিরোজ ও বয়লার মিলমালিক মনির। গুরুতর আহত ফিরোজকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল পাঠানো হয়েছে, মনিরকে চরফ্যাশন সদর হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। গতকাল শুক্রবার ভোর ৫টার দিকে উপজেলার চর মাদ্রাজ ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড চর আফজাল গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

চরফ্যাশন থানার ওসি মো. মিজানুর রহমান জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

যুগান্তর | সোমবার ১৮ নভেম্বর ২০২৪ ৩ অগ্রহায়ণ ১৪৩১

# সড়কে দুই ভাইসহ ঝরল ১৭ প্রাণ

যুগান্তর ডেস্ক

যশোর থেকে ঢাকায় ফেরার পথে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে নিহত হয়েছেন যুবক দুই ভাই। রোববার দুপুরে দক্ষিণ কেরানীগঞ্জের রাজেন্দ্রপুর এলাকায় ঢাকা-মাওয়া মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। এছাড়া ১২ স্থানে দুর্ঘটনায় আরও ১৫ জন প্রাণ হারিয়েছেন। তাদের মধ্যে ঢাকার ধামরাইয়ে ট্রাক চালকসহ দুজন, ব্রাহ্মণবাড়িয়ায় অটোযাত্রী, মেহেরপুরে নারীসহ দুজন, কক্সবাজারে ডাটা এন্ট্রি অপারেটর, ময়মনসিংহে শিশুসহ দুজন, যশোরে কলেজছাত্র, দিনাজপুরে ইমাম এবং সিরাজগঞ্জে বৃদ্ধ, সিলেটে কিশোর, রাজশাহী ও কুষ্টিয়ায় দুই শিক্ষক, চট্টগ্রামে আরোহী রয়েছেন। ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**ঢাকা উত্তর ও ধামরাই :** ধামরাইয়ে থেমে থাকা মিনি ট্রাকে অপর ট্রাকের ধাক্কায় নিহতরা হলেন—চালক কাঞ্চন ও হেলপার আশরাফুল। শনিবার মধ্যরাতে ধামরাইয়ের ঢুলিভিটা এলাকায় ঢাকা-আরিচা মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। মিনি ট্রাকচালক কাঞ্চনের বাড়ি জামালপুর সদরের শিলিকুরিয়া গ্রামে আর নেত্রকোনার রৌদনুর গ্রামে হেলপার আশরাফুলের বাড়ি।

**কেরানীগঞ্জ (ঢাকা) :** নিহতরা হলেন—শাকিল ও শাকিব। তারা যশোরের অভয়নগর থানাধীন প্রেমবাগ এলাকায় আবুল হোসেনের ছেলে। মোটরসাইকেল চালাচ্ছিলেন ছোট ভাই শাকিল। পেছনে ছিলেন বড় ভাই শাকিব। সকালে তারা গ্রামের বাড়ি থেকে ঢাকার উদ্দেশে রওয়ানা দেন। পথে ওই স্থানে মোটরবাইক নিয়ন্ত্রণ হারালে ঘটনাস্থলেই তাদের প্রাণ যায়।

**লালমনিরহাট :** পাটগ্রাম উপজেলায় সড়কে প্রাণ হারিয়েছেন ব্যবসায়ী আবুল কালাম আজাদ। রোববার সকালে পাটগ্রাম-বুড়িমারী স্থলবন্দর আঞ্চলিক মহাসড়কের কলতাপাড়া এলাকায় দুই মোটরসাইকেলের সংঘর্ষে তিনি নিহত হন। তিনি উপজেলার ললিতারহাট এলাকার বাসিন্দা।

**সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) :** সরাইলে ট্রাক-অটোরিকশা সংঘর্ষে যাত্রী জমির আলী নিহত হয়েছেন। দুর্ঘটনায় আহত হয়েছেন দুজন। রোববার সকালে উপজেলার শাহজিনগর বাসস্ট্যান্ড জামে মসজিদের সামনে ঢাকা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। জমির আলী ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার মজলিশপুর ইউনিয়নের জাফরগঞ্জ এলাকার মৃত ফয়েজ উদ্দিনের ছেলে।

**মেহেরপুর :** সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষার্থী ইব্রাহিম হোসেন ও অজ্ঞাতনামা বৃদ্ধা নিহত হয়েছেন। শনিবার ট্রাকচাপায় প্রাণ যায় ইব্রাহিমের। সে গাংনী উপজেলার তেরাইল গ্রামের আজগর শাহর ছেলে ও জোতি মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী। এছাড়া এদিন মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের ইম্প্যাক্ট ফাউন্ডেশনের কাছে দুর্ঘটনায় মারা যান ওই নারী।

**কক্সবাজার ও টেকনাফ :** মোটরসাইকেল দুর্ঘটনায় টেকনাফ উপজেলা নির্বাচন অফিসের ডাটা এন্ট্রি অপারেটর আব্দুর রহমান নিহত হয়েছেন। রোববার টেকনাফ-কক্সবাজার মেরিন ড্রাইভ সড়কের বাহার ছড়া জাহাজপুড়া এলাকায় তিনি দুর্ঘটনার কবলে পড়েন। তিনি মরিচ্যা পালং সাবেক রুমখাঁ জনাব আলী পাড়ার আব্দুল গফুরের ছেলে।

**রাজশাহী :** মোহনপুর উপজেলায় সড়ক দুর্ঘটনায় স্কুলশিক্ষক আব্দুর রহিমের মৃত্যু হয়েছে। তিনি বগুড়ার আদমদীঘি উপজেলার গোড়গ্রাম উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক। সকালে আব্দুর রহিম রাজশাহী শিক্ষা বোর্ডে এসেছিলেন। দুপুরে মোটরসাইকেলে ছয়জন শিক্ষক নওগাঁয় ফিরছিলেন। রাজশাহী-নওগাঁ মহাসড়কে মোহনপুরের একদিলতলায় বিপরীত দিক থেকে আসা মোটরসাইকেলের সঙ্গে আব্দুর রহিমের মোটরসাইকেলের সংঘর্ষ হয়।

**উল্লাপাড়া (সিরাজগঞ্জ) :** উপজেলার হাটিকুমরুল এলাকায় মোটরসাইকেল চাপায় বৃদ্ধ মজনু শেখ নিহত হয়েছেন। তিনি সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার হাটগাড়াবাড়ি গ্রামের মৃত সোরহাব শেখের ছেলে। শনিবার গভীর রাতে ঢাকা-পাবনা মহাসড়কে তিনি দুর্ঘটনার কবলে পড়েন।

**বীরগঞ্জ (দিনাজপুর) :** বীরগঞ্জে ট্রাক্টরের ধাক্কায় ইমাম গিয়াস উদ্দিনের মৃত্যু হয়েছে। গিয়াস উপজেলার মোহনপুর ইউনিয়নের চিলকুড়া গ্রামের বাসিন্দা এবং চিলকুড়া রশিদ বানিয়াপাড়া মসজিদের ইমাম। রোববার উপজেলার মোহনপুর ইউনিয়নের গোলাপগঞ্জ-লাটেরহাট সড়কে এ দুর্ঘটনা ঘটে।

**মনিরামপুর (যশোর) :** মনিরামপুরে মোটরসাইকেল-পিকআপ সংঘর্ষে মোটরসাইকেল আরোহী কলেজছাত্র মারুফ হোসেন প্রাণ হারিয়েছেন। রোববার সকালে রাজারহাট-চুকনগর মহাসড়কের মনিরামপুরের পেয়ারাতলা এলাকায় দুর্ঘটনাটি ঘটে। মারুফ উপজেলার মুন্সীখানপুর গ্রামের আবুল হাসান সরদারের ছেলে।

**ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) :** ঈশ্বরগঞ্জে দুর্ঘটনায় নিহতরা হলো—উপজেলার রাজিপুর ইউনিয়নের ভাটিচর নওপাড়া গ্রামের বিল্লাল হোসেনের শিশুপুত্র হাবিব। রোববার স্কুলে যাওয়ার পথে ট্রাকচাপায় তার মৃত্যু হয়। অপরদিকে কিশোরগঞ্জ থেকে ঈশ্বরগঞ্জে বাড়ি ফেরার পথে রাস্তায় মাহিন্দ্র উলটে ওই ইউনিয়নের মাইজহাটি গ্রামের আব্দুল করিমের ছেলে শাহজাহান চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

**কোম্পানীগঞ্জ (সিলেট) :** কোম্পানীগঞ্জে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী কিশোর কবির হোসেনের মৃত্যু হয়েছে। রোববার সিলেট-ভোলাগঞ্জ মহাসড়কের ভোলাগঞ্জ সেবা ফিলিং স্টেশনের সামনে এ দুর্ঘটনা ঘটে। উপজেলার পূর্ব ইসলামপুর ইউনিয়নের দক্ষিণ ঢালারপাড় গ্রামের কুদ্দুস মিয়ার ছেলে কবির।

**দৌলতপুর (কুষ্টিয়া) :** দৌলতপুরে ট্রাকচাপায় স্কুলশিক্ষক রবিউল ইসলাম প্রাণ হারিয়েছেন। রোববার উপজেলার রিফাইতপুর ইউনিয়নের সংগ্রামপুর এলাকায় ঝুমুরের ইটভাটার কাছে এ দুর্ঘটনা ঘটে। রবিউল একই ইউনিয়নের নারাণপুর গ্রামের মৃত তোফাজ্জেল হোসেনের ছেলে এবং ঝাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ছিলেন।

**সীতাকুণ্ড (চট্টগ্রাম) :** সীতাকুণ্ডের পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ইমরুল হক মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন। রোববার উপজেলার ছোট দারোগারহাট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। তিনি খাগড়াছড়ির ইসলামপুর গ্রামের মহিউদ্দিন আহমেদের ছেলে।

সময়ের আলো রোববার। ১৭ নভেম্বর ২০২৪

# সারা দেশে সড়ক দুর্ঘটনায় ৫ জন নিহত

## মাদারীপুরে চিত্রনায়ক রুবেলসহ ৯ জন আহত

সময়ের আলো ডেস্ক

খুলনায় মোটরসাইকেল ও ইজিবাইবাইকের মুখোমুখি সংঘর্ষে দুজনের মৃত্যু হয়েছে। শুক্রবার রাতে নগরীর লবণচরা থানাধীন হরিণটানা গেটে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়ে আরও দুজন খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

এ ছাড়া চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার চট্টগ্রাম-খাগড়াছড়ি আঞ্চলিক মহাসড়কে টমটম-মোটরবাইকের মুখোমুখি সংঘর্ষে এক যুবকের মৃত্যু হয়েছে। অন্যদিকে, যশোরের কেশবপুরে মোটরসাইকেল চালিয়ে রাতে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় জাহাঙ্গীর আলম (৩৫) নামের এক দোকান কর্মচারীর মৃত্যু হয়েছে। নাটোরে ট্রাকের ধাক্কায় অটোভ্যান যাত্রী নাঈম ইসলাম (২৮) নামের এক যুবক নিহত হয়েছেন। অপরদিকে ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুর সদর উপজেলার সমাদ্দার এলাকায় সড়ক দুর্ঘটনায় চিত্রনায়ক মাসুম পারভেজ রুবেলসহ ৯ জন আহত হয়েছেন। আমাদের ব্যুরোপ্রধান, প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর–

**খুলনা :** খুলনায় মোটরসাইকেল ও ইজিবাইবাইকের মুখোমুখি সংঘর্ষে দুজনের মৃত্যু হয়েছে। শুক্রবার রাতে নগরীর লবণচরা থানাধীন হরিণটানা গেটে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন–মোটরসাইকেল চালক মোংলা উপজেলার সানবান্দা গ্রামের মোয়াজ্জেম হোসেনের ছেলে মিরাজ মোয়াজ্জেম ও ইজিবাইক চালক বটিয়াঘাটা উপজেলার দারোগারভিটা এলাকার হানিফ হাওলাদারের ছেলে মোহাম্মদ রাব্বি হাওলাদার।

সড়ক দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে লবণচরা থানার এসআই মো. জাকির হোসেন বলেন, শুক্রবার রাত ৮টার দিকে ইজিবাইক চালক মোহাম্মাদ রাব্বি হাওলাদার বাগমারা পার হয়ে হরিণটানা গেটের দিকে যাচ্ছিলেন। হাইওয়ে মুখে ওঠার সময় বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী একটি মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থলে মোটরসাইকেল চালক মিরাজ মোয়াজ্জেমের মৃত্যু হয়। এ ছাড়া ইজিবাইক চালক মোহাম্মাদ রাব্বি গুরুতর আহত হয়। তাকে স্থানীয়রা উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

**ফটিকছড়ি (চট্টগ্রাম) :** চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার চট্টগ্রাম-খাগড়াছড়ি আঞ্চলিক মহাসড়কে টমটম-মোটরবাইকের মুখোমুখি সংঘর্ষে এক যুবকের মৃত্যু হয়েছে। শনিবার দুপুরে উপজেলার বারৈয়ারহাট 'সৈয়দ-সৈয়দা উচ্চ বিদ্যালয় সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনায় ঘটে। এতে সঙ্গে থাকা অপর যুবক গুরুতর আহত হয়েছেন। নিহত যুবক সাইদুল আনোয়ার বাবু (২৬) উপজেলার নাজিরহাট পৌরসভাধীন ৪ নং ওয়ার্ডের দাঈম চৌধুরী বাড়ির প্রবাসী মোহাম্মদ ইদ্রিসের ছেলে। তিনি বাইক আরোহী ছিলেন।

বিষয়টি নিশ্চিত করে নাজিরহাট হাইওয়ে পুলিশ জানায়, ফটিকছড়ি থেকে চট্টগ্রামমুখী একটি বাইক যাওয়ার সময় বিপরী মুখ থেকে আসা একটি টমটম বাইকটিকে ধাক্কা দেয়। এতে বাইক আরোহী এক যুবক ঘটনাস্থলে মারা যান। সঙ্গে থাকা অপরজন আহত হন। তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**কেশবপুর (যশোর) :** কেশবপুরে মোটরসাইকেল চালিয়ে রাতে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় জাহাঙ্গীর আলম (৩৫) নামের এক দোকান কর্মচারীর মৃত্যু হয়েছে। শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে যশোর-চুকনগর সড়কের মধ্যকুল গুটলেতলা নামক এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। নিহত জাহাঙ্গীর আলম কেশবপুর পৌরসভার হাবাসপোল এলাকার আবদর রশিদ খাঁর ছেলে। সড়ক দুর্ঘটনায় ওই ব্যক্তির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন কেশবপুর থানার ওসি খান শরীফুল ইসলাম।

**নাটোর :** নাটোরে ট্রাকের ধাক্কায় অটোভ্যান যাত্রী নাঈম ইসলাম (২৮) নামে এক যুবক নিহত হয়েছে। এ সময় অটোভ্যান চালকসহ তিনজন আহত হয়েছেন। শনিবার দুপুর আড়াইটার দিকে নাটোর সদর উপজেলার সৈয়দ মোড় এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত নাঈম ইসলাম গোপালগঞ্জ জেলার মৃত লিটু সিকদারের ছেলে বলে জানা গেছে।

**মাদারীপুর :** ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুর সদর উপজেলার সমাদ্দার এলাকায় সড়ক দুর্ঘটনায় চিত্রনায়ক মাসুম পারভেজ রুবেল আহত হয়েছেন। এ সময় তার সঙ্গে থাকা ৮ সহযোগীও আহত হয়েছেন। শনিবার সকালে নায়ক রুবেলকে বহনকারী মাইক্রোবাসটি একটি যাত্রীবাহী বাসকে সাইড দিতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে এই দুর্ঘটনা ঘটেছে। তারা সবাই ঢাকা থেকে বরগুনার আমতলীতে একটি ক্লাবের উদ্বোধন অনুষ্ঠানে যাচ্ছিলেন।

বণিকবার্তা
রোববার, নভেম্বর ১৭, ২০২৪ ■ অগ্রহায়ণ ২, ১৪৩১

# পাঁচ জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ৭

বণিক বার্তা ডেস্ক ■

সড়ক দুর্ঘটনায় পাঁচ জেলায় সাতজন নিহত হয়েছেন। এর মধ্যে সিরাজগঞ্জ ও চট্টগ্রামে চারজন রয়েছেন। এছাড়া চাঁপাইনবাবগঞ্জ, নোয়াখালী ও নাটোরে আরো তিনজনের প্রাণহানি হয়েছে। গতকাল দিনের বিভিন্ন সময় এসব দুর্ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**সিরাজগঞ্জ :** জেলার শাহজাদপুরে ডাম্প ট্রাকের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশার দুই যাত্রী নিহত হয়েছেন। গতকাল বেলা ৩টার দিকে বগুড়া-নগরবাড়ী মহাসড়কের গাড়াদহ পুরাতন বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন—শাহজাদপুর উপজেলার বনগ্রামের দুলাল সেখের ছেলে অটোরিকশাচালক সুজন সেখ (২৮) ও জামিরতা গ্রামের মানিক মিয়ার ছেলে বাহাদুর মিয়া (৩০)। হাটিকুমরুল হাইওয়ে থানার এসআই মাসুদুর ফাহিম বিষয়টি নিশ্চিত করেছেন।



তিনি জানান, অটোরিকশাটি পাবনা থেকে আসছিল। মহাসড়কের গাড়াদহ পুরনো বাসস্ট্যান্ডে পৌঁছলে বিপরীত দিক থেকে আসা একটি ডাম্প ট্রাক ধাক্কা দেয়। ঘটনাস্থলেই দুজন মারা যান।

যুগান্তর
শুক্রবার ১৫ নভেম্বর ২০২৪
৩০ কার্তিক ১৪৩১

# ডেমরায় নির্মাণাধীন ভবন থেকে পড়ে বৈদ্যুতিক মিস্ত্রির মৃত্যু

যুগান্তর প্রতিবেদন

রাজধানীর ডেমরায় নির্মাণাধীন বহুতল ভবন থেকে পড়ে এক বৈদ্যুতিক মিস্ত্রি গুরুতর আহত হন। তার নাম সাদ্দাম হোসেন। ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নেওয়ার পর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বৃহস্পতিবার দুপুরে এ ঘটনা ঘটে।

ঢামেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বলেন, লাশ হাসপাতাল মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে।

ভবনের কেয়ারটেকার সাব্বির উদ্দিন বাবুল বলেন, বাদশা মিয়া রোডে রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজের পাশে নির্মাণাধীন ১৪ তলা ভবনে বৈদ্যুতিক লাইনের কাজ করছিলেন সাদ্দাম। এ সময় পা ফসকে লিফটের ফাঁকা জায়গা দিয়ে নিচে পড়ে যান। তার বাড়ি নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলার কালিবাড়ি গ্রামে। বাবার নাম মো. ইসমাঈল হোসেন। বর্তমানে যাত্রাবাড়ীর কাজলায় পরিবার নিয়ে থাকতেন। এক ছেলে ও এক মেয়ের বাবা ছিলেন।

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
রবিবার ॥ ১৭ নভেম্বর ২০২৪ ॥

# বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল কলেজছাত্র ও শ্রমিকের

কুমিল্লা ও মুন্সীগঞ্জ প্রতিনিধি

কুমিল্লার দেবিদ্বারে ব্যাডমিন্টন খেলতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আফসার উদ্দিন রানা (১৭) নামে এক কলেজছাত্রের মৃত্যু হয়েছে। শুক্রবার রাতে দেবিদ্বার সরকার বাড়ির কাছের একটি মাঠে খেলা শেষে বিদ্যুতের তার গোছাতে গিয়ে? এ ঘটনা ঘটে। নিহত আফসার মুরাদনগর উপজেলার গুঞ্জর গ্রামের বাসিন্দা। এদিকে, মুন্সীগঞ্জের গজারিয়ায় বিদ্যুৎস্পৃষ্ট এক শ্রমিকের মৃত্যু ও চারজন আহত হয়েছেন। নিহত শ্রমিক নাজির হোসেন (২৬) সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায়। আহতরা হলেন, একই উপজেলার নাজমুল, মাসারুল, হেলাল ও জামাল উদ্দিন।

প্রথম আলো • রোববার, ১৭ নভেম্বর ২০২৪

গজারিয়া

# বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যু

মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলায় বৈদ্যুতিক খুঁটির তারের সঙ্গে টিনের চালের স্পর্শে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নাজির হোসেন (২৬) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন চারজন। গতকাল শনিবার সকাল সাড়ে আটটার দিকে উপজেলার গুয়াগাছিয়া ইউনিয়নের নতুনচর চাষি এলাকায় এ ঘটনা ঘটে। নাজির সুনামগঞ্জের জামালগঞ্জের পশ্চিম লক্ষ্মীপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে। আহত ব্যক্তিরা হলেন একই উপজেলার উমেদপুর গ্রামের কামাল উদ্দিনের ছেলে নাজমুল হোসেন (২২), একই গ্রামের আজিজ মিয়ার ছেলে মাসারুল ইসলাম (২৩), বদরপুর গ্রামের মুজিবুর রহমানের ছেলে হেলাল (২৪) এবং ওই গ্রামের প্রয়াত আবদুল খালেকের ছেলে জামাল উদ্দিন (৪০)। হতাহত ব্যক্তিরা সবাই গজারিয়ায় ভাড়া থেকে শ্রমিকের কাজ করতেন। গজারিয়া থানার ওসি মাহবুবুর রহমান বলেন, 'খবর পাওয়ামাত্রই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। বিষয়টি আমরা খতিয়ে দেখছি। নিহত ব্যক্তির লাশ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।'

প্রতিনিধি, মুন্সিগঞ্জ

দৈনিক ইত্তেফাক
বুধবার
৫ অগ্রহায়ণ ১৪৩১, ২০ নভেম্বর ২০২৪

# মধুপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে চালকসহ নিহত ৪

## পৃথক স্থানে আরো দুই জনের মৃত্যু

■ ইত্তেফাক ডেস্ক

টাঙ্গাইলের মধুপুর উপজেলায় যাত্রীবাহী বাস ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে চালকসহ চার জন নিহত হয়েছেন। এছাড়া পৃথক স্থানে সড়ক দুর্ঘটনায় আরো দুই জনের মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার এসব দুর্ঘটনা ঘটে।

**মধুপুর থেকে আমাদের ভ্রাম্যমাণ প্রতিনিধি** জানান, ভোর সাড়ে ৫টায় টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কে মধুপুর উপজেলার মালাউড়ি নামক স্থানে যাত্রীবাহী বাস ও একটি পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে চালকসহ চার জন নিহত হন। ঢাকাগামী একটি যাত্রীবাহী বাসের সঙ্গে ঢাকা থেকে জামালপুরগামী পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে পিকআপ ভ্যানচালক জামালপুরের ইসলামপুর উপজেলার মহালগিরি গ্রামের হেকমত আলীর ছেলে সুমন মিয়া, সহকারী একই গ্রামের আমজাদ হোসেন, সবজি ব্যবসায়ী একই উপজেলার মোহাম্মদপুর গ্রামের আখতার আলীর ছেলে রবিউল শেখ এবং আব্দুল শেখের ছেলে শাহজাহান শেখ নিহত হন। দুর্ঘটনাকবলিত বাস ও পিকআপটি আটক করা হয়েছে। মধুপুর থানার ওসি এমরানুল কবীর খবরটি নিশ্চিত করেন। এদিকে প্রায় প্রতিদিনই দুর্ঘটনায় প্রাণহানির প্রতিবাদে দুপুরে মধুপুর সরকারি কলেজের শিক্ষার্থীরা মধুপুর উপজেলা বাসস্ট্যান্ড চত্বর অবরোধ করেন। তারা ধনবাড়ী-ঢাকা রুটে ঐ বাসটির চলাচল বন্ধের দাবি জানান। অবরোধের কারণে বৃহত্তর ময়মনসিংহের ১১ রুটে যাতায়াতকারী যাত্রীবাহী বাস ও অন্যান্য যানবাহন দীর্ঘক্ষণ আটকে থাকে।

**ঝিনাইদহ থেকে আমাদের ভ্রাম্যমাণ প্রতিনিধি** জানান, ঝিনাইদহে মিনি ট্রাকের সঙ্গে আলমসাধুর সংঘর্ষে এক জনের মৃত্যু হয়েছে। নিহত হলেন আলমসাধুচালক আমিরুল লস্কর (৪১)। সকালে ঝিনাইদহ-মাগুরা সড়কের পোড়াহাটি তিন মাইল নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত আমিরুল হরিণাকুণ্ডু উপজেলার শ্রীফলতলা গ্রামের সাবদার লস্করের ছেলে। ঝিনাইদহ হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস জানান, সকালে জেলার হরিণাকুণ্ডু উপজেলা থেকে আলমসাধু চালিয়ে পাটকাঠি আনতে মাগুরা যাচ্ছিলেন আমিরুল লস্কার। পথে সদরের পোড়াহাটি তিন মাইল নামক স্থানে পৌঁছালে সামনের দিক থেকে আসা একটি মিনি ট্রাকের সঙ্গে সংঘর্ষ হয়। এতে রাস্তার পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান আলমসাধুচালক আমিরুল। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনার পর মিনি ট্রাকটি আটক করে পুলিশ। তবে চালক পালিয়ে গেছেন।

**তালা (সাতক্ষীরা) সংবাদদাতা** জানান, সাতক্ষীরা-খুলনা মহাসড়কের তালা উপজেলায় ট্রাকের ধাক্কায় এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। নিহতের নাম জাফর মোড়ল (৭৫)। দুপুরে মহাসড়কের তালা উপজেলার পাটকেলঘাটা পল্লী বিদ্যুৎ সদর দপ্তরের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত বৃদ্ধ তালা উপজেলার শাকদহ গ্রামের মৃত জবেদ আলী মোড়লের ছেলে। পাটকেলঘাটা থানার ওসি মাইনুদ্দিন জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি বর্তমানে হাইওয়ে পুলিশ দেখভাল করছে। তবে দুর্ঘটনার পরপরই চালক ট্রাক নিয়ে পালিয়ে গেছেন।



মধুপুর (টাঙ্গাইল) : দুর্ঘটনাকবলিত বাস —ইত্তেফাক

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
সোমবার ॥ ১৮ নভেম্বর ২০২৪

# সড়ক দুর্ঘটনায় নিহত ১২

প্রতিদিন ডেস্ক

দেশের বিভিন্ন স্থানে গতকাল সড়ক দুর্ঘটনায় ১২ জন নিহত হয়েছেন। নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের খবর– **গাজীপুর :** শ্রীপুরে বাসচাপায় নারী শ্রমিক ও বাংলাবাজার এলাকায় মোটরসাইকেল-অটোরিকশার সংঘর্ষে কলেজছাত্র নিহত হয়েছেন। নিহতরা হলেন বিলকিছ আক্তার ও নিলয় সরকার। **ধামরাই (ঢাকা) :** ধামরাইয়ে দাঁড়িয়ে থাকা পিকআপে ট্রাকের ধাক্কায় পিকআপের চালক ও হেলপার নিহত হয়েছেন। তারা হলেন জামালপুরের কাঞ্চন (২৩) ও নেত্রকোনার আশরাফুল (১৯)। **রাজশাহীর :** মোহনপুরে দুই মোটরসাইকেলের সংঘর্ষে আবদুর রহিম নামে এক শিক্ষক নিহত হয়েছেন। **চট্টগ্রাম :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সীতাকুণ্ডে কাভার্ডভ্যানের চাপায় ইমরুল হক (৪৮) নামে পল্লী বিদ্যুতের এক কর্মকর্তার মৃত্যু হয়েছে।
**সিলেট :** সিলেট-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ মহাসড়কে ট্রাকচাপায় নিহত মারা গেছেন কবির হোসেন (১৫) নামে এক কিশোর। **লালমনিরহাট :** পাটগ্রাম-বুড়িমারী সড়কে দুই মোটরসাইকেলের সংঘর্ষে আবুল কালাম (৪৮) নামে এক ব্যবসায়ী নিহত হয়েছেন। **সিরাজগঞ্জ :** যমুনা সেতু পশ্চিমপাড় মহসাড়কে ট্রাকচাপায় নিহত হয়েছেন মেনহাজ উদ্দিন নামে এক মোটরসাইকেল চালক। এছাড়া ব্রাহ্মণবাড়িয়া, দিনাজপুর ও কক্সবাজারের টেকনাফে সড়কে প্রাণ গেছে তিনজনের।

যুগান্তর
বৃহস্পতিবার ২১ নভেম্বর ২০২৪
৬ অগ্রহায়ণ ১৪৩১

# যাত্রাবাড়ীতে ম্যানহোল পরিষ্কার করতে গিয়ে পরিচ্ছন্নকর্মীর মৃত্যু

যুগান্তর প্রতিবেদন

রাজধানীর যাত্রাবাড়ী থানাধীন কাজলার পাড় এলাকায় ম্যানহোলের ময়লা পরিষ্কার করতে গিয়ে অজ্ঞাতনামা এক পরিচ্ছন্নকর্মীর (৩৫) মৃত্যু হয়েছে। বুধবার ভোর ৪টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

যাত্রাবাড়ী থানার এসআই ইকবাল বিন মুজাম্মেল হক বলেন, কাজলার পাড় ব্রিজের ওপর ম্যানহোলে ময়লা পরিষ্কার করার সময় এক পরিচ্ছন্ন কর্মী মারা যান। পরে লাশ উদ্ধার করে আইনি প্রক্রিয়া শেষে ময়নাতদন্তের জন্য দুপুরে ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়।

বণিক বার্তা
সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

# সড়ক দুর্ঘটনায় ১০ জেলায় ১৪ জনের প্রাণহানি

বণিক বার্তা ডেস্ক ■

সড়ক দুর্ঘটনায় ১০ জেলায় ১৪ জনের প্রাণহানি হয়েছে। এর মধ্যে রাজধানীর পল্টন ও ধামরাইয়ে তিনজন, ময়মনসিংহ ও গাজীপুরে চারজন নিহত হয়েছেন। এছাড়া সিরাজগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কক্সবাজার, রাজশাহী, সিলেট, লালমনিরহাট ও চট্টগ্রামে আরো সাতজন প্রাণ হারিয়েছেন। গতকাল দিনের বিভিন্ন সময় এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**ঢাকা :** রাজধানীর পল্টনে বাস ও ট্রাকের সংঘর্ষে জাকির হোসেন ভুইয়া (৫৪) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল ভোর সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত জাকির মার্কেন্টাইল ব্যাংকের নোয়াখালী সেনবাগ শাখার ম্যানেজার। তার বাড়ি ফেনীর দাগনভূঞা উপজেলায়। পরিবার নিয়ে তিনি রাজধানীর বাড্ডার ব্র্যাক ইউনিভার্সিটির পাশের এলাকায় থাকতেন।

এছাড়া ধামরাইয়ে ইটবোঝাই ট্রাকের পেছনে পিকআপের ধাক্কায় দুজন নিহত হয়েছেন। গতকাল ভোরে ধামরাইয়ের ঢুলিভিটা বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন পিকআপচালক কাঞ্চন (২৩)। তিনি জামালপুর সদরের শিলিকুরিয়া গ্রামের আনিস মিয়ার ছেলে। অন্যজন পিকআপের হেলপার আশরাফুল (১৯)। তিনি নেত্রকোনা জেলার বারহাট্টার রোদ্দুর গ্রামের ইসলাম উদ্দিনের ছেলে।

সাভার হাইওয়ে থানার ওসি সাওগাতুল আলম জানান, নিহতদের পরিবারের পক্ষ থেকে একটি অভিযোগ দেয়া হয়েছে। ইটবোঝাই ট্রাকটিও জব্দ করা হয়েছে।

**কক্সবাজার :** টেকনাফে মেরিন ড্রাইভে ট্রাক্টরের সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা লেগে উপজেলা নির্বাচন অফিসের এক কর্মচারী নিহত হয়েছেন। গতকাল বেলা ১১টায় বাহারছড়া ইউনিয়নের জাহাজপুরায় এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন বাহারছড়া পুলিশ তদন্ত কেন্দ্রের এসআই লক্ষণ চন্দ্র বর্মণ। নিহত মো. আব্দুর রহমান (৪০) উখিয়া উপজেলার হলদিয়া পালং ইউনিয়নের সাবেক রুমখাঁ আলীপাড়ার আব্দুল গফুরের ছেলে। তিনি টেকনাফ উপজেলা নির্বাচন কার্যালয়ের কম্পিউটার অপারেটর হিসেবে কর্মরত ছিলেন।

**চট্টগ্রাম :** সীতাকুণ্ডে কাভার্ডভ্যানের ধাক্কায় মো. ইমরুল হক (৪৮) নামে পল্লী বিদ্যুতের এক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল বেলা সাড়ে ১১টার দিকে ছোট দারোগরিহাটে এ দুর্ঘটনা ঘটে। নিহত মো. ইমরুল হকের বাড়ি খাগড়াছড়ি জেলায়। তিনি মিরসরাই উপজেলার নিজামপুর পল্লী বিদ্যুৎ অফিসের লাইন টেকনিশিয়ান ইনচার্জ হিসেবে কর্মরত ছিলেন। মোটরসাইকেল করে কর্মস্থলে যাওয়ার পথে দুর্ঘটনার শিকার হন তিনি।

যুগান্তর | বৃহস্পতিবার ২১ নভেম্বর ২০২৪
৬ অগ্রহায়ণ ১৪৩১

# ধামরাইয়ে সড়কে চার পোশাক শ্রমিক নিহত

যুগান্তর ডেস্ক

ঢাকার ধামরাইয়ে তৈরি পোশাক কারখানার শ্রমিকবাহী বাস ও ট্রাকের সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত ২০ জন। স্ত্রীর লাশ নিয়ে বাড়ি ফেরার পথে নিয়ন্ত্রণ হারিয়ে অ্যাম্বুলেন্স খাদে পড়ে পরপারে পাড়ি জমিয়েছেন স্বামী ফাহাদুর রহমান ফরিদ। বুধবার সকালে ধামরাইয়ের সুতিপাড়া ইউনিয়নের বালিথা একেএইচ পোশাক কারখানার সামনে দুর্ঘটনাটি ঘটে। এছাড়া ১২ স্থানে সড়ক দুর্ঘটনায় আরও ১৪ জন প্রাণ হারিয়েছেন। তাদের মধ্যে নারায়ণগঞ্জের রূপগঞ্জে মোটরসাইকেল চালক, জামালপুরে পথচারী, নারায়ণগঞ্জে চালক, মুন্সীগঞ্জে যুবক, গাইবান্ধায় অজ্ঞাতনামা ব্যক্তি, ফরিদপুরে গণমাধ্যমকর্মী, বগুড়ায় শিক্ষার্থী, দিনাজপুরে বৃদ্ধ, জয়পুরহাটে মুসল্লি এবং ভোলায় শিশুসহ দুজন, পাবনায় দুজন ও ময়মনসিংহে কৃষক দল নেতা রয়েছেন। ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**পাবনা :** বেড়া উপজেলায় ইজিবাইক-মোটরসাইকেল সংঘর্ষে নিহতরা হলো—আমিনপুর এলাকার নয়াবাড়ী গ্রামের শহিদুলের ছেলে মোটরসাইকেল চালক পরশ ও সিন্দুরিয়া গ্রামের মন্টুর ছেলে ইজিবাইক চালক পুষ্প। পরশ পাবনা সিটি কলেজের এইচএসসি প্রথম বর্ষের শিক্ষার্থী।

যুগান্তর
বুধবার ২০ নভেম্বর ২০২৪
E-mail: anandonagar

# সৌদিতে গ্যাস বিষক্রিয়ায় ভৈরবের রাসেলের মৃত্যু

ভৈরব (কিশোরগঞ্জ) প্রতিনিধি

সৌদি আরবে গ্যাস বিষক্রিয়ায় ভৈরব উপজেলার যুবক রাসেল মিয়ার (৩২) মৃত্যুর খবর পাওয়া গেছে। সোমবার রিয়াদের ইশারা খালেদিয়া শহরের ছাপাখানায় এ ঘটনা ঘটে। উপজেলার কালিকাপ্রসাদ ইউনিয়নের কুমিরমারা এলাকার মোতু মিয়ার ছেলে রাসেল।

পারিবারিক সূত্রে জানা যায়, চার ভাই ও দুই বোনের মধ্যে রাসেল তৃতীয়। সাত বছর আগে জীবিকার তাগিদে সৌদি আরবে পাড়ি জমান রাসেল। তার তাবাচ্ছুম নামে একটি কন্যা রয়েছে।

সৌদি প্রবাসী ফায়েজ উদ্দিন জানান, রাসেল আমার থেকে খানিকটা দূরে একটি ছাপাখানায় কাজ করত। কারখানার ভবনের চতুর্থতলায় বাথরুম পরিষ্কারে কোডেডক্স কেমিক্যাল ব্যবহার করা হয়। রাসেল বাথরুমে গিয়ে গ্যাস বিষক্রিয়ায় আক্রান্ত হয়। পরে হাসপাতালে তার মৃত্যু হয়।

যুগান্তর | শুক্রবার ২২ নভেম্বর ২০২৪
৭ অগ্রহায়ণ ১৪৩১

# ভাঙ্গায় বাইকের ধাক্কায় ঝরল মা-মেয়ের প্রাণ

যুগান্তর ডেস্ক

ফরিদপুরের ভাঙ্গায় মহাসড়ক পারের সময় মোটরবাইকের ধাক্কায় মা ও মেয়ে নিহত হয়েছেন। বুধবার রাতে ভাঙ্গা পৌরভবনের পশ্চিম পাশে কুটিবাড়ি চরকান্দা এলাকায় ঢাকা-খুলনা মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। এছাড়া চার স্থানে দুর্ঘটনায় আরও চারজন প্রাণ হারিয়েছেন। তাদের মধ্যে রাজধানীতে যুবক বগুড়া ও গাজীপুরে দুই চালক এবং নোয়াখালীতে শিশু রয়েছেন। ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**কালিয়াকৈর (গাজীপুর) :** কালিয়াকৈর উপজেলার ঢালজোড়া মরকাবহ এলাকায় বৃহস্পতিবার কাভার্ডভ্যানের ধাক্কায় অটোচালক আমিনুল ইসলাম নিহত হয়েছেন। কালিয়াকৈর-ধামরাই আঞ্চলিক সড়কে দুর্ঘটনাটি ঘটে। আমিনুল কুড়িগ্রামের ফুলবাড়ি উপজেলার বোয়ালবীর এলাকার মৃত আমজাদ হোসেনের ছেলে। তিনি উপজেলার হিজলহাটি এলাকার জসিম উদ্দিন দেওয়ানের বাড়িতে ভাড়ায় থাকতেন।

যুগান্তর | বুধবার ২০ নভেম্বর ২০২৪ | ৫ অগ্রহায়ণ ১৪৩১

# মধুপুরে বাস-পিকআপ সংঘর্ষে ঝরল ৪ প্রাণ

যুগান্তর ডেস্ক

টাঙ্গাইলের মধুপুরে বাস-পিকআপ সংঘর্ষে চারজন প্রাণ হারিয়েছেন। মঙ্গলবার ভোরে টাঙ্গাইল-জামালপুর আঞ্চলিক মহাসড়কের মধুপুর পৌর শহরের মালাউড়ী সামসুন্নেছা চৌধুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ দুর্ঘটনা ঘটে। এছাড়া তিন স্থানে দুর্ঘটনায় আরও তিনজন নিহত হয়েছেন। তাদের মধ্যে ঝিনাইদহে গাড়িচালক, চট্টগ্রামে মাদ্রাসা শিক্ষক এবং নাটোরে বৃদ্ধ রয়েছেন। **প্রতিনিধিদের পাঠানো খবর—**



তিন স্থানে শিক্ষকসহ নিহত আরও ৩

**মধুপুর (টাঙ্গাইল) :** নিহতরা হলেন জামালপুরের ইসলামপুর উপজেলার মোহাম্মদপুর গ্রামের আক্তার আলীর ছেলে রবিজল শেখ, একই গ্রামের শাহাজল শেখ, পিকআপচালক হেকমত আলীর ছেলে সুজন মিয়া ও হেলপার কাশেম আলীর ছেলে আমজাদ হোসেন। ওই স্থানে ঢাকাগামী বাসের সঙ্গে জামালপুরগামী পিকআপের সংঘর্ষ হয়। এতে পিকআপটি দুমড়েমুচড়ে যায়। ঘটনাস্থলেই দুজন প্রাণ হারান। আর বাকি দুজনকে উদ্ধার করে হাসপাতালে নিলে চিকিৎসক তাদেরও মৃত ঘোষণা করেন।

**ঝিনাইদহ :** ঝিনাইদহে মিনি ট্রাকের ধাক্কায় আলমসাধুচালক আমিরুল লস্কর নিহত হয়েছেন। মঙ্গলবার সকালে সদর উপজেলার পোড়াহাটি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আমিরুল হরিনাকুণ্ডু উপজেলার শ্রীফলতলা গ্রামের সাবদার লস্করের ছেলে।

**হাটহাজারী (চট্টগ্রাম) :** হাটহাজারী পৌরসভার ১১ মাইল এলাকায় বাসচাপায় মাদ্রাসার শিক্ষক মোহাম্মদ শোয়েবের মৃত্যু হয়েছে। সোমবার রাতে তিনি দুর্ঘটনার কবলে পড়েন। শোয়েবের গ্রামের বাড়ি কক্সবাজারের মহেশখালী উপজেলার মাতারবাড়ী এলাকায়।

**বড়াইগ্রাম (নাটোর) :** বড়াইগ্রামে মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধ জালিমউদ্দিন প্রাণ হারিয়েছেন। মঙ্গলবার উপজেলার বড়াইগ্রাম থানার মোড়ে বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। জালিম বড়াইগ্রাম পশ্চিমপাড়া মহল্লার মৃত আলিমউদ্দিনের ছেলে।

যুগান্তর | সোমবার ১৮ নভেম্বর ২০২৪ | ৩ অগ্রহায়ণ ১৪৩১

# বাড্ডায় ভবন থেকে পড়ে রাজমিস্ত্রির মৃত্যু

যুগান্তর প্রতিবেদন

রাজধানীর বাড্ডায় নির্মাণাধীন ভবন থেকে নিচে পড়ে শাহ আলম ফরাজি (৫০) নামে এক রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে। রোববার সকাল ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে। তার বাড়ি পটুয়াখালীর সদরে। বাড্ডা সুবাস্তু টাওয়ারের পেছনের এলাকায় একটি বাড়িতে ভাড়া থাকতেন তিনি। নিহতের ছেলে আবুল কালাম জানান, বাড্ডা হোসেন মার্কেটের পেছনে একটি নির্মাণাধীন ৮তলা ভবনের ৮ম তলায় কাজ করছিলেন তার বাবা। হঠাৎ সেখান থেকে নিচে পড়ে যান। পরে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪,

## পানিতে ডুবে শ্রমিকের মৃত্যু

গাজীপুরের কালীগঞ্জে পানিতে ডুবে গত শনিবার সন্ধ্যায় ফরিদা বেগম (৪৪) নামের এক নারী শ্রমিকের মৃত্যু হয়েছে। প্রতিনিধি, গাজীপুর

বণিক বার্তা | সোমবার, নভেম্বর ২৫, ২০২৪

# নারায়ণগঞ্জে বসুন্ধরা পেপার মিলে বিস্ফোরণে ১০ শ্রমিক দগ্ধ

বণিক বার্তা প্রতিনিধি ■ নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের সোনারগাঁয় বসুন্ধরা পেপার মিলে বিস্ফোরণের পর অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ সময় আগুন নেভাতে গিয়ে দগ্ধ হয়েছেন কারখানার ১০ শ্রমিক। তাদের রাজধানীর জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। গতকাল সকালে উপজেলার মেঘনাঘাটে কারখানাটির এয়ার ফ্রেশনেস তৈরির ইউনিটে এ বিস্ফোরণের ঘটনা ঘটে। দগ্ধরা সবাই ওই কারখানার শ্রমিক বলে জানিয়েছে কারখানা কর্তৃপক্ষ।

কারখানার শ্রমিক জানান, বসুন্ধরা পেপার মিলের ইউনিট-১-এ এয়ার ফ্রেশনার, ডিটারজেন্ট, অ্যারোসল, হারপিক ও মশার কয়েল তৈরি হয়। সকাল ১০টার দিকে কারখানাটির এয়ার ফ্রেশনেস তৈরির ইউনিটে বৈদ্যুতিক লাইনের সংযোগ দিতে গেলে পাইপলাইনে বিস্ফোরণ হয়।

জাতীয় বার্ন ইনস্টিটিউটের আবাসিক সার্জন ডা. শাওন বিন রহমান জানান, আহতদের শরীরের অন্তত ১৫-২০ শতাংশ দগ্ধ হয়েছে। তাদের মধ্যে চারজনকে নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে রাখা হয়েছে। এ ব্যাপারে ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের উপসহকারী পরিচালক আব্দুল মন্নান জানান, ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে প্রাথমিক তদন্ত করছে। কারখানায় বিপুল পরিমাণে কেমিক্যাল রয়েছে। তবে আগুন বেশি দূর ছড়াতে পারেনি। কারখানার শ্রমিকরাই আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসেন।

সংবাদ | শুক্রবার ৭ অগ্রহায়ণ ১৪৩১ | Friday 22 November 2024

# ৭ জেলায় সড়কে নিহত

সংবাদ জাতীয় ডেস্ক

সড়ক দুর্ঘটনায় নারায়ণগঞ্জের পূর্বাচলে এক মোটরসাইকেল চালক, দিনাজপুরের ঘোড়াঘাটে এক ভ্যান চালক, জয়পুরহাটের পাঁচবিবিতে এক বৃদ্ধ, মুন্সীগঞ্জের শ্রীনগরে এক যুবক, কুড়িগ্রামের ভূরুঙ্গামারীতে এক কিশোর, ভোলার লালমোহনে এক শিশু এবং ফরিদপুরের ভাঙ্গায় এক সাংবাদিক নিহত হয়েছেন। এ বিষয়ে আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর–

**ঘোড়াঘাট (দিনাজপুর) :** দিনাজপুরের ঘোড়াঘাটে কাভার্ড ভ্যান চাপায় ইউসুফ আলী নামে এক ভ্যান চালক নিহত হয়েছেন। গত বুধবার দুপুর দেড়টায় উপজেলার সিংড়া ইউনিয়নের হায়দারনগর এলাকায় দিনাজপুর-গোবিন্দগঞ্জ আঞ্চলিক মহাসড়কের এই দুর্ঘটনা ঘটে। নিহত ইউসুফ আলী উপজেলার সিংড়া ইউনিয়নের কুচেরপাড়া গ্রামের নুর বক্তের ছেলে। ঘোড়াঘাট থানার ওসি নাজমুল হক জানান, ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে সুরতহাল শেষে তার পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। ঘাতক কাভার্ড ভ্যানটিকে জব্দ করা হয়েছে। তবে কাভার্ড ভ্যানের চালক এবং তার সহকারী পালিয়ে গেছেন। এই ঘটনায় সড়ক পরিবহন আইনে থানায় একটি মামলা দায়েরের বিষয় প্রক্রিয়াধীন রয়েছে।

সংবাদ | ঢাকা : বৃহস্পতিবার ১৩ অগ্রহায়ণ ১৪৩১ | Dhaka : Thursday 28 November 2024

# কলমাকান্দায় বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

প্রতিনিধি, কলমাকান্দা (নেত্রকোনা)

নেত্রকোনার কলমাকান্দায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নূর জামাল নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। গত মঙ্গলবার সকালে উপজেলার সদর ইউনিয়নের চান্দুয়াইল গ্রামে এই ঘটনা ঘটে। নিহত কৃষক নূর জামাল চান্দুয়াইল গ্রামের মৃত নূর ইসলামের ছেলে।

কলমাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক শরিফুল ইসলাম বলেন, হাসপাতালে নিয়ে আসার আগেই ওই কৃষকের মৃত্যু হয়েছে। কলমাকান্দা থানার ওসি মুহাম্মদ ফিরোজ হোসেন বলেন, খবর পেয়ে হাসপাতাল এবং ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এই ঘটনায় থানায় পরবর্তী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন।

শনিবার, নভেম্বর ২৩, ২০২৪ ■ অগ্রহায়ণ ৮, ১৪৩১ বণিক বার্তা

# চার জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ৫

বণিক বার্তা ডেস্ক ■

বরিশালে চালক নিয়ন্ত্রণ হারালে একটি ট্রাক পুকুরে উল্টে পড়ে। এতে চালকসহ দুজন নিহত হয়েছেন। এছাড়া পটুয়াখালী, নীলফামারী ও গোপালগঞ্জে সড়ক দুর্ঘটনায় আরো তিনজনের প্রাণহানি হয়েছে। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনা ঘটে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**বরিশাল:** গৌরনদীতে নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাক উল্টে পড়ে দুজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার মধ্যরাতে ঢাকা-বরিশাল মহাসড়কের তারাকুপি নামক স্থানে ট্রাকটি পুকুরে পড়ে যায়। বরিশালে পণ্য বিক্রি করে খালি ট্রাক নিয়ে ফরিদপুরে ফিরছিলেন চালক। গতকাল সকালে এ তথ্য নিশ্চিত করেন গৌরনদী হাইওয়ে থানার ওসি মো. আমিনুর রহমান।

নিহতরা হলেন ট্রাকচালক মুকুল হোসেন (৩৫) ও ফরিদপুরের ভাঙ্গা থানার চুমুরদি গ্রামের মোতাহার মোল্লার ছেলে বাদল মোল্লা (৪০)। ট্রাক চালকের পরিচয় পাওয়া যায়নি।

গৌরনদী ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. বিপুল হোসেন জানিয়েছেন, রাতেই ট্রাকচালক ও আরোহীকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। পরে মরদেহ হাইওয়ে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

বণিক বার্তা রোববার, নভেম্বর ২৪, ২০২৪।

# বরিশাল ও ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত ৩

বণিক বার্তা প্রতিনিধি ■ বরিশাল ও ঝিনাইদহ

বরিশালের উজিরপুর ও গৌরনদীতে সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হয়েছেন। এছাড়া ঝিনাইদহে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে একজনের প্রাণহানি হয়েছে। গতকাল দিনের বিভিন্ন সময় এসব দুর্ঘটনায় আহত হয়েছেন অন্তত আটজন।

পুলিশ জানায়, রুমান হাওলাদার ওরফে রূপম (২২) নামে এক যুবক গতকাল সকালে মোটরসাইকেল করে কর্মস্থল উজিরপুরের পুরান শিকারপুরে যাচ্ছিলেন। পথে দিঘিরপাড় এলাকায় বিপরীত দিক থেকে আসা ইটবোঝাই ট্রলির সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই তিনি মারা যান। রূপম উজিরপুর উপজেলার ধামসর গ্রামের নছিমনচালক মোস্তফা হাওলাদারের ছেলে।

উজিরপুর মডেল থানার এসআই জ্যোতির্ময় হালদার জানান, দুর্ঘটনার পরপরই ট্রলিচালক ইয়াসিন পালিয়ে যান। এছাড়া নিহত রূপমের পরিবারের কোনো অভিযোগ না থাকায় সুরতহাল শেষে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

অন্যদিকে গৌরনদী উপজেলার টকরী নিলখোলায় বাসচাপায় সাইদুল হাওলাদার (৩৭) নামে আরেক যুবক নিহত হয়েছেন। আহত হয়েছেন ভ্যানচালকসহ অন্তত পাঁচজন। বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ভ্যানের যাত্রী সাইদুল হাওলাদার উপজেলার ধানডোবা গ্রামের দেলোয়ার হাওলাদারের ছেলে।

গৌরনদী ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. বিপুল হোসেন জানান, ঢাকা থেকে ছেড়ে আসা বরগুনাগামী শ্রাবণী পরিবহনের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে যাত্রীবাহী ভ্যানকে চাপা দিয়ে দোকান ভেঙে খাদে পড়ে যায়। এতে ভ্যানের চালকসহ পাঁচ যাত্রী ও বাসের এক শিশু আহত হয়। আহতদের উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক সাইদুলকে মৃত ঘোষণা করেন। ভ্যানচালক জাহিদ বিশ্বাসকে গুরুতর অবস্থায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

গৌরনদী হাইওয়ে থানার ওসি মো. আমিনুর রহমান জানান, দুর্ঘটনাকবলিত বাসটি জব্দ করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

এদিকে ঝিনাইদহ সদর উপজেলার নতুনবাড়ী এলাকায় দুই ট্রাকের সংঘর্ষে আল-আমিন (২৫) নামে এক ট্রাকচালক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো তিনজন। ভোর সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত আল-আমিন কোটচাঁদপুরের আজিজুল ইসলামের ছেলে।

যুগান্তর সোমবার ২৫ নভেম্বর ২০২৪ ১০ অগ্রহায়ণ ১৪৩১

# সোনারগাঁয়ে কারখানায় দগ্ধ ১১, মিরপুরে ৭

যুগান্তর প্রতিবেদন

রাজধানীর মিরপুরে রোববার একটি বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে শিশুসহ সাতজন দগ্ধ হয়েছেন। তাদের জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। এছাড়া নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের মেঘনাঘাট এলাকায় একইদিনে অ্যারোসল ও এয়ারফ্রেশনার কারখানায় বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বিস্ফোরণে অন্তত ১১ জন শ্রমিক দগ্ধ হয়েছেন। মিরপুরের ১১ নম্বর সেকশনের সি-ব্লকের বাসায় দগ্ধরা হলেন— রংমিস্ত্রি আব্দুল খলিল (৪০), তার স্ত্রী রুমা আক্তার (৩২), ছেলে হাফেজ আব্দুল্লাহ (১৩), মোহাম্মদ (১০) ও ইসমাইল (৪)। পাশের বাসার ভাড়াটিয়া পোশাক শ্রমিক শাহজাহান (২৫) ও তার স্ত্রী স্বপ্না আক্তার পারভিন (২২)।

দগ্ধ শাহজাহান জানান, রাতে তারা বাসায় ঘুমিয়েছিলেন। ভোর আনুমানিক ৪টার দিকে বিস্ফোরণের শব্দ শুনতে পান। ঘুম ভাঙতেই দেখেন চারদিকে আগুন জ্বলছে। তাদের শরীরে আগুন লেগে গেছে। তখন নিজেরাই বাসার বাইরে বের হন। তাদের বাসায় কোনো গ্যাস সিলিন্ডার নেই। বাসার সামনে দিয়ে গ্যাস লাইন রয়েছে।

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক শাওন বিন রহমান বলেন, খলিলের শরীরের ৯৫ শতাংশ, আব্দুল্লাহর ৩৮, মোহাম্মদের ৩৫, রুমার ২০, ইসমাইলের ২০, স্বপ্নার ১৪ ও শাহজাহানের ৬ শতাংশ দগ্ধ হয়েছে। তাদের সবার অবস্থাই গুরুতর।

রোববার সকাল সাড়ে ১০টার দিকে কারখানায় বিস্ফোরণে দগ্ধরা হলেন বিপ্লব, আরিফ, হাসান, শাওন, হোসাইন, চঞ্চল, তামজিদ শেখ, তন্ময়, নুর ইসলাম, আল আমিন ও আরিফ। তাদের জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, কারখানাটিতে সকাল থেকে শ্রমিকরা কাজ করছিলেন। হঠাৎ একটি মেশিনে ওভারহিট হয়ে বিস্ফোরণ ঘটে। কারখানার অগ্নিনির্বাপণ কর্মীরা আগুন নিভিয়ে ফেলেন। কারখানার সিকিউরিটি ইনচার্জ মোর্শেদ আলম বলেন, এয়ারফ্রেশনারের বোতলে গ্যাস ভর্তির সময় ওভারহিটের কারণে বিস্ফোরণ হয়েছে। কারখানার ভেতরে বড় কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেনি।

সোনারগাঁ থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) আব্দুল জলিল বলেন, গ্যাস বিস্ফোরণ থেকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বার্ন ইনস্টিটিউটের আবাসিক দগ্ধদের বরাত দিয়ে জানান, ডিটারজেন্ট তৈরির ইউনিটে বৈদ্যুতিক লাইনের সংযোগ দিতে গিয়ে মেশিনে ও পাইপলাইনে বিস্ফোরণ ঘটে।

দৈনিক ইত্তেফাক ২৫ নভেম্বর ২০২৪

# সোনারাগাঁওয়ে কারখানায় বিস্ফোরণে ১১ শ্রমিক দগ্ধ

■ স্টাফ রিপোর্টার, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ের মেঘনাঘাট এলাকায় বসুন্ধরা গ্রুপের একটি অ্যারোসল ও এয়ারফ্রেশনার কারখানায় বিস্ফোরণে ১১ শ্রমিক দগ্ধ হওয়ার খবর পাওয়া গেছে। তাদের জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। গতকাল রবিবার সকাল ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে। দগ্ধ শ্রমিকরা হলেন—বিপ্লব (২৮), আরিফ (১৭), হাসান (২২), শাওন (২৪), হোসাইন (১৮), চঞ্চল (২৬), তামজিদ শেখ (৪০), তন্ময় (২৫), নুর ইসলাম (২৩), আল আমিন (২৪) ও মো. আরিফ।

জানা যায়, সকাল থেকে শ্রমিকরা কারখানার ইউনিট ওয়ানে অ্যারোসল ও এয়ারফ্রেশনার তৈরির কাজ করছিলেন। তখন হঠাৎ করে বিস্ফোরণ হয়। এতে আশপাশে থাকা ১১ জন শ্রমিক দগ্ধ হন। সঙ্গে সঙ্গে কারখানা অগ্নিনির্বাপণকর্মীরা আগুন নিভিয়ে ফেলেন। পরে দগ্ধদেরকে ঢাকার বার্ন ইনস্টিটিউটে নেওয়া হয়।

বসুন্ধরা পেপার মিল ইউনিট-১ এর সিকিউরিটি ইনচার্জ মোর্শেদ আলম জানান, সকালে কারখানার ভিতরে এয়ারফ্রেশনারের বোতলে গ্যাস ভর্তির সময় ছোট একটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে ১১ জনের মতো শ্রমিক দগ্ধ হয়েছে। বড় কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেনি। ফায়ার সার্ভিসের সহযোগিতা ছাড়াই ১০ মিনিটের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আনতে পেরেছি।

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪,

# সোনারগাঁয়ে বসুন্ধরা পেপার মিলে বিস্ফোরণ, ১০ শ্রমিক দগ্ধ

সংবাদদাতা, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে বসুন্ধরা গ্রুপের প্রতিষ্ঠান বসুন্ধরা পেপার মিলস লিমিটেড কারখানায় বিস্ফোরণে অন্তত ১০ জন শ্রমিক অগ্নিদগ্ধ হয়েছেন। তাঁরা রাজধানীর জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন।

দগ্ধ শ্রমিকেরা হলেন বিপ্লব (২৮), আল আমিন (২৪), মো. তামজিদ শেখ (৪০), মো. তন্ময় (২৫), মো. শাওন (২৪), মো. নূর ইসলাম (২৩), মো. হাসান (২২), হাসান (১৮), চঞ্চল (২৬) ও মো. আরিফ (২৭)।

তাঁদের মধ্যে বিপ্লবের ২০ শতাংশ, আল আমিনের ১৫ শতাংশ, মো. তামজিদ শেখের ১২ শতাংশ, মো. তন্ময়ের ১১ শতাংশ, মো. শাওনের ৮ শতাংশ, মো. নূর ইসলাম, মো. হাসান, হাসানের ৬ শতাংশ, চঞ্চলের ৫ শতাংশ ও মো. আরিফের ৪ শতাংশ শরীর দগ্ধ হয়েছে। জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক শাওন বিন রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন।

দুপুরে প্রতিষ্ঠানটি পরিদর্শন শেষে সোনারগাঁ ফায়ার স্টেশনের স্টেশন অফিসার সুজন কুমার হালদার বলেন, বসুন্ধরা পেপার মিলস লিমিটেডের ইউনিট-১-এর ভেতরে একাধিক প্রতিষ্ঠান রয়েছে। সকাল ১০টার দিকে কারখানাটির এয়ার ফ্রেশনার তৈরির অংশে শ্রমিকেরা কাজ করার সময় কারখানাটির র‍্যাপিং মেশিন অতিরিক্ত গরম হয়ে বিস্ফোরণের ঘটনা ঘটে। তখন সেখানে থাকা এয়ার ফ্রেশনারের কিছু বোতল বিস্ফোরিত হয়ে সেখানে থাকা শ্রমিকেরা দগ্ধ হন। তাৎক্ষণিক কারখানার নিজস্ব ফায়ার ইউনিট আগুন নিভিয়ে ফেলেন। দগ্ধদের হাসপাতালে নেওয়া হয়।

ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের (নারায়ণগঞ্জ-২) উপসহকারী পরিচালক আবদুল মন্নান বলেন, 'সকালে কারখানার পক্ষ থেকে আগুনের খবর জানানো হয়। কিন্তু ফায়ার সার্ভিস রওনা হওয়ার আগেই আগুন নিভে গেছে বলে আবার কারখানা থেকে জানানো হয়। তখন আমাদের বিস্ফোরণ বা দগ্ধের বিষয়টি জানানো হয়নি। পরে দগ্ধের খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে যায়।'

সময়ের আলো সোমবার। ২৫ নভেম্বর ২০২৪।

# মিরপুরে গ্যাস বিস্ফোরণে শিশুসহ দগ্ধ ৭

• নিজস্ব প্রতিবেদক

রাজধানীর মিরপুরে একটি টিনসেড বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে শিশুসহ সাতজন দগ্ধ হয়েছেন। তাদের জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে।

রোববার ভোরে মিরপুর-১১, ৫ নম্বর অ্যাভিনিউ, সি ব্লকের ১৬ নম্বর রোডের একটি বাসায় এই দুর্ঘটনা ঘটে।

দগ্ধরা হলেন–রং মিস্ত্রি আবদুল খলিল (৪০), তার স্ত্রী গৃহিণী রুমা আক্তার (৩২), ছেলে হাফেজ আবদুল্লাহ (১৩), মাদরাসাছাত্র মোহাম্মদ (১০) ও ইসমাইল (৪)। পাশের বাসার ভাড়াটিয়া মো. শাহজাহান (২৫) ও তার স্ত্রী স্বপ্না আক্তার পারভিন (২২)। তারা দুজনই গার্মেন্টস কর্মী।

দগ্ধ আবদুল খলিলের ভাতিজি নাসিমা আক্তার রুপালী জানান, তাদের বাড়ি মুন্সীগঞ্জের সদর উপজেলার চর বাঙলাবাজার গ্রামে। তিন ছেলেসহ তার চাচা-চাচি মিরপুরের ওই বাসায় ভাড়া থাকেন। তাদের পাশের বাসায় ভাড়া থাকেন ওই দম্পতি। ভোরে তিনি খবর পান, ওই বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণ হয়েছে। তারা সবাই দগ্ধ হয়েছেন। পরে তাদের উদ্ধার করে বার্ন ইনস্টিটিউটে নিয়ে আসা হয়।

দগ্ধ শাহজাহান জানান, রাতে তারা বাসায় ঘুমিয়ে ছিলেন। ভোর আনুমানিক ৪টার দিকে হঠাৎ বিস্ফোরণের শব্দ শুনতে পান। ঘুম ভাঙতেই দেখেন চারদিকে আগুন জ্বলছে। তাদের শরীরে আগুন লেগে গেছে। তখন নিজেরাই বাসার বাইরে বের হন। তিনি আরও জানান, তাদের বাসায় কোনো গ্যাস সিলিন্ডার নেই। বাসার সামনে দিয়ে গ্যাস লাইন রয়েছে। দুদিন আগে রাস্তার পাশে সেই গ্যাস লাইনে হঠাৎ করে আগুন জ্বলে উঠেছিল। পরে স্থানীয়রা সে আগুন নেভান। তার তার ধারণা, সেই লাইন থেকে লিকেজ হয়ে তাদের রুমের ভেতর গ্যাস জমে ছিল। সেখান থেকে বিস্ফোরণ হয়েছে।

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. মো. শাওন বিন রহমান জানান, খলিলের ৯৫ শতাংশ দগ্ধ, আবদুল্লাহর ৩৮ শতাংশ, মোহাম্মদের ৩৫, রুমার ২০, ইসমাইলের ২০, স্বপ্নার ১৪ ও শাহজাহানের ৬ শতাংশ দগ্ধ হয়েছে। তাদের সবার অবস্থায়ই গুরুতর।

যুগান্তর
শুক্রবার ২৯ নভেম্বর ২০২৪
১৪ অগ্রহায়ণ ১৪৩১

# শ্রীপুরে ম্যাট্রেস কারখানার গুদামে আগুন

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের শ্রীপুরে একটি ম্যাট্রেস কারখানার গুদামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার বেলা ১১টার সময় উপজেলার মাওনা চৌরাস্তার একটি পাঁচতলা ভবনের নিচতলায় ম্যাট্রেস কারখানার গুদামে অগ্নিকাণ্ডের এ ঘটনা ঘটে। কারখানার মালিক পারভেজ মিয়া জানান, গুদামে আকস্মিক অগ্নিকাণ্ডে কারখানার নিচতলার গুদামে থাকা সমস্ত মালামাল পুড়ে গেছে। আগুন লাগার পরপরই পুরো গুদামে তা ছড়িয়ে পড়ে। স্থানীয়রা চেষ্টা করেও আগুন নিয়ন্ত্রণে আনতে পারেননি।

কারখানার গুদামে প্রচুর পরিমাণ মালামাল মজুত করা ছিল।

সংবাদ
শুক্রবার ১৪ অগ্রহায়ণ ১৪৩১
Friday 29 November 2024

# ট্রলির ধাক্কায় ২ নারী নিহত

জেলা বার্তা পরিবেশক, কুষ্টিয়া

কুষ্টিয়ার মিরপুরে সিমেন্ট বোঝাই শ্যালোইঞ্জিন চালিত একটি ট্রলির ধাক্কায় মরিয়ম খাতুন এবং ছবেলা খাতুন নামে দুই ভ্যানযাত্রী নারী নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন অপর এক নারী যাত্রীসহ ভ্যানচালক। গত বুধবার সকাল পৌনে ১১টায় উপজেলার মশান বাজারে কুষ্টিয়া-মেহেরপুর সড়কে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় নিহত মরিয়ম খাতুন উপজেলার বারুইপাড়া ইউনিয়নের কবরবাড়ীয়া এলাকার নাসির মন্ডলের স্ত্রী এবং নিহত ছবেলা খাতুন একই এলাকার স্বর্গীয় কুমার মন্ডলের স্ত্রী। নিহতরাসহ ৩ জন নারী টিসিবির পণ্য আনতে ভ্যানযোগে ইউনিয়ন পরিষদে যাচ্ছিলেন।

ইত্তেফাক
সোমবার
১০ অগ্রহায়ণ ১৪৩১, ২৫ নভেম্বর ২০২৪

# বিভিন্ন স্থানে সড়কে ঝরল ১০ প্রাণ

ঘিওর (মানিকগঞ্জ) সংবাদদাতা : ঢাকা-আরিচা মহাসড়কের পুখুরিয়া এলাকায় বাসের ধাক্কায় একজনের মৃত্যু হয়েছে। নিহত হলেন সিকিউরিটি গার্ড ওবায়দুর রহমান (৪৫)। ঘিওর উপজেলার পুখুরিয়া বাসস্ট্যান্ড এলাকায় রবিবার দুপুর দেড়টার দিকে এ দুর্ঘটনা ঘটে। বরংগাইল হাইওয়ে থানার ওসি জাকির হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

বণিকবার্তা
সোমবার, নভেম্বর ২৫, ২০২৪

# কক্সবাজারে তিনজনসহ সড়ক দুর্ঘটনায় নিহত ৮

বণিক বার্তা ডেস্ক ■

কক্সবাজারে পৃথক সড়ক দুর্ঘটনায় তিন মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এছাড়া চট্টগ্রাম ও সিরাজগঞ্জ, মানিকগঞ্জ ও সুনামগঞ্জে আরো পাঁচজনের প্রাণহানি হয়েছে। গতকাল ও আগের দিন রাতে এসব দুর্ঘটনায় আহত হয়েছেন ছয়জন। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—



মানিকগঞ্জ : ঘিওরে বাসচাপায় ওবায়দুর রহমান (৪৫) নামে এক নিরাপত্তাকর্মী নিহত হয়েছেন। গতকাল দুপুরে ঢাকা-আরিচা মহাসড়কের পুখুরিয়া বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে। নিহত ওবায়দুরের বাড়ি রংপুরে। তিনি ঘিওর উপজেলার ডেরা রিসোর্টের নিরাপত্তাকর্মী ছিলেন।

বরংগাইল হাইওয়ে থানার ওসি জাকির হোসেন জানান, ওবায়দুর ডিউটি শেষে বাসায় ফিরছিলেন। পুখুরিয়া বাসস্ট্যান্ডে ঢাকাগামী রয়েল এক্সপ্রেসের একটি বাসের ধাক্কায় ঘটনাস্থলেই তিনি মারা যান। পরে পুলিশ চালককে আটক করে থানায় নিয়ে যায়।

শুক্রবার, নভেম্বর ২৯, ২০২৪ ■ অগ্রহায়ণ ১৪, ১৪৩১ বণিক বার্তা

# ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় সাতজনের প্রাণহানি

বণিক বার্তা ডেস্ক ■

নরসিংদীতে পৃথক সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হয়েছেন। এছাড়া মেহেরপুর, সিরাজগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ ও পটুয়াখালীতে আরো পাঁচজনের প্রাণহানি হয়েছে। গতকাল দিনের বিভিন্ন সময় এসব দুর্ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো খবরে—

**নরসিংদী :** গতকাল সকালে রায়পুরা উপজেলার দড়িহাইরমারায় ট্রাক্টরে ওঠার সময় সাব্বির হোসেন রাস্তায় পড়ে যান। নিহত সাব্বির হোসেন (২০) রায়পুরা উপজেলার সোহেল মিয়ার ছেলে। অন্যদিকে দুপুরে নরসিংদী পৌর শহরের বিলাসদীর আল্লাহ চত্বরে ব্যাটারিচালিত ইজিবাইকচাপায় আহত হন আইন উদ্দিন (৬০)। পরে তাকে হাসপাতালে নেয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তিনি সদর উপজেলার বিলাসদীর বাসিন্দা।

**মেহেরপুর :** গাংনীতে নিয়ন্ত্রণ হারিয়ে নছিমন উল্টে চালক নিহত হয়েছেন। গতকাল সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার বামন্দী বাজারের কাছে এ দুর্ঘটনা ঘটে। নিহত আজিজ (৪২) মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের খালেক মোল্লার ছেলে।



পুলিশ জানায়, সকালে মাথায় হেলমেট পরে নছিমন চালক আজিজ কুষ্টিয়ার দিকে যাচ্ছিলেন। মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের বিভিন্ন স্থানে উঁচু-নিচু বাঁক রয়েছে। দ্রুত গতিতে চালিয়ে যাওয়ার সময় বামন্দী বাজারের কাছে তিনি ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান।

গাংনী থানার ওসি বনী ইসরাইল জানান, ফায়ার সার্ভিস কর্মীরা মরদেহ উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠিয়েছে। সেখানে পুলিশ পাঠানো হয়েছে।

**সিরাজগঞ্জ :** বেলকুচিতে গাড়ির ধাক্কায় লিটন মিয়া (৩৪) নামে এক পিকআপচালক নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরো একজন। গতকাল ভোরে বেলকুচির সুবর্ণ সাড়া এমপি মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত লিটন মিয়া শরীয়তপুরের চন্দন সাহা গ্রামের মো. সোহরাব আলী সরদারের ছেলে। বেলকুচি থানার এসআই মো. সায়মন জানান, পিকআপটি বেলকুচি মুকুন্দগাতি বাজারে পৌঁছলে অন্য একটি গাড়ি পেছন থেকে ধাক্কা দেয়। এ সময় ঘটনাস্থলেই পিকআপচালক লিটন মিয়া মারা যান। এছাড়া সুমন মিয়া নামে আরো একজন গুরুতর আহত হন।

**গাজীপুর :** শ্রীপুরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক পার হওয়ার সময় কাভার্ড ভ্যানচাপায় হেলেনা আক্তার (২৫) নামে এক পোশাক শ্রমিক নিহত হয়েছেন। গতকাল দুপুরে উপজেলার মুলাইদ এলাকার হাসিন সোয়েটার কারখানার সামনে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা কাভার্ড ভ্যান আটক করলেও চালক পালিয়ে গেছেন। নিহত হেলেনা আক্তার সিলেটের কোম্পানিগঞ্জ উপজেলার লামাপারকুল গ্রামের আজাদুর রহমানের স্ত্রী। তিনি মুলাইদ এলাকায় ভাড়া বাসায় থেকে স্থানীয় হাসিন সোয়েটার কারখানায় অপারেটর হিসেবে চাকরি করতেন।

মাওনা হাইওয়ে থানার ওসি আইয়ুব আলী জানান, দুপুরে মধ্যাহ্ন বিরতির সময় হেলেনা আক্তার ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক পার হচ্ছিলেন। এ সময় একটি কাভার্ড ভ্যান চাপা দিলে তিনি আহত হন। স্থানীয়দের সহায়তায় স্বজনরা তাকে শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। অভিযোগ না থাকায় স্বজনদের আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ হস্তান্তর করা হয়েছে।

**মুন্সিগঞ্জ :** টঙ্গিবাড়ীতে বাসের ধাক্কায় অটোরিকশার এক যাত্রী নিহত হয়েছেন। এ সময় গুরুতর আহত হয়েছেন অটোরিকশাচালক। মুক্তিযোদ্ধা মোখলেস তালুকদারের (৭২) বাড়ি সিরাজদিখানের মধ্যপাড়ায়। গতকাল বেলা ২টার দিকে কুণ্ডেরবাজার থেকে লৌহজং উপজেলার নওপাড়া গ্রামে মেঝো ভাই আবুল হোসেনের কুলখানিতে অংশ নিতে যাওয়ার পথে দুর্ঘটনার শিকার হন তিনি। দুদিন আগে মারা যান আবুল হোসেন।

**পটুয়াখালী :** গলাচিপায় ট্রাকের ধাক্কায় তারিকুল তুহিন নামে এক মোটরমাইকেল আরোহী নিহত হয়েছেন। গতকাল সকাল ৮টার দিকে গলাচিপা-শাখারিয়া সড়কের তালতলা মোড়ে এ দুর্ঘটনা ঘটে। এ সময় বিক্ষুব্ধ জনতা ট্রাকটি আগুন দিয়ে পুড়িয়ে দেয় এবং চালককে পুলিশের কাছে হস্তান্তর করে। নিহত তুহিন গলাচিপা উপজেলার গোলখালী ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের আব্দুর রহিম খানের ছেলে।

পুলিশ জানায়, ছাত্রদলের নির্বাহী কমিটির সদস্য তারিকুল ব্যক্তিগত কাজে পটুয়াখালীর উদ্দেশে রওনা হন। গলাচিপা-শাখারিয়া সড়কের তালতলা মোড়ে রডবোঝাই একটি ট্রাক মোটরসাইকেলটিকে চাপা দেয়।

গলাচিপা থানার ওসি মো. আশাদুর রহমান জানান, তারিকুলের মরদেহ ময়নাতদন্তের জন্য পটুয়াখালী সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। আটক ট্রাকচালক ইমরান মিয়ার (৩০) বিরুদ্ধে মামলা করা হবে।

বণিক বার্তা
শনিবার, নভেম্বর ৩০, ২০২৪

# খুলনায় মশার কয়েল থেকে বাসে আগুন, ঘুমন্ত হেলপারের মৃত্যু

বণিক বার্তা প্রতিনিধি ■ খুলনা

খুলনায় পার্ক করা একটি বাসে মশার কয়েল থেকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুনে দগ্ধ হয়ে বাসে ঘুমিয়ে থাকা মো. শরীফ (১২) নামে এক হেলপারের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার গভীর রাতে সোনাডাঙ্গা বাস টার্মিনালে সুন্দরবন পরিবহনের একটি বাসে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। শরিফ বাসের ভেতরে কয়েল জ্বালিয়ে ঘুমাচ্ছিল বলে ধারণা করা হচ্ছে। তার বাড়ি মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলায়।

সোনাডাঙ্গা থানার ওসি মো. শফিকুল ইসলাম জানান, বৃহস্পতিবার রাতে সুন্দরবন পরিবহনের একটি বাসের মধ্যে হেলপার শরিফুল ঘুমিয়ে ছিল। মশার কয়েল থেকে রাত ২টার দিকে বাসটিতে আগুন ধরে যায়। এতে বাসটি পুড়ে গেছে। এছাড়া আগুনে পুড়ে বাসের মধ্যে থাকা হেলপার শরিফ মারা যায়।

সংবাদ
মঙ্গলবার ১১ অগ্রহায়ণ ১৪৩১
Tuesday 26 November 2024

# ডেঙ্গু আক্রান্ত হয়ে রূপপুর প্রকল্পের আরও এক শ্রমিকের মৃত্যু

প্রতিনিধি, ঈশ্বরদী (পাবনা)

ঈশ্বরদীতে ৪ দিনের ব্যবধানে রূপপুর প্রকল্পে কর্মরত পিন্টু প্রামাণিক (২৬) নামের আরও এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গত শুক্রবার রাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ও ডেঙ্গু ইউনিটের প্রধান ডা. শফিকুল ইসলাম শামীম এ তথ্য নিশ্চিত করেন। এর আগে গত ১৮ নভেম্বর দিবাগত রাতে তুষার আলী নামে রূপপুর প্রকল্পে কর্মরত আরেক শ্রমিক ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা যান বলে হাসপাতাল কর্তৃপক্ষ নিশ্চিত করেছে।

জানা গেছে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের রুশ ঠিকাদারি প্রতিষ্ঠানে কর্মরত পিন্টু প্রামাণিক কয়েকদিন আগে জ্বরে আক্রান্ত হন। জ্বরের মাত্রা ক্রমাগত বৃদ্ধি পেতে থাকলে ঈশ্বরদীতে হাসপাতালে তার ডেঙ্গু পরীক্ষা করার পর তার ডেঙ্গু ধরা পড়ে। সঙ্গে সঙ্গে তাকে চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গত শুক্রবার রাতে চিকিৎসাধীন অবস্থায় সেখানে তার মৃত্যু হয়। তিনি উপজেলার পাকশী ইউনিয়নের বাঘইল গ্রামের আবদুল মান্নান প্রামাণিকের ছেলে।

গত ১৮ নভেম্বর দিবাগত রাত ১টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ডেঙ্গু আক্রান্ত তুষার আলী নামে এক শ্রমিকের মৃত্যু হয়। তিনি রূপপুর প্রকল্পের আরেকটি ঠিকাদারি প্রতিষ্ঠানে শ্রমিক হিসেবে কর্মরত ছিলেন।

যুগান্তর | বুধবার ২৭ নভেম্বর ২০২৪
১২ অগ্রহায়ণ ১৪৩১

# ছাত্রদল নেতাসহ সড়কে নিহত ১৩

যুগান্তর ডেস্ক

সড়ক দুর্ঘটনায় ১৩ জন প্রাণ হারিয়েছেন। সোম ও মঙ্গলবার এসব দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে নীলফামারীতে ছাত্রদল নেতাসহ তিনজন, নাটোরে দুই চালকসহ চারজন, কিশোরগঞ্জে শিশু, হবিগঞ্জে অটোযাত্রীসহ তিনজন, নারায়ণগঞ্জে বৃদ্ধা এবং রাজশাহীতে কৃষক রয়েছেন। **ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—**

**বড়াইগ্রাম, লালপুর ও গুরুদাসপুর (নাটোর) :** লালপুরে ট্রাক-অটোরিকশা সংঘর্ষে ভ্যানচালক আলফু খান্দার ও ট্রাকচালক মোস্তাকিন নিহত হয়েছেন। মঙ্গলবার সকালে কদিমচিলান বাসস্ট্যান্ড এলাকায় পাবনা-নাটোর মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। বড়াইগ্রাম উপজেলার ধানাইদহ গ্রামের এসার উদ্দিনের ছেলে আলফু আর বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার বলভদ্রপুর গ্রামের জালাল উদ্দিনের ছেলে মোস্তাকিন। গুরুদাসপুরে কাছিকাটা এলাকায় অজ্ঞাতনামা গাড়িচাপায় নিহতরা হলেন—পাবনার চাটমোহর উপজেলার কেশবপুর এলাকার মৃত আবেদ আলীর ছেলে মোটরসাইকেল আরোহী মোতালেব হোসেন এবং একই এলাকার মৃত জয়েন প্রামাণিকের ছেলে শাহ আলম।

**ডিমলা (নীলফামারী) :** ডিমলায় নিহতরা হলেন—খুনাগাছ চাপানি ইউনিয়নের ছাত্রদল নেতা হাবিবুর রহমান হাবিব, একই ইউনিয়নের বৃদ্ধ মোশারফ হোসেন ও ভ্যানচালক শাহিন। সোমবার ট্রাকের ধাক্কায় প্রাণ হারান হাবিব। তিনি উত্তর সোনাখুলি মিলনপাড়া গ্রামের জিয়াউর রহমানের ছেলে। মোশারফ ওই ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোজাম্মেল হকের ভাই ও দক্ষিণ সোনাখুলি গ্রামের আব্দুল্লাহ সরকারের ছেলে। অপরদিকে মঙ্গলবার ভ্যান উলটে নিহত হন শাহিন। তিনি গয়াবাড়ী ইউনিয়নের দক্ষিণ গয়াবাড়ী কালীডাঙ্গা গ্রামের নজরুল ইসলামের ছেলে।

**ভৈরব (কিশোরগঞ্জ) :** ভৈরবে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে শিশু মাহিনের মৃত্যু হয়েছে। মাহিন ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া এলাকার মহিউদ্দিনের ছেলে। সোমবার রাতে ভৈরব বাসস্ট্যান্ড এলাকার দুর্জয় মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

**মাধবপুর ও হবিগঞ্জ :** মাধবপুরে মৌলানা আসাদ আলী কলেজের সামনে গাড়ির ধাক্কায় অটোযাত্রী সজল সরকারের মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকালে ঢাকা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। সজল মাধবপুর উপজেলার জগদীশপুর ইউনিয়নের খাটুরা গ্রামের রসরাজ সরকারের ছেলে। এদিকে হবিগঞ্জে ট্রাক চাপায় যুবক আব্দুল কাদির ও কাউছার মিয়া নিহত হয়েছেন। মঙ্গলবার সন্ধ্যায় হবিগঞ্জ-নবীগঞ্জ রোডে বানিয়াচং উপজেলার পুকড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। কাদির নবীগঞ্জ উপজেলার কালিয়ারভাঙ্গা গ্রামের মুজিবুর রহমানের ছেলে ও কাউছার মিয়া একই গ্রামের আব্দুল মজিদের ছেলে। তারা মোটরসাইকেলে হবিগঞ্জ শহরে যাওয়ার পথে দুর্ঘটনার কবলে পড়েন।

**সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ) :** সিদ্ধিরগঞ্জে রাস্তা পারের সময় অ্যাম্বুলেন্সের ধাক্কায় বৃদ্ধা আতুর বানুর মৃত্যু হয়েছে। তিনি জালকুড়ি এলাকার মৃত ইদ্রিস আলীর স্ত্রী। মঙ্গলবার সকালে জালকুড়ি কড়ইতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

**তানোর (রাজশাহী) :** ভটভটি নিয়ন্ত্রণ হারিয়ে খালে পড়ে কৃষক দুরুল হুদা নিহত হয়েছেন। তিনি চাঁপাইনবাবগঞ্জের কালীনগর গ্রামে আব্দুস সালামের ছেলে। চাঁপাই থেকে ধান কাটতে আসেন রাজশাহীর তানোর উপজেলার বাধাইড় ইউপির পাল্লা দরিয়া গ্রামে। মঙ্গলবার সকালে উপজেলার বাধাইড় ইউপির শিকপুরে তিনি দুর্ঘটনার কবলে পড়েন।

যুগান্তর | শুক্রবার ২৯ নভেম্বর ২০২৪
১৪ অগ্রহায়ণ ১৪৩১

# বীর মুক্তিযোদ্ধা ও ছাত্রদল নেতাসহ সড়কে নিহত ৭

যুগান্তর ডেস্ক

মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ীতে সড়ক দুর্ঘটনায় একজন বীর মুক্তিযোদ্ধা এবং পটুয়াখালীর গলাচিপায় এক ছাত্রদল নেতা নিহত হয়েছেন। এছাড়া চার জেলায় সড়কে প্রাণ গেছে আরও পাঁচজনের। তাদের মধ্যে বগুড়ার কাহালুতে মোটরসাইকেল চালক ও গাজীপুরের শ্রীপুরে পোশাক শ্রমিক, নরসিংদীতে দুজন এবং সুনামগঞ্জের জামালগঞ্জে ব্যাটারিচালিত অটো বাইকচালক রয়েছেন। ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো সংবাদ—

**টঙ্গীবাড়ী (মুন্সীগঞ্জ) :** মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ীতে সড়ক দুর্ঘটনায় বীর মুক্তিযোদ্ধা মোখলেছ তালুকদার (৬৫) নিহত হয়েছে। তিনি সিরাজদিখান উপজেলার মধ্যপাড়া গ্রামের মৃত ফেদু তালুকদারের ছেলে। স্থানীয়রা জানান, বৃহস্পতিবার বিকালে ব্যাটারিচালিত অটোরিকশায় মুন্সীগঞ্জ থেকে বাড়ি যাওয়ার পথে বাসের ধাক্কায় (ঢাকা মেট্রো-ব-১৩-১০৭১) তিনি রিকশা থেকে পড়ে মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর আঘাত পান। স্থানীয়রা উদ্ধার করে মুন্সীগঞ্জ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

**গলাচিপা ও দক্ষিণ (পটুয়াখালী) :** গলাচিপা-পটুয়াখালী সড়কের চর সুহরীর আদম পুলের কাছে সড়ক দুর্ঘটনায় নিহত তরিকুল ইসলাম তুহিন খান (৩০) উপজেলার চর সুহরী গ্রামের মৃত আব্দুর রহিম খানের ছেলে। তিনি গলাচিপার গোলখালী ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড ছাত্রদল নির্বাহী কমিটির সদস্য বলে জানা গেছে। বৃহস্পতিবার সকালে ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই মোটরসাইকেল চালক তুহিন মারা যান। এ সময় উত্তেজিত জনতা ট্রাকটিতে আগুন লাগিয়ে দেয়। গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুর রহমান বলেন, ট্রাকচালক ইমরানকে আটক করা হয়েছে।

**বগুড়া :** কাহালুতে ট্রাকের ধাক্কায় নিহত মোটরসাইকেল চালক রাব্বু আল মজিদ (৩২) জয়পুরহাটের আক্কেলপুরের ফুলপাড়া গ্রামের মৃত আবদুল মোমিনের ছেলে। বুধবার রাতে উপজেলার বারোমাইল বাসস্ট্যান্ডে বগুড়া-নওগাঁ সড়কে এ দুর্ঘটনা ঘটে।

**নরসিংদী :** বৃহস্পতিবার জেলার রায়পুরার দড়িহাইরমারা এবং সদর উপজেলার বিলাসদী ও শিবপুর উপজেলার কারারচর এলাকায় বৃহস্পতিবার তিনটি সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত এবং ১ জন আহত হয়েছেন। নিহতরা হলেন, সদর উপজেলার বিলাসদীর জয়নাল উদ্দিনের ছেলে আইন উদ্দিন (৬০), রায়পুরা উপজেলার সোহেল মিয়ার ছেলে সাব্বির হোসেন (২০)। অন্যদিকে আহত রফিকুল ইসলাম (৫০) শিবপুর উপজেলা কারারচর এলাকার নজরুল ইসলামের ছেলে।

**শ্রীপুর (গাজীপুর) :** ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক পারাপারের সময় কাভার্ড ভ্যান চাপায় নিহত হেলেনা আক্তার (২৫) সিলেটের কোম্পানিগঞ্জ উপজেলার লামাপারকুল গ্রামের আজাদুর রহমানের স্ত্রী। বৃহস্পতিবার দুপুরে শ্রীপুরের মুলাইদ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

**জামালগঞ্জ (সুনামগঞ্জ) :** সুনামগঞ্জের জামালগঞ্জে সাচনা-বেহেলী সড়কের চৌধুরী বাড়ির ব্রিজের অ্যাপ্রোচে ব্যাটারিচালিত অটো বাইক উলটে চালক মো. শের জামাল মিয়া (৪৫) নিহত হন।

২ নভেম্বর ২০২৪। ১৭ কার্তিক ১৪৩১ সময়ের আলো

চুরির অপবাদ

# আট তলা থেকে লাফিয়ে তরুণের আত্মহত্যা

■ নিজস্ব প্রতিবেদক

রাজধানীর চকবাজার এলাকায় চুরির অপবাদ দেওয়ার অপমানে আট তলার ছাদ থেকে লাফিয়ে পড়ে জীবন মিয়া (২০) নামে এক তরুণ আত্মহত্যা করেছেন। গত বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে চকবাজার মৌলবীবাজার এলাকায় ঘটনাটি ঘটে। মুমূর্ষু অবস্থায় স্বজনরা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলে চিকিৎসক রাত দেড়টার দিকে মৃত ঘোষণা করেন।

পরিবার সূত্রে জানা যায়, জীবনের বাড়ি শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার চালিপাড়া গ্রামে। জীবনের বাবার নাম মৃত জাকির হোসেন। বর্তমানে চকবাজার মৌলভীবাজার এলাকায় আমজাদ হোসেনের বাসায় ভাড়া থাকতেন। জীবন মৌলভীবাজারে একটি মনোহারি দোকানের কর্মচারী ছিলেন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিহত জীবনের চাচা মো. জিয়া উদ্দিন বলেন, মৌলভীবাজারের ওই বাসায় সাত তলায় ভাড়া থাকি। পাশাপাশি ফ্ল্যাটে আবদুল লতিফ নামের এক ব্যক্তি থাকেন। গত বুধবার বাসা থেকে লতিফের একটি মোবাইল চুরি হয়। লতিফ জীবনকে সন্দেহ করেন। কিন্তু জীবন মোবাইল চুরি করেনি বলে জানায়। জীবনকে চুরির অপবাদ দেওয়ায় অপমানে সে আত্মহত্যা করেছে।

জিয়াউদ্দিন আরও বলেন, বৃহস্পতিবার রাত ১২টার দিকে লতিফ আমাকে ফোন দিয়ে জীবনের বিচার হবে বলে বাসায় আসতে বলেন। রাত সাড়ে ১২টার দিকে আট তলার ছাদে উঠতেই নিচে চিৎকার শুনতে পাই। এ সময় ছাদে লতিফসহ আরও কয়েকজন ছিল। নিচে গিয়ে দেখি ভাতিজা জীবন গুরুতর আহত হয়ে নিচে পড়ে আছে। দ্রুত ঢাকা মেডিকেলে নিয়ে আসলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক জানান, চকবাজার থেকে ওই তরুণকে স্বজনরা মুমূর্ষু অবস্থায় হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তার মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে।

অন্যদিকে চকবাজার থানার ওসি রেজাউল হোসেন বলেন, গতরাতে মৌলভীবাজার এলাকায় এক তরুণ ছাদ থেকে পড়ে মারা গেছে। তার বিরুদ্ধে মোবাইল চুরির অভিযোগ ছিল। তবে ওই তরুণ লাফিয়ে পড়ে আত্মহত্যা করেছেন নাকি ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়েছে তা তদন্ত করে দেখা হচ্ছে।

দৈনিক ইত্তেফাক রবিবার ১৮ কার্তিক ১৪৩১, ৩ নভেম্বর ২০২৪

# যশোরে ছুরিকাঘাতে নিহত ট্রাক হেলপার

■ যশোর অফিস

যশোরে আসাদুল ইসলাম আসাদ (৩৫) নামে এক ট্রাক হেলপারকে হত্যা করেছে দুর্বৃত্তরা। গত শুক্রবার রাতে শহরের ধর্মতলা এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত আসাদুল খড়কি দক্ষিণপাড়ার জহুরুল ইসলামের ছেলে। এক সন্তান ও স্ত্রী নিয়ে বউবাজার এলাকার একটি বাড়িতে থাকতেন তিনি।

স্বজনরা জানায়, মধ্যরাতে শহর থেকে বাড়ি ফিরছিলেন আসাদুল। পথে ছিনতাই বা অন্য কোনো উদ্দেশ্যে কে বা কারা তাকে হত্যা করে পালিয়ে গেছে। যদিও তার তেমন কোনো শত্রু ছিল না। পরদিন সকালে তাকে রাস্তার পাশে দেখতে পেয়ে যশোর জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করেন পথচারীরা। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় আসাদুলের।

কোতোয়ালি মডেল থানার ওসি (তদন্ত) কাজী বাবুল হোসেন বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। হত্যার রহস্য উদ্ঘাটনে পুলিশ কাজ করছে।

সমকাল রোববার। ৩ নভেম্বর ২০২৪।

# অটোরিকশা চালকের হাত-পায়ের রগ কেটে দিল প্রতিপক্ষ

■ মঠবাড়িয়া (পিরোজপুর) প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় পূর্ববিরোধের জেরে আফজাল আকন নামে এক অটোচালকের এক হাত ও পায়ের রগ প্রতিপক্ষ কেটে দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। শনিবার সকালে উপজেলার উদয়তারা বুড়িরচর গ্রামের মামুন চৌকিদারের বাড়ির সামনে এ ঘটনা ঘটে। আফজাল আকন (৩৫) বুড়িরচর গ্রামের হাতেম আলী আকনের ছেলে।

ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, রাস্তায় গরু চরানো নিয়ে আফজালের সঙ্গে বুড়িরচর গ্রামের জলিল ফরাজীর ছেলে রফিকুল ফরাজীর (৩৬) দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। গত তিন মাস আগে কে বা কারা রফিকুলকে কুপিয়ে গুরুতর জখম করে। এর জেরে শনিবার সকালে রফিকুল ও তাঁর ছোট ভাই শফিকুল ফরাজী আফজালকে রাস্তায় একা পেয়ে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে। এতে আফজালের বাঁ হাত ও বাঁ পায়ের রগ কেটে যায়। এলাকাবাসী গুরুতর আহত অবস্থায় তাঁকে মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার সৌমিত্র সিনহা রায় বলেন, আফজালের অবস্থা সংকটাপন্ন হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাঁকে বরিশাল শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয়ে পাঠানো হয়েছে।

এ বিষয়ে মঠবাড়িয়া থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় থানায় কেউ লিখিত অভিযোগ দেয়নি। তবে ঘটনার সঙ্গে জড়িতদের ধরতে চেষ্টা করছে পুলিশ।

সংবাদ ঢাকা : মঙ্গলবার ২০ কার্তিক ১৪৩১ Dhaka : Tuesday 5 November 2024

# না'গঞ্জে নারী পোশাক কর্মীকে পিটিয়ে হত্যা, পুলিশ বলছে 'মানসিক ভারসাম্যহীন'

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের ফতুল্লায় এক পোশাক শ্রমিককে পিটিয়ে হত্যা করা হয়। নিহতের নাম নিলুফা বেগম (৫৫)। তিনি গাবতলী এলাকায় ভাড়া বাড়িতে একাই থাকতেন। এবং স্থানীয় একটি পোশাক কারখানায় কাজ করতেন। এ ঘটনায় অভিযুক্ত তরুণ 'মানসিক ভারসাম্যহীন' বলে জানিয়েছে পুলিশ।

গতকাল ভোর পাঁচটায় ফতুল্লার গাবতলী এলাকায় হত্যাকাণ্ডটি ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন ফতুল্লা মডেল থানার ওসি শরীফুল ইসলাম। ঘটনায় সম্পৃক্তার অভিযোগে গ্রেপ্তার মো. শান্ত (২৫) কুমিল্লার হোমনা উপজেলার শামীম মিয়ার ছেলে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, ঘটনার সময় নিলুফা রান্নাঘরে ছিলেন। কোনো কারণ ছাড়াই শান্ত একটি লাঠি হাতে বাড়ির জানালার কাঁচ ভাঙতে শুরু করেন। নিলুফা তাকে নিষেধ করলে ক্ষিপ্ত হয়ে শান্ত তাকে লাঠি দিয়ে বেধরক পেটাতে থাকে। প্রতিবেশীরা গুরুতর আহত অবস্থায় ওই নারীকে নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জানা গেছে, শান্ত নামে ওই তরুণ ঢাকার আরামবাগে দেওয়ানবাগ শরীফে কাজ করতো। পুলিশ দেওয়ানবাগ শরীফে যোগাযোগ করলে কর্তৃপক্ষ জানায়, শান্ত 'মানসিক ভারসাম্যহীন'।

নিহতের ছেলে মো. নাসির জানান, তার মা ওই এলাকায় একাই থাকতেন। তিনি ওই তরুণকেও চেনেন না। তাকে এলাকার মানুষ এদিকে কখনো দেখেননি।

ওসি শরীফুল বলেন, ঘটনাটি অনাকাঙ্ক্ষিত। নিহত নারীর সঙ্গে অভিযুক্ত যুবকের কোনো পরিচয় নেই।

যুগান্তর শুক্রবার ৮ নভেম্বর ২০২৪ ২৩ কার্তিক ১৪৩১

# গেন্ডারিয়ায় দুই অটোরিকশা চালক হত্যা, গ্রেফতার ৩

যুগান্তর প্রতিবেদন

রাজধানীর গেন্ডারিয়া এলাকায় ২ চালককে হত্যা ও অটোরিকশা ছিনতাইয়ের ঘটনায় ৩ জনকে গ্রেফতার করা হয়েছে। তারা হল, জালাল সরদার ওরফে মাইকেল, ফজলে রাব্বি ওরফে কালা ও মো. ইমরান। পুলিশ বলছে, জালাল সরদার ওরফে মাইকেল যাত্রী সেজে গভীর রাতে অটোরিকশা ভাড়া করে। সুবিধামতো নির্জন এলাকায় নিয়ে চালককে হত্যা করে অটোরিকশা নিয়ে পালিয়ে যায়। পরে সেসব রিকশা কম টাকায় বিক্রি করে চক্র। পুলিশ ২৪ অক্টোবর জালাল, ২৫ অক্টোবর ইমরান ও ৩ নভেম্বর কালাকে গ্রেফতার করেছে। বৃহস্পতিবার দুপুরে ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে এ কথা জানান ওয়ারী বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. ছালেহ উদ্দিন।

তিনি বলেন, গেন্ডারিয়ায় ২১ সেপ্টেম্বর রাতে রিকশাচালক জিন্নাহকে এবং ১৫ অক্টোবর রিকশাচালক আনোয়ারকে হত্যা করে তাদের অটোরিকশা ছিনতাই করে চক্র। পিরোজপুরের মঠবাড়িয়া থেকে জালালকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে জালাল দুটি হত্যাকাণ্ডে জড়িত থাকার কথা স্বীকার করে জানায়, আঞ্জুমান কবরস্থানের পাশে অটোরিকশাচালক জিন্নাহ হত্যার ঘটনায় তার সঙ্গে ছিল ফজলে রাব্বি। কিন্তু অটোরিকশাচালক আনোয়ারকে হত্যাসহ রিকশা ছিনতাইয়ের ঘটনা সে একাই করেছে। ছিনতাই করা অটোরিকশা গেন্ডারিয়ার মো. ইমরান নামে একজনের কাছে ১৩ হাজার টাকায় বিক্রি করে। অটোরিকশা কেনার অপরাধে ইমরানকেও গ্রেফতার করা হয়।

দৈনিক ইত্তেফাক
রবিবার
১৮ কার্তিক ১৪৩১, ৩ নভেম্বর ২০২৪

## নরসিংদীতে চালককে হত্যা করে ইজিবাইক ছিনতাই

■ নরসিংদী প্রতিনিধি

নরসিংদীর পলাশে ইউনুস মিয়া অপু (১৭) নামে এক ইজিবাইক চালকের গলাকাটা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার দুপুরে উপজেলার গজারিয়া ইউনিয়নের নোয়াকান্দা-বক্তারপুর এলাকার একটি কলাখেতের পাশ থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত অপু মিয়া শিবপুর উপজেলার পুটিয়া কামারগাঁও এলাকার নয়ন মিয়ার ছেলে।

পুলিশ ও নিহতের স্বজনরা জানান, গত শুক্রবার সকালে বাড়ি থেকে ভাড়ায় চালিত ইজিবাইক নিয়ে জীবিকার সন্ধানে বের হন অপু মিয়া। রাত হয়ে গেলেও বাড়ি না ফেরায় আত্মীয়স্বজনের বাড়িতে খোঁজ নিয়েও তাকে পাওয়া যায়নি। পরে সকালে পলাশের নোয়াকান্দা এলাকার একটি কলাখেতের পাশে স্থানীয়রা একটি গলাকাটা মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। পরে পুলিশ এসে মরদেহ উদ্ধার করে। মরদেহের খবর পেয়ে নিহতের স্বজনরা ঘটনাস্থলে এসে মরদেহ শনাক্ত করেন।

পলাশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শহিদুল ইসলাম বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ইজিবাইক ছিনতাইয়ের জন্যই তাকে হত্যা করা হয়েছে। তার পরও বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। ছিনতাই করা ইজিবাইক উদ্ধার চেষ্টার পাশাপাশি পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

দৈনিক ইত্তেফাক
মঙ্গলবার
২০ কার্তিক ১৪৩১, ৫ নভেম্বর ২০২৪

## পোশাকশ্রমিককে পিটিয়ে হত্যা

### ফতুল্লায় নৃশংসতা

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের ফতুল্লায় এক পোশাকশ্রমিককে পিটিয়ে হত্যা করা হয়েছে। গতকাল সোমবার ভোর ৫টায় ফতুল্লার গাবতলী নতুন বাজারস্থ হালিম মিস্ত্রীর বাড়িতে এই ঘটনা ঘটে। নিহতের নাম নিলুফা বেগম (৫৫), কুমিল্লা জেলার দাউদকান্দি থানার নৈয়ার বাজারের মৃত গণি মিয়ার স্ত্রী, তিনি মাসদাইরস্থ শোভন গার্মেন্টে কাটিং সেকশনে কাজ করতেন।

এ ঘটনায় স্থানীয়রা এক যুবককে আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে। আটককৃত যুবক মো. শান্ত (২৪), কুমিল্লা জেলার হোমনা থানার অনন্তপুর পশ্চিমপাড়ার শামীম মিয়ার ছেলে।

নিহতের ছেলে মো. নাছির বলেন, 'মা একাই ঐ বাড়িতে ভাড়া থাকতেন। সোমবার ভোর ৫টার দিকে রান্না করার সময় তিনি দেখতে পান শান্ত নামের ঐ যুবক লাঠি দিয়ে জানালার কাচ ভাঙচুর করছে। মা ছেলেটিকে বাধা দিতে গেলে সে ক্ষিপ্ত হয়ে হাতে থাকা লাঠি দিয়ে তার মাথা ও শরীরে আঘাত করে।'

মায়ের চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে নারায়ণগঞ্জ ১৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে যায় এবং ঘাতক শান্তকে আটক করে, বলে জানান নিহতের ছেলে নাছির।

ফতুল্লা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শরিফুল ইসলাম বলেন, 'আমরা খোঁজ নিয়ে জেনেছি যে গ্রেফতারকৃত শান্ত ঢাকার আরামবাগে দেওয়ানবাগ দরবার শরিফে উটের খামারে কাজ করে। সেখানে খবর নিয়ে জানতে পারি, তার মানসিক সমস্যা আছে। প্রায়ই কাউকে কিছু না বলে বেরিয়ে যায়।'

ওসি শরিফুল আরো জানান, ঘটনাস্থলে কেউই গ্রেফতারকৃত শান্তর পূর্বপরিচিত নয় বলে পুলিশ জানতে পেরেছে। তার আচরণে তাকে মানসিক ভারসাম্যহীন মনে হয়েছে। তার সঙ্গে কথা বলে হত্যার পেছনে কোনো কারণ আছে কি না পুলিশ তা জানার চেষ্টা করছে বলেও তিনি জানান।

সমকাল
শনিবার | ২ নভেম্বর ২০২৪

## বাবুগঞ্জে ঋণগ্রস্ত নৈশপ্রহরীর অস্বাভাবিক মৃত্যু

■ বাবুগঞ্জ (বরিশাল) প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে রফিকুল ইসলাম হাওলাদার নামে এক ব্যক্তির অস্বাভাবিক মৃত্যুর খবর পাওয়া গেছে। বৈদ্যুতিক পাখার সঙ্গে ঝুলন্ত অবস্থায় তাঁর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার দক্ষিণ পাংশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। ওই বিদ্যালয়ের নৈশপ্রহরী পদে কর্মরত ছিলেন তিনি।

রফিকুল ইসলাম (৪০) পাংশা গ্রামের আবদুল মান্নান হাওলাদারের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে বিদ্যালয়ের তালা খুলে ভেতরে প্রবেশ করেন রফিকুল ইসলাম হাওলাদার। সন্ধ্যার দিকে তাঁকে বিদ্যালয়ের প্রথম শ্রেণির কক্ষে প্রবেশ করতে দেখা যায়। দীর্ঘ সময়েও তিনি ওই কক্ষ থেকে বের না হওয়ায় স্থানীয়দের সন্দেহ হয়। তারা উঁকি দিয়ে রফিকুলকে শ্রেণিকক্ষের বৈদ্যুতিক পাখার সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। পরে গ্রামবাসী খবর দিলে বিমানবন্দর থানা পুলিশ তাঁর মরদেহ উদ্ধার করে।

এলাকাবাসীর ভাষ্য, রফিকুল ইসলাম ঋণগ্রস্ত হয়ে পড়েছিলেন। পাওনাদারদের চাপের কারণে তিনি আত্মহননের পথ বেছে নিতে পারেন।

বিমানবন্দর থানার ওসি মো. জাকির হোসেন বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য বরিশাল শেবাচিম হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ধারণা করা হচ্ছে, এটি আত্মহত্যা। প্রাথমিক তদন্তে দেখা গেছে, ওই ব্যক্তি ব্যাপক ঋণগ্রস্ত হয়ে পড়েছিলেন। ঋণের চাপে হতাশাগ্রস্ত হয়ে তিনি আত্মহননের পথ বেছে নিতে পারেন। ময়নাতদন্ত প্রতিবেদন পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

দৈনিক ইত্তেফাক
শুক্রবার
১৬ কার্তিক ১৪৩১, ১ নভেম্বর ২০২৪

## বরিশালে নদীতে নিখোঁজ জেলের মরদেহ উদ্ধার

■ বরিশাল অফিস

বরিশালের মেহেন্দিগঞ্জের কালাবদর নদীতে ইঞ্জিনচালিত দুই নৌকার সংঘর্ষে নদীতে পড়ে নিখোঁজ জেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। নিখোঁজের দুই দিন পর নদীতে ভাসমান অবস্থায় বুধবার বিকালে মরদেহ উদ্ধার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। মৃত রবিউল ইসলাম রবি (২৫) মেহেন্দিগঞ্জ উপজেলার শ্রীপুর আদর্শ গ্রামের বাসিন্দা সেলিম ঢালীর ছেলে। মেহেন্দিগঞ্জের কালীগঞ্জ নৌ-পুলিশ ফাঁড়ির পরিদর্শক অনিমেষ হালদার বলেন, মেহেন্দিগঞ্জের কালাবদর নদীর শ্রীপুর নাসির মিয়ার ইটভাটা এলাকায় সোমবার রাত ১০টার দিকে দুই ট্রলারের সংঘর্ষ হয়। এতে এক জেলে নদীতে পড়ে নিখোঁজ হন। নিখোঁজের পর মঙ্গলবার সকালে ফায়ার সার্ভিসের ডুবুরিরা তল্লাশি করে। কিন্তু তারা খোঁজ না পেয়ে তল্লাশি অভিযান স্থগিত করেছে। পরে বুধবার দুপুর আড়াইটার দিকে কালাবদর নদীর লড়াইপুর এলাকায় মরদেহ ভেসে ওঠে। খবর পেয়ে বিকালে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় অভিযোগ দিলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

সংবাদ
Saturday 9 November 2024

## সড়কের পাশে মিলল নারী শ্রমিকের মরদেহ

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামের কর্ণফুলীতে সড়কের পাশ থেকে সালেহা খাতুন নামে এক নারী শ্রমিকের মরদেহ উদ্ধার করা হয়েছে। গত বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলার শিকলবাহা জামালপাড়া এলাকার পিএবি সড়কের পাশ থেকে মরদেটি উদ্ধার করেছে কর্ণফুলী থানা পুলিশ। নিহত সালেহা খাতুন সুনামগঞ্জ জেলার রঙ্গাছড়ি এলাকার আবু মিয়ার মেয়ে। তিনি বর্তমানে শিকলবাহা জামালপাড়া এলাকার বকুল চেয়ারম্যান বাড়ি এলাকায় বসবাস করতেন এবং বিভিন্ন এলাকায় ইটভাঙার শ্রমিক হিসেবে কাজ করতেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কর্ণফুলী থানার ওসি মোহাম্মদ মনির হোসেন বলেন, ধারণা করা হচ্ছে সড়ক দুর্ঘটনায় ওই নারী শ্রমিকের মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট হাতে এলে তার মৃত্যুর আসল কারণ সম্পর্কে জানা যাবে। থানায় প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ তার পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে।

সমকাল | শুক্রবার ॥ ২২ নভেম্বর ২০২৪

# পিকআপে করে খামারের গরু লুট, কর্মীকে হত্যা

ফেনী

- গভীর রাতে সদর উপজেলার সিলোনিয়ায় হানা দেয় সশস্ত্র ডাকাত
- পিস্তলের মুখে জিম্মি করে ফেলা হয় খামারকর্মীদের

॥ ফেনী সংবাদদাতা

ফেনীতে পিকআপ নিয়ে এসে একটি খামার থেকে তিনটি গরু নিয়ে গেছে ডাকাতরা। এ সময় তাদের বাধা দিতে গিয়ে ছুরিকাঘাতে নিহত হয়েছেন ওই খামারের কর্মী ইয়াসির আরাফাত সোহাগ (২৩)। বুধবার গভীর রাতে সদর উপজেলার কালিদহ ইউনিয়নের পশ্চিম সিলোনিয়ায় ভূইয়া ডেইরি খামারে এ ঘটনা ঘটে। এ সংবাদ ছড়িয়ে পড়লে গতকাল বৃহস্পতিবার পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ভূইয়া ডেইরি খামারে বুধবার রাত সাড়ে ৩টার দিকে এক দল ডাকাত হানা দেয়। তারা খামারে থাকা দুই শ্রমিকের চোখ ফাঁকি দিয়ে তিনটি গরু পিকআপে তুলে নেয়। অন্য গরুগুলো তোলার সময় শ্রমিকরা টের পেয়ে যান। তখন তাদের পিস্তলের মুখে জিম্মি করে ফেলে ডাকাতরা। একপর্যায়ে ইয়াসির আরাফাত সোহাগ তাদের হাত থেকে দৌড়ে ডাকাতির বিষয়টি মালিককে জানাতে যান। এ সময় ডাকাতরা তাঁকে উপর্যুপরি ছুরিকাঘাত করে। তাঁর চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে ডাকাতরা পালিয়ে যায়।

উদ্ধার করে ফেনী ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে সোহাগ মারা যান। তাঁর বাড়ি ময়মনসিংহ জেলার গৌরীপুরে। পুলিশ লাশ ময়নাতদন্তের জন্য জেনারেল হাসপাতালে মর্গে পাঠিয়েছে।

খামারের কর্মরত শ্রমিক মো. রমজান ও মো. সালাহ উদ্দিন বলেন, ডাকাতরা ১৫-১৬ জনের মতো ছিল। পিস্তলের মুখে তাদের জিম্মি করে গরু লুট করে। সোহাগ তাদের বাধা দিতে চেয়েছিলেন। মালিককে জানাতে দৌড় দেওয়ার সময় তাঁকে ছুরিকাঘাতে হত্যা করেছে। এ ঘটনার পর থেকে তারা আতঙ্কে আছেন।

খামারের পাশেই বাড়ি গিয়াস উদ্দিন পাটোয়ারীর। তাঁর ভাষ্য, এই খামার থেকে আগেও ডাকাতরা গরু লুট করেছে। এখন তো কোনো নিরাপত্তাই নেই। এভাবে হলে কীভাবে ব্যবসা করবেন তারা? নিরাপত্তা বাড়াতে সরকারের কাছে দাবি জানান তিনি।

খামারটির মালিক মো. সাইফুল ইসলাম বলেন, গভীর রাতে হঠাৎ গরুর চিৎকার শুনে ঘরের জানালা খোলেন। এ সময় খামারের কর্মী সোহাগ দৌড়ে এসে প্রাণ রক্ষার আকুতি জানায়। দরজা খুলতে গিয়ে দেখেন তালা দেওয়া। পরে চাবি নিয়ে তারা দরজা খোলেন। ততক্ষণে ডাকাত দল পালিয়ে যায়। সোহাগকে আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। তবে পথেই তাঁর মৃত্যু হয়।

তিনি বলেন, এ ঘটনায় ফেনী সদর থানায় মামলার প্রস্তুতি চলছে। সুষ্ঠু তদন্তের মাধ্যমে ডাকাতি ও হত্যায় জড়িতদের গ্রেপ্তারের দাবি জানান।

এদিকে ডাকাতির সংবাদ পেয়ে বৃহস্পতিবার ওই খামার পরিদর্শন করেন ফেনীর পুলিশ সুপার (এসপি) মো. হাবিবুর রহমান ও র ্যাবের একটি দল। হাবিবুর রহমান বলেন, বন্যার কারণে ফেনীতে মানুষের মধ্যে অভাব দেখা দিয়েছে। এ কারণে চুরি-ডাকাতি বেড়েছে বলেও মনে করেন তিনি। আইনশৃঙ্খলার অবনতি ঠেকাতে পুলিশ প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। চুরি-ডাকাতি ঠেকাতে তাদের সহায়তার জন্য নাগরিকদের এগিয়ে আসার অনুরোধ জানান।

যুগান্তর | সোমবার ১১ নভেম্বর ২০২৪ | ২৬ কার্তিক ১৪৩১

# নবাবগঞ্জে চালককে কুপিয়ে অটোরিকশা ছিনতাই

দোহার-নবাবগঞ্জ (ঢাকা) প্রতিনিধি

নবাবগঞ্জে আজাদ (১৭) নামের এক অটোচালককে কুপিয়ে অটো ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। আহত আজাদ দোহার উপজেলার চর লটাখোলা গ্রামের ফজল মোল্লার ছেলে। শনিবার রাত ১০টার দিকে নবাবগঞ্জের চালনাই চক এলাকায় এ ঘটনা ঘটে।

আহত অটোরিকশা চালক আজাদ জানায়, শনিবার দুপুরে দুই ব্যক্তি তার রিকশা সারা দিনের জন্য ভাড়া নিয়ে দোহার ও শ্রীনগরের বিভিন্ন স্থানে ঘোরাফেরা করেন। রাত ১০টার দিকে নবাবগঞ্জ যাওয়ার সময় দোহার ও নবাবগঞ্জের সীমানাবর্তী চালনাই চকে থামতে বললে ঝোপের আড়াল থেকে আরও ৩/৪ জন লোক বের হয়ে আমাকে এলাপাথাড়ি কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করে রাস্তা থেকে দূরে একটি ঝোপের ভেতর ফেলে দিয়ে অটোরিকশা নিয়ে পালিয়ে যায়। আহত অবস্থায় সারা রাত সেখানেই পড়ে ছিলাম আমি। রাতে বাড়ি না ফেরায় পরিবারের লোকজন আমাকে অনেক খোঁজাখুঁজির পর চালনাই চকের একটি ঝোপ থেকে আহত অবস্থায় উদ্ধার করে দোহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। বর্তমানে আজাদ গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

# সিরাজদিখানে চালককে হত্যা করে অটো ছিনতাই

সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি

সিরাজদিখানে ব্যাটারিচালিত ইজিবাইক ছিনতাইয়ের ঘটনার একদিন পর চৈতন্য দাস চৈতা (৩৫) অটো চালকের মৃত্যু হয়েছে। উপজেলার রশুনিয়া ইউনিয়নের সন্তোষপাড়া গ্রামের মৃত কালাচান দাসের বড় ছেলে। শুক্রবার সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। আইনি প্রক্রিয়া শেষে রোববার বিকাল ৪টায় হাসপাতাল কর্তৃপক্ষ নিহতদের স্বজনের কাছে লাশ হস্তান্তর করেন। পরিবারের স্বজনরা বিষয়টি নিশ্চিত করে। জানা গেছে, বৃহস্পতিবার একটি নতুন ইজিবাইক নিয়ে যাত্রীসহ চৈতন্য দাস বের হয়ে শুক্রবার সকালে নিমতলা-হাসাড়া সড়কের নিমতলায় অচেতন অবস্থায় উদ্ধার করে এলাকাবাসী নিমতলা বাস স্ট্যান্ড ফলের দোকানের পাশে শুইয়ে রাখেন। সারাদিন ওই খানে শুয়ে থাকার পর শুক্রবার সন্ধ্যায় চৈতন্য দাসের কিছুটা জ্ঞান এলে সে বাড়ি আসার জন্য নিমতলা রাস্তায় গাড়িতে ওঠার চেষ্টা করলে শ্রীনগরগামী গাড়ি তাকে চাপা দিয়ে চলে যায়। এ সময় এলাকার মানুষ ও হাইওয়ে পুলিশ তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করলে শনিবার সকাল ১০টায় মারা যান। রোববার লাশ ময়নাতদন্ত শেষে তার স্বজনদের কাছে হস্তান্তর করে। সিরাজদিখান থানার ওসি খন্দকার হাফিজুর রহমান জানান, এ ব্যাপারে থানায় জিডি হয়েছিল। শুনেছি ঢাকা মেডিকেলে পোস্টমর্টেম হয়েছে, এখনো বিস্তারিত বলতে পারছি না।

যুগান্তর | বৃহস্পতিবার ৭ নভেম্বর ২০২৪ | ২২ কার্তিক ১৪৩১

# পূবাইলে ছুরিকাঘাতে পোশাককর্মী নিহত

পূবাইল (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুর মহানগরীর পূবাইল এলাকায় পূর্বশত্রুতায় জেরে ছুরিকাঘাতে রাজিব একন (৩২) নামে এক যুবককে হত্যার অভিযোগ উঠেছে। নিহত রাজিব বাগেরহাট জেলার মোরেলগঞ্জ থানার মধ্য বরিশাল গ্রামের আবুল কালাম একনের ছেলে। সে পূবাইলের হারবাইদ এলাকায় বোকারী হোসেনের বাড়িতে ভাড়া থেকে হাড়িবাড়ী টেকের এ অ্যান্ড ট্রাউজার্স গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি করত। এ বিষয়ে নিহতের বাবা পূবাইল থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন বলে নিশ্চিত করেছে পূবাইল থানা পুলিশ। এজাহার সূত্রে জানা গেছে, ৩ নভেম্বর অফিস শেষে সন্ধ্যায় অটোরিকশা করে বাড়িতে ফিরছিল রাজিব। পথিমধ্যে পূবাইলের বসুগাঁও এলাকার সাইফ পাওয়ার কারখানার সামনে তাকে বহনকারী অটোরিকশার গতিরোধ করে দুটি মোটরসাইকেল। মোটরসাইকেলে থাকা অজ্ঞাত ৫/৬ জন লোক রাজিবের চোখে ও শরীরে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করে। তাকে উদ্ধার করে প্রথমে গাজীপুরের শহিদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। অবস্থার অবনতি ঘটলে উন্নত চিকিৎসার জন্য সেখান থেকে কর্তব্যরত ডাক্তার তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন।

সংবাদ | মঙ্গলবার ২০ কার্তিক ১৪৩১ | Tuesday 5 November 2024

# সদরপুরে সাধারণ ঘটনায় অটোচালক নিহত

প্রতিনিধি, সদরপুর (ফরিদপুর)

ফরিদপুরের সদরপুর উপজেলার বিষ্ণুপুর ইউনিয়নের, গাবতলা গ্রামের মৃত কাশেম আকনের ছেলে কবির আকন (৪০) নামক একজন অটোচালককে কিল-ঘুষি দিয়ে মেরে ফেলার অভিযোগ পাওয়া গেছে। গত রোববার উপজেলার সদরপুর ইউপির সাড়েসাত রশি বাজারে দুপুরের দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, কবির আকন প্রতিদিনের মতো তার নিজস্ব অটোরিকশা নিয়ে যাত্রীসহ স্থানীয় সাড়েসাত রশি বাজারে যায়। বাজারে যাত্রী নামিয়ে দিয়ে অটো ঘুরাতে গেলে একই উপজেলার ভাসানচর ইউপির মেছেরের ডাংগী গ্রামের গুকুরের ছেলে সম্রাটের (২৫) গাড়ির সঙ্গে ধাক্কা লাগে। এতে দুজনের সঙ্গে কথা কাটাকাটির একপর্যায় সম্রাটের নিকটতম প্রতিবেশী একাধিক অটোচালক এসে সম্রাটের সঙ্গে যোগ দিয়ে কবিরকে কিল-ঘুষি দিতে থাকে। একপর্যায়ে কবির মাটিতে লুটিয়ে পড়লে, ওই বাজারের কয়েকজন ব্যক্তি ধরে স্থানীয় সদরপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গিলে ডিউটিরত ডাক্তার মৃত বলে জানান।

এই ব্যাপারে মৃত্যু কবিরের লোকজন থানায় খবর দিলে পুলিশ লাশ থানায় নিয়ে যায় এবং পোস্টমর্টেম করার জন্যে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। উক্ত অটোচালক এ ঘটনায় পুলিশ এখনো কাউকে আটক করতে পারেনি।

এ বিষয়ে জানতে চাইলে সদরপুর পুর থানার ওসি বলেন, লাশ ময়নাতদন্তের জন্যে মেডিকেল কলেজের মর্গে পাঠানো হয়েছে। মামলা করার জন্যে প্রস্তুতি চলছে।

সংবাদ
ঢাকা : সোমবার ৩ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Monday 18 November 2024

## যশোরে বাস হেলপারের মরদেহ উদ্ধার

**যশোর অফিস**

যশোরে পেট্রলপাম্পে পার্কিংয়ে থাকা একটি বাস থেকে হেলপারের মরদেহ উদ্ধার করা হয়েছে। গত শনিবার বেলা ১১টার দিকে শহরের মনিরুদ্দিন পেট্রল পাম্পের সামনে সরদার ট্রাভেলস নামে একটি পরিবহনের ভিতর থেকে এই মৃতদেহ উদ্ধার করে পুলিশ। হত্যাকাণ্ডের শিকার হেলপার বাপ্পি (২৫) গোপালগঞ্জ জেলার কাশিয়ানী থানার শংকরপাশা গ্রামের ইদ্রিস সরদারের ছেলে। নিহতের দেহে একাধিক ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত শুক্রবার রাতে মনিরুদ্দিন তেল পাম্প থেকে জ্বালানি তেল নিয়ে যশোর-ঢাকা মহাসড়কের পাশে গাড়িটি পার্কিং করা ছিল। বাসে হেলপার বাপ্পী একাই অবস্থান করছিল। সকালে ড্রাইভার ও সুপারভাইজার এসে তাকে মৃত অবস্থায় দেখে কোতোয়ালি থানা পুলিশকে খবর দেয়। পরে পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য যশোর জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়।

যশোর কোতোয়ালি মডেল থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহত বাপ্পির পিঠে ও কোমরে একাধিক ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে। গাড়ির মধ্যেই হত্যার কাজে ব্যবহৃত একটি ছুরি পাওয়া গেছে। পুলিশ বিষয়টি খতিয়ে দেখছে। জিজ্ঞাসাবাদের জন্য গাড়ির ড্রাইভার ও সুপার ভাইজারকে পুলিশ হেফাজতে নিয়েছে।

সংবাদ
ঢাকা : সোমবার ৩ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Monday 18 November 2024

## চুরির অভিযোগে নির্যাতিত রিকশা চালকের মৃত্যু

**প্রতিনিধি, লালমনিরহাট**

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় চুরির অভিযোগে মারপিটে আহত অটোরিকশার চালক হাসানুর রহমানের (৩০) মারা গেছেন।

শনিবার (১৬ নভেম্বর) বিকালে উপজেলার পাটগ্রাম পৌরসভার মির্জারকোট এলাকায় নিজ বাড়িতে তিনি মারা যান। তিনি ওই এলাকার মৃত আশরাফ আলীর ছেলে।

এর আগে গত ১১ নভেম্বর পাটগ্রাম পৌরসভার ঠাকুরবাড়ি এলাকার ইউনুস আলীর বাড়িতে তাকে আইপিএসের ব্যাটারি চুরির অভিযোগে তাকে ও তার স্ত্রীকে মারপিট করেন বাড়ির মালিক ও স্বজনরা।

স্থানীয়রা ও নিহতের স্বজনেরা জানায়, গত ১১ নভেম্বর বিকেলে পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ইউনুস আলীর ঠাকুরবাড়ি এলাকার বাসার একটি আইপিএসের ব্যাটারি হাসানুরের রিক্সায় পায় স্থানীয়রা। এতে ব্যাটারি চুরি করেছে বলে তাকে আটক করে বেধড়ক মারপিট করে ইউনুস আলীর ছেলে ও স্বজনেরা। খবর পেয়ে হাসানুরের স্ত্রী বিলকিস বেগম (২৫) স্বামীকে ছাড়িয়ে নিতে গেলে তাকেও মারপিট করা হয়। গুরুতর আহত অবস্থায় হাসানুরকে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসা দিয়ে বাড়িতে নিয়ে যায় তার স্ত্রী।

সংবাদ
ঢাকা : মঙ্গলবার ১১ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Tuesday 26 November 2024

## রূপগঞ্জে অটোচালকের মরদেহ উদ্ধার

**প্রতিনিধি, পূর্বাচল (নারায়ণগঞ্জ)**

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নের আগলা পুটিনা বাজারের পাশের ধানক্ষেত থেকে বাবুল মিয়া (৫২) নামের এক অটোরিকশা চালকের লাশ উদ্ধার করেছে পুলিশ। গত রোববার রূপগঞ্জ থানা পুলিশ এ লাশ উদ্ধার করে। নিহত বাবুল মিয়ার বাড়ি গাজীপুর জেলার কালিগঞ্জ থানার পুবাইল কাজীপাড়া গ্রামে। তার পিতার নাম বাচ্চু মিয়া।

পুলিশ জানায়, গত শনিবার বিকাল চারটার দিকে বাবুল মিয়া তার অটোরিক্সা নিয়ে বাসা থেকে বের হয়ে আর বাসায় ফিরে যায়নি। এঘটনায় কালিগঞ্জ থানায় জিডি করা হয়। নিহত বাবুল মিয়ার আত্মীয় স্বজন রূপগঞ্জ থানায় গিয়ে লাশ শনাক্ত করেন। গত রোববার আগলা পুটিনা এলাকার ধানক্ষেতে এক ব্যক্তির মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। লাশ উদ্ধার করে নারায়ণগঞ্জ মর্গে প্রেরণ করেছে। রাতের যেকোন সময়ে দুর্বৃত্তরা গলায় লোহার চেইন পেঁচিয়ে ওই ব্যক্তিকে শ্বাসরোধে অন্যত্র হত্যা করে নিরাপদ স্থান হিসেবে এখানে তার মরদেহ ফেলে গেছে বলে ধারণা করা হচ্ছে।

যুগান্তর
শুক্রবার ২৯ নভেম্বর ২০২৪
১৪ অগ্রহায়ণ ১৪৩১

## টঙ্গীতে গার্মেন্ট কর্মী কিশোরীর ঝুলন্ত লাশ উদ্ধার

**টঙ্গী পূর্ব (গাজীপুর) প্রতিনিধি**

টঙ্গীতে কিশোরীর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার সকাল দশটার দিকে টঙ্গীর দত্তপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। ওই কিশোরীর নাম নওশিন আক্তার ঝুমা। সে ময়মনসিংহ জেলার নান্দাইল থানার উত্তর পালাহার গ্রামের নুরুল ইসলামের মেয়ে। ঝুমা টঙ্গীর দত্তপাড়া এলাকায় বাদল মিয়ার ভাড়া বাড়িতে নানি রহিমা বেগমের সঙ্গে বাস করতেন। টঙ্গী পূর্ব থানা পুলিশের উপপরিদর্শক(এসআই) উৎপল কুমার কিশোরীর লাশটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গাজীপুরের শহীদ তাজ উদ্দী আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠিয়েছে। পুলিশ জানায়, ঝুমা টঙ্গীর জহির মার্কেট এলাকার কমপ্লায়েন্স ফ্যাশন অ্যান্ড ডিজাইন লিমিটেড নামককমপ্লায়েন্স ফ্যাশন অ্যান্ড ডিজাইন লিমিটেড কারখানার ম্যানেজার হাবিব হোসেন বলেন, আমি কারখানায় ছিলাম না। ঝুমা সকালে কারখানায় কাজে যোগ দিয়ে কিছুক্ষণ পরেই ছুটি চায়। ছুটি দেওয়ার মতো দায়িত্বপ্রাপ্ত কেউই ছিল না। কাউকে না জানিয়েই ঝুমা কারখানা থেকে বেড়িয়ে যায়। পরে তার মৃত্যুর খবর পাই আমরা। টঙ্গী পূর্ব থানার ওসি কায়সার আহমেদ বলেন, প্রাথমিকভাবে ঘটনাটিকে আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। একটি অপমৃত্যু মামলা করা হয়েছে।

সংবাদ
ঢাকা : সোমবার ৩ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Monday 18 November 2024

## মুন্সীগঞ্জে চালককে হত্যা করে অটোরিকশা ছিনতাই

**মাহাবুব আলম লিটন, মুন্সীগঞ্জ**

মুন্সীগঞ্জের সিরাজদিখানে আলাউদ্দিন বেপারী (৩৫) নামে এক ব্যক্তিকে হত্যা করে তার অটোরিকশা ছিনতাই করেছে দুর্বৃত্তরা।

শনিবার সকাল সাড়ে ১০টার দিকে ঢাকা-মাওয়া মহাসড়কের নিমতলা এলাকার ওভার ব্রিজের নিচে থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত আলাউদ্দিন উপজেলার শেখরনগর ইউনিয়নের ঘনশ্যামপুর গ্রামের মৃত জুম্মন বেপারীর ছেলে।

নিহত আলাউদ্দিনের বড় ভাই হালিম বেপারী জানান, প্রতিদিনের মতো শুক্রবার বিকেলে অটোরিকশা নিয়ে বের হন আলাউদ্দিন। রাতে তিনি বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা তাকে অনেকবার ফোন দিলেও দিনি রিসিভ করেননি। তার ধারণা, ছিনতাইকারীরা রাতেই আলাউদ্দিনকে হত্যা করেছে।

সংবাদ
শুক্রবার ১৪ অগ্রহায়ণ ১৪৩১
Friday 29 November 2024

## চালককে হত্যা করে ইজিবাইক ছিনতাই

**জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ**

ময়মনসিংহ সদরের সিরতা ইউনিয়নের টেকেরবাড়ি এলাকায় মো. আকাশ মিয়া নামে এক চালককে হত্যার করে তার ইজিবাইক ছিনতাইয়ের করে নিয়ে গেছে ছিনতাইকারীরা। গত মঙ্গলবার গভীর রাতে পুলিশ ওই চালকের মরদেহ উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে প্রেরণ করেছে। এ সময় ঘটনাস্থলে একটি ছুরিও পাওয়া যায়। নিহত ইজিবাইক চালক মো. আকাশ মিয়া ময়মনসিংহ সদর উপজেলার পরানগঞ্জ ইউনিয়নের চর হাসালিয়া গ্রামের খোকন মিয়ার ছেলে।

কোতোয়ালি মডেল থানার ওসি মো. সফিকুল ইসলাম খান বলেন, ইজিবাইক ছিনতাইয়ের জন্যই ছুরিকাঘাতে আকাশ মিয়াকে হত্যার ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। মরদেহ উদ্ধার করে বর্তমানে হাসপাতালের মর্গে রাখা হয়েছে। এই ঘটনায় থানায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

যুগান্তর
শুক্রবার ২৯ নভেম্বর ২০২৪

## শ্রীপুরে মামার হাতে গার্মেন্টস শ্রমিক খুন

**গাজীপুর প্রতিনিধি**

শ্রীপুরে গার্মেন্টস শ্রমিক শাহরিয়ারকে (১৯) হত্যার অভিযোগ উঠেছে মামা রনির বিরুদ্ধে। বৃহস্পতিবার বেলা দেড়টার দিকে পুলিশ হাসপাতাল থেকে লাশ উদ্ধার করেছে। ঘটনা ঘটেছে উপজেলার পৌর এলাকার ৭নং ওয়ার্ডের বেড়াইদেরচালা লিচু বাগান এলাকার আব্দুল হাইয়ের বাড়ির পাশে। নিহত শাহরিয়ার নেত্রকোনা জেলার আটপাড়া থানার চাইকাটিয়া গ্রামের ললিত মিয়ার ছেলে। সে শ্রীপুর প্যারামাউন্ট টেক্সটাইলে চাকরি করত। ওই বাড়ির অন্য ভাড়াটিয়ারা জানায়, বৃহস্পতিবার দুপুরে রনির সঙ্গে তার ভাগ্নে শাহরিয়ারের কথা-কাটাকাটির পর শাহরিয়ার ঘর থেকে বেরিয়ে যান।

প্রথম আলো • সোমবার, ২৫ নভেম্বর ২০২৪,

## সাটুরিয়ায় প্রাণ গেল কৃষকের

**প্রতিনিধি, মানিকগঞ্জ**

জমির সীমানা (আল) নিয়ে দ্বন্দ্বে মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলায় হেলাল উদ্দিন (৬৫) নামের এক বৃদ্ধ খুন হয়েছেন। গত শনিবার রাতে সাভারে এনাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

এর আগে গত ৫ নভেম্বর উপজেলার বাগবাড়ি শিমুলিয়া গ্রামে প্রতিপক্ষের লোকজনের ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন তিনি। নিহত হেলাল উপজেলার বাগবাড়ি শিমুলিয়া গ্রামের বাসিন্দা।

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
মঙ্গলবার ॥ ২৬ নভেম্বর ২০২৪ ॥

## নারী শ্রমিক ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার

গাজীপুরের কালিয়াকৈরে এক নারী শ্রমিককে ধর্ষণের অভিযোগে তার বাড়ির মালিককে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল গ্রেপ্তারকে গাজীপুর জেলহাজতে পাঠানো হয়েছে। গ্রেপ্তার আবদুর রাজ্জাক (৩৮) কালিয়াকৈর উপজেলার মুন্সিরটেক এলাকার বাসিন্দা। পুলিশ ও এলাকাবাসী জানায়, ওই নারী উপজেলার পূর্বচান্দরা পাশাগেট মুন্সিটেক এলাকায় রাজ্জাকের বাসা ভাড়া নিয়ে স্বামীর সঙ্গে বসবাস করে আসছেন। রবিবার সন্ধ্যায় বাড়ির মালিক কৌশলে তাকে ধর্ষণ করে। এ ঘটনায় ওই রাতেই ভুক্তভোগীর স্বামী বাদী হয়ে কালিয়াকৈর থানায় একটি অভিযোগ করেন। ওই অভিযোগের পরিপ্রেক্ষিতে রাতেই বাড়ির মালিক রাজ্জাককে গ্রেপ্তার করে পুলিশ। কালিয়াকৈর থানার ওসি (তদন্ত) জাফর আলী জানান, ধর্ষণের অভিযোগ পেয়ে বাড়ির মালিক রাজ্জাককে গ্রেপ্তার করা হয়েছে। -কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
সোমবার ॥ ২৫ নভেম্বর ২০২৪ ।

## অটোরিকশা চালকের লাশ উদ্ধার

রূপগঞ্জে ধান খেত থেকে বাবুল মিয়া (৫২) নামে এক অটোরিকশা চালকের লাশ উদ্ধার করেছে পুলিশ। উপজেলার দাউদপুর



ইউনিয়নের আগলা এলাকায় গতকাল দুপুরে লাশটি পাওয়া যায়। বাবুল মিয়া গাজীপুরের পুবাইল থানার কাজিপাড়ার বাচ্চু মিয়ার ছেলে। পূর্বাচল পুলিশ ক্যাম্পের এসআই জাহাঙ্গীর আলম জানান, ধান খেতে মৃতদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেন। পুলিশ লাশ উদ্ধার করে নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়। পরিবারের লোকজন লাশ শনাক্ত করেন। -রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

সমকাল
রোববার। ৩ নভেম্বর ২০২৪

# পাঁচ কারখানায় শ্রমিকদের বিক্ষোভ কর্মবিরতি

■ নিজস্ব প্রতিবেদক, সাভার ও কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

সাভারে কারখানার লরি চাপায় আহত শ্রমিকের ক্ষতিপূরণ ও কর্মকর্তাদের চাকরিচ্যুত করাসহ বিভিন্ন দাবিতে কর্মবিরতি পালন ও বিক্ষোভ করেছেন তিনটি পোশাক কারখানার শ্রমিকরা। শনিবার সকালে তেঁতুলঝোড়া ইউনিয়নের ভরারী এলাকার ভার্টেক্স গ্রুপের নিউ ফ্যাশন লিমিটেড, স্ট্যান্ডার্ড গ্রুপের দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওভেন লিমিটেড ও দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওয়াশ লিমিটেড কারখানার শ্রমিকরা এ কর্মসূচি পালন করেন।

জানা গেছে, গত বৃহস্পতিবার সন্ধ্যায় নিউ ফ্যাশন লিমিটেড কারখানায় পণ্য পরিবহনের একটি লরি কারখানাটির মূল ফটকের সামনে নারী শ্রমিক আদূরী খানমকে চাপা দেয়। এ ঘটনায় আহত ওই শ্রমিককে উদ্ধার করে হাসপাতালে নেওয়াসহ তাঁর চিকিৎসায় কোনো উদ্যোগ নেয়নি কারখানা কর্তৃপক্ষ। পরে আহত অবস্থায় তাঁকে একটি পিকআপ ভ্যানে সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনার প্রতিবাদে শনিবার শ্রমিকরা কর্মবিরতি ও বিক্ষোভ শুরু করলে কারখানাটিতে ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ।

অন্যদিকে, কয়েকজন স্টাফকে চাকরিচ্যুত করার দাবিতে কাজ বন্ধ করে বিক্ষোভ করেছেন সাভারের হেমায়েতপুর এলাকার দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওভেন লিমিটেড এবং দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওয়াশ লিমিটেডের শ্রমিকরা।

সাভার থানার ওসি জুয়েল মিঞা বলেন, লরির চাপার ঘটনায় থানায় একটি মামলা হলে পুলিশ অভিযান চালিয়ে লরিচালক সবুজ হালদারকে গ্রেপ্তার করেছে।

একই দিন গাজীপুরের মহানগরের কোনাবাড়ী বিসিক এলাকায় দুটি পোশাক কারখানার শ্রমিকরা ২১ দফা দাবিতে কর্মবিরতি পালন করেছেন। এর মধ্যে কোনাবাড়ীর তুষকা গ্রুপ ও জরুন এলাকার ইসলাম গ্রুপের শ্রমিকরা সকাল ৮টা থেকে দুপুর পর্যন্ত কর্মবিরতি পালন করেন। দুপুরের পর দুটি কারখানার কর্তৃপক্ষ দাবি মেনে নিলে শ্রমিকরা কর্মবিরতি স্থগিত করেন।

ইসলাম গ্রুপের ওভেন সেকশনের পিএম মামুন মিয়া বলেন, শ্রমিকদের সব দাবি মেনে নেওয়া হয়েছে। আজকে ছুটি ঘোষণা করা হয়েছে।

তুষকা গ্রুপের পরিচালক তারেক হাসান জানান, শ্রমিকদের সব দাবি মেনে নেওয়া হয়েছে। দুপুরের পর আর কোনো শ্রমিক কারখানায় আসেননি।

দৈনিক ইত্তেফাক
শুক্রবার
১৬ কার্তিক ১৪৩১, ১ নভেম্বর ২০২৪

# মিরপুরে শ্রমিকদের অবরোধ বিক্ষোভ যৌথ বাহিনীর সঙ্গে সংঘর্ষ, গুলিবিদ্ধ ২

## সেনাবাহিনী ও পুলিশের গাড়িতে আগুন

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর মিরপুর-১৪ নম্বরের কচুক্ষেত এলাকায় ক্রিয়েটিভ ডিজাইনার নামে একটি তৈরি পোশাক কারখানার শ্রমিকরা বিভিন্ন দাবিতে গতকাল বৃহস্পতিবার সকালে সড়কে মিছিল সমাবেশ করে। এ সময় পুলিশ বাধা দিলে শ্রমিকরা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ওপর ইটপাটকেল নিক্ষেপ করেন। একপর্যায়ে শ্রমিকরা রাস্তায় সেনাবাহিনী ও পুলিশের গাড়িতে আগুন ধরিয়ে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সেনাবাহিনী ফাঁকা গুলি ছোড়ে। পুলিশও টিয়ার শেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। একপর্যায়ে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এ সময় এক নারীসহ দুই জন পোশাক শ্রমিক গুলিবিদ্ধ হন। তারা হলেন : আল আমিন (১৮) ও ঝুমা আক্তার (১৫)। আল আমিনের দুই কাঁধে ও ঝুমার ডান পায়ের গোড়ালিতে গুলি লেগেছে। তাদের ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ৮টার দিকে প্রতিদিনের মতো ঐ প্রতিষ্ঠানের সামনে শ্রমিকরা জড়ো হন। শ্রমিকদের মধ্যে দ্বন্দ্ব থাকায় পূর্বেই গার্মেন্টস বন্ধ রাখার ঘোষণা দেয় মালিকপক্ষ। একপর্যায়ে গার্মেন্টস বন্ধ রেখে মালামাল সরিয়ে ফেলা হচ্ছে এমন তথ্য দিয়ে আশপাশের পোশাক শ্রমিকদের নিয়ে কয়েক হাজার শ্রমিক বিক্ষোভ মিছিল শুরু করেন। এ সময় তারা সড়ক অবরোধ করেন। একপর্যায়ে সেনাবাহিনীর সঙ্গে তাদের সংঘর্ষ হয়। পুলিশ পোশাক শ্রমিকদের লাঠিপেটা করে। বিক্ষুব্ধ শ্রমিকরা সেনাবাহিনীর একটি ও পুলিশের একটি গাড়ি ভাঙচুর চালিয়ে আগুন ধরিয়ে দেয়। এসময় পুলিশ টিয়ার শেল নিক্ষেপ করে। সেনাবাহিনী সেখানে ফাঁকা গুলি ছোড়ে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করে। একপর্যায়ে পুলিশ সাউন্ড গ্রেনেড ও রাবার বুলেট ছুড়তে থাকে। সকাল ১১টার দিকে পরিস্থিতি স্বাভাবিক হয়।

সরেজমিনে দেখা যায়, সেনাবাহিনী ও পুলিশের দুটি পোড়া গাড়ি পড়ে রয়েছে। অর্ধশতাধিক পুলিশ পোশাক কারখানার সামনে অবস্থান করছে। সেনাবাহিনী সাঁজোয়া যান দিয়ে টহল দিচ্ছে। এদিকে আন্দোলনের মুখে কচুক্ষেত এলাকায় অবস্থিত আটটি গার্মেন্টস বন্ধ ঘোষণা করা হয়। দুপুর ১২টার পরে এলাকার পরিস্থিতি শান্ত হলে ধীরে ধীরে যান চলাচল স্বাভাবিক হয়।

ক্রিয়েটিভ ডিজাইনার গার্মেন্টসের নিরাপত্তাকর্মী শফিকুল ইসলাম দুলাল বলেন, শ্রমিকদের মধ্যে দ্বন্দ্বের কারণে এমন সংঘর্ষের ঘটনা ঘটেছে। কবির নামে এক লাইনম্যান শ্রমিকদের চাপ দিয়ে, গালাগালি করে কাজ করান। শ্রমিকরা কবিরের পদত্যাগ চান। পরে কবিরের শ্যালক গত ২৬ অক্টোবর এক নারী পোশাকশ্রমিককে মারধর করেন। এর প্রতিবাদ জানাতে গেলে একজন পুরুষ শ্রমিককেও মারধর করা হয়। কারখানার মালিক কবিরকে অব্যাহতি দিলে তার ঘনিষ্ঠরা কাজে বাধা দেয়। কারখানার ভিতরে এমন ঘটনায় প্রায় তিন দিন কাজ বন্ধ থাকে। এ কারণে শিপমেন্টের তাড়া থাকায় কারখানার মালামাল স্থানান্তর করেন মালিক।

কাফরুল থানার ওসি কাজী গোলাম মোস্তফা বলেন, বিক্ষুব্ধ শ্রমিকরা পুলিশ ও সেনাবাহিনীকে লক্ষ্য করে ইটপাটকেল ছুড়ে মারে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লাঠিচার্জ করা হয়। এছাড়া টিয়ার শেল ও সাউন্ড গ্রেনেড ছুড়ে পরিস্থিতি স্বাভাবিক করা হয়। দুই জন পোশাক শ্রমিক গুলিবিদ্ধ হওয়া খবর পেয়েছি। সেনাবাহিনীর ও পুলিশের গাড়িতে কারা আগুন দিয়েছে সে বিষয়গুলো তদন্ত করা হচ্ছে।

MONDAY NOVEMBER 11, 2024
KARTIK 26, 1431 BS
The Daily Star

## PROTEST OVER ARREARS

# RMG workers block highway for second day

**OUR CORRESPONDENT,** *Gazipur*

Garment workers have blocked the Dhaka-Mymensingh highway for the second consecutive day over arrears, causing severe disruptions for travellers.

Around 2,000 workers from five T&Z Group factories -- T&Z Apparels Limited, Basic Clothing Limited, Apparels Plus, Basic Knitwear Limited, and Apparel Art Limited -- blocked the highway at Gazipur's Basan area around 8:00am yesterday, demanding three months' overdue wages.

"We've waited long enough based on the owners' promises. We can't wait any longer," a protesting worker said.

Gazipur Industrial Police Assistant Superintendent Mosharraf Hossain said, "We've tried several times to mediate, but the employer has repeatedly failed to meet payment deadlines."

The officer could not provide a timeline for resolving the standoff.

Workers said the employer missed the deadline for payments multiple times.

Due to the blockade, traffic pressure intensified on adjacent highways including Dhaka-Kishoreganj, Dhaka-Tangail, and Dhaka-Sylhet.

"A trip from Dhaka to Kishoreganj took eight hours today [yesterday] instead of the usual three," said Fatema Begum, a traveller heading to Kishoreganj.

Meanwhile, a notice from the T&Z Group's chairman, issued on Saturday, apologised for the delays, citing power supply issues as the cause of factory closures. However, repeated attempts to contact the factory officials were unsuccessful.

দৈনিক ইত্তেফাক
সোমবার
১৯ কার্তিক ১৪৩১, ৪ নভেম্বর ২০২৪

# ছয় কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ, ২৫টিতে ছুটি ঘোষণা

## গাজীপুরে শ্রমিক বিক্ষোভ

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুর মহানগরীতে শ্রমিক বিক্ষোভের প্রেক্ষিতে রবিবার ছয়টি কারখানায় অনির্দিষ্টকালের জন্য এবং ২৫টিতে রবিবারের জন্য ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ। দুইটি কারখানার শ্রমিকরা দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত নবীনগর-চন্দ্রা সড়ক অবরোধ করে রাখেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গাজীপুর মহানগরীর কোনাবাড়িতে তুসুকা গ্রুপের শ্রমিকরা বহিরাগত শ্রমিকদের সঙ্গে মিলে বিভিন্ন দাবিতে শনিবার ধর্মঘট শুরু করেন। তারা কারখানায় ইটপাটকেল ছুড়ে, ভাঙচুর এবং চার থেকে পাঁচ জন কর্মকর্তাকে মারধর করেন। রবিবার সকালে কর্তৃপক্ষ তুসুকা গ্রুপের তুসুকা জিন্স, তুসুকা ট্রাউজার্স, তুসুকা প্রসেসিং, তুসুকা প্যাকেজিং, তুসুকা ডেনিম এবং তুসুকা ওয়াশিং এই ছয়টি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে নোটিশ টানিয়ে দেয়।

তুসুকা গ্রুপের পরিচালক তারেক হাসান জানান, সরকারি ঘোষণা ও বিজিএমইএর নির্দেশনা মেনে গত জুলাই মাসে শ্রমিকদের বেতন-ভাতা বৃদ্ধি করা হয়। তার পরও অতিরিক্ত সুবিধা চেয়ে শ্রমিকরা শনিবার আন্দোলনে নামে। কর্তৃপক্ষ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী একাধিকবার শ্রমিকদের কাজে ফেরার আহ্বান জানালেও তারা তা অমান্য করে এবং কারখানা ভাঙচুর করে। তারা কয়েক জন কর্মকর্তাকে মারধর করে। সার্বিক পরিস্থিতি বিবেচনায় রবিবার থেকে শ্রম আইন অনুযায়ী ঐ কারখানাগুলো অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

শ্রমিকরা জানান, হাজিরা বোনাস, নাইট বিল, টিফিন বিলসহ অন্যান্য সুযোগ-সুবিধার দাবিতে তারা কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন। কিন্তু কর্তৃপক্ষ দাবি নাকচ করে দেওয়ায় তারা ধর্মঘটে যান। রবিবার কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। তারা দ্রুত কারখানা খুলে দেওয়ার দাবি করেন।

এদিকে ছুটি বৃদ্ধির দাবিতে আন্দোলনে নামায় রবিবার সকালে কোনাবাড়ি বিসিকের রেজাউল এ্যাপারেলস, লাইফ টেক্সটাইল, লাইফ স্টাইল, ফ্যাশন পয়েন্ট, ফ্যাশন সামিট, আইআর গার্মেন্টে এক দিন ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ। জরুন এলাকার রিপন নিটওয়্যার শ্রমিকরা পাশের এমএম গার্মেন্টে ঢিল ছুড়লে কর্তৃপক্ষ দুইটি কারখানাই দুপুরের পর ছুটি ঘোষণা করে। পরে পাশের এসট্রো সোয়েটার কারখানায়ও ছুটি ঘোষণা করা হয়।

অন্যদিকে দুপুরের পর কাশিমপুরের জিরানী এলাকার ডরিন টেক্সটাইল ও ডরিন এ্যাপারেলসের শ্রমিকরা জিএম ও পিএমের অপসারণ ও ভাতা বৃদ্ধির দাবিতে নবীনগর-চন্দ্রা সড়ক অবরোধ করে বিক্ষোভ করে। তারা আশপাশের কারখানায় গিয়ে শ্রমিকদের তাদের সঙ্গে আন্দোলনে শামিল হতে আহবান জানায়। অবরোধের কারণে দুপুরে যানবাহন চলাচল বন্ধ হয়ে ঐ সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে শিল্প পুলিশ ও সেনাবাহিনী ঘটনাস্থলে যায়। পরে ভাঙচুরের আশঙ্কায় ডরিন টেক্সটাইল, ডরিন এ্যাপারেলস, নবী টেক্সটাইলসহ আশপাশের কমপক্ষে ১৪ কারখানায় রবিবারের জন্য ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ।

শিল্প পুলিশের কোনাবাড়ি কাশিমপুর জোনের সিনিয়র সহকারী পুলিশ সুপার মো. আবু তালেব জানান, ডরিন টেক্সটাইল ও ডরিন এ্যাপারেলসের শ্রমিকদের অবরোধের কারণে দুপুর থেকে নবীনগর-চন্দ্রা সড়কে যানবাহন চলাচল করতে না পারায় চরম দুর্ভোগে পড়ে যাত্রীরা। সন্ধ্যার পরও তারা সড়কে অবস্থান করছিল। সমস্যা সমাধানের আশ্বাস দিলে সন্ধ্যা ৬টার দিকে শ্রমিকরা অবরোধ তুলে নেন। তাছাড়া শুধু কাশিমপুরেই ১০টির অধিক কারখানায় এক দিনের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে।

---

রোববার, নভেম্বর ৩, ২০২৪ ■ কার্তিক ১৮, ১৪৩১ বণিকবার্তা

# গাজীপুরে তিন কারখানায় শ্রমিকদের কর্মবিরতি

বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর

বিভিন্ন দাবিতে গাজীপুরে তিনটি কারখানায় কর্মবিরতি পালন করেছেন শ্রমিকরা। এর মধ্যে কোনাবাড়ী জরুন এলাকায় ইসলাম গ্রুপের শ্রমিকরা ২১ দফা এবং তুসুকা গ্রুপের শ্রমিকরা ১৬ দফা দাবিতে কর্মবিরতি পালন করেন। গতকাল সকাল সাড়ে ৮টা থেকে তারা কারখানার অভ্যন্তরে প্রধান ফটকের সামনে বিক্ষোভ মিছিলও করেন। তবে দাবি মেনে নেয়ায় বিকাল ৩টার দিকে শ্রমিকরা কর্মবিরতি প্রত্যাহার করে নেন। এছাড়া চাকরিচ্যুতির প্রতিবাদ ও বকেয়া বেতন পরিশোধসহ আট দাবিতে টঙ্গীর ফেমাস প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং কারখানার শ্রমিকরা অবস্থান কর্মসূচি পালন করেছেন। গতকাল বেলা ২টা পর্যন্ত এ কর্মসূচি পালন করেন তারা।

স্থানীয় সূত্রে জানা গেছে, শ্রমিকদের কর্মবিরতি ও বিক্ষোভের মুখে ইসলাম গ্রুপ কর্তৃপক্ষ গতকাল কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করে। পরে শ্রমিকরা বাসায় চলে যান। তবে তুসুকা গ্রুপ কর্তৃপক্ষ ছুটি ঘোষণা না করলেও তারা কাজে যোগ দেননি।

ইসলাম গ্রুপের শ্রমিক বাপ্পি বলেন, 'আমাদের ২১ দফা দাবির মধ্যে প্রায় সব দাবি মেনে নিলেও ১৪ জন কর্মকর্তার অব্যাহতির বিষয়ে কারখানা কর্তৃপক্ষ কিছুই জানায়নি।'

জাতীয় গার্মেন্ট শ্রমিক জোট বাংলাদেশের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও কোনাবাড়ী থানার সভাপতি আশরাফুজ্জামান জানান, তুসুকা এবং ইসলাম গ্রুপের শ্রমিকদের দাবিগুলো আমি দেখেছি। অনেক দাবি মালিক পক্ষ পূরণের আশ্বাস দিয়েছে। এ অবস্থায় কর্মবিরতি প্রত্যাহার করেছেন শ্রমিকরা।

অন্যদিকে টঙ্গীর ফেমাস প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং কারখানার শ্রমিকরা মঙ্গলবার থেকে কর্মবিরতি পালন করে আসছেন। কারখানাটিতে ১২৭ জন শ্রমিক কাজ করতেন। মঙ্গলবার বিকালে কর্তৃপক্ষ শ্রমিকদের চাকরিচ্যুতের বিষয়টি মৌখিকভাবে ঘোষণা করে। এরপর থেকে শ্রমিকরা কারখানার ভেতরে অবস্থান নেন। বুধবার সকালে কারখানা কর্তৃপক্ষ নোটিস বোর্ডে চাকরিচ্যুতি ও কারখানা বন্ধের নোটিস ঝুলিয়ে দেয়। তবে শ্রমিক ও কর্মকর্তাদের অক্টোবরের বেতন এবং অতিরিক্ত মজুরি পরিশোধ করেনি মালিক পক্ষ। শ্রমিকরা পাওনা পরিশোধের দাবি জানালে মালিক পক্ষ অপারগতা প্রকাশ করে। পাওনা আদায়ে সহযোগিতা চেয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শিল্প পুলিশসহ (আইআরআই) বিভিন্ন শ্রমিক সংগঠনের কাছে আবেদন করেছেন তারা।

এ ব্যাপারে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শক সঞ্জয় কুমার দাস বলেন, 'কারখানা মালিকের প্রতিনিধি মো. রানা আমাদের জানিয়েছেন, আজ বিকালে কারখানার মালিক মোহাম্মদ হাসান আসবেন। শ্রমিকদের প্রতিনিধিরা আসবেন।'

গাজীপুর শিল্প পুলিশের পরিদর্শক (টঙ্গী জোন) কৃপা সিন্ধু বালা বলেন, 'পাঁচদিন ধরে কারখানার ভেতরে শ্রমিকরা অবস্থান করছেন।' কারখানায় বিশৃঙ্খলা ও ভাংচুর থেকে বিরত থাকতে শ্রমিকদের অনুরোধ করা হয়েছে। বিষয়টি সমাধানের জন্য মালিকপক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে।'

---

ইত্তেফাক ৩ নভেম্বর ২০২৪

# সাভারে তিন কারখানার শ্রমিকদের কর্মবিরতি ৮

■ ইত্তেফাক রিপোর্ট

সাভারে কারখানার লরিচাপায় আহত এক নারী শ্রমিককে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান ও কর্মকর্তাদের চাকরিচ্যুত করাসহ বিভিন্ন দাবি আদায়ে কর্মবিরতি পালন ও বিক্ষোভ করেছে তিনটি তৈরি পোশাক কারখানার শ্রমিকরা। গতকাল শনিবার সকাল থেকে সাভারের তেঁতুলঝোড়া ইউনিয়নের ভরারী এলাকার ভার্টেক্স গ্রুপের নিউ ফ্যাশন লিমিটেড এবং স্ট্যান্ডার্ড গ্রুপের দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওভেন লিমিটেড ও দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওয়াশ লিমিটেড কারখানার শ্রমিকরা এ কর্মবিরতি ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন।

শ্রমিক ও থানা পুলিশ সূত্রে জানা গেছে, ভার্টেক্স গ্রুপের নিউ ফ্যাশন লিমিটেড কারখানায় পণ্য পরিবহনের সময় একটি লরি কারখানাটির মূল ফটকের সামনে নারী শ্রমিক আদুরী খানমকে চাপা দেয়। কিন্তু তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়াসহ তার চিকিৎসায় কার্যকর কোনো উদ্যোগ নেয়নি কারখানা কর্তৃপক্ষ। পরে আহত আদুরীকে একটি পিকআপ ভ্যানে করে সাভারের এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

অন্যদিকে, কয়েক জন স্টাফকে চাকরিচ্যুত করার দাবিতে কাজ বন্ধ করে বিক্ষোভ করছেন সাভারের হেমায়েতপুর এলাকায় অবস্থিত, স্ট্যান্ডার্ড গ্রুপের দুই কারখানা দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওভেন লিমিটেড এবং দ্য সিভিল ইঞ্জিনিয়ারস ওয়াশ লিমিটেডের শ্রমিকরা।

সাভার মডেল থানার ওসি মো. জুয়েল মিঞা জানান, লরির চাপায় কারখানা শ্রমিক আদুরী খানম আহত হওয়ার ঘটনায় শুক্রবার থানায় মামলা দায়ের করা হলে পুলিশ অভিযান চালিয়ে লরিচালক মো. সবুজ হালদারকে (৩৩) গ্রেফতার করে।

NEW AGE MONDAY, NOVEMBER 4, 2024,

# Govt tea garden workers on strike for payment of dues

**Our Correspondent**
Moulvibazar

TEA workers of the state-owned National Tea Company are on an indefinite strike demanding wage arrears.

The workers of 16 tea gardens of the country have been on strike for more than a week demanding their wages without attending work.

Tea workers are living an inhumane life as they are not getting their wage arrears, the workers said.

About 17 thousand tea workers work in these gardens while another 30,000 people depend on them for their livelihood.

The labour leaders of various NTC tea plantations in Kamalganj of Moulvibazar held a meeting with the leaders of Bangladesh Tea Workers Union on October 20 and are observing this strike from the morning of October 21.

The tea workers said that they were owed 6 weeks' wages and were living an inhuman life.

The workers said that if the employers did not pay their dues, they would not join the work.

Moulvibazar has seven tea gardens out of 16 tea gardens under the ownership of National Tea Company.

Pradeep Pal, the youth leader of Patrakhola tea plantation, said that the workers were owed 6 weeks' wages. 'Before the last Durga Puja, the authorities said that they would give wages. But we were not given any wages,' Pradeep said.

Geeta Rani Kanu, a female leader of the tea workers of the Kurma tea garden, said, 'In the Kurma tea garden, residents were suffering a lot due to price hikes of essential commodities. Tk 170 wage per day is not in line with the current market.'

Organising secretary of Bangladesh Tea Workers Union Bijay Hazra said that the workers who worked for a daily wage of Tk 170 had to face problems if they did not get a week's wages.

They do not get wages for a total of six weeks, Bijoy said.

'I am requesting the government to take quick initiative to solve the problem,' he said.

Terming the workers' demand as logical, National Tea Company general manager Emdadul Haque said that they were making every effort to pay the wages of the workers.

'If the workers continue the strike, the tea estates will suffer a lot. Efforts are on to resolve the problem of wages,' he added.

Moulvibazar deputy commissioner Israel Hossain said that the National Tea Company asked for an allocation of 30 kilogrammes of VGF rice for the tea garden workers.

'The NTC did not have a chairman. The new chairman has joined and the new board of directors of Krishi Bank has been formed. I hope everything will be resolved within this week,' the DC said.

সমকাল রোববার । ১০ নভেম্বর ২০২৪

# গাজীপুরে মহাসড়কে দিনভর শ্রমিকদের বিক্ষোভ, দুর্ভোগ

বকেয়া বেতন ও কারখানায় উৎপাদন অব্যাহত রাখার দাবি

**গাজীপুর প্রতিনিধি**



গাজীপুরে বকেয়া বেতন ও উৎপাদন অব্যাহত রাখার দাবিতে টিএনজেড গ্রুপের পাঁচ কারখানার শ্রমিকরা মহাসড়ক অবরোধ করে দিনভর বিক্ষোভ করেছেন। গতকাল শনিবার সকাল ৯টা থেকে তারা মহানগরের সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। রাত ১০টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত আন্দোলন চলছিল। এতে ঢাকাসহ বিভিন্ন এলাকার সঙ্গে যান চলাচল বন্ধ হয়ে যায়। দিনভর চরম ভোগান্তি পোহাতে হয় যাত্রীদের।

সকাল থেকে পোশাক শ্রমিকরা কারখানার সামনে জড়ো হতে থাকেন। এক পর্যায়ে তারা মালেকের বাড়ি, কলম্বিয়া মোড়ে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন। খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। কিন্তু শ্রমিকরা তাদের সিদ্ধান্তে অনড় থাকেন। এই গ্রুপের টিএনজেড অ্যাপারেলস লিমিটেড, বেসিক ক্লথিং লিমিটেড, অ্যাপারেলস প্লাস ইকো, বেসিক নিটওয়্যার লিমিটেড ও আপারেল আর্ট লিমিটেডের প্রায় ১২০০ শ্রমিক আন্দোলনে নামেন।

শ্রমিকরা জানান, গত ২৩ অক্টোবর বেতন পরিশোধের কথা থাকলেও মালিকপক্ষ বেতন পরিশোধ করেনি। ২৪ অক্টোবর সেনাবাহিনী, মালিকপক্ষ ও শ্রমিক প্রতিনিধিদের আলোচনা হয়। ওই সভায় সেপ্টেম্বর মাসের বেতন ৩ নভেম্বর এবং অক্টোবর মাসের বেতন ২০ নভেম্বর পরিশোধের সিদ্ধান্ত হয়। কিন্তু কারখানা কর্তৃপক্ষ বেতন পরিশোধ করেনি। গত বৃহস্পতিবার গ্রুপের জরুরি অফিস নোটিশে বলা হয় শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের সেপ্টেম্বর মাসের বকেয়া বেতন ও ভাতা এদিন নিজ নিজ বিকাশ অ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে। অক্টোবর মাসের বেতন-ভাতা ২৮ নভেম্বর পরিশোধ করা হবে। সবাইকে শনিবার (গতকাল) থেকে উৎপাদনে মনোযোগী হয়ে কাজ করার জন্য বিশেষভাবে বলা হচ্ছে।

এদিকে শনিবার গ্রুপ চেয়ারম্যান স্বাক্ষরিত জরুরি নোটিশে বলা হয়েছে, 'আমি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি, সেই সঙ্গে জানাচ্ছি যে, গত ৭ নভেম্বর পূর্বঘোষিত নোটিশের মাধ্যমে অঙ্গীকারবদ্ধ থাকার পরেও সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা অনিবার্য কারণে পরিশোধ করতে পারিনি। আশা করছি আগামী মাসের কোনো একসময় সেপ্টেম্বর-অক্টোবর মাসের বেতন-ভাতা পরিশোধ করা হবে।' নোটিশে আরও উল্লেখ করেন, বর্তমানে কারখানায় বিদ্যুৎ সংযোগ না থাকায় কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয়। তাই শনিবার কারখানার কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। বিদ্যুৎ সংযোগ স্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করা হয়েছে, শিগগির বিদ্যুৎ সংযোগ স্থাপন করে কারখানার কার্যক্রম শুরু করা হবে।

শ্রমিকরা জানান, গত এপ্রিল থেকে কারখানা বন্ধ ছিল। সেপ্টেম্বরে কারখানা খুললেও দুই মাসের বেতন না দিয়ে কর্তৃপক্ষ সময় পার করছে। পুলিশ ও সেনাবাহিনীর মাধ্যমে বারবার তারিখ জানালেও বেতন দিচ্ছে না। বাধ্য হয়ে সড়ক অবরোধ করছেন তারা। দাবি মেনে নিলে তারা সরে যাবেন।

NEW AGE
SATURDAY, NOVEMBER 2, 2024,

# Opening fire on apparel workers condemned

**Staff Correspondent**

STUDENT leaders, labour leaders and workers at a rally in Dhaka on Friday condemned the firing into apparel workers during their recent protests.

Such firing into apparel workers is not expected in the post-uprising period, they said at the rally organised by the progressive student organisations in front of the Bangladesh National Museum.

They also demanded an end to such firing and repression and an end to lay-off of the apparel workers, and to bring the involved persons to book.

Garments Sramik Oikya Forum president Mushrefa Mishu said that the contribution of the workers in the student-led mass uprising was largely ignored in the post-uprising period.

The repression on workers has not changed even after the fall of the fascist Awami League regime as workers went through the same repression during the Awami regime, said Mishu. 'Workers' right cannot be ensured if bourgeois system cannot be abolished,' said Mishu.

Revolutionary Student Unity general secretary Jabir Ahmed Jubel said that the interim government could not deny their responsibility for such repression and firing into apparel workers that left at least two people killed and several injured.

Garment worker Iqramul Huq said that the law enforcers did not take any step against the garment owners who did not pay due wages, who lay off workers and shut down the factories without following rules.

'We face repression when we demand our rights,' stressed Iqramul.

Garment Workers' Trade Union Centre deputy general secretary Monzur Moin said that repression on workers was not the spirit of the uprising.

Referring to the Thursday's firing into apparel workers in Mirpur, Moin said that an inclusive Bangladesh would not be established if such repression continued.

Socialist Student Front president Salman Siddiqui, Revolutionary Student-Youth Movement president Tawfika Priya and Democratic Students' Council president Saiedul Hoq Nissan, among others, spoke at the rally.

দৈনিক ইত্তেফাক
২১ কার্তিক ১৪৩১, ৬ নভেম্বর ২০২৪

# গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে সড়ক অবরোধ

## যানজটে চরম দুর্ভোগ

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে গতকাল মঙ্গলবার মহানগরীর মালেকের বাড়ি এলাকায় একটি কারখানার শ্রমিকরা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। অবরোধের কারণে শত শত কর্মজীবী মানুষ বিড়ম্বনায় পড়েন।

জানা গেছে, আর্থিক সংকটে পড়ে দুই মাস আগে টি অ্যান্ড জেড অ্যাপারেলস নামের কারখানাটি লেঅফ ঘোষণা করে কর্তৃপক্ষ। শ্রম আইনে শ্রমিকদের তিন মাসের বেতন পরিশোধের কথা। কর্তৃপক্ষ এক মাসের বেতন পরিশোধ করলেও বকেয়া রয়েছে দুই মাসের বেতন। শ্রমিকরা দীর্ঘদিন ধরেই বেতন পরিশোধের দাবি জানিয়ে আসছিল। কিন্তু কারখানা কর্তৃপক্ষ তা পরিশোধ করেননি। গতকাল সকালে শ্রমিকরা মালেকের বাড়ি কলম্বিয়া মোড় এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকে। খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। এ সময় ঐ মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। সকাল ১০টার দিকে শ্রমিকদের বুঝিয়ে মহাসড়ক থেকে সরিয়ে দিলে প্রায় এক ঘণ্টা পর যানবাহন চলাচল স্বাভাবিক হয়।

দৈনিক ইত্তেফাক
রবিবার
২৫ কার্তিক ১৪৩১, ১০ নভেম্বর ২০২৪

# গাজীপুরে পোশাক শ্রমিকদের মহাসড়ক অবরোধ

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বকেয়া বেতন ও কারখানা চালুর দাবিতে শনিবার মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছে নগরীর মোগরখাল এলাকার টিএনজেড গ্রুপের পাঁচ কারখানা শ্রমিকরা। এতে মহাসড়কের উভয় দিকে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। চরম দুর্ভোগে পড়েন যাত্রী ও পণ্যবাহী যানবাহন।

জানা গেছে, টিএনজেড গ্রুপের পাঁচ কারখানা গত সেপ্টেম্বর মাসে লেঅফ ঘোষণা করে কর্তৃপক্ষ। এসব কারখানায় ১ হাজার ২ শতাধিক শ্রমিক কাজ করেন। একাধিক তারিখ দিয়েও শ্রম আইনে পাওনা বকেয়া পরিশোধ না করায় শ্রমিকরা আন্দোলনে নামেন। পরবর্তী সময়ে সেনাবাহিনী-পুলিশ ও মালিক-শ্রমিক বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সেপ্টেম্বর মাসের বেতন গত ৩ নভেম্বর পরিশোধের কথা ছিল কারখানা কর্তৃপক্ষের। পরে ৭ নভেম্বর নতুন করে প্রতিষ্ঠানের চেয়ারম্যান ৯ নভেম্বর বেতন পরিশোধের অঙ্গীকার করেন। শ্রমিকরা শনিবার সকাল ৯টার দিকে কারখানার সামনে জড়ো হয়ে প্রধান ফটকে টিএনজেড গ্রুপের চেয়ারম্যান স্বাক্ষরিত একটি 'জরুরি নোটিশ' দেখতে পান। তাতে লেখা রয়েছে 'আমি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। গত ৭ নভেম্বর পূর্বঘোষিত নোটিশের মাধ্যমে অঙ্গীকারবদ্ধ থাকার পরেও গত সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা অনিবার্য কারণে পরিশোধ করতে পারি নাই। আশা করছি, আগামী মাসের কোনো একসময় সেপ্টেম্বর-অক্টোবর মাসের বেতন-ভাতা পরিশোধ করা হবে'।

শ্রমিকরা বলেন, বেতন না দিয়ে কারখানা বন্ধ রেখেছে কর্তৃপক্ষ। বেতন ও কারখানা চালুর দাবিতে আন্দোলনে নেমেছেন। দাবি মেনে নিলে মহাসড়ক ছেড়ে দিবেন।

সমকাল
মঙ্গলবার। ১২ নভেম্বর ২০২৪

# নারায়ণগঞ্জে সড়কে সাড়ে পাঁচ ঘণ্টা শ্রমিকরা

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের পঞ্চবটিতে 'ক্রনী গ্রুপ'-এর দুটি পোশাক কারখানার শ্রমিকরা বকেয়া বেতনের দাবিতে সোমবার সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ঢাকা-মুন্সীগঞ্জ সড়ক অবরোধ করেন। এতে অবর্ণনীয় দুর্ভোগ পোহাতে হয় সড়কে চলাচলকারীদের। অনেকে নারায়ণগঞ্জ শহর ঘুরে বিকল্প পথে যাতায়াত করেন। বিক্ষোভ শুরুর পর কিছু শ্রমিক বিসিক শিল্পাঞ্চলের ভেতরে কয়েকটি কারখানায় ভাঙচুর চালায়। এ সময় অধিকাংশ কারখানার শ্রমিকদের ছুটি দিয়ে দেয় কর্তৃপক্ষ।

বিসিক শিল্পনগরীর কর্মকর্তা মোস্তাফিজুর রহমান বলেন, পঞ্চবটির এ শিল্পাঞ্চলে ৪৩২টি কারখানা আছে। অধিকাংশ কারখানায় দুপুরের আগেই শ্রমিকদের ছুটি দেওয়া হয়। এ সময় বিপুলসংখ্যক পুলিশ ও বিজিবি সদস্য শিল্পাঞ্চলে অবস্থান নেন।

ক্রনী গ্রুপের অবন্তী কালার কারখানার শ্রমিক শামীম আরা বলেন, 'গত বছর থেকে কারখানার মালিক বেতন নিয়ে গড়িমসি করে আসছেন। গত আগস্ট থেকে আমার বেতন বকেয়া। বেতন না দিয়েই গত মাসে কারখানা লে-অফ ঘোষণা করা হয়। ডিসি, এসপি, শ্রম দপ্তর, বিকেএমইএসহ অনেকের কাছে আমরা গেছি। সমাধান না পেয়ে রাস্তায় নেমেছি।'

দুপুরে শ্রমিকদের সঙ্গে সেনাবাহিনী ও শিল্প পুলিশের কর্মকর্তারা আলোচনা করার পর বেশির ভাগ শ্রমিক সড়ক ছেড়ে চলে যান।

## বকেয়া বেতন দাবি

আন্দোলনের নেতৃত্ব দেওয়া শ্রমিক আন্দোলন মঞ্চের নারায়ণগঞ্জ জেলার সভাপতি জাহাঙ্গীর আলম গোলক ও বাংলাদেশ টেক্সটাইল গার্মেন্টস শ্রমিক ফেডারেশনের নারায়ণগঞ্জ জেলার সভাপতি আবু সাঈদ গতকাল বিকেল ৩টায় জানান, তারা এ মুহূর্তে জেলা প্রশাসকের কার্যালয়ে আলোচনা করছেন। সকালে বকেয়া বেতনের দাবিতে শ্রমিকরা সড়ক অবরোধ করলেও দুপুর ১টার দিকে প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে তাদের বকেয়া আদায়ের ব্যবস্থা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে বুঝিয়ে অধিকাংশ শ্রমিককে সরিয়ে দেন। তবে এরপরও ৪০-৫০ জন শ্রমিক অবন্তী কালারের সামনের রাস্তা অবরোধ করে বসে আছে। পেছন থেকে একদল লুট সন্ত্রাসী সহায়তা করছে। এদের উদ্দেশ্য লুটপাট করা। শ্রমিক নেতারা এদের সঙ্গে নেই।

বিকেলে সব শ্রমিক সড়ক ছেড়ে চলে গেলে যান চলাচল শুরু হয়। তবে রাত ৮টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত তীব্র যানজট ছিল। গত ডিসেম্বর থেকে ক্রনী গ্রুপের কারখানা দুটিতে বেতন নিয়ে অসন্তোষ চলছে। গত এপ্রিলে বকেয়া বেতনের দাবিতে অবন্তী কালারের শ্রমিকরা বিক্ষোভ করেন। এ সময় শ্রমিক-পুলিশ সংঘর্ষে অন্তত ৬০ জন আহত হন।

বণিক বার্তা
সোমবার, নভেম্বর ১১, ২০২৪ ■ কার্তিক ২৬, ১৪৩১

### ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ

# গাজীপুরে ৩০ কারখানায় ছুটি ঘোষণা

বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর

বকেয়া বেতন দাবিতে গাজীপুরে একটি কারখানায় শ্রমিক অসন্তোষ দেখা দিয়েছে। দুদিন ধরে মহানগরীর মালেকের বাড়ি এলাকার টিএনজেড অ্যাপারেলস গ্রুপের পাঁচটি পোশাক কারখানার শ্রমিকরা বিক্ষোভ করছেন। গতকাল দ্বিতীয় দিনের মতো ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন তারা। মালিক পক্ষ বারবার বেতন পরিশোধের আশ্বাস দিলেও তা মানা হয়নি। এবার বেতন ছাড়া মহাসড়ক ছাড়বেন না বলে জানিয়েছেন আন্দোলনরত শ্রমিকরা। নিরাপত্তা ও সার্বিক পরিস্থিতি বিবেচনায় ৩০টি কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে।

শিল্প পুলিশ ও শ্রমিকদের সঙ্গে কথা বলে জানা গেছে, মহানগরীর মালেকের বাড়ি এলাকায় অবস্থিত টিএনজেড অ্যাপারেলস লিমিটেড কারখানার শ্রমিকদের তিন মাসের বেতন বকেয়া রয়েছে। শ্রমিকরা তিন মাস ধরে বেতন দাবি করলেও কর্তৃপক্ষ কালক্ষেপণ করছে। গত ২৮ অক্টোবর শ্রমিকরা আন্দোলন করলে শিল্প পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা তাদের শান্ত করেন। তখন পুলিশ জানায়, ৩ নভেম্বর বেতন পরিশোধ করা হবে। তবে সেদিন শ্রমিকদের বেতন না দিয়ে কারখানা বন্ধ করে দেয়া হয়। এরপর ৫ নভেম্বর আবার শ্রমিকরা বিক্ষোভ করলে শিল্প পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা বিষয়টি সমাধানের আশ্বাস দেন। তবে নভেম্বরের নয়দিন চলে গেলেও শ্রমিকরা বেতন পাননি। তাছাড়া কারখানা বেশ কিছুদিন ধরে বন্ধ রয়েছে। এসব কারণে গত শনিবার সকালে আবারো মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন শ্রমিকরা। শনিবার সারা দিন এবং রাতের বেলাও মহাসড়ক অবরোধ করে রাখেন তারা।

গাজীপুর শিল্প পুলিশের পুলিশ সুপার (এসপি) সারোয়ার আলম জানান, শ্রমিক আন্দোলনের কারণে কোনাবাড়ী-জিরানী এলাকার রেজাউল অ্যাপারেলস লিমিটেড, কেএম নোবলি গার্মেন্টস, বানিকা ফ্যাশন লিমিটেড, ডরিন গার্মেন্টস, ডরিন অ্যাপারেলস, লাইফ টেক্সটাইল, এবিএম ফ্যাশন, পিএন কম্পোজিট নিট লিমিটেড, ভোগড়া বাইপাস এলাকার টিএনজেড অ্যাপারেলস, বেসিক ক্লথ লিমিটেড, অ্যাপারেল পালাস ইকো লিমিটেড, বেসিক নিটওয়্যার লিমিটেডসহ ৩০টি পোশাক কারখানা ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ।

শ্রমিকরা বলছেন, আমরা বেতন পাই, এটা আমাদের ন্যায্য দাবি। শনিবার থেকে আমরা মহাসড়কে অবস্থান নিয়েছি। বেতন না নিয়ে বাসায় ফিরব না। আমাদের ঘর ভাড়া বাকি, দোকানে বাকি। বেতন না পেলে আমরা কোনোভাবেই চলতে পারছি না।

এদিকে দুদিন ধরে গুরুত্বপূর্ণ এ মহাসড়ক অবরোধ করে রাখায় রাজধানীর আব্দুল্লাহপুর থেকে গাজীপুরের রাজেন্দ্রপুর পর্যন্ত ২৫ কিলোমিটার দীর্ঘ যানজট সৃষ্টি হয়। বিভিন্ন কাজে রাজধানীমুখী যাত্রীরা বিভিন্ন বিকল্প যানবাহন ও আঞ্চলিক সড়ক ব্যবহার করে গন্তব্যে যাওয়ার চেষ্টা করে। যানজটে বসে না থেকে দুপুরের পর থেকে হেঁটে গন্তব্যে যেতে দেখা

> দুদিন ধরে গাজীপুরের মালেকের বাড়ি এলাকার টিএনজেড অ্যাপারেলস গ্রুপের পাঁচটি পোশাক কারখানার শ্রমিকরা বিক্ষোভ করছেন। গতকাল দ্বিতীয় দিনের মতো ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন তারা। মালিক পক্ষ বারবার বেতন পরিশোধের আশ্বাস দিলেও তা মানা হয়নি। এবার বেতন ছাড়া মহাসড়ক ছাড়বেন না বলে জানিয়েছেন আন্দোলনরত শ্রমিকরা। নিরাপত্তা ও সার্বিক পরিস্থিতি বিবেচনায় ৩০টি কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে

## গাজীপুরে ৩০ কারখানায়

শেষ পৃষ্ঠার পর

গেছে অনেককে। ছোট ছোট যানবাহন বিশেষ করে মোটরসাইকেল, রিকশা, ইজিবাইক যাওয়ার চেষ্টা করলে বিক্ষুব্ধ শ্রমিকরা লাঠিসোঁটা নিয়ে তাদের দিকে তেড়ে আসতেও দেখা গেছে।

গাজীপুর মহানগর পুলিশের অফিশিয়াল ফেসবুক পেজে বিকল্প সড়ক ব্যবহারে অনুরোধে করে একটি ট্রাফিক আপডেট দেয়া হয়েছে। আপডেটে বলা হয়েছে, ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ও ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক ব্যবহারকারী যাত্রীদের জানানো যাচ্ছে, বকেয়া বেতন-ভাতার দাবিতে পোশাক শ্রমিকরা ভোগড়া বাইপাস ও মালেকের বাড়ির মাঝামাঝি কলম্বিয়া গার্মেন্টসের সামনে গতকাল মহাসড়ক অবরোধ করে রেখেছেন। এ অবস্থায় বিকল্প রাস্তা ব্যবহার করার জন্য অনুরোধ করা হচ্ছে। যানজটের দুর্ভোগ এড়াতে মহানগর পুলিশ বিকল্প পথ বলতে আসলে কোন পথ ব্যবহারের কথা বলেছে, এ নিয়ে অনেকেই জানতে চেয়েছেন।

এ ব্যাপারে মহানগর পুলিশের উপকমিশনার (ট্রাফিক) ইব্রাহিম খান বলেন, 'শনিবার সকাল সাড়ে ৯টায় শুরু হওয়া শ্রমিক বিক্ষোভ রাতভর চলেছে। টানা প্রায় ২৮ ঘণ্টা মহাসড়কে অবস্থান করছেন শ্রমিকরা। এ কারণে মহাসড়কের উভয় পাশে টঙ্গী থেকে রাজেন্দ্রপুর পর্যন্ত প্রায় ২০ কিলোমিটার এলাকায় যানজট সৃষ্টি হয়েছে। যানজট ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে কোনাবাড়ী ছাড়িয়েছে। যানজটে আটকা পড়ে মহাসড়কে চলাচলকারী যাত্রীরা বিকল্প পথে চলাচল করছে। শ্রমিকদের বোঝানোর চেষ্টা চলছে। তবে তারা কথা শুনছেন না।'

গাজীপুর শিল্পাঞ্চল পুলিশ-২-এর পুলিশ সুপার সারোয়ার আলম বলেন, 'টিএনজেড গ্রুপের শ্রমিকরা সেপ্টেম্বর ও অক্টোবরের বকেয়া বেতন দাবিতে শনিবার সকাল থেকে ঢাক-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রেখেছেন। বেতন পরিশোধ না করলে মহাসড়ক থেকে যাবেন না বলে জানিয়েছেন। আমরা মালিক পক্ষের সঙ্গে কয়েকবার বৈঠক করেছি। তারা আশ্বাস দিয়েও কথা রাখছে না। তারা বেতন পরিশোধ করছে না বলেই শ্রমিকরা মহাসড়ক অবরোধ করে রেখেছেন।'

সোমবার
২৬ কার্তিক ১৪৩১, ১১ নভেম্বর ২০২৪
দৈনিক ইত্তেফাক

# গাজীপুরে ৩৫ ঘণ্টায়ও অবরোধ তুলে নেননি শ্রমিকরা

## স্থবির হয়ে পড়েছে জনজীবন, যাত্রীদের ভোগান্তি চরমে, ৩০ কারখানা ছুটি ঘোষণা

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বকেয়া বেতন-ভাতা পরিশোধ ও বন্ধ কারখানা চালুর দাবিতে রবিবার সন্ধ্যা পর্যন্ত প্রায় ৩৫ ঘণ্টা ধরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রেখেছে টিএনজেড গ্রুপের পাঁচটি কারখানার পোশাক শ্রমিকরা। অবরোধের কারণে ঐ মহাসড়কে প্রায় ২০ কিলোমিটার এলাকায় স্মরণকালের ভয়াবহ যানজটের সৃষ্টি হয়েছে। এছাড়াও ঢাকা-টাঙ্গাইল ও ঢাকা বাইপাস মহাসড়কসহ বিভিন্ন আঞ্চলিক সড়কগুলোতে হাজার হাজার যানবাহন আটকা পড়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়েছে। দুই দিন ধরে লাগাতার মহাসড়ক অবরোধের কারণে স্থবির হয়ে পড়েছে গাজীপুরের জনজীবন। এতে অবর্ণনীয় দুর্ভোগ ও ভোগান্তি পোহাচ্ছেন গাজীপুরসহ ঢাকা, ময়মনসিংহ ও টাঙ্গাইলসহ দেশের বিভিন্ন জেলার নারী-পুরুষ ও শিশু যাত্রীরা। এদিকে শ্রমিক আন্দোলনের কারণে ভাঙচুর এড়াতে রবিবার বিকাল পর্যন্ত আশপাশের অন্তত ৩০টি পোশাক কারখানা ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ। সন্ধ্যা ৭টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত শ্রমিকরা মহাসড়ক অবরোধ তুলে নেয়নি।

পুলিশ ও আন্দোলনরত শ্রমিকরা জানান, মহানগরীর মোগরখাল এলাকার টিএনজেড অ্যাপারেলস লিমিটেডের পাঁচটি কারখানার শ্রমিকদের গত দুই মাসের (সেপ্টেম্বর ও অক্টোবর) বকেয়া বেতন বাবদ প্রায় ১৪/১৫ কোটি টাকা পাওনা রয়েছে। কর্তৃপক্ষ একাধিক বার আশ্বাস দিয়েও তা পরিশোধ করেনি। সর্বশেষ গত ৩ নভেম্বর নির্ধারিত তারিখে শ্রমিকদের পাওনাদি পরিশোধের কথা থাকলেও ঐদিন তা পরিশোধ না করে কর্মকর্তারা কারখানা তালাবদ্ধ করে পালিয়ে যায়। এরপর থেকে মালিক পক্ষের লোকজন কারখানায় আসেননি, এমনকি কারখানাটির উৎপাদন কাজ বন্ধ রয়েছে। প্রতিদিনই শ্রমিকরা কাজে যোগ দিতে কারখানায় এসে ফিরে যান। এতে শ্রমিকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। এর জের ধরে শনিবার সকালে শ্রমিকরা কারখানার সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। একপর্যায়ে সকাল ৯টার দিকে তারা কারখানার পার্শ্ববর্তী ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের কলম্বিয়া কারখানার সামনে অবস্থান নিয়ে অবরোধ করে বিক্ষোভ করতে থাকেন। এতে ঐ মহাসড়কের উভয় পাশে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

পুলিশ, যাত্রী ও স্থানীয়রা জানায়, খবর পেয়ে পুলিশ, সেনাবাহিনী ও র‍্যাব সদস্যরা ঘটনাস্থলে এসে শ্রমিকদের বুঝিয়ে সড়কের ওপর থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করলেও শ্রমিকরা তাদের দাবিতে অনড় থেকে রাতভর সড়কের ওপর অবস্থান করতে থাকেন। পরদিন রবিবার সন্ধ্যা ৭টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত টানা প্রায় ৩৫ ঘণ্টা ধরে মহাসড়ক অবরোধ করে রেখেছেন আন্দোলনরত শ্রমিকরা। লাগাতার অবরোধের কারণে স্থবির হয়ে পড়েছে গাজীপুরের জনজীবন। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উভয়দিকে প্রায় ২০ কিলোমিটারব্যাপী যানজট বিস্তৃত হয়েছে। এছাড়াও বিকল্প পথে চলাচল করতে গিয়ে ঢাকা-টাঙ্গাইল ও ঢাকা-বাইপাস মহাসড়কসহ বিভিন্ন আঞ্চলিক সড়কগুলোতেও হাজার হাজার যানবাহন আটকা পড়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়েছে। এতে স্মরণকালের ভয়াবহ যানজটের কারণে চরম দুর্ভোগ ও ভোগান্তিতে পড়েন রোগীবাহী অ্যাম্বুলেন্সসহ বিভিন্ন যানবাহনের যাত্রীরা। এছাড়া তরিতরকারি ও কাঁচামালসহ বিভিন্ন পণ্যবাহী যানবাহন আটকা পড়ায় মালামালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এমনকি বিদেশগামী যাত্রীরা নির্ধারিত সময়ে বিমানবন্দরে পৌঁছতে না পেরে হতাশ হয়ে ফিরে যান। গন্তব্যে পৌঁছতে না পেরে অনেককে কান্নাকাটি করতেও দেখা গেছে।

এদিকে, গাজীপুর শিল্প পুলিশের পুলিশ সুপার (এসপি) সারোয়ার আলম জানান, শ্রমিক আন্দোলনের কারণে গাজীপুরের কোনাবাড়ী-জিরানী এলাকার রেজাউল অ্যাপারেলস লিমিটেড, কেএম নোবলী গার্মেন্টস, বানিকা ফ্যাশন লিমিটেড, ডরিন গার্মেন্টস, ডরিন অ্যাপারেলস, লাইফ টেক্সটাইল, এবিএম ফ্যাশন, পিএন কম্পোজিট নিট লিমিটেড, ভোগড়া বাইপাস এলাকার টিএনজেড অ্যাপারেলস, বেসিক ক্লথ লিমিটেড, অ্যাপারেল পালাস ইকো লিমিটেড, বেসিক নিটওয়্যার লিমিটেডসহ অন্তত ৩০টি পোশাক কারখানায় ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ।

এ বিষয়ে জানতে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) ইব্রাহিম খান বলেন, শনিবার আন্দোলনের শুরু থেকেই গাজীপুর মেট্রোপলিটন পুলিশের ক্রাইম ডিভিশন, ট্রাফিক ডিভিশন, শিল্প ও থানা পুলিশসহ যৌথবাহিনীর সবাই মিলে কলম্বিয়া গার্মেন্টসের সামনে টিএনজেডের শ্রমিকরা যে অবরোধ করে রেখেছে, আমরা তাদের বারবার বলেছি রাস্তাটা ছেড়ে দিয়ে সরে যাওয়ার জন্য। কিন্তু তারা জানায়, বেতন-ভাতা পরিশোধ না করা পর্যন্ত সড়ক থেকে সরে যাবে না। তিনি জানান, আমরা মালিকপক্ষের সঙ্গে কথা বলার চেষ্টা করেছি। মালিকপক্ষ বৃহস্পতিবার শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধের আশ্বাস দিলেও তারা পরিশোধ করেনি।

প্রথম আলো • বুধবার, ১৩ নভেম্বর ২০২৪,

# তিন কারখানায় শ্রমিকদের বিক্ষোভ, বন্ধ ছিল ১৪টি

## গাজীপুরে শ্রমিক অসন্তোষ

প্রতিনিধি, *গাজীপুর*

শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদ ও হাজিরা বোনাস বৃদ্ধির দাবিতে গতকাল মঙ্গলবার গাজীপুরে তিনটি পোশাক কারখানায় বিক্ষোভ করেছেন শ্রমিকেরা। এ ছাড়া শ্রমিকদের বিভিন্ন দাবির মুখে ১৪টি পোশাক কারখানা বন্ধ ছিল।

যে তিন কারাখানায় শ্রমিক বিক্ষোভ হয়েছে, সেগুলো হলো কোনাবাড়ী এলাকার এম এম নিটওয়্যার লিমিটেড, স্বাধীন গার্মেন্টস লিমিটেড ও কাশেম ল্যাম্পস লিমিটেড।

শিল্প পুলিশ ও কারখানার শ্রমিকেরা জানান, শ্রমিক আন্দোলনের সময় কারখানায় হামলা, ভাঙচুর ও বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগে কয়েকটি কারখানায় শ্রমিক ছাঁটাই করা হয়। এর মধ্যে এম এম নিটওয়্যারের দেড় শ শ্রমিক ছাঁটাই হন। তাঁরা সব পাওনা বুঝে নিয়েছেন। তবে গতকাল কারখানা ফটকে জড়ো হয়ে চাকরি ফেরত পাওয়ার দাবি করেন তাঁরা। কাজে ফিরিয়ে নেওয়ার জন্য সকাল থেকে কারখানার সব শ্রমিক কর্মবিরতি শুরু করেন। পরে কারখানার ভেতরে তাঁরা বিক্ষোভ করেন।

সময়মতো বেতন-ভাতা পরিশোধ না করা ও শ্রমিক নির্যাতনের প্রতিবাদে কোনাবাড়ীর জরুন এলাকার স্বাধীন গার্মেন্টসের শ্রমিকেরাও বিক্ষোভ করেন। শ্রমিকদের অভিযোগ, মাসিক বেতন প্রতি মাসের ৭ তারিখের মধ্যে দেওয়ার কথা থাকলেও গতকাল পর্যন্ত অক্টোবর মাসের বেতন পাননি তাঁরা।

কোনাবাড়ী বাইমাইল এলাকার কাশেম ল্যাম্পস কারখানার শ্রমিকেরা হাজিরা বোনাস, টিফিন বিল, নাইট বিলসহ ১০ দফা দাবি আদায়ে গতকাল কারখানার সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন শ্রমিকেরা। এ বিষয়ে স্বাধীন গার্মেন্টসের ব্যবস্থাপক মো. আসাদুজ্জামান বলেন, ব্যাংকের ঝামেলার কারণে বেতন দিতে কিছুটা দেরি হচ্ছে।

এ ছাড়া বিভিন্ন দাবিতে ১৪টি তৈরি পোশাক কারখানা গতকাল বন্ধ ছিল বলে জানায় শিল্প পুলিশ। গাজীপুর শিল্পাঞ্চলের পুলিশ সুপার মোহাম্মদ সারোয়ার আলম প্রথম আলোকে বলেন, গাজীপুরের মালেকের বাড়ি এলাকার টিএনজেড অ্যাপারেলস কারখানার সমস্যা সমাধান হওয়ার পর মহাসড়কে আর কোথাও কোনো ঝামেলা নেই। তবে কোনাবাড়ী এলাকার তিনটি কারখানার শ্রমিকেরা বিক্ষোভ করেন।

NEW AGE
TUESDAY, NOVEMBER 12, 2024

# People suffer as RMG workers block highway for third day

## *Blockade called off after factory owners pledge to pay first instalment of wages Sunday*

**Staff Correspondent**

WORKERS from five garment factories of the TNZ Group in Gazipur called off their blockade on the Dhaka-Mymensingh highway at Mogorkhal in the city Monday evening after staging protests there for three days.

The blockade had brought public life to a standstill and caused a 20-kilometre tailback on both sides of the highway during the protesting hours.

The workers called off the blockade on Monday evening as the labour ministry and the factory owners pledged to pay the first instalment of Tk 6 crore in wages on November 17.

Following a meeting with workers' and factory owners' representatives at Shrama Bhaban in Dhaka on Monday evening, the labour secretary AHM Shafiquzzaman announced that the remaining dues would be settled by November 30.

The funds will primarily be disbursed from the labour ministry's Workers' Welfare Fund, and the factory owner will repay the amount to the ministry after a specified period.

The workers of the TNZ Group began blocking the Dhaka-Mymensingh highway at Mogorkhal in Gazipur city on Saturday morning, demanding the payment of overdue wages and allowances and the reopening of closed factories.

After 53 consecutive hours, the workers lifted their blockade at about 2:30pm on Monday, the third day of the protest, following an assurance of wages from government officials.

A group of workers, just two hours later, returned to the same spot and reiterated their demand for payment.

Public life in Gazipur came to a standstill due to the siege that resulted in a traffic jam stretching about 20 kilometres on both sides of the Dhaka-Mymensingh highway.

Hundreds of vehicles became stuck on alternative routes, including the Dhaka-Tangail and the Dhaka-Bypass highways, leading to extensive traffic congestion.

Passengers, including those in ambulances with patients, endured severe hardship due to the overwhelming gridlock.

The situation sparked widespread anger among people from various sectors, including students, who were affected due to the delays.

According to sources from the Bangladesh Garment Manufacturers and Exporters Association, the authorities of 27 factories declared their units closed for Monday to prevent potential vandalism amid the labour unrest within the TNZ Group.

According to a report from the Department of

Continued on page 4 Col. 2

Inspection for Factories and Establishments, wages for September and October remained unpaid, amounting to approximately Tk 15 crore across five factories in the group.

The payment date for the wages has been rescheduled four times, but has been missed on each of the occasions, it said.

DIFE report said that the workers had intermittently blocked the Dhaka-Mymensingh road since October 27, demanding guarantees regarding the payment of their wages and allowances.

The Gazipur office of the DIFE had held multiple meetings with the owners, workers, and labour leaders in an attempt to resolve the issues through negotiation.

However, the non-payment of dues as per the owners' agreement, along with the failure to pay regular wages and allowances, have led to widespread worker dissatisfaction, the DIFE report mentioned.

It also said that several cases had been filed in the Gazipur Labour Court under Sections 121 and 123 of the Bangladesh Labour Act 2006 for the non-payment of regular salaries and allowances in the five factories of TNZ group.

New Age Gazipur Correspondent reported that, from Monday morning, district administration representative, Sadar Upazila Nirbahi Officer Ershad Miah and senior officers from the army, Rapid Action Battalion, and the police, arrived at the site to address the workers and attempted to clear the road.

THE BUSINESS STANDARD
WEDNESDAY 13.11.2024

# Workers of four Gazipur factories protest over arrears, other demands

RMG - GAZIPUR

**TBS REPORT**

Workers of four factories in Gazipur's Konabari area, including three apparel factories, staged demonstrations yesterday over various demands, including payment of overdue wages and reinstatement of terminated employees.

The affected factories are – MM Knitwear Ltd, Mamun Knitwear Ltd, Swadhin Garments and Quasem Lamps Ltd.

Gazipur Industrial Police 2 Superintendent Md Sarwar Alam told TBS that a total of 14 RMG and non-RMG factories, including the four mentioned above, in Gazipur remained closed as of Tuesday.

According to industrial police and factory sources, thousands of workers of MM Knitwear Ltd and Mamun Knitwear Ltd halted work around 9am yesterday, demanding the rehiring of recently terminated workers.

The latest protests in these two factories follow a 3 November demonstration where workers demanded better working conditions. While some demands were met, others were not accepted, leading to an indefinite shutdown of the factories on 4 November for safety reasons, as per the Labor Act 2006.

Once the situation stabilised, both factories reopened on 9 November. However, MM Knitwear Ltd terminated 68 workers while Mamun Knitwear Ltd dismissed 45, citing disciplinary issues. This led to further unrest, with workers refusing to resume normal operations.

MM Knitwear Ltd's administrative officer Md Monowar Hossain said that terminated workers had been paid their dues in line with the labour law.

Gazipur Industrial Police-2 Superintendent Md Sarwar Alam told TBS the authorities are engaged in discussions with the workers, attempting to resolve the issue and encourage them to return to work.

Meanwhile, in Gazipur's Jarun area, employees at Swadhin Garments have been protesting for three consecutive days over one month's unpaid wages, gathering outside the factory's main entrance.

In Konabari's Baimail area, Quasem Lamps Ltd workers abstained from work and staged protests pushing a 10-point charter of demands, including attendance bonuses, tiffin allowances, and night shift pay.

বণিক বার্তা
বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০২৪।

# গাজীপুরে আবারো শ্রমিক বিক্ষোভ টিএনজেডের পরিচালক গ্রেফতার

বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর

বকেয়া বেতনের দাবিতে গাজীপুরে আবারো বিক্ষোভ করেছেন শ্রমিকরা। গতকাল মহানগরীর তিনটি তৈরি পোশাক কারখানার শ্রমিকরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন। এ সময় শ্রমিকদের সঙ্গে সংঘর্ষে এক পুলিশসহ দুজন আহত হয়েছেন। অন্যদিকে শ্রমিক আন্দোলনে ইন্ধন দেয়া এবং কারখানার ৬৫ কোটি টাকা আত্মসাতের অভিযোগে টিএনজেড গ্রুপের এক পরিচালককে গ্রেফতার করেছে যৌথবাহিনী।

এর আগে বকেয়া বেতনের দাবিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক টানা ৬০ ঘণ্টা অবরোধ করে রাখেন টিএনজেড কারখানার শ্রমিকরা। সোমবার রাতে অবরোধ প্রত্যাহার করে নেন তারা।

শিল্প পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মহানগরীর কোনাবাড়ী এলাকায় এমএম নিটওয়্যার লিমিটেড কারখানার শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে কর্মবিরতি পালনের সময় শিল্প পুলিশ ও কারখানার স্টাফদের ওপর হামলার ঘটনা ঘটে। হামলায় কারখানার নিরাপত্তা ইনচার্জ এবং শিল্প পুলিশের এক কনস্টেবল আহত হয়েছেন। এ সময় বিক্ষুব্ধ শ্রমিকরা কারখানার প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেন। কারখানার প্রশাসনিক কর্মকর্তা মনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপি) কোনাবাড়ী থানার ওসি নজরুল ইসলাম জানান, এমএম নিটওয়্যার লিমিটেড কারখানার শ্রমিকরা চাকরিতে পুনর্বহালের দাবিতে দুদিন ধরে কর্মবিরতি পালন করছেন।

এদিকে সকাল সাড়ে ৮টা থেকে গাজীপুরা এলাকায় তারা টেক্স নামে একটি পোশাক কারখানার শ্রমিকরা তাদের বকেয়া বেতনের দাবিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন। প্রায় দেড় ঘণ্টা পর ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক থেকে অবরোধ তুলে নেন শ্রমিকরা। একই দাবিতে সকাল ১০টার দিকে গাজীপুর সদর উপজেলার বাঘের বাজার এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন লিথি গ্রুপের অ্যাপারেলস-২১ লিমিটেড নামে একটি কারখানার শ্রমিকরা। প্রায় ১ ঘণ্টা পর বেতন পরিশোধের আশ্বাস পেয়ে মহাসড়ক ছেড়ে দেন তারা।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গাজীপুরা এলাকায় তারা টেক্স পোশাক কারখানার শ্রমিকরা অক্টোবরের বেতনের দাবিতে কারখানার সামনে বিক্ষোভ করেন। একপর্যায়ে তারা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন। এতে মহাসড়কে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। মহাসড়কের উভয় পাশে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।

গাজীপুর শিল্প পুলিশের সহকারী পুলিশ সুপার মোশাররফ হোসেন জানান, অক্টোবরের বেতনের দাবিতে শ্রমিকরা ঢাকা-মহাসড়ক অবরোধ করে রাখেন। পরে শ্রমিকদের বুঝিয়ে সেখান থেকে সরিয়ে দেয়া হয়।

এদিকে টিএনজেড অ্যাপারেলস লিমিটেড গ্রুপের শ্রমিকদের ইন্ধন দিয়ে মহাসড়ক অবরোধ করে ভাঙচুর ও জনদুর্ভোগ সৃষ্টি এবং প্রায় ৬৫ কোটি টাকা আত্মসাতের অভিযোগে প্রতিষ্ঠানের পরিচালক আব্দুল হালিমকে চট্টগ্রাম থেকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী। গতকাল বিকালে ১০ দিনের রিমান্ড আবেদন করে তাকে আদালতে পাঠিয়েছে বাসন থানা পুলিশ।

বাসন থানার ওসি রাহেদুল ইসলাম জানান, আব্দুল হালিমের বিরুদ্ধে শ্রমিকদের ইন্ধন দিয়ে মহাসড়ক অবরোধ, ভাঙচুর ও জনদুর্ভোগ সৃষ্টি এবং প্রতিষ্ঠানের প্রায় ৬৫ কোটি টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে। এ ব্যাপারে বিশেষ ক্ষমতা আইনসহ তার বিরুদ্ধে পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে। তাকে ১০ দিনের রিমান্ড চেয়ে চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে বিচারক আজ শুনানির দিন নির্ধারণ করেছেন।

NEW AGE
WEDNESDAY, NOVEMBER 13, 2024

# Gazette on minimum wage for tannery workers demanded

United News of Bangladesh · Dhaka

SPEAKERS at a discussion in Dhaka on Tuesday emphasised the executing recommended minimum wages for the tannery sector soon.

At a joint consultation meeting, organised by Solidarity Centre-Bangladesh at a city hotel, they urged the government to publish a gazette on the recommended minimum wage of Tk 18001 for the tannery sector.

Members of Tannery Workers Union and Bangladesh Labour Rights Journalists Forum attended the meeting.

They stressed the need for strengthening the social and environmental rights of workers in the tannery sector.

TWU president Abul Kalam Azad, its general secretary Abdul Malek, country programme director of Solidarity-Bangladesh AKM Nassim, BLRJF president Kazi Abdul Hannan, among others, spoke at the event.

The speakers said that after 16 months of formation of the minimum wage board, the recommendation of minimum wage Tk 18001 was placed to labour ministry. But the ministry was delaying to publish the final gazette to implement the minimum wage in the tannery industry.

The discussion highlighted that the tannery workers were leading a miserable life as they were lowly paid due to lack of wage discipline in the industry.

'After shifting the tannery industry to Savar, the workers have been struggling,' they said adding that in Hazaribag, the workers got housing in nearby tannery areas, but in Savar tannery, there was no housing facility for them.

They also said that for a sustainable environment in the tannery industry, the immediate implementation of minimum wage was required.

দৈনিক ইত্তেফাক
শনিবার
১ অগ্রহায়ণ ১৪৩১, ১৬ নভেম্বর ২০২৪




সাত দফা দাবিতে গতকাল সাভারে রানা প্লাজার আহত শ্রমিকরা সমাবেশ করেন

# সাত দফা দাবিতে রানা প্লাজার আহত শ্রমিকদের সাভারে মানববন্ধন-সমাবেশ

■ ইত্তেফাক রিপোর্ট

সাভারে ধসে পড়া রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকের স্থায়ী পুনর্বাসন ও সুচিকিৎসা প্রদানসহ সাত দফা দাবিতে মানববন্ধন ও সমাবেশ করেছেন শ্রমিকরা। এ সময় বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতাকর্মী ও আহত-নিহতের স্বজনেরা কর্মসূচিতে অংশগ্রহণ করেন। গতকাল শুক্রবার সকালে সাভার থানা রোডের সাভার প্রেস ক্লাবের সামনে রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের দাবি আদায় আন্দোলনের ব্যানারে এসব কর্মসূচি পালন করেন তারা।

সাত দফা দাবির মধ্যে রয়েছে, রানা প্লাজা হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত গার্মেন্টস মালিক, ভবন মালিক, সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ যারা জড়িত আছেন সবাইকে গ্রেফতার করে শাস্তি নিশ্চিত করা। রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের নামে সরকারি জায়গা বরাদ্দ দিয়ে স্থায়ী পুনর্বাসন করা। রানা প্লাজায় আহত শ্রমিকদের চিকিৎসা নিশ্চিত করা। রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের অনুদানের টাকা আত্মসাৎকারীদের কাছ থেকে টাকা উদ্ধার করে ক্ষতিগ্রস্ত শ্রমিক পরিবারকে দিতে হবে।

ক্ষতিগ্রস্ত শ্রমিকের সন্তানদের উচ্চ শিক্ষার জন্য সরকারি অনুদানের ব্যবস্থা করা। যেসব ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ব্যাংক অ্যাকাউন্ট করা হয়নি তাদের অ্যাকাউন্ট করা এবং রানা প্লাজায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের অনুদানের টাকা আত্মসাৎকারী রাজনৈতিক নেতা, শ্রমিক নেতা ও এনজিওদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা।

আয়োজিত মানববন্ধন ও সমাবেশ থেকে বক্তারা বলেন, রানা প্লাজা শ্রমিকদের নামে কোটি কোটি টাকা সরকারিভাবে অনুদান এলেও সেই টাকা শ্রমিকদের পুনর্বাসন ও চিকিৎসায় ব্যয় না করে আত্মসাৎ করা হয়েছে। অর্থের অভাবে শ্রমিকরা চিকিৎসা নিতে পারছে না।

চিকিৎসার জন্য একটি ট্রাস্ট গঠন করা হলেও এখান থেকে শ্রমিকদের কোনো সহযোগিতা না করে টাকা আত্মসাৎ করা হয়েছে। এই ঘটনার সঙ্গে জড়িত সাবেক মন্ত্রী এমপি ও আমলাসহ শ্রমিকনেতাদের বিচার দাবি ও আত্মসাৎ করা টাকা উদ্ধারের দাবি জানান।

এ সময় শ্রমিক উপস্থিত ছিলেন—জাতীয় গার্মেন্টস শ্রমিক আন্দোলনের কেন্দ্রীয় আহ্বায়ক শাহ আলম হোসেন, রানা প্লাজার শ্রমিক নুরুল ইসলাম, কবির, নিলুফা আক্তারসহ রানা প্লাজা ক্ষতিগ্রস্ত শ্রমিকদের দাবি আদায়ে আন্দোলন নামে গঠিত ১৭ সদস্যবিশিষ্ট কমিটির সদস্য ও তাদের স্বজনরা।

প্রথম আলো • শুক্রবার, ১৫ নভেম্বর ২০২৪,

# বেতন বকেয়া রেখে কারখানা বন্ধের নোটিশ, সড়ক অবরোধ

প্রতিনিধি, *শ্রীপুর, গাজীপুর*

গাজীপুরের শ্রীপুরে শ্রমিকদের দুই মাসের বেতন বকেয়া রেখে একটি পোশাক কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধের নোটিশ দেওয়া হয়েছে। এর প্রতিবাদে পাঁচ ঘণ্টার মতো সড়ক অবরোধ করেন শ্রমিকেরা।

গতকাল বৃহস্পতিবার উপজেলার জৈনাবাজার এলাকায় জৈনাবাজার-কাওরাইদ সড়কে এ ঘটনা ঘটে। সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত এ অবরোধ চলে। সড়কটি ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের সঙ্গে সংযুক্ত হওয়ায় সেখানেও যানজটের প্রভাব পড়েছিল।

পোশাক কারখানাটির নাম এইচডিএফ অ্যাপারেলস। গতকাল মূল ফটকের সামনে কারখানাটি বন্ধের নোটিশ টাঙিয়ে দেওয়া হয়। সেখানে লেখা ছিল, 'গত ১২ নভেম্বর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত শ্রমিকেরা অযৌক্তিক দাবি আদায়ের জন্য সব ধরনের কাজ বন্ধ রেখেছে। এ ছাড়া তারা উচ্ছৃঙ্খল আচরণ করেছে। এমন পরিস্থিতিতে অনির্দিষ্টকালের জন্য কারখানা বন্ধ ঘোষণা করা হলো।'

শ্রমিকদের সঙ্গে কথা বলে জানা গেছে, সেপ্টেম্বর-অক্টোবর মাসের বেতন ও হাজিরা বোনাস পরিশোধ করেনি কারখানা কর্তৃপক্ষ। দুই দিন ধরে বকেয়া বেতনের দাবি করে আসছিলেন শ্রমিকেরা। গতকাল সকালে এসে তাঁরা কারখানা বন্ধের নোটিশ দেখতে পান।

শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জয়নাল আবেদীন বলেন, মালিকপক্ষ চলতি মাসের ২৫ তারিখে বকেয়া বেতন দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। এই আশ্বাসে বেলা দুইটায় শ্রমিকেরা সড়ক থেকে সরে যান। তিনি আরও জানান, ২৫ নভেম্বর পর্যন্ত কারখানা বন্ধ রাখার সিদ্ধান্ত হয়েছে।

SATURDAY NOVEMBER 16, 2024
AGRAHAYAN 1, 1431 BS
The Daily Star

# Tea workers demo for arrears

UNB, *Sylhet*




Hundreds of tea workers took to the streets in Sylhet yesterday, demanding immediate payment of unpaid wages and rations.

Organised by the Sylhet District branch of the Bangladesh Trade Union Centre, the protest march highlighted the dire financial and humanitarian crisis faced by thousands of workers from tea estates across the region.

Abul Kalam Azad, acting president of the Sylhet District Trade Union Centre, presided over the rally.

Speakers urged the government and tea estate authorities to swiftly address the crisis and ensure the basic rights of tea workers. "Our struggle is not merely for wages; it's for survival and dignity," a labour leader declared.

The march, which began at 2:00pm from Keane Bridge premises and proceeded through Zindabazar, called for urgent government intervention to alleviate the plight of approximately 12,000 workers from 12 tea estates managed by the National Tea Company (NTC).

Workers alleged that they have been deprived of wages and rations for nearly three months, pushing their families to the brink of desperation.

Despite submitting memorandums to the government and staging a 26-day continuous strike, they claim no action has been taken, they added.

Protesters warned that over 40,000-50,000 individuals, including tea workers and their families, are now facing starvation.

"At a time when living costs are soaring, we are denied even the meager daily wage of Tk 178.50. How can we survive?" one protester questioned.

The workers demanded immediate implementation of a fair minimum wage structure for 2023-24, aligned with current market conditions, as well as regular payment of wages and rations. Other demands included full rations for families, land rights, democratic labour laws, and the resolution of disparities in casual and earned leave entitlements.

Key labour leaders, including Harinarayan Hazra, general secretary of the Moulvibazar Tea Workers Union, and other union representatives, also addressed the rally.

The protest concluded with a call for unity among workers and a pledge to continue their movement until their demands are met.

দৈনিক ইত্তেফাক ১২ নভেম্বর ২০২৪

# ফতুল্লায় বকেয়া বেতনের দাবিতে পোশাকশ্রমিকদের সড়ক অবরোধ

## বিসিক শিল্পাঞ্চলে কয়েকটি কারখানা ভাঙচুর

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

বকেয়া বেতনের দাবিতে নারায়ণগঞ্জের ফতুল্লায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন অবন্তী কালার টেক্স নামে একটি পোশাক কারখানার শ্রমিকরা। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টা থেকে সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন তারা। অবরোধে পঞ্চবটি-মুন্সীগঞ্জ সড়কে যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। বিক্ষোভকারীরা একপর্যায়ে বিসিক শিল্পাঞ্চলে ঢুকে বেশ কয়েকটি গার্মেন্টস ভাঙচুর করলে নিরাপত্তাজনিত কারণে সেখানকার সব গার্মেন্টস দুপুরের আগেই ছুটি দেওয়া হয়। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সেনাবাহিনী, বিজিবি, শিল্প ও থানা-পুলিশ মোতায়েন করা হয়।

পোশাক কারখানার শ্রমিক জাহানারা বেগম বলেন, গত বছর থেকে কারখানার মালিক বেতন নিয়ে গড়িমসি শুরু করেন। গত আগস্ট মাস থেকে বেতন বকেয়া। বেতন না দিয়ে অক্টোবর কারখানা লে-অফ ঘোষণা করা হয়। বাধ্য হয়ে সড়কে নেমেছেন তারা।

বিসিক শিল্পনগরীর কর্মকর্তা মোস্তাফিজুর রহমান বলেন, বিসিকের বাইরের একটি গার্মেন্টসে শ্রমিক অসন্তোষের কারণে বিসিকের অধিকাংশ কারখানা লাঞ্চের আগেই ছুটি দিয়ে দেওয়া হয়।

নারায়ণগঞ্জ শিল্প পুলিশের পরিদর্শক সেলিম বাদশা জানান, অবন্তী কালার টেক্স কারখানার মালিক-শ্রমিকদের বেতন দিতে পারছে না। দীর্ঘদিন ধরে এ নিয়ে শ্রমিক অসন্তোষ রয়েছে। শ্রমিক নেতাদের নিয়ে বিষয়টি সমাধানের জন্য তারা আলোচনা করেছেন।

উল্লেখ্য, গত বছরের ডিসেম্বর থেকেই ক্রোনী গ্রুপের দুই পোশাক কারখানায় বকেয়া বেতনের দাবিতে অসন্তোষ চলছে। গত এপ্রিলে অবন্তী কালার টেক্সের শ্রমিকরা বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ করেন।

যুগান্তর
বুধবার ২০ নভেম্বর ২০২৪
৫ অগ্রহায়ণ ১৪৩১

# দাবি আদায়ে ফের সচিবালয়ে সক্রিয় কর্মচারীরা

যুগান্তর প্রতিবেদন

ফের দাবি আদায়ে সচিবালয়ে সক্রিয় হচ্ছে কর্মচারী সংগঠনগুলো। তারা আজ (বুধবার) জনপ্রশাসন সচিবের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে চার দফা দাবিসংবলিত স্মারকলিপি পেশ করবেন। বৈষম্যবিরোধী কর্মচারী ঐক্য ফোরামের তরফ থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার সংগঠনের আহ্বায়ক এবিএম আব্দুস সাত্তার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, বৈষম্যের শিকার ও পদোন্নতি বঞ্চিত কর্মকর্তাদের ভূতাপেক্ষ জ্যেষ্ঠতা এবং আর্থিক সুবিধা প্রদানসহ পদোন্নতির প্রজ্ঞাপন অবিলম্বে জারি করতে হবে। বিগত সরকারের সময়ে চুক্তিভিত্তিক সব নিয়োগ দেওয়া বিতর্কিত কর্মকর্তাদের চুক্তি অবিলম্বে বাতিল করতে হবে। অবৈধ সরকারের নিয়োগ দেওয়া প্রশাসনের শীর্ষ (ইন সার্ভিসে) পর্যায়ের কর্মকর্তাদের অবিলম্বে প্রত্যাহার করতে হবে। মাঠ প্রশাসনে দলকানা, বিতর্কিত ডিসিদের প্রত্যাহার করে নিরপেক্ষ, সৎ ও দক্ষ কর্মকর্তাদের নিয়োগ দিতে হবে। যথাসময়ে সংগঠনের সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় সংবাদ বিজ্ঞপ্তিতে।

এদিকে, পদনাম পরিবর্তন, পদসংরক্ষণসহ কর্মচারীদের বিভিন্ন দাবি নিয়ে সচিবালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের ক্যান্টিনে বৈঠক করেছে বাংলাদেশ সচিবালয় কর্মকর্তা-কর্মচারী সংযুক্ত পরিষদ। সংগঠনের সভাপতি বাদিউল কবির ও মহাসচিব মো. তোয়াহা সভায় বক্তৃতা করেন। সংগঠনের নেতারা অবিলম্বে কর্মচারীদের যৌক্তিক দাবি মেনে নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। যৌক্তিক দাবি মানতে গড়িমসি করলে কর্মচারীরা বৃহত্তর আন্দোলনের ডাক দেবে বলে তারা সতর্ক করেন।

প্রথম আলো • সোমবার, ১৮ নভেম্বর ২০২৪,

### বকেয়া বেতনের দাবি

## দ্বিতীয় দিনের মতো বেক্সিমকোর শ্রমিকদের সড়ক অবরোধ

**প্রতিনিধি**, *গাজীপুর*

অক্টোবরের বেতনের দাবিতে গাজীপুরের চক্রবর্তী এলাকায় চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকেরা। গতকাল রোববার সকাল ৯টা থেকে ওই সড়কে যান চলাচল বন্ধ ছিল। এতে সড়কের উভয় দিকে যানজট সৃষ্টি হয়। দুর্ভোগে পড়েন ওই সড়কে চলাচলকারী যাত্রীরা। পরে রাত সাড়ে ১১টার দিকে সড়ক থেকে সরে যান শ্রমিকেরা।

ইউএনবি জানায়, শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামান গতকাল সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে বলেছেন, একজন 'অ্যাডমিনিস্ট্রেটর' পূর্ণ নিয়ন্ত্রণ নিলে বেক্সিমকো শিল্পগোষ্ঠীতে চলমান শ্রমিক বিক্ষোভের সমাধান হবে। শিগগিরই সেখানে একজন 'অ্যাডমিনিস্ট্রেটর' নিয়োগ দেবে সরকার।

পুলিশ ও কারখানার শ্রমিকেরা বলেন, গাজীপুর মহানগরীর সারাবো এলাকায় আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য সালমান এফ রহমানের মালিকানাধীন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্ক। ওই পার্কে পোশাক তৈরির কারখানাসহ একাধিক কারখানা আছে। সেখানে শ্রমিক, কর্মচারী, কর্মকর্তাদের প্রতি মাসে বেতন দিতে হয় ৮০ থেকে ৮২ কোটি টাকা। ছাত্র-জনতার অভ্যুত্থানের পর সালমান এফ রহমানকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। তাঁর ব্যাংক হিসাব জব্দ করা হয়। এর পর থেকে প্রতিষ্ঠানটি শ্রমিকদের বেতন সঠিক সময়ে পরিশোধ করতে পারছে না।

প্রতি মাসেই শ্রমিকেরা আন্দোলন করে বেতন আদায় করছেন। গত কয়েক মাসের মতো চলতি মাসেও অক্টোবরের বেতনের দাবিতে বৃহস্পতিবার থেকে শ্রমিকেরা আন্দোলন শুরু করেন। শুক্রবার কারখানা বন্ধ থাকায় সেদিন কোনো আন্দোলন হয়নি। এরপর শনিবার থেকে আবার শ্রমিকেরা চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন।

গতকাল সড়ক অবরোধের খবর পেয়ে শিল্প পুলিশ ও থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে শ্রমিকদের বুঝিয়ে সরিয়ে দেওয়ার চেষ্টা করে। কিন্তু শ্রমিকেরা বেতন ছাড়া সড়ক ছাড়তে রাজি ছিলেন না।

বেক্সিমকোর শ্রমিক ফজলুল হক বলেন, 'বেতনটা সময়মতো পেলে কেউ আর আন্দোলনে যাবে না।' আরেক শ্রমিক মো. কাজিমুদ্দিন বলেন, 'বেতন না দিলে সড়ক থাইকা যাইতাছি না। সড়ক বন্ধ না করলে সরকারের টনক নড়ে না। হেরা আমাগো কথা হোনবার চায় না।'

বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে পোশাক ও সিরামিক কারখানায় প্রায় ৪০ হাজার কর্মী রয়েছেন। এর মধ্যে পোশাক কারখানার শ্রমিকেরা সপ্তাহখানেক ধরেই সড়ক অবরোধ করে বকেয়া বেতন পরিশোধের দাবি জানাচ্ছেন। শনিবার সকাল থেকে রাত আটটা পর্যন্ত প্রায় ১০ ঘণ্টা চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে রাখেন তাঁরা। রাতে শ্রমিকেরা অবরোধ তুলে নিলেও দ্বিতীয় দিনের মতো গতকাল সকাল ৯টার আবার ওই সড়ক অবরোধ করেন।

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪ ■ অগ্রহায়ণ ৩, ১৪৩১ বণিক বার্তা

## বকেয়া বেতন দাবিতে বেক্সিমকোর শ্রমিকদের ফের সড়ক অবরোধ

**বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর**

বকেয়া বেতন দাবিতে ফের চন্দ্রা-নবীনগর মহাসড়ক অবরোধ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা। গতকাল সকাল ৯টা থেকে গাজীপুর মহানগরের সারাবোয় মহাসড়ক অবরোধ করে রাখেন তারা। এ সময় মহাসড়কের ওই এলাকা দিয়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে পড়ে। উভয় দিকে দীর্ঘ যানজট সৃষ্টি হয়েছে।

এর আগে একই দাবিতে গত শনিবার সকাল থেকে চন্দ্রা-নবীনগর মহাসড়ক অবরোধ করেন শ্রমিকরা। সারা দিন মহাসড়ক অবরোধ করে রাখার একপর্যায়ে রাত ৭টার দিকে শ্রমিকরা মহাসড়ক ছেড়ে বাড়ি ফিরে যান। গতকাল সকালে তারা একত্র হয়ে ফের মহাসড়ক অবরোধ করেন।

শিল্প পুলিশ ও শ্রমিকরা জানান, গাজীপুর মহানগরীর সারাবোয় আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য সালমান এফ রহমানের মালিকানাধীন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্ক। ওই পার্কে পোশাক তৈরির কারখানাসহ একাধিক কারখানা আছে। সেখানে শ্রমিক, কর্মচারী, কর্মকর্তাসহ প্রায় ৪০ হাজার লোক কাজ করে। প্রতি মাসে তাদের বেতন দিতে হয় ৮০-৮২ কোটি টাকা। বৈষম্যবিরোধী ছাত্র-জনতার অভ্যুত্থানের পর নির্ধারিত সময়ে শ্রমিকদের বেতন পরিশোধ করেনি কর্তৃপক্ষ। প্রতি মাসেই আন্দোলন করে বেতন নিয়েছেন শ্রমিকরা। অক্টোবরের বেতনও পরিশোধ করেনি কর্তৃপক্ষ। একপর্যায়ে শনিবার সকাল সাড়ে ৮টার দিকে বকেয়া বেতন পরিশোধের দাবিতে মিছিল নিয়ে চন্দ্রা-নবীনগর মহাসড়ক অবরোধ করেন শ্রমিকরা। থানা ও শিল্প পুলিশ এবং সেনাবাহিনীর সদস্যরা শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরানোর চেষ্টা করেন। পরে মালিক পক্ষের সঙ্গে কথা বলেও বিষয়টির সমাধান করা যায়নি। রাত হয়ে গেলে শ্রমিকরা মহাসড়ক ছেড়ে চলে যান।

শ্রমিকরা জানান, কয়েক মাস ধরে আন্দোলন ছাড়া বেতন পাচ্ছেন না তারা। প্রতি মাসে এভাবে বেতন নিতে ভালো লাগে না। বেতনটা সময়মতো পেলে কেউ আর আন্দোলনে যাবে না। বেতন না দিলে আন্দোল চালিয়ে যাবেন তারা।

এ ব্যাপারে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) কাশিমপুর থানার ওসি মো. সাইফুল ইসলাম বলেন, 'এক মাসের (অক্টোবর) বকেয়া বেতন দাবিতে বেক্সিমকো কারখানার শ্রমিকরা মহাসড়ক অবরোধ করে রাখেন। থানা ও শিল্প পুলিশ এবং সেনাবাহিনীর সদস্যরা বিষয়টি নিয়ে কাজ করছেন। সমাধানের চেষ্টা চলছে।'

সমকাল রোববার। ১৭ নভেম্বর ২০২৪

## গাজীপুরে বকেয়া বেতন দাবিতে বেক্সিমকো শ্রমিকদের বিক্ষোভ

**■ গাজীপুর প্রতিনিধি**

গাজীপুর মহানগরের সারাবো চক্রবর্তী এলাকায় বকেয়া বেতন দাবিতে আবারও বিক্ষোভ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা। গতকাল শনিবার সকাল ৮টা থেকে রাত পৌনে ৮টা পর্যন্ত চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করেন তারা। এতে ওই এলাকা এবং আশপাশের সড়কে তীব্র যানজট দেখা দেয়।

মহানগরের কাশিমপুর থানার ওসি সাইফুল ইসলাম জানান, সকালে অন্তত ৫০০ শ্রমিক সড়কে অবস্থান নিয়ে অক্টোবর মাসের বেতন দাবিতে বিক্ষোভ শুরু করেন। বিকেলে বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের অন্তত ৩০ হাজার শ্রমিক এতে যোগ দেন। ফলে চক্রবর্তী ও এর আশপাশের এলাকার সড়কে হাজার হাজার গাড়ি আটকা পড়ে। চরম ভোগান্তির শিকার হন সাধারণ মানুষ।

আন্দোলনকারীরা জানান, বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানে প্রায় ৪০ হাজার শ্রমিক কাজ করেন। অক্টোবর মাসের বেতন এখনও কর্তৃপক্ষ দেয়নি। ফলে বাসা ভাড়া ও দোকানের বাকি পরিশোধ করতে পারছেন না। মালিক বাসা ছাড়ার হুমকি দিচ্ছেন। তাই বাধ্য হয়ে তারা রাস্তায় নেমেছেন।

শ্রমিক শামসুল হক বলেন, 'কয়েক মাস ধরে আমাদের আন্দোলন করে বেতন নিতে হচ্ছে। এভাবে বেঁচে থাকা যায়?' আরেক শ্রমিক সাবিনা খাতুন বলেন, 'সারা মাস রাত-দিন এক করে কাজ করি। অথচ বেতন দিচ্ছে না। কীভাবে চলব?'

গাজীপুর শিল্পাঞ্চল-২ এর পুলিশ সুপার সারোয়ার আলম জানান, শ্রমিকদের বারবার বোঝানোর পরও সড়ক ছাড়েননি। পরে রাত পৌনে ৮টার দিকে নিজেরাই চলে যান। এর পর ধীরে ধীরে যানজট পরিস্থিতি স্বাভাবিক হয়।

জানা যায়, বেক্সিমকোতে কর্মরতদের বেতন এত দিন ৭ থেকে ১০ তারিখের মধ্যে দিয়ে আসছে কর্তৃপক্ষ। তবে ৫ আগস্টের পর মালিকপক্ষের অনেকে আত্মগোপনে ও কারাগারে থাকায় বেতন দিতে ঝামেলা হচ্ছে। বেতন আদায়ে এবারের আন্দোলনও শুরু হয়েছে গত বৃহস্পতিবার।

সময়ের আলো সোমবার। ১৮ নভেম্বর ২০২৪।




শ্রমিকদের বকেয়া বেতন ও আইনানুগ পাওনা প্রদান না করার দায়ে বিএনএস গ্রুপের সব সম্পত্তি অধিগ্রহণের দাবিতে রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ করে ন্যাশনাল কেমিক্যাল ম্যানুফ্যাকচারিং কোম্পানির শ্রমিক ইউনিয়ন

● সময়ের আলো

দৈনিক ইত্তেফাক বুধবার ৫ অগ্রহায়ণ ১৪৩১, ২০ নভেম্বর ২০২৪

# বঁকেয়া বেতনের দাবিতে গাজীপুরে টানা চার দিন সড়ক অবরোধ

## যান চলাচল বন্ধে দুর্ভোগ, আলটিমেটাম শ্রমিকদের

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুর মহানগরীর কাশিমপুরে বেক্সিমকো ও ডরিন ফ্যাশনের শ্রমিকদের অবরোধ মঙ্গলবারও অব্যাহত ছিল। অবরোধের কারণে গত শনিবার থেকে টানা চার দিন যানচালচল বন্ধ রয়েছে চন্দ্রা-নবীনগর সড়কে। এতে ঐ সড়ক পথে চলাচলকারী যাত্রী ও আশপাশের কারখানার পণ্যবাহী শত শত যানবাহন সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারছে না। এতে ঐ পথে সৃষ্টি হয়েছে অবর্ণনীয় দুর্ভোগ। তবে দূরপাল্লার যানবাহন বিকল্প পথে চলাচল করছে। আজ বুধবার বেক্সিমকোর শ্রমিকদের বেতন পরিশোধের কথা রয়েছে। শ্রমিকদের একটাই কথা, বেতন হাতে না পাওয়া পর্যন্ত সড়ক থেকে নড়বেন না। বেক্সিমকোর শ্রমিকদের আন্দোলনের কারণে মঙ্গলবারও কাশিমপুর, সারাব, জিরানিসহ আশপাশের বেশ কয়েকটি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখে কর্তৃপক্ষ।

এদিকে সোমবার আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া অ্যামাজান নীটওয়্যারের ঘটনায় গতকাল মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত কেউ থানায় কোনো অভিযোগ করেনি।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, অক্টোবর মাসের বেতনের দাবিতে আন্দোলনরত বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা সোমবার রাত ১১টার দিকে সড়ক ছেড়ে ঘরে ফিরে যায়। গতকাল সকাল সাড়ে ৯টার দিকে তারা চতুর্থ দিনের মতো একই স্থান চন্দ্রা-নবীনগর সড়কের চক্রবর্তী এলাকায় অবস্থান নিয়ে অবরোধ ও বিক্ষোভ শুরু করেন। এর আগে সকালে কারখানার সামনে থেকে তারা বিক্ষোভ মিছিল বের করেন। এতে সড়কের উভয় দিকে দীর্ঘ যানজট সৃষ্টি হয়। রাত ৭টা পর্যন্ত শ্রমিকদের সড়কেই অবস্থান করতে দেখা গেছে।

বেক্সিমকো একাধিক শ্রমিক বলেন, গত ৫ আগস্টের পর থেকে তারা সময়মতো বেতন পাচ্ছেন না। মাস প্রায় শেষ হতে চললেও এখন পর্যন্ত অক্টোবর মাসের বেতন পাননি। টাকার অভাবে সংসার চালাতে পারছেন না। সামনে সন্তানদের স্কুলের ফাইনাল পরীক্ষা। স্কুল থেকে টাকার জন্য চাপ দিচ্ছে। তারা দিশেহারা হয়ে উপায়ন্তর না দেখে সড়কে নেমেছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। বেতন পেলেই কাজে ফিরবেন। অন্যদিকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা ডরিন ফ্যাশন চালুর দাবিতে গতকাল দ্বিতীয় দিনের মতো জিরানীতে একই সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শ্রমিকরা।

ডরিন ফ্যাশনের অপারেটর কামাল হোসেন বলেন, গত ১লা নভেম্বর কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কারখানা বন্ধ ঘোষণা করে। গত রবিবার খুললেও দুপুরের পর ফের ছুটি দেওয়া হয়। সোমবার সকালে তারা কাজে যোগ দিতে গিয়ে দেখেন কারখানা আবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কোনো আন্দোলন বা বিক্ষোভ না হলেও কেন কারখানা বন্ধ করা হয়েছে তা বলা হয়নি। বহু শ্রমিক বেকার হয়ে পড়েছেন। তাই কারখানা খুলে দেওয়ার দাবিতে তারা আন্দোলন করছেন। কাশিমপুর থানার ওসি সাইফুল ইসলাম বলেন, গত কয়েক দিনের মতো গতকালও শ্রমিকরা সকাল থেকে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। আজ বেক্সিমকোর শ্রমিকদের বেতন পরিশোধের কথা রয়েছে। কারখানার আশপাশের এলাকায় থানা ও শিল্পপুলিশ মোতায়েন রয়েছে। অ্যামাজান নীটওয়্যার পুড়িয়ে দেওয়ার ঘটনায় কেউ কোনো অভিযোগ সন্ধ্যা পর্যন্ত করেনি।

প্রথম আলো • মঙ্গলবার, ১৯ নভেম্বর ২০২৪,

# শ্রমিক-এলাকাবাসী ধাওয়া, কারখানায় আগুন

**গাজীপুর মহানগরী**

বেতনের দাবিতে তৃতীয় দিনের মতো সড়কে ছিলেন বেক্সিমকোর শ্রমিকেরা। আরেক কারখানার শ্রমিকদের সঙ্গে হওয়া পাল্টাপাল্টি ধাওয়ায় জড়ান এলাকাবাসী।

**প্রতিনিধি**, গাজীপুর

গাজীপুর মহানগরের দুটি স্থানে গতকাল দিনভর চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে রেখেছিলেন বেক্সিমকোসহ আরেকটি কারখানার শ্রমিকেরা। একপর্যায়ে দুই পক্ষের শ্রমিকদের মধ্যে সংঘর্ষ ও এলাকাবাসীর সঙ্গে ত্রিমুখী ধাওয়ার ঘটনা ঘটে। আগুন দেওয়া হয় অপর একটি কারখানায়।

গতকাল সোমবার সকাল ৯টা থেকে রাত পৌনে ১১টা পর্যন্ত ওই অবরোধ চলে। এমন পরিস্থিতিতে আশপাশের ২৯টি কারখানা ছুটি ঘোষণা করা হয় বলে জানিয়েছে শিল্প পুলিশ। সংঘর্ষ ও ধাওয়ার ঘটনায় অন্তত পাঁচ শ্রমিক আহত হয়েছেন। তাঁদের স্থানীয় ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়।

শ্রমিক, এলাকাবাসী ও পুলিশ সূত্রে জানা যায়, অক্টোবর মাসের বেতনের দাবিতে গত দুই দিনের মতো গতকালও বেক্সিমকোর শ্রমিকেরা সকাল নয়টা থেকে গাজীপুর মহানগরীর চক্রবর্তী এলাকায় চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন। প্রায় একই সময়ে কারখানা খুলে দেওয়ার দাবিতে সড়কের জিরানী বাজার অংশে অবরোধ সৃষ্টি করেন ডরিন ফ্যাশন লিমিটেড নামে একটি কারখানার শ্রমিকেরা। চক্রবর্তী ও জিরানী বাজার অংশের দূরত্ব এক কিলোমিটারের মতো। বেলা সাড়ে ১১টার দিকে কোনো কারণে দুই কারখানার শ্রমিকদের মধ্যে বাগবিতণ্ডা হয় ও সংঘর্ষ বাধে। এ সময় বিবদমান শ্রমিকদের একটি অংশ সেখানকার পানিশাইল ও কলতাসুতি এলাকায় ঢুকে পড়ে। এ সময় এলাকাবাসীর সঙ্গে তাঁদের ত্রিমুখী ধাওয়া ও মারধরের ঘটনা ঘটে। একপর্যায়ে পূর্ব কলতাসুতি এলাকায় অ্যামাজন নিটওয়্যার নামের একটি কারখানায় আগুন দেওয়ার ঘটনা ঘটে। অভিযোগ উঠেছে, বিবদমান শ্রমিকেরা সংঘর্ষে জড়ানো এলাকাবাসীকে অ্যামাজন নিটওয়্যারের শ্রমিক ভেবে ওই আগুন দিয়েছিলেন।

শিল্প পুলিশ জানায়, ১ নভেম্বর থেকে পানিশাইল এলাকার ডরিন ফ্যাশন লিমিটেড কারখানাটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছিল কর্তৃপক্ষ। এরপর গত রোববার কারখানা খুলে দেওয়া হলেও দুপুরের পর ছুটি দিয়ে দেওয়া হয়। গতকাল সকালে কাজে যোগ দিতে এসে ডরিনের শ্রমিকেরা দেখেন, তাঁদের কারখানার ফটকে আবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার নোটিশ সাঁটানো। এ সময় তাঁরা কারখানাটি খুলে দেওয়ার দাবিতে বিক্ষোভ শুরু করেন এবং সড়কে অবস্থান নেন।

শিল্প পুলিশ আরও জানায়, নভেম্বর মাসের ১৮ তারিখ হয়ে গেলেও বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকেরা গত মাসের বেতন পাননি। বেতনের দাবিতে শনিবার সকাল থেকে রাত পর্যন্ত তাঁরা সড়ক অবরোধ করে আসছেন। এই অবরোধের কারণে কার্যত অচল হয়ে পড়েছে গুরুত্বপূর্ণ চন্দ্রা-নবীনগর সড়কের যান চলাচল।

ঢাকা জোন-৪, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপসহকারী পরিচালক মো. আলাউদ্দিন বলেন, কারখানায় আগুন লাগার খবর পেয়ে কালিয়াকৈর ও কাশিমপুর ফায়ার সার্ভিসের চারটি ইউনিট ঘটনাস্থলের কাছাকাছি আসে। কিন্তু শ্রমিকেরা উত্তেজিত থাকায় আগুনের কাছে যাওয়া যায়নি। পরে (২ ঘণ্টা পর) সেনাবাহিনী ও পুলিশ সদস্যদের সহযোগিতায় ফায়ার সার্ভিসের সদস্যরা সেখানে যান ও আগুন নেভানো শুরু করেন। তিনি জানান, কারখানাটিতে সুতা ও সোয়েটার তৈরি করা হতো। আগুনে প্রায় সব মাল ও অনেক মূল্যবান যন্ত্রপাতি পুড়ে গেছে। আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে এলে ক্ষয়ক্ষতির সঠিক পরিমাণ জানা সম্ভব হবে।

কাশিমপুর থানার ওসি রফিকুল ইসলাম গতকাল সন্ধ্যা সাড়ে সাতটায় বলেন, এখনো বেক্সিমকো ও ডরিন ফ্যাশনের শ্রমিকেরা সড়কে অবস্থান করছেন।

প্রথম আলো • বৃহস্পতিবার, ২১ নভেম্বর ২০২৪,

# ব্যাটারিচালিত রিকশার চালকদের সড়ক অবরোধ, সংঘর্ষ

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

ঢাকা মহানগর এলাকায় ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের নির্দেশ দেওয়ায় গতকাল বুধবার দুপুর ১২টা থেকে আড়াই ঘণ্টা রাজধানীর দয়াগঞ্জ মোড়ে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন চালকেরা। এ সময় পুলিশের সঙ্গে চালকদের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে পুলিশের দুই সদস্য আহত হয়েছেন। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, প্রধান সড়কে ব্যাটারিচালিত রিকশা চালানোর দাবিতে গতকাল দুপুর ১২টার দিকে রাজধানীর দয়াগঞ্জ মোড় অবরোধ করেন চালকেরা। এ সময় সড়কের দুই দিকে অসহনীয় যানজটের সৃষ্টি হয়।

চালকদের সড়ক ছেড়ে দেওয়ার জন্য অনুরোধ করে পুলিশ। তবে চালকেরা এ অনুরোধ না শুনে উল্টো পুলিশের ওপর চড়াও হন। এ নিয়ে দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া ও সংঘর্ষ হয়। এতে পুলিশের দুই সদস্য আহত হন। বেলা আড়াইটার দিকে ব্যাটারিচালিত রিকশার চালকেরা সড়ক ছেড়ে দিলে পরিস্থিতি শান্ত হয়।

গতকাল বেলা তিনটার দিকে যোগাযোগ করা হলে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগের অতিরিক্ত কমিশনার খোন্দকার নাজমুল হাসান প্রথম আলোকে বলেন, ব্যাটারিচালিত রিকশার চালকেরা সড়ক অবরোধ করার সময় পুলিশের ট্রাফিক বক্সে পুলিশের দুই সদস্যকে অবরুদ্ধ করে রাখেন। রিকশাচালকদের হামলায় পুলিশের দুই সদস্য আহত হন। পরে সেনাবাহিনী ও অতিরিক্ত পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বণিক বার্তা
শুক্রবার, নভেম্বর ২২, ২০২৪

# বকেয়া বেতন দাবিতে ষষ্ঠ দিনের মতো মহাসড়ক অবরোধ বেক্সিমকো শ্রমিকদের

**বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর**

গাজীপুরে বকেয়া বেতন দাবিতে মহাসড়ক অবরোধ করে আন্দোলন করেছেন বেক্সিমকো গ্রুপের শ্রমিকরা। গতকাল সন্ধ্যা পর্যন্ত চক্রবর্তী এলাকায় চন্দ্রা-নবীনগর মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন তারা। ফলে সারা দিন মহাসড়কে যান চলাচল বন্ধ ছিল। এদিকে কয়েকটি দাবিতে একই মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছিলেন হা-মীম গ্রুপের দ্যাটস ইট নিট লিমিটেড কারখানার শ্রমিকরাও। তবে কর্তৃপক্ষের আশ্বাসে দুপুরের দিকে অবরোধ প্রত্যাহার করে নিয়েছেন তারা।

শিল্প পুলিশ এবং শ্রমিক সূত্রে জানা গেছে, অক্টোবরের বেতন দাবিতে গতকাল ষষ্ঠ দিনের মতো বিক্ষোভ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা। একই সময়ে সম্প্রতি বাসচাপায় আহত শ্রমিকদের ক্ষতিপূরণ, চিকিৎসা, ফ্লাইওভার ও কারখানার অব্যবস্থাপনা দূরীকরণসহ ১১ দফা দাবি নিয়ে জিরানী এলাকায় একই মহাসড়কে অবস্থান নেন হা-মীম গ্রুপের দ্যাটস ইট নিট লিমিটেড কারখানার শ্রমিকরা। হা-মীম গ্রুপ শ্রমিকদের দাবি পূরণের আশ্বাস দিলে তারা দুপুরে সড়ক ছেড়ে চলে যান। কিন্তু বেক্সিমকো গ্রুপের শ্রমিকদের অবরোধ গতকাল সন্ধ্যা পর্যন্ত অব্যাহত ছিল।

জানা যায়, গাজীপুরের সারাবো এলাকার বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের প্রায় ৪০ হাজার শ্রমিকের অক্টোবরের বেতন বাকি রয়েছে। তাই বেতনের দাবিতে গত শনিবার থেকে বিক্ষোভ করে আসছেন তারা। আন্দোলনের খবরে ওই এলাকায় অবস্থান নেয় শিল্প পুলিশ, থানা পুলিশ, র‍্যাব ও সেনাবাহিনী।

গাজীপুরের চক্রবর্তী এলাকায় বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে কয়েকটি শিল্পপ্রতিষ্ঠান রয়েছে। এ পার্কের শ্রমিকদের প্রতি মাসে বেতন দেয়া হতো পরের মাসের ৭-১০ তারিখের মধ্যে। সম্প্রতি অভ্যুত্থানের পরের মাসগুলোয় নির্ধারিত সময়ে শ্রমিকদের বেতন পরিশোধ করেনি কর্তৃপক্ষ। নভেম্বরের ১৫ তারিখ পর্যন্ত অক্টোবরের বেতন না পেয়ে ১৬ নভেম্বর থেকে দিনের বেলায় সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন শ্রমিকরা।

শ্রমিকরা বলছেন, বকেয়া বেতনের জন্য তাদের এ আন্দোলন। বেতন বুঝে না পেলে আন্দোলন অব্যাহত থাকবে।

বিজিএমইএ সূত্রে জানা গেছে, শ্রমিক অসন্তোষের কারণে বেক্সিমকো গ্রুপের সব কারখানা আগে থেকেই বন্ধ রয়েছে। এছাড়া বৃহস্পতিবারের জন্য ছুটি ছিল হা-মীম গ্রুপের দ্যাটস ইট নিটওয়্যার, ডরিন গ্রুপের ডরিন গার্মেন্টস লিমিটেড, ডরিন অ্যাপারেলস, ডরিন ফ্যাশন লিমিটেড, অটোটেক্স লিমিটেড, উত্তরা নিটওয়্যার লিমিটেড, নর্দান ফ্যাশন লিমিটেড, আইরিশ ফেব্রিক্স লিমিটেড, রেডিয়াল ইন্টারন্যাশনাল লিমিটেড, অনুপম সোয়েটার লিমিটেড, তুরাগ গার্মেন্টস লিমিটেডসহ ১৬টি কারখানায়।

গাজীপুর শিল্প পুলিশের এসপি মোহাম্মদ সারোয়ার আলম বলেন, 'হা-মীম গ্রুপের মালিক এ কে আজাদ দুপুরে ঘটনাস্থলে গিয়ে শ্রমিকদের সঙ্গে কথা বলেন। তিনি শ্রমিকদের দাবি পূরণের আশ্বাস দিলে তারা সড়ক ছেড়ে দেন। তবে বেক্সিমকো গ্রুপের শ্রমিকরা আজও তাদের বকেয়া বেতন পাননি। তারা এখনো (বৃহস্পতিবার সন্ধ্যা) মহাসড়কে অবস্থান করছেন।'

দৈনিক ইত্তেফাক
শুক্রবার
৭ অগ্রহায়ণ ১৪৩১, ২২ নভেম্বর ২০২৪



ব্যাটারিচালিত রিকশা বন্ধের প্রতিবাদে চালকদের অবরোধ। গতকাল রাজধানীর মহাখালী এলাকায় —রফিকুল ইসলাম

# ঢাকায় ফের ব্যাটারিচালিত রিকশাচালকদের বিক্ষোভ

## রেলপথ অবরোধ পথে পথে যানজট

■ ইত্তেফাক রিপোর্ট

ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের নির্দেশের প্রতিবাদে রাজধানীর বিভিন্ন স্থানে গতকাল বৃহস্পতিবার আবারও সড়ক অবরোধ ও বিক্ষোভের ঘটনা ঘটেছে। এতে তীব্র যানজটের সৃষ্টি হয়। ভোগান্তিতে পড়েন সাধারণ মানুষ। এ সময় মহাখালী রেলগেট এলাকায় রেলপথ অবরোধ করে রাখে ব্যাটারিচালিত রিকশাচালকরা। এ অবস্থায় যাত্রীদের নিরাপত্তার স্বার্থে ট্রেন চলাচল বন্ধ রাখা হয়। পরে সেনাবাহিনী রিকশাচালকদের সরিয়ে দিলে সোয়া ছয় ঘণ্টা পর ট্রেন চলাচল শুরু হয়। অন্যদিকে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেও যান চলাচল স্বাভাবিক না হওয়ায় নগরীর বিভিন্ন এলাকায় হেঁটে নির্দিষ্ট গন্তব্যে যেতে দেখা যায় সাধারণ মানুষদের।

**বিক্ষোভ ও অবরোধ :** সকাল থেকে ব্যাটারিচালিত রিকশাচালকরা কল্যাণপুর, গাবতলী, পল্লবী, মিরপুর, রামপুরা, মালিবাগ, বাড্ডা, মহাখালী, মোহাম্মদপুর, আগারগাঁও, নাখালপাড়া, ডেমরা এলাকার সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করে। রিকশাচালকদের এ বিক্ষোভে রাজধানী ঢাকা কার্যত স্থবির হয়ে পড়ে। ফলে সেসব এলাকায় তৈরি হয় যানজট।

মিরপুর ১০ নম্বর গোল চত্বরে সকাল থেকে অবস্থান নিয়ে বিক্ষোভ করে রিকশাচালকরা। দুপুরের দিকে তাদের ধাওয়া দেয় সেনাবাহিনী। এতে রিকশাচালকরা প্রধান সড়ক থেকে সরে গিয়ে আশপাশের সড়কে অবস্থান নেয়।

রামপুরায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করা ব্যাটারিচালিত রিকশাচালকদের সরিয়ে দেন সেনাবাহিনীর সদস্যরা। এ সময় স্থানীয় মানুষ, দোকানি, পথচারীরা, সিএনজি, বাসচালক ও হেলপাররাও সেনাবাহিনীর সদস্যদের সঙ্গে রিকশাচালকদের ধাওয়া দেন। এরপর দুপুর সাড়ে ১২টার দিকে মিরপুর-১০-এ যান চলাচল স্বাভাবিক হয়।

মহাখালী এলাকার রেল লাইনের ওপরও অবস্থান নেন এই রিকশাচালকরা। এ অবস্থায় তাদেরকে ধাওয়া দিয়ে সরিয়ে দেন সেনাসদস্যরা। দেখা যায়, মহাখালী রেলক্রসিং এলাকায় অটোরিকশা চালকদের আন্দোলনের ফলে সৃষ্ট তীব্র যানজটের কারণে জনগণের ভোগান্তি হয়। এ সময় পুলিশ তাদেরকে সরে যেতে অনুরোধ করলে তারা উলটো পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল ছোড়ে। এ অবস্থায় সেখান থেকে তাদেরকে সরিয়ে দিতে সেনাবাহিনীর সদস্যরা ধাওয়া দিলে তারা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়।

**ট্রেন চলাচল শুরু :** ঢাকা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মোহাম্মদ আনোয়ার হোসেন জানিয়েছেন, যাত্রী ও ট্রেনের নিরাপত্তার কারণে প্রায় সোয়া ছয় ঘণ্টা বন্ধ থাকার পর বিকাল ৪টার পর ঢাকা থেকে দেশের বিভিন্ন গন্তব্যে ট্রেন চলাচল শুরু হয়েছে। একই সঙ্গে বিভিন্ন স্টেশনে আটকে থাকা ঢাকামুখী ট্রেনগুলো আসতে শুরু করেছে।

**রিকশাচালকদের দাবি :** রিকশাচালকরা বলেন, সড়কে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের যে নির্দেশনা হাইকোর্ট থেকে দেওয়া হয়েছে, তা তারা মানেন না। নির্দেশনাটি প্রত্যাহারের দাবি জানান তারা। যতক্ষণ পর্যন্ত সড়কে ব্যাটারিচালিত রিকশা চালানোর অনুমতি না দেওয়া হবে, ততক্ষণ পর্যন্ত এই কর্মসূচি পালন করবেন বলে জানিয়েছেন বিক্ষোভকারীরা।

উল্লেখ্য, মঙ্গলবার বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি মাহমুদুর রাজীর হাইকোর্ট বেঞ্চ ঢাকা মহানগর এলাকায় তিন দিনের মধ্যে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের আদেশ দিয়েছিলেন। এতে স্বরাষ্ট্রসচিব, স্থানীয় সরকার সচিব, আইজিপি, ঢাকা মহানগর পুলিশ কমিশনার, ঢাকার দুই সিটি করপোরেশন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদের আদালতের এ আদেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে।

প্যাডেলচালিত রিকশা সংগঠন মালিক ঐক্যজোটের সভাপতি জহুরুল ইসলাম মাসুম ও সাধারণ সম্পাদক মো. মমিন আলী এ বিষয়ে রিট পিটিশনটি দায়ের করেছিলেন।

হাইকোর্টের আদেশের প্রতিবাদে পরদিন বুধবার রাজধানীর বিভিন্ন এলাকায় বিক্ষোভ করেন ব্যাটারিচালিত রিকশার চালকেরা।

জানা গেছে, রাজধানী ঢাকার বিভিন্ন সড়কে অবৈধভাবে চলছে প্রায় ১৩ লাখ ব্যাটারিচালিত রিকশা। প্রধান সড়কে আসার অনুমতি না থাকলেও সর্বত্র দাপিয়ে বেড়াচ্ছে অবৈধ এ যান। গত দুই মাসে লক্ষাধিক ব্যাটারিচালিত রিকশার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হলেও এগুলোর দৌরাত্ম্য কমছে না।

প্রথম আলো • মঙ্গলবার, ২৬ নভেম্বর ২০২৪,

# বেক্সিমকোর বেতন না পাওয়া শ্রমিকদের সড়ক অবরোধ

গাজীপুর

সাত দিনের অবরোধের মুখে বেতন দেওয়া শুরু হলেও এখনো পাননি অনেকে। শ্রমিক অসন্তোষ নিরসনে উপদেষ্টা কমিটি গঠন।

**প্রতিনিধি**, গাজীপুর

গাজীপুর নগরে অক্টোবর মাসের বেতনের দাবিতে আবারও সড়ক অবরোধ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকেরা। শিল্প পুলিশ জানিয়েছে, বেক্সিমকোর বিভিন্ন কারখানায় ৪০ হাজারের বেশি শ্রমিক রয়েছেন। এর মধ্যে গতকাল সন্ধ্যা পর্যন্ত অনেক শ্রমিক বেতন পাননি।

মূলত বেতন না পাওয়া শ্রমিকেরা গতকাল সোমবার সড়কে নামেন। তাঁরা সকাল ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত চন্দ্রা-নবীনগর সড়কের চক্রবর্তী এলাকা অবরোধ করে রাখেন।

এদিকে বেক্সিমকোর ইন্ডাস্ট্রিয়াল পার্কের শিল্পপ্রতিষ্ঠানগুলোর শ্রম ও ব্যবসা পরিস্থিতি পর্যালোচনা করতে ১১ সদস্যের উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করা হয়েছে। কমিটির আহ্বায়ক করা হয়েছে নৌপরিবহন ও শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেনকে। রোববার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

শিল্প পুলিশ ও শ্রমিকদের সূত্রে জানা গেছে, অক্টোবর মাসের বেতনের দাবিতে ১৪ নভেম্বর থেকে সাত দিন দিনভর সড়ক অবরোধ করেন বেক্সিমকোর শ্রমিকেরা। এরপর রোববার বেতন দেওয়া হবে, এমন আশ্বাসে গত বৃহস্পতিবার রাতে তাঁরা অবরোধ তুলে নেন। তবে রোববার সন্ধ্যা পর্যন্ত অনেক শ্রমিক বেতন পাননি। ফলে ওই দিন সন্ধ্যা থেকে তাঁরা আবার সড়কে নামেন।

শিল্প পুলিশ জানিয়েছে, বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকদের মাসিক বেতন আসে ৮০ থেকে ৮২ কোটি টাকা। এর মধ্যে জনতা ব্যাংক থেকে ৬০ কোটি ঋণ পেয়ে অনেক শ্রমিককে বেতন দেওয়া হলেও এখনো অনেকে পাননি।

সরেজমিন দেখা গেছে, চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধের ফলে ওই পথে যান চলাচল ব্যাহত হয়। স্থানীয় পথচলতি মানুষেরা অবরোধের স্থান হেঁটে পাড়ি দিয়ে বাকি পথ অটোরিকশায় যাতায়াত করেন। আর উত্তরবঙ্গের দূরপাল্লার যানবাহন ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের গাজীপুর এবং কালিয়াকৈর থেকে ধামরাই আঞ্চলিক সড়ক দিয়ে রাজধানী ঢাকার সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে।

গাজীপুর শিল্প পুলিশের সহকারী পুলিশ সুপার (কোনাবাড়ী জোন) আবু তালেব *প্রথম আলোকে* বলেন, 'বেক্সিমকোর কারখানাগুলোতে সব মিলিয়ে ৪০ থেকে ৪৩ হাজার শ্রমিক রয়েছে। এর মধ্যে রোববার কিছু শ্রমিক বেতন পেয়েছে। কিছু শ্রমিকের বেতন এখনো বকেয়া। মূলত যাদের বেতন এখনো বকেয়া, তারাই আজ (সোমবার) রাস্তায় নেমেছে। পুলিশ সদস্যরা তাদের শান্ত রাখার চেষ্টা করছেন।'

> **“ বেক্সিমকোর কারখানাগুলোতে সব মিলিয়ে ৪০ থেকে ৪৩ হাজার শ্রমিক রয়েছে। এর মধ্যে রোববার কিছু শ্রমিক বেতন পেয়েছে। কিছু শ্রমিকের বেতন এখনো বকেয়া। মূলত যাদের বেতন এখনো বকেয়া, তারাই রাস্তায় নেমেছে।**
>
> আবু তালেব, সহকারী পুলিশ সুপার, গাজীপুর শিল্প পুলিশ, কোনাবাড়ী জোন

সমকাল

শুক্রবার। ২৯ নভেম্বর ২০২৪।

# গাজীপুরে বেতন দাবিতে শ্রমিকদের সড়ক অবরোধ

- মাহমুদ জিন্সের পরিচালকসহ তিনজনকে মারধর
- লাঠিচার্জ-সাউন্ড গ্রেনেড ছুড়ে ছত্রভঙ্গ, আহত অর্ধশত

**কালিয়াকৈর** (গাজীপুর) **প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈরে দুই মাসের বেতন দাবিতে বৃহস্পতিবার প্রায় ১১ ঘণ্টা সড়ক অবরোধ করেন পোশাক শ্রমিকরা। এতে দীর্ঘ যানজট দেখা দেয়। পরে রাত সাড়ে ৮টার দিকে যৌথ বাহিনী লাঠিচার্জ ও সাউন্ড গ্রেনেড ছুড়ে শ্রমিকদের সরিয়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়। লাঠিচার্জে অর্ধশতাধিক শ্রমিক আহত হয়েছেন বলে দাবি করা হয়েছে।

আন্দোলনকারীরা জানান, রাজনৈতিক পট পরিবর্তনের পর থেকেই তাদের বেতন দিতে গড়িমসি করছে মাহমুদ জিন্স লিমিটেড কর্তৃপক্ষ। অক্টোবরেও একাধিকবার আন্দোলন হয়েছে। পরে কর্তৃপক্ষ ২৮ নভেম্বর বেতন দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে। কিন্তু বৃহস্পতিবার সকালে সহস্রাধিক শ্রমিক কারখানায় এসে বেতন পরিশোধ করা হবে না নোটিশ দেখে বিক্ষোভ করেন। পরে সকাল সাড়ে ৮টা থেকে ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করেন।

বিকেলে কারখানার সহকারী পরিচালক রাফি মাহমুদ এসে শ্রমিকদের বেতনের জন্য আরও কয়েক দিন সময় চাইলে, বিক্ষুব্ধরা তাকে মারধর করেন। এ সময় কারখানার এক নিরাপত্তা কর্মী ও আরেকজন স্টাফ তাকে রক্ষায় এলে তাদেরও মারধর করা হয়। এক পর্যায়ে পরিচালক কারখানায় অবস্থান নেন। শ্রমিকদের সরিয়ে দেওয়ার আগ পর্যন্ত সেখানেই তিনি অবরুদ্ধ ছিলেন।

গাজীপুর শিল্প পুলিশ-২ এর ভারপ্রাপ্ত কর্মকর্তা আজাদ রহমান জানান, দিনভর বোঝানোর পরও শ্রমিকরা সড়ক ছাড়েননি। পরে রাত সোয়া ৮টার দিকে যৌথ বাহিনীর সদস্যরা তাদের সরিয়ে দিতে গেলে ইটপাটকেল নিক্ষেপ করা হয়। পরে লাঠিচার্জ ও সাউন্ড গ্রেনেড ছুড়ে শ্রমিকদের সরিয়ে দেওয়া হয়। কারখানাটির আশপাশে যৌথ বাহিনীর সদস্য অবস্থান করছে।

এদিকে গাজীপুরের কোনাবাড়ী মেট্রো থানার জরুণ এলাকায় অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করে কাজ বন্ধ রাখার অভিযোগে কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে ইসলাম গার্মেন্টস লিমিটেড ইউনিট-২ কর্তৃপক্ষ। গতকাল কারখানার মূল ফটকে এ নোটিশ সাঁটিয়ে দেয় কর্তৃপক্ষ। এতে বলা হয়, কর্তৃপক্ষ বাধ্য হয়ে কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের নিরাপত্তা, জানমাল এবং কারখানার সম্পত্তি রক্ষায় আগামীকাল শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হলো।

ইসলাম গার্মেন্টসের প্রশাসনিক কর্মকর্তা রবিউল ইসলাম জানান, শ্রমিকরা পুনরায় অযৌক্তিক দাবি করে বিশৃঙ্খলা সৃষ্টি করলে, কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করতে বাধ্য হন তারা।

সংবাদ

শনিবার ১৫ অগ্রহায়ণ ১৪৩১

Saturday 30 November 2024

# তৈরি পোশাকশ্রমিকদের বার্ষিক মজুরি ১৫ শতাংশ বৃদ্ধির দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

তৈরি পোশাকশ্রমিকদের জন্য ১৫ শতাংশ বার্ষিক মজুরি বৃদ্ধি বা ইনক্রিমেন্টের দাবি করেছেন গার্মেন্ট শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের (গার্মেন্ট টিইউসি) নেতা-কর্মীরা। একই সঙ্গে তারা বাজার দর অনুসারে মজুরি পুনর্নির্ধারণ, কারখানাভিত্তিক রেশন ব্যবস্থা চালু ও ১৮ দফার ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের দাবি জানিয়েছেন।

এসব দাবি আদায়ে গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করে গার্মেন্ট টিইউসি কেন্দ্রীয় কমিটি। সংগঠনের সভাপতি শ্রমিকনেতা মন্টু ঘোষের সভাপতিত্বে সাংগঠনিক সম্পাদক মো. শাহজাহানের পরিচালনায় সমাবেশে বক্তব্য দেন গার্মেন্ট টিইউসির উপদেষ্টা আবদুল্লাহ ক্বাফী, সাধারণ সম্পাদক সাদেকুর রহমান, সহসভাপতি জলি তালুকদার, জিয়াউল কবীর, সহকারী সাধারণ সম্পাদক মঞ্জুর মঈন প্রমুখ।

তৈরি পোশাকশিল্পের নিম্নতম মজুরি পুনর্নির্ধারণ না হওয়া পর্যন্ত বার্ষিক মজুরি বৃদ্ধি ৫ শতাংশের সঙ্গে অতিরিক্ত ১০ শতাংশের দাবি শ্রম মন্ত্রণালয় গঠিত কমিটির কাছে উপস্থাপন করেছে শ্রমিকপক্ষের প্রতিনিধিরা। তার বিপরীতে মালিকপক্ষের প্রতিনিধিরা অতিরিক্ত ১ শতাংশ (মোট ৬ শতাংশ) মজুরি বৃদ্ধির প্রস্তাব করেছেন। তবে মালিকদের এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে শ্রমিকপক্ষ। তাই মালিক ও শ্রমিকপক্ষের প্রস্তাব নিয়ে শ্রম মন্ত্রণালয়ের গঠিত কমিটি কাজ করছে।

সমাবেশে সংগঠনের সাধারণ সম্পাদক শ্রমিকনেতা সাদেকুর রহমান বলেন, তৈরি পোশাকশিল্পের মালিকেরা বার্ষিক অতিরিক্ত ১ শতাংশ মজুরি বৃদ্ধির প্রস্তাব দিয়ে শ্রমিকদের উস্কানি দিচ্ছেন। এটিকে কেন্দ্র করে কোনো অঘটন ঘটলে তার দায়দায়িত্ব মালিকপক্ষকে নিতে হবে।

সমাবেশে গার্মেন্ট টিইউসির উপদেষ্টা আবদুল্লাহ ক্বাফী বলেন, মজুরি বৃদ্ধির দাবি করে গত বছরের অক্টোবরে পতিত স্বৈরাচারের গুলিতে চারজন পোশাকশ্রমিক প্রাণ হারান। বাজারদরের সঙ্গে সংগতিপূর্ণ হারে মজুরি বৃদ্ধি করা না হলে সেটা গণ-অভ্যুত্থানের সঙ্গে বিশ্বাসঘাতকতা হবে।

সংগঠনের সভাপতি মন্টু ঘোষ বলেন, শ্রমিকেরা বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের দিকে অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে তাকিয়ে আছে। আমরা সরকারের সিদ্ধান্ত ও পদক্ষেপে শ্রমিকদের প্রত্যাশার প্রতিফলন দেখতে চাই। তিনি আরও বলেন, সরকার তাদের পছন্দের লোকদের দিয়ে মজুরি বৃদ্ধি ও শ্রম সংস্কারবিষয়ক দুইটি পৃথক কমিটি করেছে। আমরা আশা করি, শ্রমিকদের সঙ্গে অতীতের ন্যায় কোনো প্রহসন সংঘটিত হবে না।

সহসভাপতি জলি তালুকদার বলেন, শ্রমিকের দাবির মধ্যে ষড়যন্ত্রের গন্ধ খোঁজা পুরোনো স্বৈরাচারী অপকৌশল।

সরকারকে দায়িত্ববোধ থেকে শ্রমিকের সমস্যার সুরাহা করতে হবে। শ্রমিকেরাও দায়িত্বশীলতার সঙ্গে সব দেশবিরোধী ও গণতন্ত্রবিরোধী চক্রান্ত মোকাবিলা করবে।

NEW AGE TUESDAY, NOVEMBER 26, 2024,

# Tea workers continue strike demanding arrears, rations

**Our Correspondent** · Moulvibazar

TEA workers from 12 gardens under the National Tea Company in Habiganj, Moulvibazar and Sylhet district have been on strike for over a month, demanding three months' unpaid wages and rations.

The workers and their families, numbering around 50,000, are in a dire financial crisis, with many facing a silent famine.

The Tea Workers' Association submitted a memorandum on Saturday, detailing their demands to the labour adviser of the interim government via Moulvibazar deputy commissioner Israel Hossain.

The DC assured the workers' leaders that he would escalate the matter to higher authorities.

The memorandum highlights the plight of 11,286 workers and 248 employees from NTC's 12 gardens, including those in Habiganj, Moulvibazar, and Sylhet districts.

Harinarayan Hazra, general secretary of the Tea Workers' Association, said that surviving on a daily wage of Tk 178.50 amid rising costs was already a struggle. Without wages and rations, the situation was unbearable.

Vice-president Madhu Rajak added that workers had been protesting for over a month, but the government had yet to address their demands. Despite the crisis, even basic rice rations were being withheld.

According to organising secretary Laxmi Rani Bakti, the interim government blames the crisis on the NTC board's collapse after August 5, citing insufficient loans from the agricultural bank. However, no steps have been taken to reconstitute the board and resolve the issue.

DC Israel Hossain confirmed that he had provided food aid to some tea workers' families and pledged to advocate for a solution with senior government officials.

The affected gardens include Surma, Teliapara, Parkul, Jagdishpur, and Chandichhara Tea Gardens in Habiganj; Bijoya, Madhabpur, Patrakhola, Kurma, Champaray, Madanmohanpur, and Premnagar Tea Gardens in Moulvibazar and Lakkatura Tea Garden in Sylhet.

যুগান্তর সোমবার ২৫ নভেম্বর ২০২৪

তাজরীন ট্র্যাজেডির যুগপূর্তি

## খুনিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি স্বজনদের

যুগান্তর প্রতিবেদন

তাজরীন ফ্যাশনে আগুনে পুড়ে মারা যাওয়া ১১৭ জনকে শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করেছেন নিহতের স্বজন এবং বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতাকর্মীরা। তাজরীন ট্র্যাজেডির এক যুগপূর্তি উপলক্ষ্যে রোববার সকালে ঢাকার সাভারের আশুলিয়ার ইয়ারপুর ইউনিয়নের নিশ্চিন্তপুর এলাকায় তাজরীনে অগ্নিকাণ্ডে নিহত ব্যক্তিদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন তারা। এ সময় বিভিন্ন স্লোগান দিয়ে তাজরীনের সামনে সমবেত হয়ে সংক্ষিপ্ত সমাবেশ করেন শ্রমিক সংগঠনের নেতারা।

নিহতের স্বজনরা কান্নাজড়িত কণ্ঠে জানান, তাজরীন ফ্যাশনে অগ্নিকাণ্ড স্বাভাবিক ঘটনা ছিল না। পরিকল্পিতভাবে ১১৭ জনকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। হত্যাকারীদের বিচার না হলে এ কলঙ্ক দূর হবে না। এ সময় খুনিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তারা।

আহত শ্রমিকরা বলেন, আমাদের কেউ খোঁজ নেয় না। আমরা মরার মতো বেঁচে আছি। আমাদের কেউ ক্ষতিপূরণ কিংবা পুনর্বাসনের কথা ভাবে না। তাজরীন ট্র্যাজেডির দিন এলে সাংবাদিকরা খোঁজ নিতে আসেন। আমরা দ্রুত পুনর্বাসন ও ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানাই।

শ্রমিক সংগঠনের নেতারা বলেন, তাজরীন ট্র্যাজেডির এক যুগ অতিবাহিত হয়ে গেল। কিন্তু খুনিদের এখন পর্যন্ত শাস্তির আওতায় আনা হয়নি। নিহতের স্বজনরা ন্যায্য ক্ষতিপূরণ থেকে বঞ্চিত হয়েছেন। আহতদের এখন পর্যন্ত পুনর্বাসন করা হয়নি। আহতরা কর্মক্ষমতা হারিয়ে ফেলেছেন। তাদের দেখার কেউ নেই। তারা

পোশাক শিল্প খাত নিয়ে শ্রম মন্ত্রণালয়ে বৈঠক

## শ্রমিকদের মজুরি বাড়ানোর প্রস্তাবে ঐকমত্য হয়নি

যুগান্তর প্রতিবেদন

তৈরি পোশাক শিল্পের ন্যূনতম মজুরি পুনর্নির্ধারণ না হওয়া পর্যন্ত বছরে ৫ শতাংশ ইনক্রিমেন্টের সঙ্গে অতিরিক্ত ১০ শতাংশ মজুরি বৃদ্ধির প্রস্তাব দেয় পোশাক শ্রমিক সংগঠনের প্রতিনিধিরা। তবে তৈরি পোশাক মালিক পক্ষ এ প্রস্তাব মানতে নারাজ। তাদের প্রস্তাবের বিপরীতে মালিক পক্ষ নিয়মিত ৫ শতাংশের সঙ্গে আরও অতিরিক্ত ১ শতাংশসহ মোট ৬ শতাংশ মজুরি বৃদ্ধির কথা বলেছেন। তবে প্রস্তাব মানতে নারাজ শ্রমিক প্রতিনিধিরা।

**মালিক পক্ষ ৬ শতাংশ দিতে সম্মত**

তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের ন্যূনতম মজুরি পুনর্মূল্যায়ন ও বার্ষিক মজুরি বৃদ্ধি সংক্রান্ত শ্রম মন্ত্রণালয়ের গঠিত কমিটির তৃতীয় বৈঠকে রোববার মালিকপক্ষ এই প্রস্তাব দেয়। সচিবালয়ে শ্রম মন্ত্রণালয়ের সভাকক্ষে অতিরিক্ত সচিব সবুর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে মালিক ও শ্রমিকপক্ষের ছয়জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। তারা হলেন—নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম, তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমএই) সহায়ক কমিটির সদস্য এ এন এম সাইফুদ্দিন, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের (বিইএফ) মহাসচিব ফারুক আহাম্মদ, শ্রমিক দলের কেন্দ্রীয় কমিটির যুব বিষয়ক সম্পাদক মোহাম্মদ খোরশেদ আলম, বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক বাবুল আখতার ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহসভাপতি কবির আহম্মেদ।

সূত্র জানায়, আগে থেকেই বছরে মজুরি ৫ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত রয়েছে। এর সঙ্গে মালিকপক্ষের প্রতিনিধিরা অতিরিক্ত ১ শতাংশসহ ■

### শ্রমিকদের মজুরি

(৩য় পৃষ্ঠার পর)

মোট ৬ শতাংশ বার্ষিক মজুরি বৃদ্ধির লিখিত প্রস্তাব দেন। তবে শ্রমিক প্রতিনিধিরা মালিকদের ওই প্রস্তাব প্রত্যাখ্যান করেন। এ পরিপ্রেক্ষিতে বৈঠক আর এগোয়নি। এ বিষয়ে আগামী ২৮ নভেম্বর কমিটির চতুর্থ বৈঠকে আলোচনা হবে বলে সিদ্ধান্ত হয়। ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর গাজীপুর ও সাভারের আশুলিয়ায় শ্রমিকদের টানা বিক্ষোভ শুরু হয়। এরই পরিপ্রেক্ষিতে গত সেপ্টেম্বরে ১৮টি বিষয়ে তৈরি পোশাকশিল্প মালিক ও শ্রমিকনেতারা সমঝোতায় পৌঁছান। সমঝোতা অনুযায়ী, মজুরি পুনর্মূল্যায়নে ছয় মাস এবং বছরের নভেম্বরের মধ্যে বার্ষিক মজুরি বৃদ্ধির বিষয়ে সরকারকে প্রতিবেদন দিতে হবে।

গত ৪ নভেম্বর কমিটির দ্বিতীয় সভায় শ্রমিক প্রতিনিধিরা ন্যূনতম মজুরি পুনর্নির্ধারণ না হওয়া পর্যন্ত বার্ষিক মজুরি ১৫ শতাংশ বৃদ্ধির প্রস্তাব দেন। এতে শ্রমিক প্রতিনিধিরা যুক্তি দেন, ঐতিহাসিকভাবে পোশাক শ্রমিকদের মজুরি সাধারণ জীবনযাপনের প্রয়োজনের সঙ্গেও সামঞ্জস্যপূর্ণ নয়। জীবনধারণের ন্যূনতম মান বজায় রাখার অনুপযুক্ত মজুরি হওয়ায় বৈষম্য বাড়ছে। সাম্প্রতিক অস্থিরতার পেছনেও অপর্যাপ্ত মজুরির বিষয়টি ভূমিকা রেখেছে বলে মনে করেন তারা। মালিক পক্ষ থেকে বলা হয়, গত ২ বছর আগেও মূল্যস্ফীতি ৫ থেকে ৬ শতাংশের মধ্যে ছিল। সরকার আগামী কয়েক মাসের মধ্যে মূল্যস্ফীতি কমিয়ে আনার কথা বলছে। সেটি বিবেচনায় নিয়ে ৬ শতাংশ ইনক্রিমেন্টের প্রস্তাব করা হয়েছে। যদি মূল্যস্ফীতি না কমে তাহলে পরবর্তী সময়ে যখন ন্যূনতম মজুরি বোর্ড গঠন করা হবে, তখন সেটি আমলে নেওয়ার সুযোগ থাকবে।

সংবাদ
ঢাকা : শুক্রবার ১৪ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Friday 29 November 2024

## মুন্সীগঞ্জে ছাঁটাইয়ের প্রতিবাদে শ্রমিকদের অবস্থান কর্মসূচি

প্রতিনিধি, মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জের গজারিয়ায় চাকরিচ্যুত করার অভিযোগে কর্মবিরতি ও বিক্ষোভ করেছে দুই শতাধিক শ্রমিক।

গত বুধবার সকাল ৮টা থেকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক সংলগ্ন পুরান বাউশিয়া এলাকায় হাসান রাবার ফ্যাক্টরি নামে একটি কারখানার কাজ বন্ধ রেখে মুল ফটকের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে শ্রমিকরা।

শ্রমিকদের অভিযোগ, গত ২১ অক্টোবর হাসান রাবার ফ্যাক্টরির সিওর পদত্যাগসহ বেতন বৈষম্য নিরসণের দাবিতে কর্ম বিরতি আন্দোলন করেন তারা। পরবর্তীতে মালিক পক্ষের প্রতিনিধি ও উপজেলা প্রশাসনের আশ্বাসে তারা আন্দোলন থেকে সরে গিয়ে শান্তিপূর্ণভাবে কাজ করে আসছে। কিন্তু হঠাৎ করে মালিকপক্ষ আন্দোলনরত শ্রমিকদের তালিকা করে বিভিন্ন কারণে তাদের চাকরিচ্যুত করছেন। এমনকি তাদের সঙ্গে খারাপ আচরণ করা হচ্ছে বলেও অভিযোগ তাদের।

এ বিষয়ে যোগাযোগ করা হলেও কারখানা কর্তৃপক্ষ গণমাধ্যমকর্মীদের সাথে কথা বলতে অপারগতা প্রকাশ করেন।

দৈনিক ইত্তেফাক
মঙ্গলবার
১১ অগ্রহায়ণ ১৪৩১, ২৬ নভেম্বর ২০২৪

## গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে ফের সড়ক অবরোধ বেক্সিমকো শ্রমিকদের

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে ফের সড়ক অবরোধ করেছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা। গতকাল সোমবার সকাল ৯টা থেকে চন্দ্রা-নবীনগর সড়কের চক্রবর্তী এলাকায় অবরোধ করে বিক্ষোভ করেন তারা। অবরোধের কারণে ঐ পথে যান চলাচল বন্ধ হয়ে পড়ে। দেখা দেয় দীর্ঘ যানজট। এ ঘটনার জেরে আশপাশের কয়েকটি কারখানায় ছুটি ঘোষণা করা হয়।

পুলিশ ও স্থানীয়ভাবে জানা গেছে, গাজীপুর মহানগরীর কাশিমপুর থানার সারাবো এলাকার বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে প্রায় ৩৬ হাজার পোশাকশ্রমিক কাজ করেন। বেতনের দাবিতে এক সপ্তাহ সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শ্রমিকরা। গত বৃহস্পতিবার অর্ধেকের কম শ্রমিকের বেতন পরিশোধ করে কর্তৃপক্ষ। বাকিদের বেতন রবিবার দেওয়ার কথা ছিল; কিন্তু রবিবার বিকাল পর্যন্ত বেতন পায়নি শ্রমিকরা। সোমবার সকাল ৯টার দিকে তারা বিক্ষোভ করে সড়ক অবরোধ করেন।

প্রথম আলো • রোববার, ১০ নভেম্বর ২০২৪;

# মালিক-শ্রমিক ঘোষণার ১৮ বিষয়ে অগ্রগতি সামান্য

তৈরি পোশাকশিল্প

আজ শ্রম উপদেষ্টার সভাপতিত্বে 'বর্তমান শ্রম পরিস্থিতি' শীর্ষক বৈঠক বসছে। এতে আগের সিদ্ধান্তগুলোর বাস্তবায়নের চিত্র উঠে আসবে।

**ফখরুল ইসলাম**, *ঢাকা*

নিম্নতম মজুরি, হাজিরা বোনাস, মামলা প্রত্যাহারসহ ১৮টি বিষয়ে তৈরি পোশাক খাতের মালিক ও শ্রমিকেরা যে সমঝোতায় পৌঁছেছিলেন, দেড় মাস পার হলেও সেগুলোর বেশির ভাগই অবাস্তবায়িত রয়ে গেছে। শিল্পাঞ্চলে অস্থিরতা-সংঘাত ও শ্রমিক অসন্তোষের মধ্যে অন্তর্বর্তী সরকারের মধ্যস্থতায় দুই পক্ষ ওই সমঝোতায় পৌঁছায়। সরকারের এক মূল্যায়নে দেখা গেছে, এখন পর্যন্ত মাত্র সামান্য কয়েকটি বিষয়ে অগ্রগতি হয়েছে।

সমঝোতায় পৌঁছানো ১৮টি বিষয়ের অন্যতম ছিল শ্রম আইন সংশোধন করা। সরকারের পরিকল্পনা ছিল আগামী ডিসেম্বরের মধ্যে অধ্যাদেশ জারির মাধ্যমে এটি সংশোধন করা হবে। তবে আগামী মার্চ পর্যন্ত এই প্রক্রিয়া পিছিয়ে গেছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে গত বুধবার পাওয়া এক প্রতিবেদন থেকে জানা গেছে, ১৮টি বিষয়ের কিছু পদক্ষেপের আংশিক বাস্তবায়ন হলেও বাকিগুলোর জন্য কাজ করছে বিভিন্ন কমিটি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সভাপতিত্বে গত ১৩ সেপ্টেম্বর সচিবালয়ে অনুষ্ঠিত 'শ্রম অসন্তোষ পরিস্থিতি পর্যালোচনা' শীর্ষক আন্তমন্ত্রণালয় সভায় শ্রমিক ও মালিকপক্ষের যৌথ ঘোষণা হয়। ওই ঘোষণায় ২৫টি বিষয় জায়গা পেলেও ২৪ সেপ্টেম্বরে অনুষ্ঠিত বৈঠকে মালিক ও শ্রমিকেরা ১৮টি বিষয়ে সমঝোতায় পৌঁছান ও চূড়ান্ত ঘোষণা দেন। রাজনৈতিক পটপরিবর্তনের পর শিল্পাঞ্চলে যে অসন্তোষ দেখা দেয়, তা সমাধানের জন্যই সরকারের উদ্যোগে মালিক ও শ্রমিকদের মধ্যে ওই আলোচনা হয়।

গত দেড় মাসে ১৮টি বিষয়ের বাস্তবায়নে কতটা অগ্রগতি হয়েছে, তা পর্যালোচনা করে মূল্যায়ন প্রতিবেদন তৈরি করেছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সভাপতিত্বে আজ রোববার 'বর্তমান শ্রম পরিস্থিতি' বিষয়ে মন্ত্রণালয়ে আবার একটি বৈঠক অনুষ্ঠিত হবে। এতে শ্রমিক ও মালিকদের যৌথ ঘোষণার বাস্তবায়ন নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে।

> **ক্ষুধার্ত মানুষ চুপ করে থাকতে পারে না। মুদিদোকানি অপমান করছেন, বাড়িওয়ালা অপমান করছেন, অথচ কারখানা মালিকের কাছে মজুরি পান শ্রমিক। এ শ্রমিকের ক্ষোভ কমানো যাবে তাঁর বকেয়াটা পরিশোধ করেই।**
>
> সৈয়দ সুলতান আহমেদ, নির্বাহী পরিচালক, বিলস

শ্রম উপদেষ্টা ও শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামানসহ ৯ সদস্যের একটি দল সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) পরিচালনা পর্ষদের বৈঠকে যোগ দিয়ে দুই দিন আগে দেশে ফিরেছে। আজ অনুষ্ঠেয় বৈঠকে সেই অভিজ্ঞতা নিয়েও আলোচনা হবে বলে জানা গেছে।

শ্রমসচিব এ এইচ এম সফিকুজ্জামান গতকাল শনিবার মুঠোফোনে *প্রথম আলোকে* বলেন, প্রায় দুই মাস আগে নেওয়া সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন চিত্র কাল (আজ) জানা হবে। তবে কারখানায় মজুরি না দেওয়ার তুলনায় দেওয়ার হারই বেশি। যে কয়েকটি কারখানায় এখনো মজুরি বকেয়া রয়েছে, তারাই ঝামেলা করছে।

শ্রমিকদের জন্য রেশন দেওয়ার বিষয়ে মালিকপক্ষ খুব একটা এগিয়ে আসছে না বলে জানান সচিব সফিকুজ্জামান। তবে তিনি বলেন, ১৮টি বিষয় নিয়েই কাজ চলছে। সব পক্ষের সহযোগিতা থাকলে ইতিবাচক ফল পাওয়া যাবে।

**১৯ কারখানায় এখনো মজুরি বকেয়া**

গত অক্টোবর মাসের মধ্যেই পোশাক খাতের নিম্নতম মজুরি বাস্তবায়নের ঘোষণা ছিল। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিবেদনে বলা হয়েছে, বিজিএমইএর সদস্যভুক্ত ২ হাজার ১৪০টি কারখানার মধ্যে ২ হাজার ১২১টি তা বাস্তবায়ন করেছে। বাকি ১৯টির বাস্তবায়ন প্রক্রিয়াধীন এবং বিষয়টি তদারক করা হচ্ছে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

# ১৮ বিষয়ে অগ্রগতি সামান্য

শ্রমসচিব সফিকুজ্জামান *প্রথম আলো*কে বলেন, ১৯টির মধ্যে দুটি কারখানায় বকেয়া মজুরি পরিশোধের বিষয়টির ইতিমধ্যে সমাধান হয়েছে। বাকি কারখানাগুলো নিয়ে আলোচনা চলছে।

নিম্নতম মজুরি পুনর্মূল্যায়নের জন্য ছয় মাসের মধ্যে একটি সক্ষমতা প্রতিবেদন তৈরির বিষয়ে দুই পক্ষের মধ্যে সমঝোতা হয়েছিল। শ্রমিক ও মালিকপক্ষের তিনজন করে প্রতিনিধির সমন্বয়ে একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে এটি তৈরি হবে। এখন পর্যন্ত কমিটির দুটি বৈঠক হয়েছে। এ ছাড়া বার্ষিক নিম্নতম মজুরি পুনর্নির্ধারণ কমিটি মূল্যস্ফীতি বিবেচনায় রেখে চলতি মাসের মধ্যে শ্রমিকদের বার্ষিক মজুরি বৃদ্ধির বিষয়ে একটি প্রতিবেদন জমা দেবে বলে কথা রয়েছে। এ ব্যাপারে কাজ চলছে বলে মন্ত্রণালয়ের মূল্যায়ন প্রতিবেদনে জানানো হয়েছে।

**শ্রম আইন সংশোধনে অধ্যাদেশ হচ্ছে**

সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ডিসেম্বরের মধ্যে তিনটি বিষয়ে শ্রম আইন সংশোধন হওয়ার কথা। এগুলো হচ্ছে শ্রমিকের অধিকার নিশ্চিত করা, তাঁদের সার্ভিস বেনিফিট দেওয়া এবং নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ১২০ দিন করা।

শ্রমসচিব বলেন, 'আইএলও পর্ষদ সভায় আমরা জানিয়ে এসেছি, অধ্যাদেশ জারি হতে মার্চ নাগাদ সময় লাগবে।'

মন্ত্রণালয়ের অগ্রগতি প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ সেপ্টেম্বর থেকে অনেক কারখানা ১২০ দিন মাতৃত্বকালীন ছুটি দেওয়া শুরু করেছে। সংশোধিত শ্রম আইনে এটি অন্তর্ভুক্ত করা হবে।

সার্ভিস বেনিফিট বলতে স্থায়ী, অস্থায়ী ও দৈনিক মজুরির ভিত্তিতে চাকরি করা শ্রমিকদের ইস্তফা দেওয়ার সুযোগ এবং বিপরীতে মজুরি পাওয়ার কথা বলা হয়েছে। পাঁচ বছর কাজ করলে তাঁদের যে এককালীন সুবিধা পাওয়ার কথা, সেটি এখানে থাকবে। সংশোধিত শ্রম আইনে এ বিষয়গুলো যোগ করে অধ্যাদেশ জারি করা হবে। শ্রম আইনের ব্যত্যয় ঘটিয়ে অন্যায্যভাবে শ্রমিক ছাঁটাই না করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। প্রতিবেদনে বলা হয়, অন্যায্যভাবে ছাঁটাই হচ্ছে না। ছাঁটাই হলেও আইনানুগ ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে শ্রমিকদের।

**উদ্যোগ নেই রেশনের ব্যাপারে**

সমঝোতা বৈঠকে শ্রমিকদের জন্য রেশনব্যবস্থা চালু করতে মালিকদের কাছে প্রস্তাব দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। পাশাপাশি সব পোশাক কারখানায় শ্রমিকের হাজিরা বোনাস, টিফিন ও নাইট বিল বৃদ্ধির সিদ্ধান্ত হয়। প্রতিবেদন থেকে জানা গেছে, রেশনের বিষয়ে এখনো কোনো অগ্রগতি নেই। তবে হাজিরা বোনাসসহ বিল বৃদ্ধির বিষয়ে কারখানাগুলোকে নির্দেশ দিয়েছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। তা বাস্তবায়নের বিষয়ে বিজিএমইএর পক্ষ থেকে তদারকও করা হচ্ছে।

সিদ্ধান্ত হয়েছিল, শ্রমঘন এলাকায় ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) মাধ্যমে সাশ্রয়ী মূল্যে নিত্যপণ্য সরবরাহ করা হবে এবং খাদ্য মন্ত্রণালয়ের খাদ্যবান্ধব কর্মসূচিও শ্রমঘন এলাকায় সম্প্রসারণ করা হবে। কাজটি হয়েছে বলে শ্রম মন্ত্রণালয়ের প্রতিবেদনে বলা হয়েছে।

**ক্ষতিপূরণের তালিকা স্বাস্থ্য মন্ত্রণালয়ে**

জুলাই-আগস্টে গণ-আন্দোলনে নিহত ও আহত শ্রমিকদের ক্ষতিপূরণ ও চিকিৎসা দিতে একটি তালিকা হওয়ার কথা। এ তালিকা পরে যাবে প্রধান উপদেষ্টার দপ্তরের 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন'-এ। শ্রমিকনেতাদের কাছ থেকে তালিকা নিয়ে শ্রম মন্ত্রণালয় তা স্বাস্থ্য মন্ত্রণালয়ে পাঠিয়েছে। তবে স্বাস্থ্য মন্ত্রণালয় এখনো এটি চূড়ান্ত করেনি।

এদিকে রানা প্লাজা ও তাজরীন ফ্যাশন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের বিষয়ে যে কমিটি রয়েছে, সেই কমিটি একটি প্রাথমিক প্রতিবেদন মন্ত্রণালয়ে জমা দিয়েছে। সাবেক প্রধানমন্ত্রীর দপ্তর ক্ষতিপূরণ দিতে অনেক টাকা অনুদান পেলেও খরচ করেনি বলে অভিযোগ রয়েছে। মালিক-শ্রমিকের সমঝোতায় বিষয়টি সুরাহা করার জন্য এলেও বিষয়টিতে কোনো অগ্রগতি নেই।

**শ্রমিকদের মামলা প্রত্যাহার হয়নি**

২০২৩ সালের মজুরি বৃদ্ধি আন্দোলনসহ শ্রমিকদের বিরুদ্ধে আগে অনেক হয়রানিমূলক ও রাজনৈতিক মামলা হয়েছে। এগুলো পর্যালোচনা করে আইন মন্ত্রণালয়ের মাধ্যমে নিষ্পত্তি করার কথা ছিল। মজুরি আন্দোলনে মারা যাওয়া চারজন শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ারও সিদ্ধান্ত হয়েছিল। প্রতিবেদনে বলা হয়েছে, এ বিষয়ে তথ্য যাচাইয়ের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় চিঠি পাঠিয়েছে কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে।

জানা গেছে, শ্রমিক সংগঠন ও শ্রম অধিদপ্তর যৌথভাবে মামলার তালিকা তৈরি করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠাবে। এখনো তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যায়নি। এ বিষয়ে নতুন করে অভিযুক্তদের শ্রম মন্ত্রণালয়ে আবেদন করতে বলা হয়েছে। এ-সংক্রান্ত মামলা আছে ৪২ জনের বিরুদ্ধে। তালিকা পাওয়ার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাচাই-বাছাই করে সেগুলো আইন মন্ত্রণালয়ে পাঠাবে। এরপর মামলা বাতিলের গেজেট হবে।

মামলা প্রত্যাহার নিয়ে বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স ফেডারেশনের সাধারণ সম্পাদক বাবুল আক্তার *প্রথম আলো*কে বলেন, 'হয়রানিমূলক মামলাগুলোতে এখন পর্যন্ত কোনো অভিযোগপত্র (চার্জশিট) হয়নি। ফলে বিষয়টা খুবই সহজ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে থানাগুলোতে একটা চিঠি দিলেই মামলাগুলোয় চূড়ান্ত প্রতিবেদন দেওয়া সম্ভব।'

**চাঁদাবাজি বন্ধেও অগ্রগতি কম**

ঝুট ব্যবসা নিয়ে স্থানীয় রাজনৈতিক প্রভাবে চাঁদাবাজি হয়। চাঁদাবাজি বন্ধে কেন্দ্রীয় তদারক ব্যবস্থা তৈরি করার বিষয়ে সমঝোতা হয়েছিল। মন্ত্রণালয়ের প্রতিবেদনে বলা হয়েছে, শ্রম অধিদপ্তর ও কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে একটি রূপরেখা তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে। দুই দপ্তর এখন এ বিষয়ে কাজ শুরু করেছে।

কারখানায় নারী-পুরুষের বৈষম্যহীন নিয়োগের সিদ্ধান্তও হয়েছিল। প্রতিবেদনে বলা হয়েছে, কারখানার মালিকেরা বিষয়টি সমাধান করবেন। বিজিএমইএকে এ ব্যাপারে নির্দেশনা দেওয়া হয়েছে।

শ্রমিক অধিকার-সংক্রান্ত গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান আহমেদ গতকাল *প্রথম আলো*কে বলেন, চুক্তি বাস্তবায়নে দুই পক্ষসহ সরকারকেও সক্রিয় হতে হবে। এই সময়ে কোনো কোনো ব্যবসায়ী যৌক্তিক কারণে অসুবিধায় থাকলেও কেউ কেউ আবার সুযোগ নিচ্ছেন। মজুরি বকেয়া রাখার কোনো অধিকার কারও নেই। মজুরি না দিলে শাস্তি—সরকারের দিক থেকে এটাই দর্শন হওয়া উচিত।

বকেয়া বেতন পরিশোধ, কারখানা বন্ধ না করা এবং ছাঁটাই না করা—এ তিন বিষয়ে জোর দিয়ে সৈয়দ সুলতান আহমেদ বলেন, 'ক্ষুধার্ত মানুষ চুপ করে থাকতে পারে না। মুদিদোকানি অপমান করছেন, বাড়িওয়ালা অপমান করছেন, অথচ কারখানা মালিকের কাছে মজুরি পান শ্রমিক। এ শ্রমিকের ক্ষোভ কমানো যাবে তাঁর বকেয়াটা পরিশোধ করেই।' তিনি আরও বলেন, এ ধরনের সংকট মোকাবিলায় সরকারের দিক থেকে এমন একটি তহবিল গঠন করা দরকার, যেখানে প্রত্যেক কারখানার শ্রমিকদের জন্য দুই মাসের মজুরি জমা থাকবে।

NEW AGE
SUNDAY, NOVEMBER 17, 2024,

# Preparations needed to address 4IR automation job losses: experts

## *Study says automation could displace 60pc of RMG workforce by 2041*

**Staff Correspondent**

EXPERTS at a programme on Saturday said that Bangladesh should make timely preparations to address the job losses automation could cause in the readymade garment and textile sector.

According to a study report released at the inaugural ceremony of a two-day symposium titled 'The 4th Industrial Revolution: impact on workers and employment and the need for inclusive policies', automation could displace 60 per cent of the workforce in Bangladesh's RMG and textile sector from their traditional roles by 2041 although a significant number of new types of jobs would emerge in the sector during this period.



A file photo shows workers sewing clothes at a readymade garment factory at Savar, on the outskirts of Dhaka. Experts at a programme on Saturday said that Bangladesh should make timely preparations to address the job losses automation could cause in the readymade garment and textile sector. — New Age photo

The Bangladesh Institute of Labour Studies in collaboration with the International Labour Organisation organised the event at the CIRDAP auditorium in the capital Dhaka.

Experts stressed the urgent need for government action to protect, upskill and reemploy workers facing both short- and long-term risks from the 4th Industrial Revolution.

They called for the involvement of workers, trade unions, employers and the civil society in this process.

Skill development was highlighted as a key priority, requiring strategic planning for successful implementation.

Labour secretary AHM Shafiquzzaman said that that Bangladesh must align itself with the global shift towards the 4th Industrial Revolution, stressing that now is the time to make necessary preparations.

He underscored the importance of making timely policy decisions to mitigate the risks to workers' employment arising from the 4th Industrial Revolution, while also leveraging technology to benefit the country.

Information and Communication Technology Division additional secretary Abu Sayed Md Kamruzzaman said that it was crucial to define the term 'worker' accurately and establish ethical standards for the use of artificial intelligence.

The event was presided over by BILS vice-chairman Md Mujibur Rahman Bhuiyan, with the opening speech delivered by BILS executive director Syed Sultanuddin Ahmed.

The study revealed that up to 5 lakh jobs at the operator level, including those handling single and double needle lockstitch machines, chain stitch machines, and sewing mechanics, were at risk in the apparel and textile sector.

It also found that floor supervisors and pattern makers could see a loss of 10,000 positions, with another 10,000 jobs in quality control, production planning and merchandising potentially disappearing as well.

Even high-skilled roles, including fashion designers, CAD-CAM operators, portfolio developers, and production controllers are not immune, with an additional 10,000 jobs at risk, said the report which was presented by iSocial Limited chief executive officer Ananya Raihan at the programme on Saturday.

He said that in 2022, the machine-to-human work ratio was 44 per cent to 66 per cent, respectively, but by 2035, it was expected to shift to 57 per cent and 43 per cent.

The report highlighted alarming job losses due to automation across five major industries: the RMG and furniture sectors, each projected to lose 60 per cent of jobs, the agro-food processing industry with a 40-per cent reduction, the leather sector facing a 35-per cent decline and the tourism sector anticipating a 20-per cent job loss.

The report said that the automation in the RMG and textile sector was creating new jobs that combine technology with traditional manufacturing processes.

Key emerging occupations include professionals skilled in computer-aided process planning, quality control, and training, as well as those working with automated inspection and material handling system, it said.

According to the report, jobs such as artificial neural network experts, pick-and-place robot operators, numerical controllers, and automated fusing and pressing machine operators were becoming increasingly important.

Enterprise resource planning experts are also in demand to optimise production and resource management, it said.

The study revealed that jobs in customer service, retail checkout, data entry, assembly lines and translation were increasingly replaced by technology.

Financial analysis, graphic design, content writing, supply chain management, legal counselling, and accounting jobs have also started to be lost.

Meanwhile, the fastest growing jobs from 2023 to 2027 include AI and machine learning specialists, sustainability specialists, business intelligence analysts, information security analysts, fintech engineers, data analysts and scientists, robotics engineers, big data specialists, agricultural equipment operators, and digital transformation specialists.

The study found bank tellers, postal clerks, editors, cashiers, data entry clerks, secretaries, accounting staff, legislators, finance clerks and door-to-door sales workers as fastest-declining jobs from 2023 to 2027.

The event also featured speeches from NCCW chairman Badal Khan and Samajtantrik Sramik Front president Rajequzzaman Ratan, among others.

সংবাদপত্রে বিল্‌স

ঢাকা : রোববার ২ অগ্রহায়ণ ১৪৩১
Dhaka : Sunday 17 November 2024

mic@gmail.com বাণিজ্য সংবাদ

## বিলস আয়োজিত ৪র্থ শিল্প বিপ্লব ও কর্মসংস্থান শীর্ষক আলোচনা

# শ্রমিকদের ঝুঁকির মোকাবিলায় প্রয়োজন জবাবদিহিতা ও শক্তিশালী নেটওয়ার্কিং

অর্থনৈতিক বার্তা পরিবেশক

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিলস এর উদ্যোগে এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সহযোগিতায় '৪র্থ শিল্প বিপ্লব: শ্রমিক ও কর্মসংস্থানের ওপর প্রভাব এবং অন্তর্ভুক্তিমূলক নীতির প্রয়োজনীয়তা' শীর্ষক দুই দিনব্যাপী এক সিম্পোজিয়াম শুরু হয়েছে। এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, '৪র্থ শিল্প বিপ্লবের কারণে যে সমস্ত শ্রমিক স্বল্প ও দীর্ঘমেয়াদী ঝুঁকির মুখে পড়বে তাদের সুরক্ষা, দক্ষতা উন্নয়ন ও পুণঃকর্মসংস্থানে সরকারের নীতি নির্ধারনী পর্যায়ে এখন থেকেই কাজ শুরু করতে হবে এবং এই প্রক্রিয়ার সাথে শ্রমিক, ট্রেড ইউনিয়ন, মালিকপক্ষ, ও নাগরিক সমাজকে যুক্ত করতে হবে। এ ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন একটি গুরুত্বপুর্ণ ইস্যু, যা বাস্তবায়নে প্রয়োজন কৌশলগত পরিকল্পনা এবং এর সাফল্যের জন্য আরও প্রয়োজন স্বচ্ছতা, জবাবদিহিতা ও শক্তিশালী নেটওয়ার্কিং।'

উদ্বোধনী অনুষ্ঠানটি গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অতিরিক্ত সচিব আবু সাঈদ মো: কামরুজ্জামান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও গবেষক অনন্য রায়হান। সভাপতিত্ব করেন বিলস ভাইস চেয়ারম্যান মোঃ মজিবুর রহমান ভূঞা। সূচনা বক্তব্য রাখেন বিলস এর নির্বাহী পরিচালক সৈয়দ সুলতানউদ্দিন আহম্মদ।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এনসিসিডব্লিউ এর চেয়ারম্যান বাদল খান, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সভাপতি রাজেকুজ্জামান রতন, জনতা ব্যাংকের সাবেক মহাব্যবস্থাপক ও আইটি বিশেষজ্ঞ চয়নুল হক চয়ন, বিলস এর ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন ও আমিরুল হক আমিন সহ সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, জাতীয় পর্যায়ের ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, গবেষক, শিক্ষাবিদ ও মিডিয়াকর্মীবৃন্দ।



প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, 'বিশ্ব সভ্যতার সাথে তাল মিলিয়ে বাংলাদেশকেও ৪র্থ শিল্প বিপ্লবের যুগে প্রবেশ করতে হবে, সে ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার এখনই সময়। ২য় ও ৩য় শিল্প বিপ্লবেও কাঠামোগত পরিবর্তন হয়েছে এবং যারাই দ্রুত প্রস্তুতি নিতে পেরেছেন তারাই প্রয়োজনীয় সাফল্য পেয়েছেন। ২০২৬ সালে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের পথে বাংলাদেশ বর্তমানে ১৯৬০ সালের জাপান এবং ২০০০ সালের চীনের মতো অবস্থানে রয়েছে।'

তিনি আরও বলেন, 'এ ক্ষেত্রে প্রযুক্তির সুবিধা নিয়ে ৪র্থ শিল্প বিপ্লবের কারণে শ্রমিকদের কর্মসংস্থানের ক্ষেত্রে যে ঝুঁকি তৈরী হবে তা প্রশমনে নীতিগত সিদ্ধান্ত নেওয়ার এখনই সময়। কাঠামোগত পরিবর্তন ও সুবিধার কারণে যে সমস্ত শ্রমিকের ঝরে পড়ার সম্ভাবনা রয়েছে তাদের উপযুক্ত প্রশিক্ষণ দেয়ার সময়োপযোগী পদক্ষেপ নিতে হবে। এ ক্ষেত্রে সরকার ও মালিকের পাশাপাশি শ্রমিকদের চ্যালেঞ্জ মোকাবেলা করে তাদের জ্ঞান ও দক্ষতার উন্নয়ন ঘটিয়ে তাদের সামনে এগিয়ে নিতে ট্রেড ইউনিয়নকে নিয়মিত কাজ করতে হবে।'

অনন্য রায়হান উল্লেখ করেন, বাংলাদেশে প্রায় দেড় লক্ষ মানুষ কল সেন্টারে কাজ করছে। এ ছাড়া গিগ অর্থনীতি ও প্ল্যাটফর্ম অর্থনীতির আরও লক্ষ লক্ষ কর্মসংস্থান তৈরী হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে শিক্ষা, স্বাস্থ্য ও শিল্পক্ষেত্রে আসছে বৈপ্লবিক পরিবর্তন। তবে অটোমেশনের কারণে নারী শ্রমিকদের ঝরে পড়া আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। এর ফলে মালিক ও শ্রমিকের সম্পর্ক নতুন মোড় নিচ্ছে। কর্মসংস্থানের কিছু ক্ষেত্রে দক্ষতার পুণর্গঠন সম্ভব হবে না বিধায় নতুন দক্ষতা উন্নয়নের প্রয়োজন হবে।

তিনি আরও উল্লেখ করেন, ২০২২ সালে যন্ত্র ও মানুষের কাজের অনুপাত যেখানে ছিল ৪৪ শতাংশ ও ৬৬ শতাংশ, যেখানে ২০৩৫ সালে এটি ৫৭ শতাংশ ও ৪৩ শতাংশ হবে। ২০৪১ সালে তৈরী পোশাক শিল্পে আশংকাজনকভাবে শ্রমিক হ্রাস পাওয়ার আশঙ্কা রয়েছে, তবে নতুন ধরণের কিছু কাজও তৈরী হবে। কৃষি ও খাদ্য প্রক্রিয়াজতাকরণের কাজ, ঔষধ শিল্প এবং স্বাস্থ্যক্ষেত্রেও শ্রমিক উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ার আশংকা রয়েছে।

এ সমস্ত কাজ করতে গিয়ে শ্রমিকের কর্মঘন্টা ও উদ্বেগ বৃদ্ধি পাবে। এ সমস্ত কাজের জন্য শিক্ষাগত যোগ্যতার তুলনায় দক্ষতার ওপর বেশী গুরুত্ব দেয়া হবে বলেও তিনি উল্লেখ করেন।

আবু সাঈদ মোঃ কামরুজ্জামান বলেন, 'শ্রমিকের সঠিক সংজ্ঞা নির্ধারণ করতে হবে। কৃত্তিম বুদ্ধিমত্তা ব্যবহারের নৈতিক মানদন্ড নির্ধারণ করতে হবে। এ ছাড়া টেকসই উন্নয়ন লক্ষমাত্রাকে বিবেচনায় নিয়েও সামনে এগিয়ে যেতে হবে।'

উল্লেখ্য, দুই দিনব্যাপী এই সিম্পোজিয়ামের উদ্দেশ্য জাতীয় ও আন্তর্জাতিক দৃষ্টিকোণ থেকে ৪র্থ শিল্প বিপ্লব এবং প্ল্যাটফর্ম অর্থনীতির প্রভাব সম্পর্কে সম্যক ধারণা প্রদান, ট্রেড ইউনিয়ন নেতাদের সক্ষমতা বৃদ্ধি করা, এবং এই বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন করা যা ভবিষ্যৎ নীতিনির্ধারণ এবং প্রশিক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

দৈনিক ইত্তেফাক
শুক্রবার
১৬ কার্তিক ১৪৩১, ১ নভেম্বর ২০২৪

# তৈরি পোশাক খাতে প্রতিষ্ঠানকে শ্রমিকের মানবাধিকারের প্রতি সম্মান দেখাতে হবে

## বিলসের গোলটেবিল বৈঠক

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশে তৈরি পোশাক খাতে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে প্রতিষ্ঠানগুলোকে শ্রমিকের মানবাধিকারের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করতে হবে বলে এক গোলটেবিল বৈঠকে এমন মন্তব্য করেছেন বক্তারা। বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) উদ্যোগে ও নেদারল্যান্ডসভিত্তিক সংগঠন মন্ডিয়াল এফএনভির সহযোগিতায় আয়োজিত গোলটেবিল বৈঠকে বক্তারা জেন্ডার নিরাপত্তা; কর্মক্ষেত্রে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যব্যবস্থা, শ্রমিকের জীবনমান, সামাজিক সুরক্ষা ইত্যাদি নিশ্চিতকরণে জাতীয় ও আন্তর্জাতিক মান অনুসরণ করার দাবি করেন।

গতকাল বৃহস্পতিবার সিরডাপ মিলনায়তনে বিলসের 'তৈরি পোশাক খাতে শোভন কাজ নিশ্চিতকরণে সামাজিক সংলাপ' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে সম্প্রতি পরিচালিত একটি গবেষণার ফলাফল উপস্থাপন এবং ভবিষ্যৎ করণীয় নির্ধারণ বিষয়ে এর আয়োজন করা হয়।

বিলসের ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন ও উপদেষ্টা পরিষদ সদস্য বাদল খানের সভাপতিত্বে আয়োজিত বৈঠকে বক্তব্য রাখেন—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব হাজেরা খাতুন, শ্রম অধিদপ্তরের পরিচালক মোহাম্মদ নাসিরউদ্দিন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আইন কর্মকর্তা মো. নাজমুল ইসলাম, ড্যানিশ দূতাবাসের সেক্টর কাউন্সিলর ওলে জাস্টিন, আইএলওর কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার মোহাম্মদ আনিস, বিলস নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, বিলস সম্পাদক শাকিল আখতার চৌধুরী, পরিচালক নাজমা ইয়াসমীন, এইচঅ্যান্ডএমের প্রোগ্রাম ম্যানেজার প্রদীপ গ্যাব্রিয়েল, শ্রম আইন বিশেষজ্ঞ ড. উত্তম কুমার দাস, ইটিআইয়ের কান্ট্রি ম্যানেজার আবিদ বিন আমিন প্রমুখ। গবেষণার ফলাফল উপস্থাপনা করেন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স বিভাগের সহকারী অধ্যাপক আওরঙ্গজেব আকন্দ।

বক্তারা উল্লেখ করেন, সরবরাহ চেইনে মানবাধিকার নিশ্চিত করা একটি নিরবচ্ছিন্ন প্রক্রিয়া, সুতরাং এর প্রতিটি ক্ষেত্রে ট্রেড ইউনিয়নের সক্রিয় ভূমিকা থাকা দরকার। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট ক্ষেত্রের দুর্বলতাগুলোকে সঠিকভাব চিহ্নিত করতে হবে বলে তারা উল্লেখ করেন। তারা বলেন, কোড অব কন্ডাক্টগুলোকে সমন্বিত করে মানবাধিকার বাস্তবায়নের প্রক্রিয়াগুলোকে সহজীকরণের প্রয়োজনীয়তা আছে। পাশাপাশি শ্রম আইনের সঠিক প্রয়োগ নিশ্চিত করতে হবে। বক্তারা মনে করেন আইএলওর একাধিক কনভেনশন অনুস্বাক্ষর করা হলেও কিছু কিছু কনভেনশন সঠিকভাবে অনুসরণ করা হচ্ছে না। এক্ষেত্রে সরকারকে সংশ্লিষ্ট রোডম্যাপ বাস্তবায়নে গুরুত্ব দিতে হবে।

ব্র্যান্ডসের পক্ষ থেকে জানানো হয়, তাদের পক্ষে যতগুলো কারখানা পরিদর্শন করা সম্ভব হয়, বাংলাদেশে তার চাইতে অনেক বেশি তৈরি পোশাক কারখানা রয়েছে। তাই এক্ষেত্রে সব পক্ষকে নিয়ে একটি কার্যকর নেটওয়ার্ক গঠিত হওয়া প্রয়োজন। এছাড়া দুর্বলতার চিহ্নিত করে সামনে এগিয়ে যাওয়ার একটি ম্যাপিং প্রয়োজন বলে উল্লেখ করা হয়।

শ্রম অধিদপ্তর ও কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়, তৈরি পোশাকশিল্পে মানবাধিকার পরিস্থিতি উন্নয়নে আইনগত বাধ্যবাধকতা মেনে চলার ক্ষেত্রে শ্রম আইন বাস্তবায়নের পাশাপাশি আন্তর্জাতিক সাম্প্রতিক নীতি অনুসরণে বিষয়টি সব পক্ষের ঐকমত্যের ভিত্তিতে করা যেতে পারে।

ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে বাংলাদেশে সরবরাহ চেইনের একটি ম্যাপিং তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়, এক্ষেত্রে সরকার, মালিকপক্ষ, ট্রেড ইউনিয়ন ও নাগরিক সমাজকে একত্রে কাজ করার প্রয়োজনীয়তা আছে বলে মনে করেন তারা। তারা বলেন, আইনের গণতান্ত্রিক প্রয়োগের ওপরও গুরুত্ব দিতে হবে। এছাড়া কর্মক্ষেত্রের পাশাপাশি শিল্পাঞ্চলে কর্মরত শ্রমিকের আবাসনেও তাদের জীবনমান উন্নয়নেও সব পক্ষকে একত্রিত হয়ে কাজ করতে হবে।

সংবাদপত্রে বিলস

AGE FRIDAY, NOVEMBER 1, 2024,

# Promote responsible business conduct in RMG sector, experts urge govt, brands

aff Correspondent

(PERTS and labour lead-s on Thursday said that e government and the obal brands could play a ucial role in promoting sponsible business con-ict within the readymade rment supply chain by holding national and in-rnational standards to en-ince workers' quality of life d social security.

At a roundtable on 'Ad-ncing human rights due lig in Bangladesh's MG sector: responsibili-s of MNEs and scope of ide union' organised by e Bangladesh Institute of bour Studies held at the RDAP auditorium in the pital Dhaka, they said that ide unions have a crucial le in leveraging human ghts due diligence instru-ents in the supply chain.

Multinational enter-ises, brands and buyers ould play an active role in suring the human rights workers in the workplace following the principles international business re-onsibility, labour leaders id.

BILS has conducted a sear on the issue of hu-an its due diligence in ngladesh's RMG sector, hich focused on the basic derstanding of the HRDD concept and its applicability in the context of the RMG industry in Bangladesh from the trade union perspective.

This study identified HRDD as a management tool that enabled enterprises to uphold their responsibil-ity to respect human rights in accordance with the UN guiding principles, the ILO MNE declaration, OECD MNE guidelines, and the EU corporate sustainability due diligence directive.

It outlined the primary responsibilities of brands and buyers to respect and protect the human rights of workers and suppliers in Bangladesh, providing an analytical overview of ef-fective remedy mechanisms aligned with recognised HRDD instruments.

The study also said that trade unions could play a key role in embedding re-sponsible business conduct into policies, advocating for ratification and compliance, and actively participating in policy formulation.

Maulana Bhasani Uni-versity of Science and Tech-nology assistant professor Aurangzeb Akand presented the findings of the study.

International Labour Organisation country pro-gramme manager Mohamad Anis Agung Nugroho said that the ILO has been working at the grassroots level to sup-port decent work, addressing fundamental principles and rights at work through its conventions, many of which the Bangladesh government has adopted.

Within the ILO sys-tem, there is a supervisory mechanism in place, and this week, the ILO govern-ing body will meet to dis-cuss related issues arising from workers' complaints, he said.

Anis also said that previ-ously, worker complaints regarding Bangladesh were submitted to this superviso-ry mechanism, which would be explained in further de-tail during this session.

The ILO official said that it was vital to recognise the environmental aspect as the new requirements called for businesses to mitigate any negative environmental im-pact.

H&M's sustainability programme manager Prodip Gabriel Sku stated that they were focused on enforcing laws through auditing and assessments.

He highlighted the im-portance of enhancing insti-tutional capacity to ensure responsible business con-duct at all levels of the sup-ply chain.



A file photo shows workers sewing clothes at a readymade garment factory in Narayanganj recently. Experts and labour leaders on Thursday said that the government and the global brands could play a crucial role in promoting responsible business conduct within the readymade garment supply chain by upholding national and international standards to enhance workers' quality of life and social security. — New Age photo

## Promote responsible

Continued from page 6

He added that a collective approach is essential to up-hold workers' rights across all factories, as a brand can only monitor compliance within its own suppliers' fac-tories.

Labour leaders at the event stressed the need for simplifying the process of implementing human rights by integrating the code of conduct and emphasised the importance of proper en-forcement of labour laws.

The roundtable discus-sion was chaired by BILS vice-chairman Anwar Hos-sain and presided over by advisory council member Badal Khan.

Labour leaders and rep-resentatives from the gov-ernment, the BGMEA and BKMEA attended the event.

Speakers included Danish embassy counsellor Ole Jus-tin, BILS executive director Syed Sultan Uddin Ahmed, Ethical Trading Initiative country manager Abeel Bin Amin, labour leaders Ra-jekuzzaman Ratan, Shahid-ullah Badal, China Rahman and Nurul Islam.

# সংবাদপত্রে বিল্‌স

কালের কণ্ঠ

। সোমবার । ২৫ নভেম্বর ২০২৪ ।




তাজরীন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের যথাযথ চিকিৎসা, ক্ষতিপূরণ ও পুনর্বাসনের দাবিতে গতকাল প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করে বিভিন্ন সংগঠন।

ছবি : কালের কণ্ঠ